ঊরূ জানুকজঙ্ঘে চরণাবিতি চ রাশয়োঽজাদ্যাঃ॥"

অর্থাৎ মস্তক মেষরাশির স্থান, মুখ বৃষরাশির, বাহু মিথুনের, হৃদয় কর্কটের, উদর সিংহের, কটী কন্যার, বস্তি তুলার, গুহ্য বৃশ্চিকের, উরু ধনুর, জানু মকরের, জঙ্ঘা কুম্ভের ও পাদ মীনের স্থান নির্দ্দিষ্ট হইয়াছে। অন্তঃস্বরোদয় নামক গ্রন্থকর্ত্তা কালপুরুষের এই অঙ্গবিভাগ দ্বারা জন্মকালে কোন্ গ্রহ কোন্ রাশিতে অবস্থিত ছিলেন, তাহা নিরূপণ করিয়া শারীরিক রোগাদি ও শুভাশুভ নিরূপণ করিয়াছেন। এবং বরাহমিহির তাহার রচিত বৃহজ্জাতক গ্রন্থে নষ্টকোষ্ঠী উদ্ধারের অধ্যায়ে প্রশ্নকারকের জন্মরাশি জ্ঞানের জন্য নানা উপায় লিখিয়াছেন, প্রকারান্তরে রাশি জ্ঞানের আর একটি উপায় ঐ গ্রন্থের টীকাকার ভট্টোৎপল বলিয়াছেন যে, প্রশ্নকালে প্রশ্নকর্ত্তা তাহার যে অঙ্গ স্পর্শ করিয়া অবস্থিত থাকিবেন, সেই অঙ্গে কাল-পুরুষের অঙ্গ বিভাগে যে রাশি হইবে প্রশ্নকর্ত্তার জন্মকালে সেই রাশিতে চন্দ্র ছিলেন, ইহাই জ্যোতির্ব্বেত্তা বলিয়া দিবেন। এইরূপ বিভাগে ইংলণ্ডীয় জ্যোতির্ব্বিৎ পণ্ডিতগণের সহিত অনেক ঐক্য দৃষ্ট হইতেছে। এই স্থলে মেঃ স্তাণ্ডারস্ সাহেব যে একটি মানব শরীরের প্রতিকৃতি অঙ্কিত করিয়া গ্রহগণ দ্বারা মানবশরীর বিভাগ করিয়াছেন এবং কপাল, করতল প্রভৃতি স্থান বিশেষে গ্রহ ও রাশির চিহ্ন দৃষ্টে যে যে গ্রহের যে যে রূপ শুভাশুভ ফল পরিজ্ঞাত হওয়া যাইতে পারে লিখিয়াছেন, তাহা উদ্ধৃত করিয়া নিম্নে লিখিলাম।

The seven Planets.

☉	The Sun	রবি	রবি	The Head	মস্তক।
☽	The Moon	চন্দ্র	চন্দ্র	The Right Arm	দক্ষিণ বাহু।
♀	Venus	শুক্র	শুক্র	The Left Arm	বাম বাহু।
♃	Jupiter	বৃহস্পতি	বৃহস্পতি	The Stomach	উদর, তলপেট।
♂	Mars	মঙ্গল	মঙ্গল	The Genitals	উৎপাদনের স্থান।
☿	Mercury	বুধ	বুধ	The Right Foot	দক্ষিণ পদ।
♄	Saturn	শনি	শনি	The Left Foot	বাম পদ।

The domination of the twelve Signs.

♈	Aries	मेष	মেষ	The Head	মস্তক।
♉	Taurus	वृष	বৃষ	The Neck	ঘাড়।
♊	Gemini	मिथुन	মিথুন	The arms and shoulders	বাহু, স্কন্ধ।
♋	Cancer	कर्कट	কর্কট	The Breast and Heart	হৃদয়।
♌	Leo	सिंह	সিংহ	The Orifice of the Stomach	উদর।
♍	Virgo	कन्या	কন্যা	The Belly	পেট কটি।
♎	Libra	तुला	তুলা	The Reins and Buttocks	বস্তি।
♏	Scorpius	वृश्चिक	বৃশ্চিক	The Privy Parts ...	গুহ্যস্থানসকল।
♐	Sagittarius	धनु:	ধনুঃ	The Thighs ...	উরু।
♑	Capricornus	मकर	মকর	The Knees ...	জানু।
♒	Aquarius	कुम्भ	কুম্ভ	The Legs	জঙ্ঘা।
♓	Pisces	मीन	মীন	The Feet	পদদ্বয়।

Chiromancy and *Physiognomy* exceed all these sciences; for the one comprehends all this in the compass of the hand, the other of the face; therefore to come to the proposition; if it should be asked, wherein are the seven planets and twelve signs of the *Zodiac* necessary in this Science? We shall tell them that they are the principal parts of it; for by the situation and assignation of places to them in the hand or face, we discover the fortunes or misfortunes which may happen, both as to life, love, riches, military exploits, sciences and arts, unto traffic and commerce, marriage, and other accidents to which this life is tributary. It may be also known when that will happen, and in what season or month; as for example, it is to be noted, that when there rises the form of a star or half cross on one of these mounts, if there be one of the rays of that star, or one of the lines of that half cross reaching to one of the signs of the *Zodiac*, imagined by us in the hand, described in the first and second Figures, where this line of the demy cross, or ray of the star reaches, is the month (signified by the sign) wherein the fortune or misfortune will happen.

The case is the same as for what fortune is denoted to us by the cross or line alone or by a branch line, not at the top, but at the lowest extremity thereof, which *Andrew Corvus* and *Indagine* approve also. The cardinal *Alliaco*, upon the death of *Julius Cæsar*, tells us that he was warned by *Spurina* a mathematician, to beware the Calends of *Mars*, seeing in his hand a demy-cross risen in the plain of *Mars*, the extremity whereof reached to *Aries*, which we place near the wrist, in the rising which is above it, representing the month that depends of that planet. He ruled the day of those *Calends*, for not having regarded the prediction of *Spurina*. It is also to be observed, that if a star or demi-cross rise on the mount of *Venus*, whereof some extremities reach towards *Aries* or *Taurus*, doubtless some misfortune through the love of women will happen in those months to him that hath such a thing in his hand; if they reach to other signs, it will be in those months. If there rise a line by itself in the plain of *Mars*, reaching towards the mount of *Venus* into *Taurus* or *Gemini*, it denotes a victory which the party shall obtain for some lady, whether in duel, or otherwise; but if the line fall through the mount of *Venus* to *Taurus*: the lady for whom the combat is undertaken, is an adulteress, and unconstant: This was observed by *Dictys* of *Crete*, in the combats

between *Menelaus* and *Paris* for *Helena*. In like manner be that hath a line under the mount of *Jupiter* reaching to *Gemini*, *Cancer* or *Pisces*; doubtless in the months of those signs, they shall receive honours near Kings and Princes, and those months are fortunate to them. But if instead of a line there be a star or dem-icross, it signifies misfortunes, and the disfavour of great persons, and loss of honours. If upon the mount of *Saturn* there be any of these marks, as a star or demi-cross, extending to Sagittarius, Scorpius, or Pisces, beware in those months some ignominious death: upon the mount of *Mercury*, beware cheats and abuse through *eloquence*. Upon that of the sun take heed of riches; for if they look towards Capricornus or Virgo and the lines are straight, reaching towards *Venus*, it signifies a rich marriage which shall happen in the months groverned by those signs, according to the course of the sun. If on the mount of the moon there appear a star, whereof the rays reach towards Capricornus, beware in that month a violent disease, and some danger of death; if they reach towards Sagittarius, which is *October*; take heed of some madness; if towards Aquarius, which is *January*, beware a melancholy not much distant from despair. Let him that hath such a star not venture too much into the water. And this is it wherein the signs of the *Zodiac* are necessary in this science, for to observe precisely the time, season and month wherein the fortune or misfortune may happen, which is one of the most considerable points that are to be known, and not opened by any before, to the end that he who shall be forewarned, may prevent the unhappiness that shall be portended to him by these marks.

পাঠকবর্গের অতি সহজে বোধের জন্য মানবের মুখমণ্ডলের যে যে স্থানে যে যে রাশি ও গ্রহ অবস্থিতি করিতেছে, তাহা নিম্নে প্রদর্শিত করিলাম।

♋	কর্কট	कर्कट	Cancer ...	কপালের উপরিভাগ	In the Forehead
♌	সিংহ	सिंह	Leo ...	দক্ষিণভ্রূ ...	The Right Eye-brow.
♍	কন্যা	कन्या	Virgo ...	দক্ষিণ গণ্ড ...	The Right Cheek.
♎	তুলা	तुला	Libra ...	দক্ষিণ কর্ণ ...	The Right Ear.
♏	বৃশ্চিক	वृश्चिक	Scorpius	নাসিকা ...	The Nose.
♐	ধনুঃ	धनु:	Sagittarius	দক্ষিণ চক্ষুঃ ...	The Right Eye
♑	মকর	मकर	Capricornus	চিবুক ...	The Chin.
♒	কুম্ভ	कुम्भ	Aquarius	বামভ্রূ ...	The Left Eye brow.
♓	মীন	मीन	Pisces ...	বাম গণ্ড ...	The Left Cheek.
♈	মেষ	मेष	Aries ...	বাম কর্ণ ...	The Left Ear.
♉	বৃষ	वृष	Taurus ...	কপালের মধ্যস্থল	The Middle of the Forehead.
II	মিথুন	मिथुन	Gemini ...	বামচক্ষুঃ ...	The Left Eye.

♂	মঙ্গল	মঙ্গল	Mars ...	কপাল ...	The Forehead.
☉	রবি	রবি	The Sun ...	দক্ষিণ চক্ষুঃ ...	The Right Eye.
☽	চন্দ্র	চন্দ্র	The Moon	বাম চক্ষুঃ ...	The Left Eye.
♃	বৃহস্পতি	বৃহস্পতি	Jupiter ...	দক্ষিণ কর্ণ ...	The Right Ear.
♄	শনি	শনি	Saturn ...	বাম কর্ণ ...	The Left Ear.
♀	শুক্র	শুক্র	Venus ...	নাসিকা ...	The Nose.
☿	বুধ	বুধ	Mercury ...	মুখ ...	The Mouth.

মানবের আপাদমস্তক যেরূপে গ্রহরাশি কর্তৃক বিভক্ত আছে, সেইরূপ মানবের মুখমণ্ডল ও দ্বাদশরাশিকর্তৃক বিভক্ত হইয়াছে। যথা—মানবের কপালের উপরিভাগে ♋ কর্কট, মধ্যস্থানে ♉ বৃষ, দক্ষিণচক্ষুর ভ্রূর উপর ♌ সিংহ, বামচক্ষুর ভ্রূর উপর ♒ কুম্ভ, দক্ষিণচক্ষুর উপর ♐ ধনুঃ, দক্ষিণকর্ণের উপর ♎ তুলা, বামকর্ণের উপর II মিথুন ও ♈ মেষ, নাসিকার উপর ♏ বৃশ্চিক, দক্ষিণগণ্ডের উপর ♍ কন্যা, বামগণ্ডের উপর ♓ মীন ও চিবুকের উপর ♑ মকর অবস্থিতি করিতেছে এবং গ্রহগণকর্তৃক মানবের মুখমণ্ডলও বিভক্ত হইয়াছে; যথা—কপালের অধিপতি ♂ মঙ্গল, দক্ষিণচক্ষুর ☉ রবি, বামচক্ষুর ☽ চন্দ্র, দক্ষিণকর্ণের ♃ বৃহস্পতি, বামকর্ণের ♄ শনি, নাসিকার ♀ শুক্র ও মুখের অধিপতি ☿ বুধ হয়েন।

এইক্ষণ কপালের রেখাগুলি যে যে গ্রহকর্তৃক বিভক্ত হইয়াছে, তাহা যথাশ্রেণী নিম্নে লিখিতেছি।

কপালের উপরিভাগে কেশের নিম্নে যে রেখা, তাহার অধিপতি শনি, তাহার নিম্নে যে রেখা উহার অধিপতি ♃ বৃহস্পতি, তৃতীয় রেখার অধিপতি ♂ মঙ্গল, চতুর্থ রেখার অধিপতি ☉ রবি, পঞ্চমরেখার ☽ চন্দ্র ও ষষ্ঠরেখা অর্থাৎ যে রেখা নাসামূলের নিকট আছে, তাহার অধিপতি শুক্র।

পুনর্ব্বার বিশেষ এই যে, বামচক্ষুর উপরিভাগে যে চিহ্ন আছে, তাহা চন্দ্রের, দক্ষিণ-পার্শ্বে রবির এবং নাসিকামূলে শুক্রের চিহ্ন অবস্থিত আছে। জন্মকালে যে গ্রহের আধিপত্য হইবে, সেই গ্রহের চিহ্ন স্বীয় নির্দ্দিষ্ট স্থানে স্পষ্টরূপে প্রতীত হইবে। সামুদ্রিকবেত্তা ঐ গ্রহের চিহ্ন দেখিয়া শুভাশুভ ফল বলিয়া দিবেন।

এইরূপে মানব দেহে গ্রহরাশির স্থান জ্ঞাত হইয়া চিহ্নাদি দৃষ্টে শুভাশুভ বিচার করিয়া স্বস্থানে অথবা এক গ্রহের স্থানে অন্য গ্রহ দৃষ্ট হইলে যেরূপে ফল বলিতে হইবে তাহা আমার প্রকাশিত ফলিতজ্যোতিষ এবং Extracts from works on Astrologyতে বিশেষ রূপ বর্ণিত আছে, তাহা এই স্থলে বাহুল্য ভয়ে পুনর্ব্বার উল্লেখ করিলাম না। শিক্ষার্থী পাঠকগণ ধৈর্য্যাবলম্বন করিয়া গণিত ও ফলিতজ্যোতিষ উত্তমরূপ শিক্ষা করিলে অতি সহজে ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমান ঘটনা সকল অভ্রান্তরূপে বলিতে পারিবেন।

আর্য্য সামুদ্রিকবিৎ পণ্ডিতগণের মতে মানবগণের কর, চরণ ও কপালের রেখা, চিহ্ন এবং কেশ, নখ, অঙ্গ প্রত্যঙ্গের গঠন, বর্ণ, কান্তি প্রভৃতি দৃষ্টে যেরূপে ভাবী শুভাশুভ স্থিরীকৃত হইতে পারে, তাহা আমার প্রকাশিত ফলিতজ্যোতিষ, গরুড়-পুরাণ প্রভৃতি এবং অন্যান্য নানাগ্রন্থ হইতে উদ্ধৃত করিয়া চারিভাগে নিম্নে প্রকাশ করিলাম।

কররেখা।

(PALMISTRY.)

वामभागे तु नारीणां दक्षिणे पुरुषस्य च।
निर्द्दिष्टं लक्षणं तेषां समुद्रेण यथोदितम्॥ १॥

সমুদ্র কর্ত্তৃক নিরূপিত হইয়াছে যে, নারীদিগের বাম ভাগে এবং পুরুষদিগের দক্ষিণ ভাগে সামুদ্রিক লক্ষণ নির্দ্দিষ্ট হইয়া থাকে। ১।

पूर्व्वमायुः परीक्षेत पश्चाल्लक्षणमेव च।
आयुर्हीनं नराणाञ्चेत् लक्षणैः किं प्रयोजनम्॥ २॥

সর্ব্বাগ্রে পরমায়ু পরীক্ষা করিয়া পশ্চাৎ অন্যান্য লক্ষণ পরীক্ষা করিবে। যাহার পরমায়ু নাই, তাহার অন্যান্য লক্ষণ দর্শনে কি প্রয়োজন। ২।

অনামিকাপূর্ব্বমূলে কনিষ্ঠাদিক্রমেণ সদ্।
আয়ুর্দ্দশবর্ষাণি সামুদ্রবচনং যথা ॥ ৩ ॥ *

যে ব্যক্তির করতলে কনিষ্ঠাঙ্গুলির মূল অবধি অনামিকার মূলের পূর্ব্বভাগ-পর্য্যন্ত রেখা অঙ্কিত থাকে, তাহার আয়ুঃ ১০ দশবৎসরমাত্র হয়। ইহা সামুদ্রিকশাস্ত্রে কথিত আছে। ৩।

অঙ্গুষ্ঠস্যাপূর্দ্ধরেখা বর্ত্ততে নৃপতিঃ শুভা।
সেনাপতির্ধনেশস্য মধ্যমায়ুর্নরোভবেৎ ॥ ৪ ॥

যাহার বৃদ্ধাঙ্গুলির উপরে শুভলক্ষণান্বিত উর্দ্ধরেখা থাকে, সে ব্যক্তি রাজা, সৈন্যাধ্যক্ষ বা বিপুলবিভবশালী হয় এবং মধ্যমায়ুঃ হয়, অর্থাৎ দীর্ঘজীবী বা অল্পজীবী হয় না, ৬০ বৎসর-পর্য্যন্ত জীবিত থাকে। ৪।

যেষাং পাণ্যূর্দ্ধরেখা স্যাৎ কনিষ্ঠামূলসংস্থিতা।
তে নরাঃ পরদেশেষু শতমায়ুর্লভন্তি বৈ ॥ ৫ ॥

যাহার করতলে উর্দ্ধরেখা কনিষ্ঠাঙ্গুলীর মূল-পর্য্যন্ত অঙ্কিত আছে, তাহার পরদেশে বাস হয়, এবং সে ব্যক্তি ১০০ শতবৎসরব্যাপী জীবন লাভ করে। ৫।

---

* মতান্তরে যেরূপ আয়ুঃ সংখ্যা, তৎফলাফল ও সময় নিরূপণ হইয়াছে, তাহা এই গ্রন্থের ৪৯ পৃষ্ঠার হস্তপাঞ্জায় ও ২৫ পৃষ্ঠায় লিখিত বিবরণে প্রকাশিত আছে। মি. ক্রেগ্ (Mr. Craig) সাহেব তাঁহার প্রকাশিত Your Luck's in your Hand নামক গ্রন্থে আয়ুরেখা দৃষ্টে আয়ুঃসংখ্যা নিরূপণের যে সহজ উপায় লিখিয়াছেন, তাহা নিম্নে উদ্ধৃত করিলাম। এই গ্রন্থের ৪৯ পৃষ্ঠার অঙ্কিত হস্তপাঞ্জা দৃষ্টে তাহা বিচার করিতে পারিবেন।

—"Well, in some such way as this the line of life on the palm is sectioned out into ten years' spaces, and there may be seen in each decade all the great and startling events of our existence. It may here be said, indeed, that the analogy fails as to the future events; but that is the point on which faith ought to become strongest. The plan is this :—It will be remembered that the line of life goes round the bottom of the mount of the thumb. Take, then, a pair of compasses, and setting one foot in the middle of the root of the index finger, extend the other foot to the middle of the root of the ring finger, and remove the point of the compasses from the root of the finger to the contraction of the vital line ; then that space from the beginning of the angle to the line shall point out the first ten years of life. Then, by looking what lines are in that division, the effects will show themselves in the first ten years, according to the proportion. For the next period, open the compasses, letting the end upon the root of the index stand still, and extend the point to the parting of the ring finger and little finger, and draw another line quadrant-wise, and where that touches upon the natal line, there observe the twentieth year of age.

Next, place the point of the compasses in the midst of the root of the little finger, and where that touches the vital line is the dimension of thirty years. This falls in the middle of the line of life, so that there will appear a perfect geometrical proportion from this point to the wrist, and from the same part to the supreme angle, the beginning of the line of life. For the next period, fix the movable point of the compasses in the midst of the root of the forefinger, and extend the point to the out-

आयुष्मती भवेद्रेखा तर्जनीमूलसंस्थिता ।
शतवर्षं भवेदायुः सुखमृत्युर्न संशयः ॥ ६ ॥

যাহার করতলে কনিষ্ঠাঙ্গুলীর মূল-অবধি তর্জ্জনীর মূল-পর্য্যন্ত রেখা অঙ্কিত থাকে, তাহার ১০০ শতবর্ষ আয়ুঃ ও সুখে মৃত্যু হয়। ৬।

मध्यमामूलपर्यन्त मायूरेखा च दृश्यते ।
चतुष्टशचतुर्व्विंशत्यायुर्बलविनाशनं ॥ ७ ॥

যাহার করতলে আয়ূরেখা কনিষ্ঠামূল-অবধি মধ্যমামূল-পর্য্যন্ত বিস্তৃত দেখিতে পাওয়া যায়, সে ব্যক্তি ৩৮ অষ্টাত্রিংশদ্বৎসর-পর্য্যন্ত জীবিত থাকে এবং তাহার বল বিনষ্ট হইয়া যায়। ৭।

आयुर्बलं भवेद्रेखानामिकामूलसंस्थिता ।
त्रिंशं वा त्रिषष्टिं वा आयुर्बलविनाशनं ॥ ८ ॥

আয়ূরেখা কনিষ্ঠামূল-অবধি অনামিকামূল-পর্য্যন্ত বিস্তৃত থাকিলে ৩০ ত্রিংশৎ অথবা ৬৩ ত্রিষষ্টি বৎসরব্যাপী জীবন হয়। কিন্তু শরীরসামর্থ্য অল্প হইয়া থাকে। ৮।

आयुर्हीनं यथा स्वल्पं बहुदीर्घञ्च दृश्यते ।
ते नराः सुखदुःखेन चाल्पमृत्युर्न संशयः ॥ ९ ॥

আয়ূরেখা যাহাদিগের করতলে ক্ষুদ্ররূপে অঙ্কিত থাকে, সে সকল ব্যক্তি অতি অল্পজীবী হয়। যাহাদের করতলে ঐ রেখা বহুবিস্তৃতরূপে অঙ্কিত দেখিতে পাওয়া যায়, সে ব্যক্তিগণ সুখদুঃখভোগী হইয়া অল্পকালমাত্র জীবিত থাকে। ইহাতে কোন সন্দেহ নাই। ৯।

side of the little finger, then draw a line to the line of life, over the percussion of the hand, and this will show the fortieth year of age. The fifth line must be chiefly observed. The movable point passes upon the line of the heart at the place where it is just traced on the percussion of the hand, sweeping up again to the line of life; this measures the fiftieth year. For the next space mark off a distance lequa to that between the last two lines on the percussion of the hand, and again bring the point up to the line of life; this will complete sixty years. But now a third part of the space must be taken off at the starting-point, making that space only two-thirds of the preceding, and taking up the point of the compasses to the vital line, seventy years will be marked off. The same is done for the eightieth, ninetieth, and hundredth years; that is by diminishing the starting distance, each time, one-third from the space before it.

—"So that according to the old fathers in this science, "the proportionate mensuration may give an apt conjecture of the times of life, and length thereof; and by the help of this mensuration predictions are made, and judgments given of offices, dignities, honours, riches, and good fortune, and when and in what time of a man's age such or such things shall come to pass; and also if marks in the hand appear, signifying death, sickness, poverty, imprisonment, or any other mischance they are to be known according to the position of the marks in the hand commensurately proportioned according to the aforesaid dimensions, their places and significations being considered as to good or bad."

कनिष्ठामूलरेखा तु कुर्य्याच्चैव शतायुषं ।
अनामिकामध्यमाभ्यामन्तरे संयुता सती ॥ १० ॥

করতলে কনিষ্ঠাঙ্গুলীর মূল হইতে রেখা উত্থিত হইয়া অনামিকা ও মধ্যমার মধ্যভাগে সংযুক্ত থাকিলে, ১০০ শতবর্ষ পরমায়ুঃ হইয়া থাকে। ১০।

अल्पा अल्पायुषं कुर्य्याद्रेखाङ्गुष्ठमूलगाः ।
बृहत्यः पुत्रास्ताः क्षीणाः प्रमदाः परिकीर्तिताः ॥ ११ ॥

অঙ্গুষ্ঠের মূলভাগ-পর্য্যন্ত যে কতিপয় রেখা গমন করিয়াছে, তাহারা যদি ক্ষুদ্র হয়, তবে পরমায়ুঃ অল্প হইয়া থাকে এবং ঐ রেখা যদি বৃহৎ হয়, তবে অনেক পুত্র, ও ক্ষীণ হইলে, অনেক কন্যা, জন্মিয়া থাকে। ১১।

कनिष्ठां हि समाश्रिता मध्यमाया मुपागता ।
षष्टिवर्षायुषं कुर्य्यादायूरेखा न संशयः ॥ १२ ॥

কনিষ্ঠাঙ্গুলীর মূল অবধি আরম্ভ হইয়া মধ্যমাঙ্গুলীর মূলপর্য্যন্ত যদি রেখা করতলে অঙ্কিত থাকে, তাহা হইলে ৬০ ষাটবৎসর পরমায়ুঃ নিশ্চয় হইয়া থাকে। ১২।

कनिष्ठाङ्गुलिदेशात्तु रेखा गच्छति तर्जनीम् ।
अविच्छिन्ना भवेद् यस्य शतमायुर्व्विनिर्द्दिशेत् ॥ १३ ॥

যাহার কনিষ্ঠাঙ্গুলীমূলদেশ হইতে তর্জ্জনীমূলপর্য্যন্ত রেখা বিস্তৃত থাকে এবং তাহার মধ্যে যদি কোন ছেদ না থাকে, তবে তাহার ১০০ একশতবর্ষ পরমায়ুঃ হয়। ১৩।

कनिष्ठाङ्गुलिमध्यस्था रेखा चेद्यवतिष्ठति ।
ऊर्द्ध्वच्छिन्ना भवेद् यस्य विंशत्यायुर्विनिर्द्दिशेत् ॥ १४ ॥

যাহার কনিষ্ঠাঙ্গুলীর মধ্যে রেখা থাকে এবং ঐ রেখার উর্দ্ধভাগ যদি ছিন্ন হয়, তবে তাহার ২০ বিংশতিবর্ষ পরমায়ুঃ হইবে। ১৪।

कनिष्ठाङ्गुलिमूलस्था रेखा गच्छति मध्यमां ।
अविच्छिन्ना भवेद् यस्याशीतिस्तस्य विनिर्द्दिशेत् ॥ १५ ॥

কনিষ্ঠাঙ্গুলীর মূলদেশ হইতে মধ্যমাঙ্গুলীর মূলপর্য্যন্ত অবিচ্ছিন্নরূপে যাহার রেখা বিস্তৃত থাকে, সেই ব্যক্তির ৮০ অশীতিবর্ষ পরমায়ুঃ হয়। ১৫।

कनिष्ठाङ्गुलिदेशे तु रेखा गच्छति नान्यतः ।
अच्छिन्ना विरला चैव विंशत्यायुर्व्विनिर्द्दिशेत् ॥ १६ ॥

যাহার কনিষ্ঠাঙ্গুলীমূলদেশে রেখা বেষ্টিত থাকে এবং ঐ রেখা যদি অন্য দিকে বিস্তৃত না থাকে, ছিন্ন ভিন্ন না হয় ও বিরল অথবা বিবর্ণ হয়, তবে তাহার ২০ বিংশতি-বৎসর পরমায়ুঃ হয়। ১৬।

"Other lines also may be divided into equal sections, as the table line, the natural line, the quadrangle and triangle, which are all to be parted into equal portions, and according to proportion shall shew the time and age of life in which every accident shall happen, which the characters shall signify, in their several nature.

कनिष्ठाङ्गुलिमूले तु रेखा गच्छत्यनामिकां ।

अविच्छिन्ना भवेद् यस्य चत्वारिंशत् स जीवति ॥ १७ ॥

যাহার কনিষ্ঠাঙ্গুলীমূল অবধি অনামিকাঙ্গুলীর মূলপর্য্যন্ত রেখা বিস্তৃত থাকে এবং উহা ছিন্ন না হয়, তাহার ৪০ চত্বারিংশদ্বৎসর পরমায়ুঃ হইয়া থাকে। ১৭।

यस्योत्तीर्णकनिष्ठा च तर्जनी मध्यमा समा ।

कनिष्ठायां शतायुः स्यात्तर्ज्जन्यां भूपति र्भवेत् ॥ १८ ॥

কনিষ্ঠাঙ্গুলীমূল হইতে মধ্যমাঙ্গুলীমূলপর্য্যন্ত রেখা বিস্তৃত থাকিলে, ১০০ একশতবর্ষ পরমায়ুঃ হয়। যাহার কনিষ্ঠাঙ্গুলীমূল অবধি তর্জ্জনী অঙ্গুলীর মূলপর্য্যন্ত রেখা বিস্তৃত থাকে, সে ব্যক্তি রাজা হয়। ১৮।

तर्जन्या मध्यमाङ्गुल्या आयूरेखा तु मध्यतः ।

संप्राप्ता या भवेच्चैव स जीवेच्छरदः शतं ॥ १९ ॥

যে ব্যক্তির কনিষ্ঠাঙ্গুলীর মূলদেশ হইতে মধ্যমা ও তর্জ্জনী অঙ্গুলীর মূলের মধ্যভাগ-পর্য্যন্ত রেখা বিস্তৃত থাকে, তাহার ১০০ একশতবৎসর পরমায়ুঃ হয়। ১৯।

प्रदेशिनीगता रेखा कनिष्ठामूलगामिनी ।

शतायुषश्च कुरुते छिन्नया तरुतो भयं ॥ २० ॥

কনিষ্ঠাঙ্গুলীর মূলদেশ হইতে তর্জ্জনী অঙ্গুলীর মূলদেশ পর্য্যন্ত রেখা বিস্তৃত থাকিলে, ১০০ একশতবর্ষ পরমায়ুঃ হয়। যাহার ঐ রেখা ছিন্ন থাকে, তাহার বৃক্ষ হইতে পতন হইয়া মৃত্যু হয়। ২০।

कनिष्ठिकामूलभवा रेखा कुर्य्याच्छतायुषं ।

प्रदेशिनीमध्यमाभ्या मन्तरे न गता सती ॥ २१ ॥

কনিষ্ঠাঙ্গুলীর মূল হইতে রেখা উত্থিত হইয়া মধ্যমা ও তর্জ্জনীর মধ্যভাগপর্য্যন্ত বিস্তৃত থাকিলে, ১০০ শতবৎসর পরমায়ুঃ হয়। ২১।

कनिष्ठात्तर्जनीं यावद्रेखा भवति चाक्षता ।

विंशत्यब्दाधिकशतं नरोजीवत्यनामयः ॥ २२ ॥

যে রেখা কনিষ্ঠাঙ্গুলির মূলের নিকট হইতে আরম্ভ করিয়া তর্জ্জনীর মূল অতিক্রম করে, ঐ রেখা যদ্যপি ছিন্ন ভিন্ন না হয়, তাহা হইলে সেই মানবের পরমায়ুঃ ১২০ এক-শত কুড়ি বৎসর হয় এবং নীরোগ হইয়া জীবন অতিবাহিত করে। ২২।

कनिष्ठां मध्यमां यावद्रेखा भवति चाक्षता ।

शताब्दं वाथ चाशीतिं नरो जीवेन्न संशयः ॥ २३ ॥

যদি আয়ুরেখা কনিষ্ঠাঙ্গুলির মূলের নিম্ন হইতে মধ্যমাঙ্গুলির মূল পর্য্যন্ত গমন করিয়া মিলিত হয় এবং তাহা ছিন্ন ভিন্ন না হয়, তাহা হইলে সেই প্রাণির পরমায়ুঃ ১০০ একশত অথবা ৮০ বৎসর হইবে। ২৩।

कनिष्ठानामिकायाश्च दु रेखा भवति चायता ।
षष्टिं पञ्चाशदब्दं वा नरो जीवत्यसंशयः ॥ २४ ॥

যদি কোন ব্যক্তির আয়ূরেখা কনিষ্ঠাঙ্গুলির মূল হইতে গমন করিয়া অনামিকার মূলের শেষে মিলিত হয় এবং উহা অবিচ্ছিন্ন থাকে, তাহা হইলে ৫০ পঞ্চাশ অথবা ৬০ ষাইট বৎসর তাহার পরমায়ুঃ হইবে, কোন সন্দেহ নাই। ২৪।

रेखया भिद्यते रेखा स्वल्पायुश्च भवेन्नरः ।
यत्संख्या भिद्यते रेखा अपमृत्युश्च तद् भवेत् ॥ २५ ॥

যাহার আয়ূরেখা কোন ক্ষুদ্ররেখাদ্বারা কর্ত্তিত হয়, তাহার অল্প আয়ুঃ হয়। যাহার ঐ রেখা অধিক সংখ্যক ক্ষুদ্ররেখাদ্বারা কর্ত্তিত হয়, তাহার অপমৃত্যু ঘটিয়া থাকে। ২৫।

विविधकरचिह्नम् ।

यस्य मीनसमा रेखा कर्म्मसिद्धिश्च जायते।
धनाढ्यश्च स विज्ञेयो बहुपुत्त्रो न संशयः॥ २६॥

যে পুরুষের করতলে প্রথমে এবং মধ্যে মীন অর্থাৎ মৎস্তাকার রেখা থাকে, সে ব্যক্তি এ জগতে যে কোন কার্য্যে প্রবৃত্ত হইবেন, তাহাই সুসম্পন্ন হইবে এবং তিনি ধনবান্ ও পুত্রবান্ হইয়া সুখস্বচ্ছন্দে কালাতিপাত করিতে পারিবেন। ২৬।

तुला ग्रामं तथा वज्रं करमध्ये च दृश्यते।
तस्य वाणिज्यसिद्धिः स्यात् पुरुषस्य न संशयः॥ २७॥

যে ব্যক্তির করতলের মধ্যে তুলা (অর্থাৎ, তৌল করিবার দণ্ড) এবং গ্রামের সদৃশ চতুষ্কোণ চিহ্ন, অথবা বজ্রের চিহ্ন থাকে, সে এই সংসারে যেপ্রকার ব্যবসায় অবলম্বন করিবে, তাহাই সুসম্পন্ন হইবে। এ বিষয়ে অণুমাত্রও সন্দেহ নাই। ২৭।

पद्मचापादि खड्गञ्च अष्टकोणादि दृश्यते।
स्त्रियाश्च पुरुषस्यापि धनवान् स सुखी नरः॥ २८॥

যাহার হস্তমধ্যে পদ্মের কিম্বা ধনুকের আকার চিহ্ন, অথবা খড়্গ ও অন্য কোনরূপ অষ্টকোণ চিহ্ন থাকে, সে নিশ্চয়ই ধনবান্ এবং সুখী হইবে। স্ত্রীলোকের এই সকল চিহ্ন থাকিলে ধনবতী ও সুখশালিনী হয়। বিশেষতঃ পদ্মের চিহ্ন থাকিলে স্ত্রীলোক রাজ্ঞী এবং পুরুষ রাজা হয়। ধনুকের চিহ্ন থাকিলে পুরুষ মহাবীর হয়, খড়্গের চিহ্ন থাকিলে মহাবলপরাক্রান্ত যোদ্ধা হয়, আর অষ্টকোণের চিহ্ন থাকিলে ভূমিপালক অর্থাৎ ভূস্বামী অথবা গ্রামপতি হইয়া সুখী হয়। ২৮।

चक्रशङ्खध्वजाकारो माषाकारस्तु दृश्यते।
सर्व्वविद्याप्रदानेन बुद्धिमान् स भवेन्नरः॥ २९॥

যাহার করতলে চক্র, শঙ্খ, ধ্বজ এবং মাষাকার চিহ্ন দেখা যায়, সেই ব্যক্তি সকল শাস্ত্রে পারদর্শী হইবে, সুতরাং জ্ঞানী বলিয়া পরিগণিত হইবে। ২৯।

त्रिशूलं करमध्ये तु तेन राजा प्रवर्त्तते।
यज्ञे धर्म्मे च दाने च देवद्विजप्रपूजने॥ ३०॥

যাহার হস্তে ত্রিশূলের চিহ্ন থাকে, সেই ব্যক্তি রাজা হইবে এবং হোমাদি ধর্ম্ম কর্ম্মানুষ্ঠানে ও দেবতা ও ব্রাহ্মণ সেবায় রত হইয়া জনসমাজে দাতা ও ধার্ম্মিক বলিয়া গরিগণিত হইবে। ৩০।

शक्तितोमरबाणश्चेत् करमध्ये प्रदृश्यते।
रथचक्रध्वजाकारं स च राज्यं लभेन्नरः॥ ३१॥

যদি কোন ব্যক্তির হস্তে শক্তি (অর্থাৎ যষ্টিনামে অস্ত্রবিশেষ) চিহ্ন, অথবা তোমর (অস্ত্রবিশেষ) চিহ্ন, কিম্বা বাণের চিহ্ন থাকে, তবে সেই ব্যক্তি রাজ্য লাভ করিবে এবং রথ, চক্র ও ধ্বজের চিহ্ন থাকিলেও রাজ্যলাভ করিবে। ৩১।

अङ्कुशं कुण्डलं छत्रं यस्य हस्ततले भवेत् ।

तस्य राज्यं महाश्रेष्ठं सामुद्रवचनं यथा ॥ ३२ ॥

যদি কোন লোকের হস্তে অঙ্কুশ কিম্বা কুণ্ডলের চিহ্ন, অথবা ছত্রের চিহ্ন থাকে, তবে সেই ব্যক্তি মহারাজচক্রবর্ত্তী হইয়া সাম্রাজ্য ভোগ করিবে, সন্দেহ নাই। কিন্তু উক্ত তিন প্রকার রেখা থাকিলে পূর্ব্বোক্তরূপ ফলভোগী হইবে, তাহা না থাকিলে সম্পূর্ণ ফল লাভ হইবে না। প্রাগুক্ত দুই চিহ্ন থাকিলে রাজার ন্যায় ঐশ্বর্য্য ভোগ করিবে, এক চিহ্ন থাকিলে সামান্য দাসত্বভোগ করিবে। ক্ষীরসমুদ্রবাসী ভগবান্ নারায়ণের এই বচন, ইহাতে সন্দেহ নাই। ৩২।

गिरिकङ्कणयोनीनां नरमुण्डघटस्य च ।

करे वै यस्य चिह्नानि राजमन्त्री भवेन्नरः ॥ ३३ ॥

যাহার হস্তে পর্ব্বত, কঙ্কণ, যোনি, নরমুণ্ড, কিম্বা ঘটের চিহ্ন থাকে, সে ব্যক্তি রাজমন্ত্রী হয়। ৩৩।

सूर्यचन्द्रलतानेत्रमष्टकोणत्रिकोणकम् ।

मन्दिराश्वगजेन्द्राणां चिह्नं स्यात् स सुखी नरः ॥ ३४ ॥

যদি কোন ব্যক্তির করতলে সূর্য্য, চন্দ্র, লতা, চক্ষুঃ, অষ্টকোণ, ত্রিকোণ, মন্দির, ঘোটক বা গজেন্দ্রের চিহ্ন থাকে, তাহা হইলে সেই মনুষ্য সুখী হইবে। ৩৪।

तर्जनीमूलपर्यन्त मूर्द्ध्वरेखा च दृश्यते ।

राजदूतो भवेत्तस्य धर्म्मनाशो हि जायते ॥ ३५ ॥

যাহার তর্জ্জনীমূল-পর্য্যন্ত ঊর্দ্ধরেখা দৃষ্ট হয়, সে ব্যক্তি রাজদূত হয় এবং তাহার ধর্ম্মনাশও হয়। ৩৫।

मध्यमामूलपर्यन्त मूर्द्ध्वरेखा च दृश्यते ।

पुत्रपौत्रादिसम्पन्नो धनवान् स सुखी नरः ॥ ३६ ॥

মধ্যম অঙ্গুলির মূলপর্য্যন্ত যাহার ঊর্দ্ধরেখা দেখিতে পাওয়া যায়, সে ব্যক্তি সুখী, বিভবশালী ও পুত্রপৌত্র প্রভৃতি-সমন্বিত হয়। ৩৬।

अनामिकोर्द्ध्वरेखायां व्यवसाये धनागमः ।

सुखदुःखेन जीवेत पुत्रपौत्रगृहादिमान् ॥ ३७ ॥

যাহার করতলে ঊর্দ্ধরেখা অনামিকাঙ্গুলীর মূলদেশপর্য্যন্ত বিস্তৃত থাকে, তাহার বাণিজ্যে ধনোপার্জ্জন হয় এবং সে ব্যক্তি পুত্রপৌত্রবাটী-প্রভৃতিসম্পন্ন হইয়া কখন সুখে, কখন দুঃখে জীবন যাপন করে। ৩৭।

करमध्ये स्थिता रेखा पितृवंशसमुद्भवः ।

पूर्णरेखा पितुर्वंशोऽर्द्धरेखा परवंशकः ॥ ३८ ॥

করতলে যাহার পিতৃরেখা পূর্ণরূপে অঙ্কিত থাকে, সে ব্যক্তি পিতার ঔরসে জন্মগ্রহণ

করিয়াছে জানিবে এবং ঐ রেখা যাহার করতলে অর্দ্ধরূপে অঙ্কিত থাকে, সে ব্যক্তি অপরের ঔরসে জন্মিয়াছে জানিবে। ৩৮।

मातृरेखा करे चैव एकैकं युग्म मेव च।

एकैकमंशमादाय युग्मरेखा च दृश्यते॥ ३९॥

করতলমধ্যে পৃথক্ দুইটী পিতৃ ও মাতৃরেখা আছে। মাতৃরেখা তর্জ্জনীর মূল অবধি অঙ্গুষ্ঠের মূলপর্য্যন্ত আয়ুরেখার নিম্নদেশ দিয়া সরল ভাবে অঙ্কিত থাকে; এবং পিতৃরেখা তর্জ্জনী ও অঙ্গুষ্ঠের মূলের মধ্যভাগ হইতে বহির্গত হইয়া নিম্নভাগপর্য্যন্ত বিস্তৃত থাকে। এই দুইটী রেখা দেখিয়াই প্রতীত হয় যে, মানব মাতা ও পিতার শোণিত ও শুক্রের সমান অংশ গ্রহণপূর্ব্বক জন্মপরিগ্রহ করে। ৩৯।

बहुरेखा भवेत् क्लेशः स्वल्पाभिर्धनहीनता।

रेखायां वा मनःसौख्यं सामुद्रवचनं यथा॥ ४०॥

করতলে অনেক রেখা থাকিলে ক্লেশ, অল্পরেখা থাকিলে দারিদ্র্য এবং অনেকও নয় অল্পও নয় এমত রূপ মধ্যপ্রকারের রেখা থাকিলে, মানসিক সুখ হয়। ইহাই সামুদ্রিক-শাস্ত্রের বচন। ৪০।

गता पाणितले या च सोर्द्ध्वरेखा स्मृता बुधैः।

स्त्रीणां पुंसां तथा चैव राज्याय च सुखाय च।

पुत्रपौत्रादिसम्पन्ना चोर्द्ध्वरेखा शुभप्रदा॥ ४१॥

যে রেখা মণিবন্ধ হইতে উত্থিত হইয়া করতলমধ্যভাগ দিয়া উপরিভাগপর্য্যন্ত বিস্তৃত থাকে, তাহাকে সামুদ্রিকশাস্ত্রবেত্তা পণ্ডিতবর্গ ঊর্দ্ধরেখা কহিয়া থাকেন। স্ত্রী বা পুরুষ যাহার করতলে এই রেখা থাকিবে, সেই রাজ্য ও সুখভোগ করিবে। ঊর্দ্ধরেখা থাকিলে পুত্রপৌত্রাদিক্রমে বংশবর্দ্ধন ও সর্ব্বশুভ হইয়া থাকে। ৪১।

रेखाभिर्ब्बहुभिर्दुःखं (क्लेशं) स्वल्पाभिर्धनहीनता।

रक्ताभिः (सुखं) श्रियमाप्नोति कृष्णाभिः (क्लेशता) प्रेष्यतां व्रजेत्॥४२॥

যে ব্যক্তির করতলে বহুরেখা দৃষ্ট হয়, সে ব্যক্তি দুঃখী হয়। অল্পরেখা থাকিলে ধন-হীন হয়। পাণিতলের রেখাগুলি রক্তবর্ণ হইলে সুখী বা লক্ষ্মীযুক্ত এবং ঐ রেখা কৃষ্ণবর্ণ দৃষ্ট হইলে ক্লেশভাগী বা ভৃত্য হইবার লক্ষণ। ৪২।

अङ्कुशं कुलिशं छत्रं यस्य पाणितले भवेत्।

तस्यैश्वर्य्यं विनिर्द्दिष्टं अशीत्यायुर्भवेद् ध्रुवम्।

पुत्रं प्रसूयते नारी नरेन्द्रं लभते पतिम्॥ ४३॥

যাহার হস্তমধ্যে অঙ্কুশের, বজ্রের বা ছত্রের চিহ্ন থাকে সে ব্যক্তি ঐশ্বর্য্যশালী হয় এবং তাহার পরমায়ু ৮০ অশীতিবর্ষ নিশ্চয় হইয়া থাকে। স্ত্রীলোকের করতলে ঐ সকল রেখা থাকিলে, সে স্ত্রী রাজাপতি লাভ করে ও রাজপুত্র প্রসব করিয়া থাকে। ৪৩।

धनुर्यस्य भवेत् पाणौ पङ्कजं वाथ तोरणम् ।
तस्यैश्वर्य्यञ्च राजञ्च अशीतिरायुर्भवेद् ध्रुवम् ॥ ४४ ॥

যদি কোন পুরুষের করতলস্থ রেখাসমূহ মধ্যে ধনুরাকৃতি, অথবা পদ্মের কিম্বা তোরণের ন্যায় কোন চিহ্ন থাকে, তাহা হইলে সেই ব্যক্তির রাজ্য লাভ ও অশেষপ্রকার ঐশ্বর্য্য ভোগ হয় এবং সে ৮০ অশীতি বৎসরপর্য্যন্ত জীবিত থাকে। ৪৪।

कनिष्ठायाः स्थिता रेखासंख्या यावतिकाः स्मृताः ।
तावती पुरुषस्यान्तु नारी भवति निश्चितम् ॥ ४५ ॥

যে পুরুষের কনিষ্ঠাঙ্গুলীর নিম্নে যে কয়েকটী রেখা থাকিবে, তাহার সেই সংখ্যানুসারে ভার্য্যা হইবে। ৪৫।

करमध्यगता रेखा ध्रुवा ऊर्द्ध्वभवेद् यदि ।
नृपो वा नृपतुल्यो वा चिरं ख्यातोऽर्थवान् भवेत् ॥ ४६ ॥

হস্তের মণিবন্ধ হইতে যে রেখা উত্থিত হইয়া উপরিভাগ পর্য্যন্তগমন করে, তাহার নাম ঊর্দ্ধরেখা। ঐ রেখা যাহার হস্তমধ্যে থাকিবে, সেই ব্যক্তি রাজা বা রাজার ন্যায় ঐশ্বর্য্যশালী ও চিরবিখ্যাত এবং ধনবান্ হইবে। ৪৬।

मत्स्यपुच्छप्रकीर्णेन विद्यावित्तसमन्वितः ।
पितुः पितामहादीनां धनं स लभते नरः ।
पितामहस्य वा किञ्चिद्धनञ्च लभते ध्रुवम् ॥ ४७ ॥

যাহার করতলে মৎস্যপুচ্ছ চিহ্ন থাকিবে, সে ব্যক্তি বিদ্বান্ ও ধনবান্ হইবে এবং সে পৈতৃক অথবা কেবল পিতামহের ধন কিঞ্চিৎ পাইবে, সন্দেহ নাই। ৪৭।

अयवस्य कुतो विद्या मत्स्यहीने कुतोधनम् ।
अपुच्छस्य कुतो विद्या अयवस्य कुतोधनम् ।
ऊर्द्ध्वरेखाविहीनस्य कुतोराज्यं कुतोयशः ॥ ४८ ॥

করতল মধ্যে যবরেখা থাকিলে বিদ্যা ও ধন, মৎস্যরেখা থাকিলে ধন, মৎস্যপুচ্ছ থাকিলে বিদ্যা এবং ঊর্দ্ধরেখা থাকিলে রাজ্য ও যশঃ লাভ হইয়া থাকে। ৪৮।

एकमुद्री भवेद्राजा द्विमुद्री धनवान्नरः ।
त्रिमुद्रीरोगसम्पन्नो बहुमुद्री बहुप्रजः ॥ ४९ ॥

হস্তে একমুদ্রা থাকিলে রাজা, দুই মুদ্রা থাকিলে ধনবান্, তিন মুদ্রা থাকিলে রোগী এবং বহুমুদ্রা থাকিলে মনুষ্য অনেক সন্তানের পিতা হয়। ৪৯।

तर्ज्जनीमूलगामिन्यां रेखायां छिद्रता यदि ।
श्वाविन्मूषिकमार्जारसर्पदष्टो भविष्यति ॥ ५० ॥

যাহার তর্জ্জনী অঙ্গুলীর মূলদেশ স্থিত রেখাতে ছেদ থাকে, তাহার (শ্বাবিৎ) শজারু, ইন্দুর, বিড়াল বা সর্পের দংশন হয়। ৫০।

यस्य पाणितले रेखा पीवरा दृश्यते यदि।
अविच्छिन्ना पादसौख्यं सम्पूर्णा च सुशोभनम् ॥ ५१ ॥

যাহার করতলে রেখা স্থূল ও অচ্ছিন্ন দেখা যায়, তাহার পদোন্নতি এবং ঐ রেখা সম্পূর্ণ দেখা যায়, তাহার সুখ ও সম্পত্তি হইয়া থাকে। ৫১।

कनिष्ठाङ्गुलिमूले तु रेखा तिष्ठति या ध्रुवम्।
विवाहं तावज्जानीयाद् यथोक्तं दानिभाषितम् ॥ ५२ ॥

কনিষ্ঠা অঙ্গুলীর মূলে যতগুলি রেখা থাকিবে, ততগুলি বিবাহ হইবে। ইহা দানি-ভাষিত নামক সামুদ্রিকশাস্ত্রবেত্তা পণ্ডিত কহিয়াছেন। ৫২।

कनिष्ठाङ्गुलिमूले तु रेखा चोद्वाहनिर्णिका।
कनिष्ठाधोरेखासंख्या यावती युवती तथा।
तावती तेन तच्चैव नारीणां ख्यापते नृप ॥ ५३ ॥

কনিষ্ঠাঙ্গুলীর মূলস্থিত রেখাকে বিবাহরেখা বলে। কনিষ্ঠাঙ্গুলীমূলের অধোদেশে ঐরূপ যত গুলি রেখা থাকিবে, ততগুলি যুবতী স্ত্রীলাভ হইবে। ঐরূপ রেখা স্ত্রীলোকের একটী থাকিলে বিবাহ বুঝায় এবং অনেক গুলি থাকিলে অন্যের প্রতি আশক্তি বুঝায়।৫৩।

कनिष्ठामूलरेखायाः परतश्च तथाहि वै।
भवन्ति रेखास्तावन्तः पुत्राः कन्याश्च निश्चिताः।
कन्या द्विमुखरेखायां एकास्यायां तथात्मजः ॥ ५४ ॥

কনিষ্ঠাঙ্গুলীর মূলের নিম্নভাগে অর্থাৎ বিবাহরেখার অধোদেশে যতগুলি রেখা থাকে, ততগুলি পুত্র বা কন্যা হইয়া থাকে। তাহার মধ্যে যতগুলি দুইমুখ রেখা দৃষ্ট হইবে, তত-গুলি কন্যা এবং যতগুলি একমুখ রেখা দেখা যাইবে, ততগুলি পুত্র বুঝা যাইবে। ৫৪।

मत्स्यपुच्छे शतं विद्यं कुलिशे तु सहस्रकम्।
पद्मे लक्षेश्वरश्चेति शङ्खे कोटीश्वरो भवेत्।
मत्स्ये शतं विजानीयान्मकरे तु सहस्रकम् ॥ ५५ ॥

করতলে মৎস্যপুচ্ছ থাকিলে মনুষ্য শতপতি, বজ্রচিহ্ন থাকিলে সহস্রপতি, পদ্মচিহ্ন থাকিলে লক্ষপতি, শঙ্খচিহ্ন থাকিলে কোটিপতি, মৎস্যচিহ্ন থাকিলে শতপতি এবং মকরচিহ্ন থাকিলে সহস্রপতি হইয়া থাকে। ৫৫।

रेखाभिर्बहुभिः क्लेशो रेखाहीने दरिद्रता।
रक्ताभिः सुखमाप्नोति कृष्णाभिः श्रेष्ठतागतः ॥ ५६ ॥

করতল বহুরেখান্বিত হইলে মনুষ্য ক্লিষ্ট, রেখাশূন্য হইলে দরিদ্র, রক্তবর্ণ হইলে সুখী ও কৃষ্ণবর্ণ হইলে শ্রেষ্ঠ হয়। ৫৬।

अङ्कुशं कुण्डलं चक्रं यस्य पाणितले भवेत् ।
चामरं पुण्डरीकं च तस्य राज्यं विनिर्द्दिशेत् ॥ ५७ ॥

যাহার করতলে অঙ্কুশ, কুণ্ডল, চক্র, চামর বা পদ্মচিহ্ন থাকে, তাহার রাজ্যলাভ হয় ।৫৭।

ज्ञानरेखा प्रथमा च अङ्गुष्ठादनुवर्त्तते ।
मध्यमा या करे रेखा आयूरेखा अतःपरम् ॥ ५८ ॥

বৃদ্ধ অঙ্গুলীর মূলদেশ স্থিত প্রথম রেখার নাম জ্ঞানরেখা। কনিষ্ঠার মূল হইতে মধ্যমার মূল পর্য্যন্ত বিস্তৃত রেখাকে আয়ূরেখা কহে। ৫৮।

घनाङ्गुलिश्च सधनस्तिस्रोरेखाश्च यस्य वै ।
नृपतेः करतलगा मणिवन्धे समुत्थिताः ॥ ५९ ॥

যাহার অঙ্গুলিগুলি ঘন হয়, সে ব্যক্তি ধনবান্ হইয়া থাকে। যে ব্যক্তির মণিবন্ধ (কব্জা) হইতে হস্ততল পর্য্যন্ত উর্দ্ধভাগে তিনটী রেখা উত্থিত থাকে, সে ব্যক্তি রাজা হয়। ৫৯।

युगमीनाङ्कितोयोवै भवेत् सत्रप्रदो नरः ।
वज्राकाराश्च धनिनां मत्स्यपुच्छनिभा बुधैः ॥ ६० ॥
शङ्खातपत्रसिचिकागजपद्मोपमा नृपे ।
कुम्भाङ्कुशपताकाभा मृणालाभा निधीश्वरे ॥ ६१ ॥
दामाभाश्च गवाढ्यानां स्वस्तिकाभा नृपेश्वरे ।
चक्रासितोमरधनुःदन्ताभा नृपतेः करे ॥ ६२ ॥
उदूखलाभा यज्वाढ्या वेदीभाश्चाग्निहोत्रिणि ।
वापीदेवकुलाभाश्च त्रिकोणाभाश्च धार्म्मिके ॥ ६३ ॥

করতলে জোয়াল বা মৎস্যের চিহ্ন থাকিলে মনুষ্য যাজ্ঞিক, বজ্রচিহ্নে ধনী, মৎস্যপুচ্ছে পণ্ডিত, শঙ্খ ছত্র সিচিকা হস্তী বা পদ্মের চিহ্নে রাজা, কলসী অঙ্কুশ পতাকা বা মৃণালের চিহ্নে নিধিপতি, সূত্রচিহ্নে অনেক ধেনুসম্পন্ন, স্বস্তিকচিহ্নে সম্রাট্, চক্র করবাল তোমর ধনুঃ বা দন্তের চিহ্নে ভূপতি, উদূখলচিহ্নে যজ্বা, বেদীচিহ্নে অগ্নিহোত্রী এবং তড়াগ দেবনদী বা ত্রিকোণকার রেখা থাকিলে ধার্ম্মিক হয়। ৬০। ৬১। ৬২। ৬৩।

अङ्गुष्ठमूलगा रेखाः पुत्राश्च सुखदायिकाः ।
निःस्वाश्च बहुरेखाः स्युर्निर्द्रव्याश्चिबुकैः कृशैः ॥ ६४ ॥

বৃদ্ধাঙ্গুলীর মূলদেশে অধিক রেখা থাকিলে মনুষ্য পুত্রবান্ ও সুখী হয়। যাহার করতলে অনেক রেখা থাকে, সে দরিদ্র হয়। চিবুক (দাড়ী) কৃশ হইলে, মনুষ্য দ্রব্যহীন হয়। ৬৪।

यस्य पाणितले रेखा दीर्घाकारद्वयं भवेत् ।
युग्मे सुखे च सुजातोऽप्ययुग्मे जारजो ध्रुवम् ॥ ६५ ॥

করতলে যে দুইটী দীর্ঘাকার রেখা থাকে, সেই দুইটীকে পিতৃও মাতৃরেখা বলে। ঐ দুইটী রেখা যাহার যুক্ত থাকে, সে সুজাত এবং যাহার সংযুক্ত না থাকে, সে জারজাত বুঝায়। ৬৫।

रेखास्त्वध:स्थिता रेखासंख्या यावतिका: स्मृता: ।
तावांस्तु पुरुषाणान्तु पुत्त्रोभवति निश्चितम् ॥ ६६ ॥
रेखास्त्वध:स्थिता रेखासंख्या यावतिका: स्मृता: ।
तावती पुरुषाणान्तु कन्या भवति निश्चितम् ॥ ६७ ॥

যে পুরুষের কনিষ্ঠাঙ্গুলীর মূলদেশের অধোভাগ স্থিত রেখার নিম্নে যতগুলি রেখা থাকে, তাহার ততগুলি পুত্র হয় এবং যে পুরুষের ঐ রেখাগুলির নিম্নে যতগুলি ক্ষুদ্র ক্ষুদ্র রেখা থাকে, তাহার ততগুলি কন্যা হয়। ৬৬। ৬৭।

करमध्यस्थिता रेखा त्रयादूर्द्ध भवेद् यदि ।
नृपो वा नृपतुल्यो वा चिरं ख्यातोऽथवा भवेत् ॥ ६८ ॥

যাহার করতলের মধ্যভাগ দিয়া তিনটীর অপেক্ষা একটী দীর্ঘাকার রেখা সরলভাবে উর্দ্ধে উত্থিত থাকে সে ব্যক্তি রাজা বা রাজতুল্য ক্ষমতাপন্ন হয় এবং চিরকালের জন্য যশস্বী হয়। এই রেখার নাম উদ্ধরেখা। ৬৮।

मृदु मध्योन्नतं रक्तं तलं पाण्योररन्ध्रकम् ।
प्रशस्तं शस्तरेखाढ्यं अल्परेखं शुभप्रदम् ॥ ६९ ॥

যে নারীর পাণিতল মৃদু, রক্তবর্ণ, ছেদরহিত, অল্পরেখাবিভূষিত, প্রশস্তরেখাযুক্ত, প্রশস্ত ও মধ্যভাগে উন্নত, সেই রমণী সৌভাগ্যশালিনী হইয়া থাকে। ৬৯।

विधवा बहुरेखेण विरेखेण दरिद्रिणी ।
भिक्षुकी सुशिराढ्येन नारी करतलेन वै ॥ ७० ॥

নারীদিগের করতলে বহুরেখা থাকিলে বিধবা হয়। যদি নির্দ্দিষ্ট রেখা না থাকে, তাহা হইলে দরিদ্রা হয়। যদি শিরা থাকে, তাহা হইলে ভিক্ষুকী হইয়া থাকে। ৭০।

मत्स्येन सुभगा नारी स्वस्तिकेन च सुप्रजा ।
पद्मेन भूपते: पत्नी जनयेत् भूपतिं सुतम् ॥ ७१ ॥

যদি নারীর হস্তে মৎস্যরেখা থাকে, তাহা হইলে সে সুভগা হয়। যদি স্বস্তিক চিহ্ন থাকে, তাহা হইলে সে উত্তম কুলপাবন সন্তান প্রসব করে। যদি নারীর হস্তে পদ্ম চিহ্ন থাকে, তাহা হইলে সে রাজ্ঞী হয় এবং তাহার গর্ভজাত সন্তানও রাজা হয়। ৭১।

चक्रवर्त्तिस्त्रिया: पाणौ नन्द्यावर्त्त: प्रदक्षिण: ।
शङ्खातपत्रकमठा राजमातृत्वसूचका: ॥ ७२ ॥

যে রমণীর করতলে দক্ষিণাবর্ত্ত মণ্ডল থাকে, সে নারী রাজচক্রবর্ত্তীর মহিষী হয়, অথবা সে স্বয়ং সাম্রাজ্যে অভিষিক্তা হইয়া থাকে। যাহার করতলে শঙ্খ ছত্র ও কমঠ চিহ্ন থাকে, সে রাজমাতা হয়। ৭২।

कृषीवलस्य पत्नी स्याच्छकटेन युगेन वा ।
चामराङ्कुशकोदण्डै राजपत्नी भवेद्ध्रुवम् ॥ ७३ ॥

যাহার হস্তে চামর চিহ্ন অঙ্কুশ চিহ্ন বা চাপচিহ্ন থাকে, সে রাজপত্নী হয়, সন্দেহ নাই। যে নারীর করতলে শকটচিহ্ন বা যুগ (যোত) চিহ্ন থাকে, সে কৃষিজীবীর পত্নী হয়।৭৩।

अङ्गुष्ठमूलान्निर्गत्य रेखा याति कनिष्ठिकाम् ।
यदि स्यात् पतिहन्त्री सा दूरतस्तां त्यजेत् सुधीः ॥ ७४ ॥

যে নারীর অঙ্গুষ্ঠমূল হইতে আরম্ভ করিয়া একটী রেখা কনিষ্ঠাঙ্গুলির মূলপর্য্যন্ত গমন করে, সে নারী পতিঘাতিনী হয়। ঈদৃশী রমণীকে কখনই গ্রহণ করিবে না। ৭৪।

त्रिशूलासिगदाशक्तिदुन्दुभ्याकृतिरेखया ।
नितम्बिनी कीर्त्तिमती कत्या पृथिवीतले ॥ ७५ ॥

যে রমণীর করতলে ত্রিশূলচিহ্ন অসিচিহ্ন গদাচিহ্ন শক্তিচিহ্ন ও দুন্দুভিচিহ্ন থাকে, সেই কামিনী অবনীমণ্ডলে যশস্বিনী হইয়া থাকে। ৭৫।

वाजिकुञ्जरश्रीवृक्षयूपेषुयवतोमरैः ।
ध्वजचामरमालाभिः शैलकुण्डलवेदिभिः ।
शङ्खातपत्रपद्मैश्च मत्स्यस्वस्तिकसद्रथैः ।
लक्षणैरङ्कुशाद्यैश्च स्त्रियः स्यू राजवल्लभाः ॥ ७६ ॥

যে স্ত্রীলোকের হস্তে বা পদে অশ্ব, গজ, বিল্বতরু, যূপ অর্থাৎ জয়স্তম্ভ বা যজ্ঞীয়পশু-বন্ধনকাষ্ঠ, বাণ, যব, তোমর অর্থাৎ লৌহশাবল, ধ্বজা, চামর, মালা, ক্ষুদ্রপর্ব্বত, কর্ণভূষণ, বেদিকা, শঙ্খ, ছত্র, কমল, মীন, স্বস্তিক অর্থাৎ পিটুলিনির্ম্মিত মাঙ্গল্যদ্রব্যবিশেষ, বা চতুষ্পথ বা সর্পফণা বা বারাণ্ডাওয়ালা বাটী, উত্তমরথ, অঙ্কুশ প্রভৃতি যে কোন চিহ্ন থাকে, সে স্ত্রী রাজার প্রিয়া হয়। ৭৬।

अल्पायुषे लघुच्छिन्ना दीर्घच्छिन्ना महायुषे ।
शुभन्तु लक्षणं स्त्रीणां प्रोक्तन्त्वशुभमन्यथा ॥ ७७ ॥

যাহার অঙ্গুষ্ঠের নিম্নে রেখা অল্প অল্প ছিন্নভিন্ন ভাবে থাকে, তাহার আয়ুঃ অল্প হয় এবং ঐ রেখা দীর্ঘভাবে ছিন্ন ভিন্ন থাকে, তবে দীর্ঘায়ু হয়। স্ত্রীলোকের হস্তে এই রেখা থাকিলে শুভ ও না থাকিলে অশুভ বুঝায়। ৭৭।

अङ्कुशं कुण्डलं चक्रं यस्याः पाणितले भवेत् ।
पुत्त्रं प्रसूयते नारी नरेन्द्रं लभते पतिम् ॥ ७८ ॥

যে স্ত্রীর করতলে অঙ্কুশ, কুণ্ডল ও চক্রচিহ্ন থাকে, সে রাজাপতি লাভ করে এবং তাহার সুন্দর পুত্র প্রসূত হয়। ৭৮।

यस्याः पाणितले रेखा प्रकारतोरणं भवेत् ।
अपि दासकुले जाता राज्ञित्व मधिगच्छति ॥ ७९ ॥

যে নারীর করতলে তোরণ প্রাচীরের আকৃতি রেখা দৃষ্ট হয়, সে দাসবংশে জন্মগ্রহণ করিলেও রাজপত্নী হইয়া থাকে। ৭৯।

विधवा बहुरेखेण विरेखेण दरिद्रिणी।

भिक्षुकी सुषिराढेण नारी करतलेन वै॥ ८०॥

নারীদিগের করতলে বহুরেখা থাকিলে বিধবা হয়, যদি নির্দ্দিষ্টরেখা না থাকে, তাহা হইলে দরিদ্রা হয়, যদি শিরা থাকে, তাহা হইলে ভিক্ষুকী হইয়া থাকে। ৮০।

रक्ता व्यक्ता गभीरा च स्निग्धा पूर्णा च वर्त्तुला।

कररेखाङ्गनायाः स्याच्छुभा भाग्यानुसारतः॥ ८१॥

যে স্ত্রীর করতলের রেখাগুলি রক্তবর্ণ, স্পষ্ট, গভীর, উজ্জ্বল, পূর্ণ ও বৃত্তাকার হয়, সে স্ত্রী তাহার ভাগ্যানুসারে সুলক্ষণা হয়। ৮১।

मत्स्येन सुभगा नारी स्वस्तिकेन वसुप्रदा।

पद्मेन भूपतेः पत्नी जनयेद् भूपतिं सुतम्॥ ८२॥

স্ত্রীলোকের করতলে মৎস্যচিহ্ন থাকিলে সৌভাগ্যবতী হয়, স্বস্তিকচিহ্ন থাকিলে বিভবশালিনী হয় এবং পদ্মচিহ্ন থাকিলে রাজপত্নী ও রাজমাতা হয়। ৮২।

तुलामानाकृती रेखा वणिक्पत्नीत्वहेतुका।

गजवाजिवृषाकारा करे वामे मृगीदृशाम्॥ ८३॥

যে স্ত্রীর দক্ষিণ করতলে তুলাদণ্ডাকৃতি চিহ্ন থাকে এবং বামকরতলে হস্তী, ঘোটক ও বৃষ চিহ্ন থাকে, সে স্ত্রী বণিক্‌পত্নী হয়। ৮৩।

रेखा प्रासादवज्राभा सूते तीर्थकरं सुतम्।

कृषीवलस्य पत्नी स्याच्छकटेन मृगेण वा॥ ८४॥

যে স্ত্রীর করতলে বজ্র ও প্রাসাদচিহ্ন থাকে, সেই স্ত্রী তীর্থকর পুত্র প্রসব করে, যে স্ত্রীর করতলে শকট কিম্বা মৃগচিহ্ন থাকে, সেই স্ত্রী কৃষকের পত্নী হয়। ৮৪।

कङ्कजम्बूकमण्डूकवृकवृश्चिकभोगिनः।

रासभोष्ट्रविड़ालाः स्युः करस्था दुःखदाः स्त्रियाः।

पाणौ प्रदक्षिणावर्त्तो धर्म्मो वामो न शोभनः॥ ८५॥

যে স্ত্রীর করতলে কঙ্ক, শৃগাল, ভেক, ব্যাঘ্র, বৃশ্চিক, সর্প, গর্দ্দভ, উষ্ট্র ও বিড়ালের চিহ্ন থাকে, সেই স্ত্রী স্বামীর দুঃখপ্রদা হইয়া থাকে। স্ত্রীলোকের করতলে দক্ষিণাবর্ত্ত রেখা থাকিলে ধার্ম্মিকা হয় এবং বামাবর্ত্ত রেখা থাকিলে হতভাগিনী হয়। ৮৫।

अङ्कुशं कुण्डलं यानं यस्याः पाणितले भवेत्।

दीर्घायुषं पतिं प्राप्य पुत्रवृद्धिर्भवेद् ध्रुवम्॥ ८६॥

যে স্ত্রীর করতলে অঙ্কুশ, কুণ্ডল ও যান চিহ্ন থাকে, সেই স্ত্রী দীর্ঘজীবী পতি প্রাপ্ত হয় এবং বহুসন্তানের মাতা হয়। ৮৬।

यस्याः करतले रक्ता दीर्घरेखा च दृश्यते ।
नृपतिश्च पतिं प्राप्य बहुपुत्त्रवती भवेत् ॥ ८७ ॥

যে স্ত্রীর করতলে রক্তবর্ণ দীর্ঘরেখা দৃষ্ট হয়, সে স্ত্রী রাজপত্নী এবং বহুপুত্রবতী হইয়া থাকে। ৮৭।

पाणिपादतले रेखा ताम्रवर्णा नखानि च ।
जीववत्सा चिरञ्जीविपुत्त्रपौत्त्रसमन्विता ॥ ८८ ॥

যে স্ত্রীর করতলে ও পাদতলে তাম্রবর্ণরেখা ও তাম্রবর্ণ নখ থাকে, সেই স্ত্রী জীববৎসা, ও দীর্ঘজীবী পুত্রপৌত্রসম্পন্না হয়। ৮৮।

यस्याः करतले पद्मं पूर्णकुम्भं तथैव च ।
राजपत्नित्वमाप्नोति पुत्त्रपौत्त्रः प्रवर्त्तते ॥ ८९ ॥

যে স্ত্রীর করতলে পদ্ম ও পূর্ণকুম্ভ চিহ্ন থাকে, সেই স্ত্রী রাজপত্নী ও পুত্রপৌত্রবতী হয়। ৮৯।

रेखान्वितां त्वविधवां कुर्य्यात् संभोगिनीं स्त्रियम् ।
रेखा या मणिबन्धोत्था गता मध्याङ्गुली करे ॥ ९० ॥
गता पाणितले या च योर्द्ध्वं पादतले स्थिता ।
स्त्रीणां पुंसां तथा वा स्याद्राज्याय च सुखाय च ।
पुत्त्रपौत्त्रादिसम्पन्ना चोर्द्ध्वरेखा शुभप्रदा ॥ ९१ ॥

যে রেখা মণিবন্ধ (কব্জা) হইতে উত্থিত হইয়া করতলের মধ্যভাগ দিয়া মধ্যমাঙ্গুলির মূলপর্য্যন্ত বিস্তৃত থাকে, তাহাকে সামুদ্রিক শাস্ত্রবেত্তা পণ্ডিতবর্গ উর্দ্ধরেখা কহিয়া থাকেন। এই উর্দ্ধরেখা পাদতলেও থাকে। যে স্ত্রীর করতলে ও পাদতলে এই রেখা থাকে, সে স্ত্রী যাবজ্জীবন সধবা থাকে, সৌভাগ্যবতী হয় এবং পুত্রপৌত্রবতী হইয়া থাকে। স্ত্রী বা পুরুষ, যাহার করতলে এই রেখা থাকে, সে রাজ্য ও সুখভোগ করে এবং তাহার পুত্রপৌত্রাদিক্রমে বংশবর্দ্ধন ও সর্ব্বশুভ হইয়া থাকে। ৯০। ৯১।

कनिष्ठाङ्गुलिमध्यस्था रेखा चेदवतिष्ठति ।
ऊर्द्ध्वच्छिन्ना भवेद् यस्य विंशत्यायुर्व्विनिर्द्दिशेत् ॥ ९२ ॥

যাহার কনিষ্ঠাঙ্গুলীর মধ্যভাগে রেখা থাকে, আর ঐ রেখা যদি উর্দ্ধদিকে ছিন্ন হয়, তবে তাহার ২০ বিংশতিবৎসর পরমায়ু হয়। ৯২।

वृद्धामूले च या रेखा भ्रातृभग्नीप्रदायिका ।
कृष्णा सूक्ष्मा क्रमेणैव हीना छिद्रप्रदायिका ॥ ९३ ॥

বৃদ্ধাঙ্গুলীর মূলে যতগুলি রেখা থাকে, ততগুলি ভ্রাতা ও ভগ্নী হইয়া থাকে এবং ঐ রেখাগুলি যদি কৃষ্ণবর্ণ ও ক্রমশঃ সূক্ষ্ম হয়, তবে ভ্রাতা ও ভগ্নীর বিনাশ ও কলঙ্ক হইয়া থাকে। ৯৩।

वृद्धामूलस्य मध्ये चेन्मिलिता विभवो बहु: ।

पृथग् रेखा भवेज् ध्यं निश्चितं लक्षण त्विदम् ॥ ९४ ॥

বৃদ্ধাঙ্গুলীর মূল মধ্যে যদি বহুরেখা মিলিত থাকে, তাহাহইলে দীর্ঘকালস্থায়ী ঐশ্বর্য্য হয় এবং ঐ রেখাগুলি পৃথক্ পৃথক্ হইলে সুলক্ষণযুক্ত বুঝায়। ৯৪।

वृद्धामूले च रेखे द्वे मातुर्भक्तो विशेषत: ।

बहुभोगैर्व्वर्द्धित: स्याद् यस्य वज्राङ्कितं परम् ॥ ९५ ॥

যাহার বৃদ্ধাঙ্গুলীর মূলদেশে দুইটী রেখা থাকে, সে ব্যক্তি অত্যন্ত জননীভক্ত হয় এবং ঐ স্থলে বজ্রচিহ্ন থাকিলে বহুভোগশালী হয়। ৯৫।

अङ्गुष्ठोदरमध्ये तु यवो यस्य विराजते ।

विभवं भोजनं तस्य स नर: सुखमेधते ।

सर्व्वविद्याप्रशस्तश्च स भवेन्नात्र संशय: ॥ ९६ ॥

বৃদ্ধাঙ্গুলীর উদরের মধ্যভাগে যবরেখা থাকিলে মনুষ্য অতুল ঐশ্বর্য্যশালী, ভোক্তা, সুখী ও সকলবিদ্যার পারদর্শী হয়, ইহাতে কোন সন্দেহ নাই। ৯৬।

अङ्गुष्ठपर्व्वमध्ये तु यवो यस्य विराजते ।

परेरेखा भवेद् यस्य स नर: सुखमेधते ॥ ९७ ॥

অঙ্গুষ্ঠের পর্ব্বের মধ্যভাগে যাহার যবরেখা থাকে এবং তাহার সহিত অন্যরেখাও যদি সংযুক্ত থাকে, তবে সে ব্যক্তি সুখী হয়। ৯৭।

अङ्गुष्ठोदरमध्ये तु कुण्डली यस्य दृश्यते ।

भोज्यमुत्पाद्यते तस्य प्रचूरञ्च सुखं भवेत् ॥ ९८ ॥

বৃদ্ধাঙ্গুলীর উদরের মধ্যভাগে যাহার কুণ্ডলীরেখা থাকে, সে ব্যক্তি ভোগী ও যথেষ্ট সুখভাগী হয়। ৯৮।

अङ्गुष्ठोदरमध्ये तु रेखा यस्य यवाकृति: ।

यशस्वी च भवेद्विद्वान् (श्रीमान्) धनदाता च नित्यश: ॥९९॥

অঙ্গুষ্ঠগর্ভমধ্যে যবাকাররেখা থাকিলে, মনুষ্য যশস্বী, বিদ্যাবান্, লক্ষ্মীসম্পন্ন ও দাতা হয়। ৯৯।

अङ्गुष्ठस्योर्द्ध्वभागस्थो यवो यस्य बिराजते ।

उत्पन्नावधि भोगी स्यात् स नर: सुखमेधते ॥ १०० ॥

যাহার বৃদ্ধাঙ্গুলির উপরিভাগে যবরেখা আছে, সেই ব্যক্তি জন্মাবধি ভোগী ও সুখী হয়। ১০০।

मध्यमातर्ज्जनीमूले यवो यस्य च दृश्यते ।

धनवान् सुखभोगी स्यात् पुत्रदारगृहादिमान् ॥ १०१ ॥

মধ্যমা কিংবা তর্জ্জনী অঙ্গুলীর মূলদেশে যবরেখা যাহার দেখিতে পাওয়া যায়, সেই ব্যক্তি ধনবান্, সুখভোগী ও পুত্র-ভার্য্যা-গৃহ-আদি-সম্পন্ন হয়। ১০১।

अङ्गुष्ठस्यापूर्द्ध रेखा वर्त्तते नृपतिः शुभा।
सेनापतिर्धनेशश्च मध्यमायुर्नरोभवेत्॥ १०२॥

যাহার বৃদ্ধাঙ্গুলির উপরে শুভলক্ষণান্বিত ঊর্দ্ধরেখা থাকে, সে ব্যক্তি রাজা, সৈন্যাধ্যক্ষ বা বিপুলবিভবশালী হয় এবং মধ্যমায়ুঃ হয়, অর্থাৎ দীর্ঘজীবী বা অল্পজীবী হয় না, ৬০ বৎসর-পর্য্যন্ত জীবিত থাকে। ১০২।

तर्ज्जनीमूलपर्य्यन्त मूर्द्ध रेखा च दृश्यते।
राजदूतोभवेत्तस्य धर्म्मनाशो हि जायते॥ १०३॥

যাহার তর্জ্জনীমূল-পর্য্যন্ত উর্দ্ধরেখা দৃষ্ট হয়, সে ব্যক্তি রাজদূত হয় এবং তাহার ধর্ম্মনাশও হয়। ১০৩।

मध्यमामूलपर्य्यन्त मूर्द्ध रेखा च दृश्यते।
पुत्त्रपौत्त्रादिसम्पन्नो धनवान् स सुखी नरः॥ १०४॥

মধ্যমাঅঙ্গুলির মূলপর্য্যন্ত যাহার ঊর্দ্ধরেখা দেখিতে পাওয়া যায়, সে ব্যক্তি সুখী, বিভবশালী ও পুত্রপৌত্র-প্রভৃতি-সমন্বিত হয়। ১০৪।

अनामिकोर्द्ध रेखायां व्यवसाये धनागमः।
सुखदुःखेन जीवेत पुत्त्रपौत्त्रगृहादिमान्॥ १०५॥

যাহার করতলে উর্দ্ধরেখা অনামিকাঙ্গুলীর মূলদেশপর্য্যন্ত বিস্তৃত থাকে, তাহার বাণিজ্যে ধনোপার্জ্জন হয়, এবং সে ব্যক্তি পুত্র, পৌত্র, বাটী প্রভৃতিসম্পন্ন হইয়া কখন সুখে কখন দুঃখে জীবন যাপন করে। ১০৫।

दीक्षाणां च यथा धर्म्म पदवी सुखमेव च।
विद्या मानापमानञ्च अमूलामूलसंस्थिता॥ १०६॥

যাহার কনিষ্ঠাঙ্গুলির মূলদেশে রেখা অঙ্কিত আছে, তাহার দীক্ষা, ধর্ম্ম, পদবী, সুখ, বিদ্যা, মান, অপমান আদির সংবর্দ্ধন হয়। ১০৬।

कनिष्ठामूलसंयुक्ता त्रिरेखा यस्य दृश्यते।
एकं युग्मञ्च त्रितयं चतुर्थं वाणसम्मितम्।
युग्मं वापि पृथग् वापि विपुलं भोगदायकम्॥ १०७।

কনিষ্ঠাঙ্গুলীর মূলদেশে যাহার সংযুক্ত তিনটী রেখা দৃষ্ট হয়, সে ব্যক্তি ভোগী ও সুখী হয়। ঐ স্থলে সংযুক্ত বা পৃথগ্‌রূপে একটী, দুইটী, তিনটী, চারিটী, বা পাঁচটী রেখা থাকিলেও বিপুল ভোগদায়ক হয়। ১০৭।

अङ्गुलीनां पृथग् रेखा त्रितयं मन्यते पृथक्।
रेखाद्वादशकं सौख्यं धनधान्यप्रदायकम्॥ १০৮॥

কনিষ্ঠা, অনামিকা, মধ্যমা ও তর্জ্জনী—এই চারিটী অঙ্গুলীর প্রত্যেকের পর্ব্বরেখা তিন তিনটী করিয়া গণনা করিলে যাহার দ্বাদশটী পৃথক্ পৃথক্ রেখা হয়, সেই ব্যক্তি ধনধান্যাদি-সম্পন্ন ও মহাসুখী হয়। ১০৮।

अङ्गुलीनां पृथग्रेखा गणने चेत् त्रयोदश: ।

महादु:खं महाक्लेशं सामुद्रवचनं यथा ॥ १०९ ॥

কাহারও কনিষ্ঠাদি চারিটী অঙ্গুলীর পর্ব্বরেখা যদি পৃথগ্ গণনাতে ত্রয়োদশটী হয়, তাহা হইলে তাহার মহাদুঃখ ও মহাক্লেশ ঘটিয়া থাকে। ইহা সামুদ্রিক শাস্ত্রের বচন। ১০৯।

रेखापञ्चदशे चौर: षोड़शे द्यूतवञ्चक: ।

पापी सप्तदशे ज्ञेयो धर्म्मी अष्टादशे भवेत् ॥ ११० ॥

যে ব্যক্তির অঙ্গুলীর পর্ব্বরেখা গণনাতে পঞ্চদশটী রেখা হয়, সে চোরহইয়া থাকে। পর্ব্বরেখা গণনাতে ষোলটী হইলে, সে ব্যক্তি দ্যূতক্রীড়াকারী ও প্রতারক হয়। পর্ব্বরেখা সপ্তদশ সংখ্যা হইলে পাপী এবং অষ্টাদশ হইলে ধার্ম্মিক হয়। ১১০।

ऊनविंशे भवेन्मान्यो गुणज्ञो लोकपूजित: ।

तपस्वी विंशती ज्ञेयो महात्मा एकविंशती ॥ १११ ॥

কনিষ্ঠাদি চারি অঙ্গুলীর পর্ব্বরেখা পৃথক্ পৃথক্ গণনা করিলে যাহার ঊনিশটী রেখা হয়, সে ব্যক্তি সম্মানাস্পদ গুণবান্ ও সাধারণের সমাদরভাজন হয়। পর্ব্বরেখা কুড়িটী হইলে তপস্বী এবং একুশটী হইলে মহাত্মা হয়। ১১১।

ताम्रैर्भूपाधनाढ्याश्च अङ्गुष्ठै: सयवैस्तथा ॥

अङ्गुष्ठमूलजै: पुत्री स्याद्दीर्घाङ्गुलिपर्व्वक:॥ ११२ ॥

যাহার বৃদ্ধাঙ্গুলীর মূলে যবচিহ্ন থাকে এবং ঐ বৃদ্ধাঙ্গুলী তাম্রবর্ণ যদি হয়, তবে সে ব্যক্তি বিপুলবিভবশালী ও রাজা হয়। যাহার অঙ্গুলীপর্ব্বসকল দীর্ঘ হয়, সে ব্যক্তির বহুপুত্র লাভ হইয়া থাকে। ১১২।

दीर्घायु: सुभगश्चैव सधनो विरलाङ्गुलि: ।

घनाङ्गुलिश्च अधनस्त्रिस्त्रोरेखाश्च यस्य वै ।

अङ्गुष्ठमूलगा रेखा: पुत्राश्च सुखदायका:॥ ११३ ॥

যাহার অঙ্গুলীগুলি বিরল হয়, সে ব্যক্তি ধনী, দীর্ঘজীবী ও সৌভাগ্যশালী হইয়া থাকে। যাহার অঙ্গুলী গুলি ঘন হয় ও তাহাতে তিনটী তিনটী রেখা থাকে, সে ব্যক্তি ধনহীন হইয়া থাকে। অঙ্গুষ্ঠের মূলদেশে অনেক রেখা থাকিলে, পুত্র ও সুখসম্পত্তি বৃদ্ধি হয়।১১৩।

अङ्गुष्ठोदरमध्ये तु यवो यस्य विराजित: ।

उन्नतं शोभनं तस्य शतं जीवति मानव: ॥ ११४ ॥

যদি হস্তের অঙ্গুষ্ঠ অর্থাৎ বৃদ্ধাঙ্গুলির মধ্যরেখার অন্তর্গত যবচিহ্ন দৃষ্ট হয়, তাহাহইলে সে ব্যক্তি এই সংসারে ধনে, মানে, জ্ঞানে ইত্যাদি নানাপ্রকারে সমৃদ্ধ ও শোভিত হইয়া কালযাপন করে এবং তাহার পরমায়ু ১০০ একশত বৎসর হয়। ১১৪।

मध्यमायां यदि यवा दृश्यन्तेऽत्यन्तशोभनाः।

तदान्यसञ्चितं वित्तं प्राप्नोत्यङ्गुष्ठगे यवे ॥ ११५ ॥

যদি মধ্যম অঙ্গুলিতে অথবা অঙ্গুষ্ঠে উত্তম যবচিহ্ন থাকে তাহাহইলে অন্যসঞ্চিত ধন প্রাপ্ত হয়, সন্দেহ নাই। ১১৫।

यस्याथ चक्रमङ्गुष्ठे यवः (पूर्णः)पद्मश्च दृश्यते।

तदा पितामहादीनामर्ज्जितं धनमाप्नुयात् ॥ ११६ ॥

যাহার বৃদ্ধ অঙ্গুলিতে চক্র ও পূর্ণ যব বা পদ্মচিহ্ন দৃষ্ট হয়, সেই ব্যক্তি পিতামহাদির উপার্জ্জিত ধন প্রাপ্ত হইবে। ১১৬।

तर्ज्जन्यामथ चक्रञ्च (मित्र) पितृद्वारा धनं लभेत्।

तेनैव विपरीतन्तु व्ययो भवति निश्चितम् ॥ ११७ ॥

যাহার তর্জ্জনীতে চক্রচিহ্ন থাকিবে সে ব্যক্তি কোন বন্ধুদ্বারা বা পিতাদ্বারা ধন প্রাপ্ত হইবে। যাহার তর্জ্জনীতে চক্রচিহ্ন না থাকিয়া বিপরীত কোন চিহ্ন থাকিবে, সে ব্যক্তির আয় অপেক্ষা ব্যয় অধিক হইবে। ১১৭।

मध्यमायां स्थिते चक्रे देवद्वारा धनं लभेत्।

तेनैव विपरीतन्तु व्ययो भवति निश्चितम् ॥ ११८ ॥

যাহার মধ্যমাঙ্গুলিতে চক্রচিহ্ন থাকিবে, সে ব্যক্তি দেবতাদ্বারা ধন প্রাপ্ত হইবে। যাহার মধ্যমা অঙ্গুলিতে চক্রচিহ্ন না থাকিয়া অন্য কোন বিপরীত চিহ্ন থাকিবে, দৈব-প্রতিবন্ধে তাহার ধন ক্ষয় হইবে। ১১৮।

अनामिकायां चक्रे तु (स्वजनात्तु) सर्व्वद्वारा धनं लभेत्।

तेनैव विपरीते तु व्ययो भवति निश्चितम् ॥ ११९ ॥

যাহার অনামিকাতে চক্র থাকিবে, সে ব্যক্তি নানা উপায়ে বা কোন সুহৃদ্‌দ্বারা ধন প্রাপ্ত হইবে। যাহার অনামিকাতে বিপরীত কোন চিহ্ন থাকিবে, নানাবিষয়ে তাহার ধনক্ষয় হইবে, সন্দেহ নাই। ১১৯।

कनिष्ठायां भवेच्चक्रं वाणिज्येण धनं लभेत्।

तेनैव विपरीते तु व्ययो भवति निश्चितम् ॥ १२० ॥

যাহার কনিষ্ঠাঙ্গুলিতে চক্র থাকিবে, সে ব্যক্তি বাণিজ্যদ্বারা ধন উপার্জ্জন করিবে। যাহার কনিষ্ঠাঙ্গুলিতে চক্রচিহ্ন না থাকিয়া বিপরীত অর্থাৎ সরল রেখাদি থাকিবে, বাণিজ্যে তাহার লাভ না হইয়া মূলধনপর্য্যন্তও ক্ষয় হইবে। ১২০।

सर्व्वासु चक्रं परिपूरिताङ्गुली

महाबलप्राप्तिवरेण्यलक्षणम् ॥ १२१ ॥

যে ব্যক্তির অঙ্গুলীসকলে চক্রাকৃতি রেখাসকল অঙ্কিত থাকে, সে ব্যক্তি মহাবলশালী ও সর্ব্বসুলক্ষণসম্পন্ন হয়। ১২১।

अङ्गुष्ठमूलाद् यदि वै तु रेखा स्थूला तथा चक्रकृता च नारी ।

अवारिता चण्डप्रचण्डता च परान्विता शून्यहृदा च खण्डिता ॥१२२॥

যে স্ত্রীর বৃদ্ধাঙ্গুলী মূল হইতে মধ্যভাগপর্য্যন্ত স্থূল ও চক্রাকার রেখা থাকে, সে স্ত্রী কুলটা, নষ্টপ্রকৃতি, দয়াদাক্ষিণ্যাদি গুণবিহীনা, পরপুরুষাশক্তা, ষণ্ডের ন্যায় প্রচণ্ডা এবং স্বাধীনা হয় । ১২২ ।

অঙ্গুষ্ঠে কুলিশং চিহ্নং যস্য পাণিতলে ভবেৎ ।

तोरणं पुण्डरीकञ्च राज्यं तस्य भविष्यति ॥ १२३ ॥

যাহার বৃদ্ধাঙ্গুলীতে বজ্রচিহ্ন এবং করতলে তোরণ ও শ্বেতপদ্মচিহ্ন থাকে, সে ব্যক্তি রাজা হয় । ১২৩ ।

मत्स्येनैकेन चैश्वर्य्यं सहस्रं लाभसम्पदम् ।

पद्मं शङ्खं विजानीयाद्वाजनश्चक्रमेव च ॥ १२४ ॥

করতলে একটীমাত্র মৎস্যচিহ্ন থাকিলে, মনুষ্য ঐশ্বর্য্যশালী এবং চক্র, তালবৃন্ত, শঙ্খ বা পদ্মচিহ্ন থাকিলে, সহস্র সহস্র সম্পত্তির অধিকারী হয় । ১২৪ ।

पद्मे कोटिर्भवेच्छत्रे शङ्खे कोटिशतानि च ।

लक्षाधिपश्च व्यजने चक्रे राजा न संशयः ॥ १२५ ॥

করতলে ছত্র বা পদ্মচিহ্ন থাকিলে মনুষ্য কোটীশ্বর, শঙ্খচিহ্নে শতকোটীশ্বর, তালবৃন্তচিহ্নে লক্ষেশ্বর এবং চক্রচিহ্নে রাজা হয় ইহাতে সন্দেহ নাই । ১২৫ ।

अनामिका भवेच्छिन्ना सा भवेत् कलहप्रिया ।

मध्यमा च भवेच्छिन्ना सा नारी कुटिला स्मृता ।

तर्ज्जनी च भवेच्छिन्ना विधवा सा प्रकीर्त्तिता ।

कनिष्ठा च भवेच्छिन्ना सा नारी दुःखभागिनी ॥ १२६ ॥

অনামিকা অঙ্গুলীস্থিত রেখা সকল ছিন্ন হইলে সে স্ত্রী অতিশয় কলহপ্রিয়া, মধ্যমাস্থিত রেখা গুলি ছিন্ন হইলে কুটিলা, তর্জ্জনীর রেখা গুলি ছিন্ন হইলে বিধবা এবং কনিষ্ঠার রেখাগুলি ছিন্ন হইলে দুঃখিনী হয় । ১২৬ ।

समस्ताङ्गुलिकानान्तु कोष्ठरेखा भवेद् यदि ।

तदा स्वर्णाङ्गुरीं दिव्यां चिरं स लभते ध्रुवम् ॥ १२७ ॥

যাহার সমস্ত অঙ্গুলীর প্রকোষ্ঠে রেখা অঙ্কিত থাকে, তাহার নিশ্চয়ই দিব্য কাঞ্চনময় অঙ্গুরীয় লাভ হয় । ১২৭ ।

पञ्चभिः सव्यकरगा नृपाद्यैः पूरिताङ्गुलीः ।

नृपाधिकारमाप्नोति बहुलाभकरः पुमान् ॥ १२८ ॥

যাহার বাম হস্তের প্রত্যেক অঙ্গুলীতে পাঁচটী করিয়া নৃপাঙ্ক চিহ্ন অঙ্কিত থাকে, সে ব্যক্তির রাজ্যাধিকার প্রাপ্তি এবং বহুলাভ হইয়া থাকে । ১২৮ ।

PHYSIOGNOMY.

পদচিহ্ন ও অঙ্গ প্রত্যঙ্গাদি লক্ষণ।

বামপাদ। দক্ষিণপাদ।

चन्द्रार्द्धं कलसं त्रिकोणधनुषी खं गोस्पदं प्रोष्ठिकम्
शङ्खं सव्यपदेऽथ दक्षिणपदे कोणाष्टकं स्वस्तिकम्।
चक्रं छत्रयवाङ्कुशं ध्वजकुलीजम्बूर्द्ध्वरेखाम्बुजम्
बिभ्राणो हरिरूनविंशतिमहालक्ष्मार्च्चिताङ्घ्रिर्भवेत् ॥१॥

বামপদে অর্দ্ধচন্দ্র, কলস ত্রিকোণ, ধনুঃ শূন্য, গোষ্পদ, প্রোষ্ঠীমৎস্য ও শঙ্খ, এই আট-প্রকার চিহ্ন এবং দক্ষিপদে অষ্টকোণ, স্বস্তিক, চক্র, ছত্র, যব, অঙ্কুশ, ধ্বজ, বজ্র, জম্বু, ঊর্দ্ধরেখা, ও পদ্ম এই একাদশ প্রকার চিহ্ন সমুদায়ে ঊণবিংশতি চিহ্ন যাহার পদতলে দৃষ্ট হয় মহালক্ষ্মী তাহার পাদসেবা করেন। ১।

यस्य पादतले पद्मं चक्रं वाप्यथ तोरणम्।
अङ्कुशं कुलिशं वापि स राजा भवति ध्रुवम् ॥ २ ॥

যাঁহার চরণতলে পদ্ম চক্র তড়াগ তোরণ অঙ্কুশ বা বজ্রচিহ্ন থাকিবে, তিনি নিশ্চয়ই রাজা হইবেন। ২।

যস্যাঃ পাদতলে রেখা সা ভবেৎ ক্ষিতিপাঙ্গনা।
ভবেদখণ্ডভোগা চ যা মধ্যাঙ্গুলিসঙ্গতা ॥ ৩ ॥

যে নারীর পদতলে মধ্যঅঙ্গুলী পর্য্যন্ত বিস্তৃত দীর্ঘরেখা থাকে, সে স্ত্রী রাজপত্নী ও অখণ্ডবিভবশালিনী হয়। ৩।

নিগূঢ়গুল্ফৌ চরণৌ পদ্মকান্তিতলৌ শুভৌ।
সস্বেদিনৌ মৃদুতরৌ মৎস্যাঙ্কমকরাঙ্কিতৌ ॥ ৪ ॥

যাহার পদদ্বয়ের গুল্‌ফ উন্নত ও প্রকাশিত, এবং পদতল পদ্মের ন্যায় সুকোমল ও সুন্দর, সর্ব্বদা ঘর্ম্মযুক্ত মৃদু ও মৎস্য ও মকরের চিহ্নে অঙ্কিত, সে ব্যক্তির সর্ব্বদা মঙ্গল হইয়া থাকে। ৪।

বজ্রাজ্জহলচিহ্নঞ্চ দাস্যাঃ পদে সদা স্থিতম্।
রাজপত্নী তু সা জ্ঞেয়া রাজভোগপ্রদায়কম্ ॥ ৫ ॥

যে স্ত্রীর চরণে বজ্র, পদ্ম ও হলের চিহ্ন থাকে, সে স্ত্রী দাসী হইলেও রাজ্ঞীর তুল্য অবস্থা প্রাপ্ত হয় এবং নিত্য রাজভোগে জীবন অতিবাহিত করে। ৫।

স্নিগ্ধোন্নতৌ তাম্রনখৌ নার্য্যাশ্চ চরণৌ শুভৌ।
মৎস্যাঙ্কুশাজচিহ্নৌ চ চক্রলাঙ্গললক্ষিতৌ ॥ ৬ ॥

যে নারীর চরণদ্বয় স্নেহবিশিষ্ট অর্থাৎ চাকচিক্যময়, সুন্দর, উন্নত ও তাম্রবর্ণনখযুক্ত এবং মৎস্য অঙ্কুশ পদ্ম চক্র লাঙ্গল আদি চিহ্নে অঙ্কিত, সে স্ত্রী শুভদায়িকা হয়। ৬।

অসমং মূলদেশে তু বজ্রং যস্য তু দৃশ্যতে।
অবিচ্ছিন্নং পদশ্চৈব কুলশ্রেষ্ঠো ভবেন্নরঃ।
অপরং পর্ব্বরেখায়াং রাজ্যঞ্চ পরিকীর্ত্তিতম্ ॥ ৭ ॥

যে ব্যক্তির পাদমূলে বজ্রচিহ্ন থাকে, এবং ঐ রেখা যদি ছিন্ন না হয়, তাহার শ্রেষ্ঠ-বংশে উৎপত্তি হয়। যদি চরণের পর্ব্বরেখার মধ্যে অন্যরেখা দৃষ্ট হয়, তাহাহইলে রাজ্য-লাভ হয়। ৭।

যস্যাঃ করতলে পাদে চোর্দ্ধরেখা চ দৃশ্যতে।
যদি নীচকুলে জাতা রাজপত্নী ভবেদ্ ধ্রুবম্ ॥ ৮ ॥

যে স্ত্রীর করতলে ও পাদতলে উর্দ্ধরেখা থাকে, সে স্ত্রী অসদ্বংশে উৎপন্না হইলেও নিশ্চয় রাজপত্নী হয়। ৮।

পাণিপাদতলে রেখা তাম্রবর্ণা নখানি চ।
জীববৎসা চিরঞ্জীবিপুত্রপৌত্রসমন্বিতা ॥ ৯ ॥

যে স্ত্রীর করতলে ও পদতলে তাম্রবর্ণরেখা থাকে এবং নখগুলি তাম্রবর্ণ হয়, সে স্ত্রী জীববৎসা এবং দীর্ঘজীবনসম্পন্নপুত্রপৌত্রবতী হইয়া থাকে। ৯।

चक्रस्वस्तिकशङ्खाब्जध्वजमीनातपत्रवत्।

यस्याः पादतले रेखा सा भवेत् क्षितिपाङ्गना॥ १०॥

যে স্ত্রীর পদতলে চক্র, স্বস্তিক, শঙ্খ, পদ্ম, ধ্বজ, মৎস্য ও ছত্র রেখা থাকে, সে স্ত্রী রাজপত্নী হয়। ১০।

भवेदखण्डभोगायोर्द्ध्वा मध्याङ्गुलिसङ्गता।

रेखाखुसर्पकाकाभा दुःखदारिद्र्यसूचकाः॥ ११॥

যে নারীর পদতলে উর্দ্ধরেখা মধ্যাঙ্গুলী পর্য্যন্ত বিস্তৃত থাকে, সে স্ত্রী অখণ্ড সুখভোগ করে। পদতলে মূষিক, সর্প ও কাকরেখা থাকিলে সে স্ত্রী দুঃখিনী ও দরিদ্রা হয়। ১১।

प्रदेशिनी भवेद् यस्या अङ्गुष्ठव्यतिरेकिणी।

कन्यैव कुलटा सा स्यात् एष दावविनिश्चयः॥ १२॥

যে স্ত্রীর পদতলে বৃদ্ধাঙ্গুলী ভিন্ন অন্য অঙ্গুলীতে প্রদেশিনীরেখা মিলিত থাকে, সে স্ত্রী নিশ্চয়ই ব্যভিচারিণী হয়। ১২।

राज्ञ्याः स्निग्धौ समौ पादौ तलौ ताम्रनखौ तु या।

श्लिष्टाङ्गुली चोन्नताग्रौ तां प्राप्य नृपतिर्भवेत्॥ १३॥

निगूढगुल्फोपचितौ पद्मकान्तितलौ शुभौ।

अस्वेदिनौ मृदुतलौ (मत्स्याङ्कुशयवाङ्कितौ) मत्स्याङ्कमकराङ्कितौ।

वज्राब्जहलचिह्नौ च राज्ञ्याः पादौ ततोऽन्यथा॥ १४॥

রাজ্ঞীর পাদলক্ষণ কথিত হইতেছে,—চরণ স্নিগ্ধ ও সমান; নখ তাম্রবর্ণ; অঙ্গুলীগুলি পরস্পর মিলিতপ্রায়; পদের অগ্রভাগ উন্নত; গুল্‌ফদেশ অপ্রকাশ্য ও সুপ্রশস্ত; এবং পাদতল দেখিতে পদ্মের ন্যায় কমনীয়, কোমল ও স্বেদবিহীন হয় ও তাহাতে মৎস্য, মকর, অঙ্কুশ, যব, বজ্র, পদ্ম ও হলচিহ্ন অঙ্কিত থাকে। ১৩। ১৪।

यस्य वृद्धाङ्गुलेर्मूलात् पादे रेखा च दृश्यते।

स राज्यं लभते नूनं भुङ्क्ते विकण्टकां महीम्॥ १५॥

যে ব্যক্তির চরণের বৃদ্ধাঙ্গুলীর মূল অবধি পদতলপর্য্যন্ত বিস্তৃত রেখা দৃষ্ট হয় সে ব্যক্তি রাজা হয় এবং নিষ্কণ্টকে রাজ্যভোগ করে। ১৫।

स्निग्धाः समुन्नता स्ताम्रा वृत्ताः पादनखाः शुभाः।

राज्ञित्वसूचकं स्त्रीणां पादपृष्ठसमुन्नतिः॥ १६॥

যে নারীর চরণের নখ সমুদায় স্নিগ্ধ সমুন্নত তাম্রবর্ণ গোলাকার ও সুদৃশ্য, এবং যাহার পদতলের পৃষ্ঠদেশ উন্নত, সেই রমণী রাজপত্নী হইবে। ১৬।

समपार्ष्णी शुभा नारी पृथुपार्ष्णी सुदुर्भगा।
कुलटोन्नतपार्ष्णी स्याद्दीर्घपार्ष्णिश्च दुःखभाक्॥ १७॥

যে নারীর পার্ষ্ণিদেশ সমান, সেই নারী সুলক্ষণা। যাহার পার্ষ্ণিদেশ বিস্তৃত, সে রমণী দুর্ভগা হইবে। যাহার পার্ষ্ণিদেশ উন্নত, সেই কামিনী কুলটা হইবে। যাহার পার্ষ্ণিভাগ দীর্ঘ, সেই নারী দুঃখভাগিনী হইবে। ১৭।

यस्याः सञ्चार्य्यमाणाया भूमिशब्दः प्रजायते।
सा नारी विधवा ज्ञेया सामुद्रवचनं यथा॥ १८॥

যে নারীর গমন কালে ভূমিতে পদশব্দ হয়, সে স্ত্রী বিধবা হইয়া থাকে। ১৮।

यस्याः संस्पृशते भूमिमङ्गुली न कनिष्ठिका।
भर्त्तारं प्रथमं हन्ति द्वितीयं स्वैव विन्दति॥ १९॥

যে অঙ্গনার চরণের কনিষ্ঠা অঙ্গুলী ভূমিতে সংস্পৃষ্ট না হয়, সে তাঁহার প্রথম ভর্ত্তার বিনাশকারিণী হইয়া দ্বিতীয় ভর্ত্তাকে গ্রহণ করে। ১৯।

यस्यास्त्वनामिकाङ्गुल्यौ पृथिव्यां नोपसर्पतः।
पतिं नाशयते क्षिप्रं सा रण्डा चिरजीविनी॥ २०॥

যে স্ত্রীর অনামিকাঙ্গুলীর পৃথ্বীতে স্পর্শ না হয়, সে স্ত্রী শীঘ্র পতির বিনাশকারিণী হয় এবং রণ্ডা ও দীর্ঘজীবিনী হইয়া থাকে। ২০।

यस्या गमनमात्रेण भूमौ कम्पः प्रजायते।
बह्वाशिनीं प्रलोभाञ्च तां नारीं परिवर्ज्जयेत्॥ २१॥

যে নারীর গমনকালে ভূমি কাঁপিতে থাকে এবং যে নারী লোভযুক্তা ও যে নারী বহু ভোজন করে, তাহাকে গ্রহণ করিবে না। ২১।

चरणानामिका यस्याः क्षितिं न स्पृशते यदि।
द्वितीया वा तृतीया वा सा कन्या सुखवर्ज्जिता॥ २२॥

যে কামিনীর চরণের তর্জ্জনী মধ্যমা অথবা অনামিকা অঙ্গুলি ভূমিস্পর্শ না করে, সেই নারী সুখসৌভাগ্যবর্জ্জিতা হয়। ২২।

कनिष्ठिकानामिका वा यस्या न स्पृशते महीम्।
अङ्गुष्ठं वा गतातीत्य तर्ज्जनी कुलटा हि सा॥ २३॥

গমনকালে যে স্ত্রীর চরণের কনিষ্ঠা কিম্বা অনামিকা অঙ্গুলী মৃত্তিকাস্পৃষ্ট হয় না, অথবা তর্জ্জনী বৃদ্ধাঙ্গুলীর উপর দিয়া যায়, সে স্ত্রী নিশ্চিতই কুলটা হইয়া থাকে। ২৩।

यस्या अनामिकाङ्गुष्ठौ पृथिव्यान्नैव तिष्ठतः।
पतिं मारयते सापि स्वतन्त्रं चैव वर्त्तते॥ २४॥

যে স্ত্রীর পদের অনামিকা ও অঙ্গুষ্ঠ গমনকালে মৃত্তিকাস্পর্শ করে না, তাহার পতির মৃত্যু হয় এবং সে স্বেচ্ছাচারিণী হইয়া থাকে। ২৪।

यस्या गमनमात्रेण भूमिकम्पोहि जायते।
पतिं मारयते चिप्रं स्वेच्छाचारेण वर्त्तते ॥ २५ ॥

যে স্ত্রীর গমনকালে ভূমিকম্প হয়, অর্থাৎ যাহার গমন অতিশয় ভয়ঙ্কর, সে শীঘ্র পতিঘাতিনী এবং স্বেচ্ছাচারিণী হয়। ২৫।

अस्वेदितौ मृदुतलौ प्रशस्तौ चरणौ स्त्रियाः।
शुभे जङ्घे विरोमे च जरू हस्तिकरोपमौ ॥ २६ ॥

যে স্ত্রীর চরণতল সুকোমল ও ঈষৎঘর্ম্মময়, চরণ প্রশস্ত, জঙ্ঘা লোমহীন এবং উরু স্থল হস্তিশুণ্ডাকৃতি স্থূল শীতল বর্ত্তুল ক্রমে সূক্ষ্ম ও লাবণ্যসম্পন্ন, সেই নারীই মঙ্গলভাজন হয়। ২৬।

श्लिष्टाङ्गुलौ ताम्रनखौ पादौ तुङ्गशिराञ्चितौ।
कूर्म्मोन्नतौ गूढ़गुल्फौ सा हि स्त्री नृपतेः स्मृता ॥ २७ ॥

যে স্ত্রীর চরণের অঙ্গুলিসকল পরস্পর সংলগ্নপ্রায়, নখ তাম্রবর্ণ, পদদ্বয় উচ্চশিরাযুক্ত ও কূর্ম্মপৃষ্ঠের ন্যায় সমুন্নত এবং গুল্ফ গূঢ়ভাবাপন্ন হয়, সে রাজস্ত্রী হইয়া থাকে। ২৭।

सूर्पाकारौ विरूपौ च वक्रौ च विरलाङ्गुलौ।
कठोरदर्शनौ पादौ दरिद्राणां प्रकीर्त्तितौ ॥ २८ ॥

যাহার চরণদ্বয় কুলার ন্যায় বৃহৎ, কুরূপ, বক্র ও দেখিতে কঠোর এবং পাদাঙ্গুলিসকল বিরল হয়, সে দরিদ্র হইয়া থাকে। ২৮।

राजहंसगतिर्व्वापि मत्तमातङ्गगामिनी।
सिंहशार्द्दूलमध्या च सा भवेत् सुखभागिनी ॥ २९ ॥

যে কামিনীর রাজহংস বা মত্তগজের ন্যায় গতি ও সিংহ বা ব্যাঘ্রের ন্যায় কটি হয়, সে স্ত্রী সুখসৌভাগ্যশালিনী হইয়া থাকে। ২৯।

यस्याः स्निग्धौ समौ पादौ धरण्यां सा प्रतिष्ठति।
पादलक्षणसंपूर्णा सा कन्या लभते सुखम् ॥ ३० ॥

চরণ স্নিগ্ধ ও সমানাকার হইলে সেই স্ত্রী পৃথিবীতলে সৎখ্যাতিশালিনী হয়। যে স্ত্রীর পদতলে সমস্ত লক্ষণ পরিপূর্ণ থাকে, সে স্ত্রী সুখভাগিনী হয়। ৩০।

स्त्रीणां पादतलं स्निग्धं मांसलं मृदुलं समम्।
अस्वेदमुष्णमरुणं बहुभोगोचितं स्मृतम् ॥ ३१ ॥

যে স্ত্রীর পদতল স্নিগ্ধ, মাংসল, কোমল, সমান, স্বেদহীন, উত্তপ্ত ও আরক্ত হয়, সে স্ত্রী ভাগ্যবতী ও বিপুলবিভবের অধিকারিণী হয়। ৩১।

रूक्षं विवर्णं परुषं खण्डितं प्रतिविम्बकम् ।

सूर्पाकारं विशुष्कञ्च दुःखदौर्भाग्यसूचकम् ॥ ३२ ॥

যে স্ত্রীর চরণতল কর্কশ, বিবর্ণ, কঠোর, খণ্ডিত, কুলার ন্যায় বিশালাকৃতি এবং শুষ্ক, সে স্ত্রী দুঃখিনী ও হতভাগিনী হয়। ৩২।

उन्नतोमांसलोऽङ्गुष्ठो वर्त्तुलोऽतुलभोगदः ।

वक्रोह्रस्वश्च चिपिटः सुखसौभाग्यभञ्जकः ॥ ३३ ॥

যাহার পদের অঙ্গুষ্ঠ বর্তুলাকার ও মাংসল হইবে, এবং উহার অগ্রভাগ উন্নত হইবে, সেই রমণী অতুল সুখসৌভাগ্য সম্ভোগ করিবে। যাহার পদের অঙ্গুষ্ঠ বক্র হ্রস্ব ও চিপিট অর্থাৎ চ্যাপ্টা হইবে, সে স্ত্রীর ভাগ্যে সুখসম্পত্তি ভোগ নাই। ৩৩।

विधवा विपुलेन स्याद्दीर्घाङ्गुष्ठेन दुर्भगा ।

मृद्वोऽङ्गुलयः शस्ता घनावृत्ताः समुन्नताः ॥ ३४ ॥

যে স্ত্রীর চরণের বৃদ্ধাঙ্গুলী বিস্তৃত ও দীর্ঘ হয়, সে স্ত্রী বিধবা ও হতভাগ্যা হইয়া থাকে। পদাঙ্গুলী, মৃদু, ঘন, বৃত্তাকার ও উন্নত হইলে, স্ত্রীলোকের শুভজনক হয়। ৩৪।

दीर्घाङ्गुलीभिः कुलटा कृशाभिरतिनिर्धना ।

ह्रस्वायुष्या च ह्रस्वाभिर्भुग्नाभिर्भुग्नवर्त्तिनी ॥ ३५ ॥

যাহার চরণের অঙ্গুলি দীর্ঘ, সেই রমণী কুলটা হইবে। যাহার পদের অঙ্গুলি কৃশ, সেই নারী অত্যন্ত নির্দ্ধনা হইবে। যাহার পদের অঙ্গুলি খর্ব্ব হইবে, তাহার পরমায়ু অতি অল্প হইবে। যাহার পদের অঙ্গুলি বক্র, সেই রমণী ভগ্ন অবস্থায় থাকিবে। ৩৫।

चिपिटाभिर्भवेद्दासी विरलाभिर्दरिद्रिणी ।

परस्परं समारूढ़ा पादाङ्गुल्यो भवन्ति हि ।

हत्वा बहूनपि पतीन् परप्रेष्या तदा भवेत् ॥ ३६ ॥

যাহার পদের অঙ্গুলি চ্যাপ্টা হইবে, সেই নারী পরপ্রেষ্যা অর্থাৎ দাসী হইবে। যাহার চরণের অঙ্গুলি বিরলা, সেই রমণী দুঃখিনী হইবে। যে কামিনী অঙ্গুলি সকল গায় গায় সংলগ্ন হইয়া উঠিয়াছে, সে বহুপতি বিনাশ করিয়াও পরপ্রেষ্যা অর্থাৎ কিঙ্করী হইবে। ৩৬।

यस्याः पथि समायान्त्या रजो भूमेः समुच्छलेत् ।

सा पांशुला प्रजायेत कुलत्रयविनाशिनी ॥ ३७ ॥

যে স্ত্রীর পথে গমন করিতে করিতে পৃথিবী হইতে ধূলী উৎক্ষিপ্ত হয়, সে স্ত্রী কলঙ্কিনী এবং পিতৃ, মাতৃ ও পতি এই তিন কুলের বিনাশকারিণী হয়। ৩৭।

यस्याः कनिष्ठिका भूमिं न गच्छन्त्याः परिस्पृशेत् ।

सा निहत्य पतिं योषा द्वितीयं कुरुते पतिम् ॥ ३८ ॥

যে স্ত্রীর পদের কনিষ্ঠাঙ্গুলী গমন কালে ভূমিতে স্পৃষ্ট না হয়, সে স্ত্রী এক পতিকে বিনাশ করিয়া অন্য পতি গ্রহণ করে। ৩৮।

अनामिका च मध्या च यस्या भूमिं न संस्पृशेत्।
पतिद्वयं निहन्त्याद्या द्वितीया च पतित्रयम्॥ ३९॥

যে স্ত্রীর চরণের অনামিকা এবং মধ্যমাঙ্গুলী ভূমি স্পর্শ না করে, সেই স্ত্রী উপর্য্যুপরি পতিদ্বয় বিনাশ করিয়া তৃতীয় পতি গ্রহণ করে। ৩৯।

स्निग्धाः समुन्नतास्ताम्रावृत्ताः पादनखाः शुभाः।
राज्ञित्वसूचकं स्त्रीणां पादपृष्ठं समुन्नतम्।
अस्वेदमशिराढ्यञ्च मसृणं मृदु मांसलम्॥ ४०॥

স্ত্রীলোকের পদনখ স্নিগ্ধ, উন্নত, তাম্রবর্ণ ও গোলাকার হইলে মঙ্গলদায়ক হয়। যে স্ত্রীর পদপৃষ্ঠ উন্নত, স্বেদহীন, শিরাশূন্য, মসৃণ, মৃদু ও মাংসল হয়, সে স্ত্রী রাজ্ঞী হইয়া থাকে।৪০।

दरिद्रा मध्यनम्रेण शिरालेन सदाध्वगा।
रोमाढ्येन भवेद्दासी निर्म्मांसेन च दुर्भगा॥ ४१॥

স্ত্রীলোকের পদের মধ্যভাগ নত হইলে দরিদ্রা, এবং পদ শিরাসংযুক্ত হইলে সর্ব্বদা পর্য্যটনকারিণী, লোমশ হইলে দাসী ও মাংসশূন্য হইলে, হতভাগিনী হয়। ৪১।

गूढ़ौ गुल्फौ शिवायोक्तावशिरालौ सुवर्त्तुलौ।
स्थपुटौ शिथिलौ दृश्यौ स्यातां दौर्भाग्यसूचकौ॥ ४२॥

স্ত্রীলোকের গুল্ফদ্বয় অপ্রকাশ্য, শিরাহীন ও সুগোল হইলে, শুভকর এবং বিষম, উন্নত ও দেখিতে শ্লথ হইলে অশুভদায়ক হয়। ৪২।

समपार्ष्णिः शुभा नारी पृथुपार्ष्णिश्च दुर्भगा।
कुलटोन्नतपार्ष्णिः स्याद्दीर्घपार्ष्णिश्च दुःखभाक्॥ ४३॥

গুল্ফদেশ সমান হইলে নারী মঙ্গলদায়িকা, বৃহৎ হইলে ভাগ্যহীনা, উন্নত হইলে বেশ্যা এবং দীর্ঘ হইলে দুঃখভাগিনী হয়। ৪৩।

यस्या अनामिकाङ्गुष्ठौ पृथिव्यां नैव तिष्ठतः।
पतिं मारयते क्षिप्रं स्वातन्त्र्येण प्रवर्त्तते॥ ४४॥

যে স্ত্রীর অনামিকা ও বৃদ্ধা অঙ্গুলীর গমন সময়ে ভূমি স্পর্শ হয় না, সেই স্ত্রী শীঘ্র পতি-বিনাশকারিণী এবং স্বাধীনচরিত্রা হয়। ৪৪।

यस्या गमनमात्रेण भूमिकम्पः प्रजायते।
पतिं मारयते क्षिप्रं म्लेच्छाचारेण वर्त्तते॥ ४५॥

যে স্ত্রীর গমনমাত্রেই বোধহয় যেন সে স্থলটি কম্পিত হইতেছে, সে স্ত্রী শীঘ্র পতিকে নষ্ট করে এবং ম্লেচ্ছাচারিণী হয়। ৪৫।

अस्वेदिनौ मृदुतलौ कमलोदरसन्निभौ ।
श्लिष्टाङ्गुली ताम्रनखौ पादावुष्णौ शिराज्झितौ ।
कूर्म्मोन्नतौ गूढ़गुल्फौ सुपार्ष्णी नृपतेः स्मृतौ ॥ ४६ ॥

রাজার চরণের লক্ষণ কথিত হইতেছে,—পাদতল স্বেদশূন্য, কোমল ও পদ্মের উদরের ন্যায় দেখিতে সুন্দর; অঙ্গুলীগুলি মিলিত; নখগুলি তাম্রবর্ণ; চরণ উষ্ণ ও শিরাবিহীন; পাদপৃষ্ঠ কূর্ম্মপৃষ্ঠবৎ উন্নত; এবং গুল্‌ফদেশ রমণীয় ও অপ্রকাশ্য হইবে। ৪৬।

শূর্পাকারৌ বিরুক্ষৌ চ বক্রৌ পাদৌ শিরালকৌ ।
সংশুষ্কৌ পাণ্ডুরনখৌ নিঃস্বস্য বিরলাঙ্গুলী ॥ ৪৭ ॥

দরিদ্র ব্যক্তির চরণ শিরাময়, বক্র, রুক্ষ ও শুষ্ক; পাদপৃষ্ঠ কুলার ন্যায় বৃহৎ; নখগুলি পাণ্ডুবর্ণ এবং অঙ্গুলীগুলি বিরল হইয়া থাকে। ৪৭।

মার্গায়োৎকটকৌ পাদৌ কষায়সদৃশৌ তথা ।
বিচ্ছিন্নৌ চৈব বংশস্য ব্রহ্মঘ্নৌ (পঙ্গু) শঙ্কুসন্নিভৌ ॥ ৪৮ ॥

যাহার চরণ গমনকালে বিষম হইয়া নিক্ষিপ্ত হয়, এবং চরণের বর্ণ দেখিতে লোহিত ও পীতমিশ্রিত, আকার বিচ্ছিন্ন ও খঞ্জের ন্যায় বক্র, বা শঙ্কুর (গোঁজ) ন্যায়, সে ব্যক্তি ব্রহ্মহত্যাকারী হইয়া থাকে। ৪৮।

যস্যা ন স্পৃশতে ভূমিমঙ্গুলিশ্চ কনিষ্ঠিকা ।
ভর্ত্তারং প্রথমং হন্তি মৃতো ভবতি পুত্রকঃ ॥ ৪৯ ॥

যে স্ত্রীর গমনকালে পদের কনিষ্ঠাঙ্গুলী ভূমিস্পর্শ না করে, সে স্ত্রী প্রথমে বিধবা হয় ও পরে তাহার পুত্রের মৃত্যু হয়। ৪৯।

জঙ্ঘা ।

অল্পরোমযুতা শ্রেষ্ঠা জঙ্ঘা হস্তিকরোপমা ।
রোমৈকৈকং কূপকে স্যাদ্ভূপানান্তু মহাত্মনাং ॥ ৫০ ॥

জঙ্ঘা অল্পলোমময়, হস্তিশুণ্ডের ন্যায় স্থূল হইতে ক্রমশঃ নিম্নদিকে সূক্ষ্ম ও সরল হইলে এবং তাহার প্রতি লোমকূপে একএকটি লোম থাকিলে শ্রেষ্ঠ লক্ষণাক্রান্ত ও প্রশস্ত হয়। এইরূপ সুন্দর জঙ্ঘা নৃপতি ও মহাত্মা ব্যক্তিবর্গের হইয়া থাকে। ৫০।

অগম্যাগমনে প্রীতো জঙ্ঘা বিরলরোমিকা ।
মৃদুরোমা সমা (শুভা) জঙ্ঘা তথা করিকরপ্রভা ॥ ৫১ ॥

যাহার জঙ্ঘা অতি অল্পরোমযুক্ত, সে ব্যক্তি অগম্যা স্ত্রী গমনে যার পর নাই প্রীত হইয়া থাকে। জঙ্ঘা কোমললোমবিশিষ্ট, সমানাকার ও হস্তিশুণ্ডোপম হইলে শুভদায়ক হয়। ৫১।

निःस्वस्य मृगालजङ्घा रोमैकैकञ्च कूपके ।
नृपाणां श्रोत्रीयाणाञ्च द्वे श्रीमताञ्च धीमताम् ।
त्र्याद्यैर्निःस्वा मानवाः स्युर्दुःखभाजश्च निन्दिताः ॥ ५२ ॥

দরিদ্র ব্যক্তির জঙ্ঘা শৃগালের জঙ্ঘার ন্যায় কুৎসিত হয় এবং তাহার প্রতিলোমকূপে এক একটি লোম থাকে। ধীমান্, লক্ষ্মীযুক্ত, শ্রোত্রীয় এবং ভূপতির জঙ্ঘাতে প্রতিলোম কূপে দুই দুইটি করিয়া লোম থাকে। নিন্দিত, দুঃখভাগী ও দরিদ্র নরগণের জঙ্ঘাতে প্রতিলোমকূপে তিনতিনটি করিয়া বা তাহার অধিকসংখ্যক রোম থাকে। ৫২।

जङ्घे च रोमरहिते सुवृत्ते (विशिरे) सरले शुभे ॥ ५३ ॥

যে কামিনীর জঙ্ঘা রোমশূন্য, শিরাশূন্য, সরল, সুগোল ও সমান হয়, সে স্ত্রী শুভদায়িকা হইয়া থাকে। ৫৩।

रोमहीने समे स्निग्धे जङ्घे च क्रमवर्त्तुले ।
सा राजपत्नी भवति विशिरे सुमनोहरे ॥ ५४ ॥

রাজপত্নীর জঙ্ঘা অতিরমণীয়, শিরাবিহীন, সুগোল, ক্রমশঃ স্থূল হইতে নিম্নে সূক্ষ্ম, সমান আকার, স্নিগ্ধ এবং লোমশূন্য হইয়া থাকে। ৫৪।

रोमजङ्घे च नारीणां महादुःखप्रदायके ।
एकरोमा राजपत्नी द्विरोमा च सुखावहा ।
त्रिरोमा रोमकूपेषु भवेद्वैधव्यदुःखभाक् ॥ ५५ ॥

জঙ্ঘাতে রোম থাকিলে, নারী মহাদুঃখদায়িনী হইয়া থাকে। স্ত্রীলোকের জঙ্ঘার প্রতি লোমকূপে এক একটি রোম থাকিলে রাজ্ঞী, দুই দুইটি রোম থাকিলে সুখভাগিনী এবং তিন তিনটি রোম থাকিলে বিধবা হয়। ৫৫।

द्वे द्वे रोमे पण्डितानां श्रोत्रीयाणां तथैव च ।
रोमत्रयं दरिद्राणां रोगी निर्म्मांसजानुकः ।
महादारिद्र्यजं दुःखं भुंक्ते रोमचतुर्थके ॥ ५६ ॥

জঙ্ঘার প্রতিলোমকূপে দুই দুইটি করিয়া লোম থাকিলে মানব পণ্ডিত ও শ্রোত্রীয়, তিন তিনটি করিয়া লোম থাকিলে দরিদ্র এবং চারি চারিটি করিয়া রোম থাকিলে মহাদরিদ্র হয়। জানু মাংসশূন্য, অর্থাৎ কৃশ, হইলে, মানুষ রোগী হয়। ৫৬।

जानु ।

उरवो जानवस्तुल्या नृपस्योपचिताः स्मृताः ।
निर्म्मांसजानुः सौभाग्यमल्पं निम्नै रतः स्त्रियाः ।
विकटैश्च दरिद्राः स्युः समांसैराज्यएव च ॥ ५७ ॥

জানু ও উরুস্থল পরস্পর তুল্য ও আয়ত হইলে সেই ব্যক্তি রাজা হইয়া থাকে। জানু মাংসশূন্য অর্থাৎ কৃশ হইলে মানব অতিঅল্পভাগ্যসম্পন্ন, নিম্ন হইলে স্ত্রীরত, বিকট হইলে দরিদ্র এবং মাংসযুক্ত হইলে ধনী হয়। ৫৭।

अनुल्वनं सन्धिदेशं समं जानुद्वयं शुभम्।
वृत्तं पिशितसंलग्नं जानुयुग्मं प्रशस्यते।
निर्मांसं स्वैरचारिण्या दरिद्रायाश्च विश्लथम्॥ ५८॥

স্ত্রীলোকের জানুদ্বয় সমান হইলে ও জানুর সন্ধিস্থল উচ্চ নীচ না হইলে, শুভ-দায়ক হয়। স্ত্রীর জানুযুগল সুগোল ও মাংসলগ্ন অর্থাৎ হাড়ে মাসে জড়িত হইলে সেই স্ত্রী সৌভাগ্যবতী, কৃশ হইলে স্বেচ্ছাচারিণী এবং শিথিল হইলে সেই নারী দৈন্যাবস্থায় পতিতা হইয়া থাকে। ৫৮।

ऊरू।

ऊरू करिकराकारौ अरोमौ च समौ शुभौ।
विशिरैः करभाकारैरूरुभिर्मसृणैर्घनैः।
सुवृत्तै रोमरहितैर्भवेयुर्भूपवल्लभाः॥ ५९॥

স্ত্রীলোকের উরুযুগল হস্তিশুণ্ডের ন্যায় মূল হইতে ক্রমশঃ সূক্ষ্ম ও গুরু, রোমশূন্য এবং সমান হইলে মঙ্গলদায়ক হয়। উরুযুগল শিরাশূন্য, হস্তিশাবকের শুণ্ডের ন্যায় সুদৃশ্য, মসৃণ, ঘন, সুগোল এবং রোমবিহীন হইলে রাজপত্নী হইয়া থাকে। ৫৯।

वैधव्यं रोमशैरूरू दौर्भाग्यं चिपिटैरपि।
मध्यच्छिद्रैर्महादुःखं दारिद्र्यं कठिनत्वचैः॥ ६०॥

স্ত্রীলোকের উরুদ্বয় রোমযুক্ত হইলে বিধবা, চেপ্টা হইলে দুর্ভগা, মধ্যস্থলে ছিদ্রা-কৃতি হইলে মহাদুঃখিনী এবং উরুর চর্ম্ম কঠোর হইলে দরিদ্রা হয়। ৬০।

स्फिक् (পাছা)।

अशीघ्रमैथुन्यल्पायुः स्थूलस्फिक् स्याद्धनोज्झितः।
मांसलस्फिक् सुखी स्याच्च सिंहस्फिक् भूपतिः स्मृतः॥६१॥

নিতম্ব স্থূল হইলে পুরুষ নির্ধন, মাংসল হইলে সুখী এবং সিংহের ন্যায় সুদৃঢ় হইলে রাজা হইয়া থাকে। যে ব্যক্তির মৈথুন শীঘ্র শেষ না হয়, সে অল্পজীবী হইয়া থাকে। ৬১।

समुन्नतोनितम्बश्च चतुरस्रो मृगीदृशाम्।
नितम्बबिम्बो नारीणां उन्नतो मांसलः पृथुः।
महाभोगाय संप्रोक्तः तदन्योऽप्यशर्माय च॥ ६२॥

নারীদিগের নিতম্ব সমুন্নত ও চতুরস্র হইলে তাহা প্রশস্ত বলিয়া জানিবে। যে নারীর নিতম্ব উন্নত মাংসযুক্ত ও বিস্তৃত সেই নারী মহাভোগে কালযাপন করে। ইহার বিপরীতে নারীদিগের অসুখে কালকর্ত্তন হয়। ৬২।

कपित्थफलवद्वृत्तौ मृदुलौ मांसलौ घनौ।
स्फिचौ वलिविनिर्मुक्तौ रतिसौख्यविवर्द्धनौ॥ ६३॥

স্ত্রীলোকের নিতম্বদ্বয় কৎবেলের ন্যায় সুগোল, অতিকোমল, মাংসল, ঘন, সুবিপুল, এবং বলিরেখাশূন্য হইলে মৈথুনকালে অতীব সুখবর্দ্ধক হয়। ৬৩।

लिङ्गम्।

अल्पलिङ्गे च धनवान् सूक्ष्मे पुत्त्रादिवर्ज्जितः।
स्थूललिङ्गो दरिद्रः स्याद्दुःख्यैकवृषणो भवेत्॥ ६४॥

লিঙ্গ ক্ষুদ্র হইলে পুরুষ ধনী, সূক্ষ্ম হইলে সন্তানাদিহীন ও স্থূল হইলে দরিদ্র এবং একবৃষণ, অর্থাৎ কোষের এক অণ্ড বৃহৎ ও অপর এক অণ্ড অতিক্ষুদ্র, হইলে দুঃখী হয়। ৬৪।

महल्लिङ्गे चायुराढ्यो ह्यल्पलिङ्गो धनी नरः।
अपत्यरहितश्चैव स्थूललिङ्गो धनोज्झितः॥ ६५॥

লিঙ্গ বৃহৎ হইলে মানব দীর্ঘায়ুঃ, ক্ষুদ্র হইলে ধনী এবং স্থূল হইলে সন্তানবিহীন ও ধনহীন হইয়া থাকে। ৬৫।

मेढ्रे वामनते चैव सुतार्थरहितो भवेत्।
वक्रेऽन्यथा पुत्त्रवान् स्याद्दारिद्र्यं विनते त्वधः॥ ६६॥
अल्पे तु तनयो लिङ्गे शिरालेऽथ सुखी नरः।
स्थूलग्रन्थियुते लिङ्गे भवेत् पुत्त्रादिसंयुतः।
बलवन्तो युद्धवन्तो लघुशेफः स एव च॥ ६७॥

লিঙ্গ বামদিকে নত হইলে পুরুষ পুত্রহীন ও ধনশূন্য, ক্ষুদ্র বক্র বা দক্ষিণদিকে নত হইলে পুত্রবান্, অধোদিকে নত হইলে দরিদ্র, শিরাবিশিষ্ট হইলে সুখী এবং স্থূল গ্রন্থিময় হইলে পুত্রকন্যাসমন্বিত হয়। যাহার লিঙ্গ অল্প হয়, সে ব্যক্তি বলবান্ ও যোদ্ধা হয়। ৬৬। ৬৭।

दीर्घलिङ्गेन दारिद्र्यं स्थूललिङ्गेन निर्धनः।
(कृष्ण) कृशलिङ्गेन सौभाग्यं ह्रस्वलिङ्गेन भूपतिः॥ ६८॥

লিঙ্গ দীর্ঘ হইলে মনুষ্য দরিদ্র, স্থূল হইলে ধনশূন্য, কৃশ বা কৃষ্ণবর্ণ হইলে ভাগ্যবান্ এবং খর্ব্ব হইলে রাজা হয়। ৬৮।

कार्कश्यैः कठिनैर्लिङ्गैः प्रमाणाभिर्गतैः सदा ।
रमते च सदा दासीं निर्धनो भवति ध्रुवम् ॥ ६९ ॥

যাহার লিঙ্গ কর্কশ, কঠোর এবং স্বাভাবিক পরিমাণ অপেক্ষা অধিকতর লম্বিত হয়, সে ব্যক্তি ধনহীন ও সর্ব্বদা দাসীর রমণে পরিতৃপ্ত হয়। ৬৯।

स्थूललिङ्गेन ह्रस्वेन रक्तवर्णेन भूपतिः ।
बहुस्त्रीरमणो (परस्त्रीनिरतो) नित्यं नारीणां वल्लभो भवेत् ॥ ७० ॥

যাহার লিঙ্গ খর্ব্ব, স্থূল ও রক্তবর্ণ সে ব্যক্তি নৃপতি, কামিনীগণের প্রিয় এবং নিত্য বহুস্ত্রীর রমণকারী কিম্বা পরদাররত হইয়া থাকে। ৭০।

महद्भिरायुराख्यातं स्वल्पलिङ्गै र्धनी नरः ।
अपत्यरहितो लोके स्थूललिङ्गै र्विपर्य्ययम् ॥ ७१ ॥

লিঙ্গ বৃহৎ হইলে মানব আয়ুষ্মান্, ক্ষুদ্র হইলে ধনবান্ এবং স্থূল হইলে সন্তানবিহীন ও নির্দ্ধন হইয়া থাকে। ৭১।

कर्कशे कठिने लिङ्गे परदाररतः सदा ।
रमते च सदा कामी निर्धनो भवति ध्रुवम् ॥ ७२ ॥

লিঙ্গ কর্কশ ও কঠোর হইলে মনুষ্য সর্ব্বদা নিশ্চয়ই ধনশূন্য, কামুক এবং পরস্ত্রীগামী হইয়া থাকে। ৭২।

क्षामलिङ्गेन रक्तेन लभते चोत्तमाङ्गनाम् ।
राज्यं सौख्यञ्च दिव्यस्त्रीं कन्यकायाः पतिर्भवेत् ॥ ७३ ॥

যাহার লিঙ্গ কৃশ ও রক্তবর্ণ হয়, সে ব্যক্তি রাজ্য, সুখ ও অতিসুন্দরী রূপযৌবনবতী কামিনী লাভ করে এবং বালাস্ত্রীর স্বামী হয়। ৭৩।

स्थूललिङ्गेन रक्तेन लभते चोत्तमाङ्गनाम् ।
राज्यसौख्यं चिरं भुंक्ते रमणीरमणो भवेत् ॥ ७४ ॥

লিঙ্গ স্থূল ও রক্তবর্ণ হইলেও পুরুষ পরমসুন্দরী ও শ্রেষ্ঠা ললনা লাভ করে, রাজ্য ও সৌখ্য চিরকাল ভোগ করিয়া থাকে এবং বনিতা-জনের অতীব প্রিয় হয়। ৭৪।

मणिः ।

प्रलम्बवृषणोऽल्पायु र्निर्द्रव्यः कुमणि र्भवेत् ।
पाण्डरैर्मलिनैश्चैव मणिभिः सुखिनो नराः ॥ ७५ ॥

কোষ লম্বমান হইলে মনুষ্য অল্পজীবী এবং লিঙ্গের মণি কুৎসিত হইলে দ্রব্যহীন এবং পাণ্ডুবর্ণ ও মলিন হইলে সুখী হয়। ৭৫।

उर्द्धं ताभ्यां बहु स्यायुरक्तैर्मणिभिरीश्वराः ।
पाण्डरैर्मणिभिर्निःस्वा मलिनैः सुखभागिनः ॥ ७६ ॥

যে ব্যক্তির লিঙ্গমণি অণ্ডদ্বয়ের উপরিভাগে পতিত থাকে, সে ব্যক্তি দীর্ঘায়ুঃ ও যাহার লিঙ্গমণি রক্তবর্ণ সে ব্যক্তি অনেকের প্রভু হইয়া থাকে। লিঙ্গমণি পাণ্ডুবর্ণ হইলে মানব দরিদ্র এবং মলিন হইলে সুখী হয়। ৭৬।

भवेत् कुमणिर्निर्द्रव्यः स्निग्धैर्मणिभिरुन्नतैः ।
समैः स्त्रीरत्नधनिनो मध्ये निम्नैश्च कन्यकाः ॥ ७७ ॥

যে ব্যক্তির লিঙ্গমণি দেখিতে কদাকার সেই ব্যক্তি নির্ধন হইয়া থাকে। লিঙ্গমণি স্নিগ্ধ, উন্নত ও সমান হইলে পুরুষের স্ত্রী, রত্ন ও ধন লাভ হইয়া থাকে এবং লিঙ্গমণির মধ্যভাগ নিম্ন হইলে কন্যা জন্মিয়া থাকে। ৭৭।

कोषः ।

विषमे स्त्रीचञ्चलो वै नृपः स्याद्वृषणे समे ।
प्रलम्बवृषणोऽल्पायुर्निर्द्रव्यः कुमणिर्भवेत् ।
कोषैर्गूढैर्नृपा दीर्घैर्भुग्नैश्च धनवर्ज्जिताः ॥ ७८ ॥

কোষের অণ্ডদ্বয় পরস্পর অসমান হইলে মনুষ্য স্ত্রীলোকের ন্যায় চঞ্চলপ্রকৃতি, পরস্পর সমান হইলে রাজা এবং লম্বমান হইলে অল্পজীবী হয়। লিঙ্গমণি কুদৃশ্য হইলে পুরুষ নিঃস্ব হয়। অণ্ডকোষ অপ্রকাশ্য হইলে মনুষ্য রাজা এবং দীর্ঘ ও বক্র হইলে ধনহীন হয়। ৭৮।

प्रचण्ड एकवृषणो विषमाभ्याञ्चलश्रिकः ।
समाभ्यां क्षितिपः प्रोक्ताः प्रलम्बेण शतायुवान् ॥ ७९ ॥

কোষের অণ্ডদ্বয়মধ্যে এক অণ্ড বৃহৎ হইলে মানব ক্রোধী, অণ্ডদ্বয় পরস্পর অসমান হইলে শ্রীভ্রষ্ট, সমান হইলে রাজা এবং লম্বমান হইলে একশতবর্ষজীবী হয়। ৭৯।

शुक्रः । तस्य वर्णो गन्धश्च ।

शुक्रैर्निःस्वा विशुष्कैश्च दुर्भगाश्च प्रकीर्त्तिताः ।
पुष्पगन्धे नृपाः शुक्रे मधुगन्धे धनं बहु ॥ ८० ॥
पुत्राः शुक्रे मत्स्यगन्धे तनु शुक्रे च कन्यकाः ।
महाभोगी मांसगन्धे यज्वा स्यान्मदगन्धिनि ॥ ८१ ॥

রেতঃ শুষ্কপ্রায় দৃষ্ট হইলে মনুষ্য হতভাগ্য ও দরিদ্র, পুষ্পের ন্যায় সুগন্ধ হইলে রাজা, শুক্রবর্ণ ও মধুর ন্যায় মিষ্টগন্ধ হইলে মহাধনী, শ্বেতবর্ণ ও মৎস্যের ন্যায় আমীষগন্ধ

হইলে পুত্রবান ও মীনগন্ধি ও শ্বেতবর্ণ না হইলে কন্যাবান্, মাংসগন্ধি হইলে সাতিশয় ভোগবান্ এবং মদগন্ধবিশিষ্ট হইলে যাজ্ঞিক হয়। ৮০। ৮১।

पुष्पगन्धयुते शुक्रे भवेद्राजा सुधार्म्मिकः।
मधुगन्धयुते वीर्य्ये धनवान् सुखजन्मरः॥ ८२॥

রেতঃ পুষ্পের ন্যায় গন্ধযুক্ত হইলে মনুষ্য রাজা ও ধার্ম্মিক এবং মধুর ন্যায় গন্ধযুক্ত হইলে ধনবান্ ও সুখী হয়। ৮২।

पुत्राः शुक्रे पुष्पगन्धे अन्यगन्धे च कन्यका।
महाभोगी सुगन्धे च तथा स्यान्मद्गन्धिनि।
चारगन्धे दरिद्रः स्याद्दीर्घायुः शीघ्रमैथुनी॥ ८३॥

বীর্য্য পুষ্পগন্ধ হইলে পুরুষের পুত্র ও তদ্ভিন্ন অন্যগন্ধ হইলে কন্যা হয়। বীর্য্য সুগন্ধ বা মদের ন্যায় গন্ধবিশিষ্ট হইলে মনুষ্য মহাভোগী, ক্ষারগন্ধ হইলে দরিদ্র এবং যাহার মৈথুনক্রিয়া সত্বর সম্পাদিত হয়, সেই মানব দীর্ঘজীবী হইয়া থাকে॥ ৮৩॥

योनिः।

अश्वत्थपत्रसदृशं विपुलं गुह्यमुत्तमम्।
पद्मकोषमिव श्रेष्ठं गुह्यं चाहुर्मुनीश्वराः।
वामावर्त्तं निम्नमल्पं दुःखितानान्तु गुह्यकम्॥ ८४॥

যোনি অশ্বত্থ পত্রের ন্যায় উর্দ্ধে বিস্তৃত, নিম্নে সূক্ষ্ম ও ত্রিকোণ, সুবিশাল এবং কমলোদলের ন্যায় সুন্দরদর্শন হইলে উত্তম ও শ্রেষ্ঠলক্ষণাক্রান্ত হয়। যে স্ত্রীর যোনি অল্পনিম্ন হয় এবং তাহাতে বামাবর্ত্ত চিহ্ন থাকে, সে স্ত্রী নিতান্ত দুঃখিনী হয়॥ ৮৪॥

शुभः कमठपृष्ठाभो गजस्कन्धोपमो भगः।
वामोन्नतश्चेत् कन्याजः पुत्रजो दक्षिणोन्नतः॥ ८५॥

যোনি কূর্ম্মের পৃষ্ঠ ও হস্তির স্কন্ধের ন্যায় মধ্যভাগে সমুন্নত, লোমশূন্য ও সুবিশাল, কোমল, মসৃণ ও সুখস্পর্শ হইলে নারী মঙ্গলদায়িকা হয়। যোনির বামভাগ উন্নত হইলে কন্যা ও দক্ষিণভাগ উন্নত হইলে পুত্র হইয়া থাকে। ৮৫।

आखुरोमा गूढ़मणिः सुश्लिष्टः संहतः पृथुः।
तुङ्गः कमलपर्णाभः शुभोऽश्वत्थदलाकृतिः॥ ८६॥

যোনির উপরিভাগ মূষিকগাত্রবৎ ক্ষুদ্র ক্ষুদ্র অতিঅল্পলোমবিশিষ্ট, মণি অপ্রকাশ্য ও অন্তর্মগ্ন, মধ্যভাগ উন্নত, বর্ণ ও স্পর্শ পদ্মের দলের ন্যায় মনোরম ও সুকোমল, আকৃতি অশ্বত্থপত্রের ন্যায় উর্দ্ধভাগে বিস্তৃত ও নিম্নভাগে ক্রমশঃ সূক্ষ্ম, ত্রিকোণ ও সুবিপুল, মুখ সুসংমিলিত এবং দ্বার সুদৃঢ় হইলে, যোনি অতিশ্রেষ্ঠলক্ষণাক্রান্ত হয়। ৮৬।

कुरङ्गखुररूपो यश्चुल्लिकोदरसन्निभः ।
रोमशो विवृतास्यश्च गर्भनाशोऽतिदुर्भगः ॥ ८७ ॥

যোনি ঘোটকের ক্ষুরের ন্যায় আকৃতিবিশিষ্ট, উনানের অভ্যন্তরভাগের ন্যায় গহ্বর-যুক্ত, অধিকরোমসমন্বিত এবং প্রকাশিতমুখান্বিত হইলে অতিকুলক্ষণাক্রান্ত হয়। যে স্ত্রীর এবম্বিধ যোনি থাকে, তাহার গর্ভ নষ্ট হইয়া যায়। ৮৭।

शङ्खनाभ्याकृति र्योनिरावर्त्तत्रयसंयुता ।
आवर्त्ते तृतीये तस्या गर्भशय्या प्रकीर्त्तिता ॥ ८८ ॥

যোনির অভ্যন্তরভাগ শঙ্খনাভির ন্যায় আকৃতিবিশিষ্ট হয় এবং তাহাতে তিনটি আবর্ত্ত থাকে। তাহার তৃতীয় আবর্ত্তে গর্ভশয্যা থাকে। ৮৮।

शङ्खावर्त्तो भगो यस्याः सा गर्भमिह नेच्छति ।
चिपिटः खर्पराकारः किङ्करीपददो भगः ॥ ८९ ॥

যে স্ত্রীর যোনিতে শঙ্খের আবর্ত্তের ন্যায় চিহ্ন থাকে, সে স্ত্রী রতিযোগে গর্ভ গ্রহণ করে না। যোনি চেপ্টা ও খাপ্‌রার ন্যায় আকারবিশিষ্ট হইলে স্ত্রী দাসী হয়। ৮৯।

वंशवेतसपत्राभो गजरोमोच्चनासिकः ।
विकटः कुटिलाकारो लम्बगल्लस्तथाशुभः ॥ ९० ॥

যোনির আকার বংশ বা বেতস বৃক্ষের পত্রের ন্যায় সরু বক্র ও দেখিতে ভয়ানক, অধঃকুন্তল হস্তির লোমের ন্যায় কুৎসিত, নাসিকা উচ্চ এবং গাল লম্বা হইলে নারী অতি অমঙ্গলময়ী হইয়া থাকে। ৯০।

भगस्य भालं जघनं विस्तीर्णं तुङ्गमांसलम् ।
मृदुलं मृदुरोमाढ्यं दक्षिणावर्त्तमीडितम् ॥ ९१ ॥

স্ত্রীলোকের জঘনস্থল এবং যোনির উপরিভাগ বিস্তৃত, উন্নত, মাংসল, সুকোমল, কোমললোমময় ও দক্ষিণাবর্ত্তরেখান্বিত হইলে, শুভজনক হয়। ৯১।

जघनम् ।

वामावर्त्तश्च निर्म्मांसं भुग्नं वैधव्यसूचकम् ।
सङ्कटं स्वपुटं रूक्षं जघनं दुःखदं सदा ॥ ९२ ॥

স্ত্রীলোকের জঘন বামাবর্ত্তচিহ্নাঙ্কিত, অমাংসল ও বক্র হইলে, সে স্ত্রী বিধবা এবং কর্কশ, সঙ্কীর্ণ ও বিষম ও উন্নত হইলে, চিরদুঃখিনী হইয়া থাকে। ৯২।

मूत्रम् ।

निःशब्दस्य शब्दमूत्राः स्मार्नृपा निःशब्दधारयः ।
समशब्दनिःशब्दमूत्राः स्युर्दरिद्राश्च मानवाः ॥ ९३ ॥

যে ব্যক্তির প্রস্রাব শব্দ করিয়া ভূমিতে পতিত হয় সে ব্যক্তি দরিদ্র, যাহার মূত্রধারা

নিঃশব্দে পতিত হইয়া থাকে সে ব্যক্তি রাজা, যাহার মূত্র ভূমিতে পতনকালে কখন শব্দ হইয়া থাকে, কখন বা শব্দ হয় না সে ব্যক্তি দরিদ্র হইয়া থাকে। ৯৩।

एकद्वित्रिचतुःपञ्चषड्भिर्धाराभिरेव च।

दक्षिणावर्त्तवलितामूत्राभिश्च नृपाः स्मृताः ॥ ९४ ॥

যাহার মূত্র দক্ষিণাবর্ত্ত হইয়া পতিত হয় এবং এক, দুই, তিন, চারি, পাঁচ বা ছয়টী ধারাসংযুক্তও হইয়া পতিত থাকে সেই ব্যক্তি রাজা হয়। ৯৪।

विकीर्णमूत्रानिःस्वाश्च प्रधानसुखदायिकाः।

एकधाराश्च वनिताः स्निग्धैर्मणिभिरुन्नतैः ॥ ९५ ॥

যে ব্যক্তির প্রস্রাব বিস্তীর্ণ হইয়া পড়ে সেই মনুষ্য দরিদ্র হয়। স্ত্রীর মূত্র একধারে নিপতিত হইলে সে স্ত্রী সুখদায়িনী হয়। লিঙ্গমণি স্নিগ্ধ ও উন্নত হইলে সে পুরুষ ধনশালী ও শুভলক্ষণাক্রান্ত হয়। ৯৫।

मैथुनम्

दरिद्रः क्षारगन्धि च दीर्घायुः शीघ्रमैथुनी।

अशीघ्रमैथुन्यल्पायुः स्थूलस्फिक् स्याद्धनोज्झितः ॥ ९६ ॥

রেতঃ ক্ষারগন্ধবিশিষ্ট হইলে মনুষ্য দরিদ্র হয়। অল্প সময়ের মধ্যে মৈথুনক্রিয়া সমাপ্ত হইলে মনুষ্য দীর্ঘজীবী এবং যাহার রতিকার্য্য অধিককালব্যাপী হয়, সে ব্যক্তি অল্পজীবী হইয়া থাকে। নিতম্ব স্থূল হইলে মানব ধনহীন হয়। ৯৬।

नाभिः।

नाभिः प्रशस्ता गम्भीरा दक्षिणावर्त्तिका शुभा ॥ ९७ ॥

নাভি প্রশস্ত, গভীর ও দক্ষিণাবর্ত্তযুক্ত হইলে শুভকর হয়। ৯৭।

मत्स्योदरा बहुधना नाभिभिः सुखिनः स्मृताः।

विस्तीर्णाभिर्व्विपुलाभिर्निम्नाभिः क्लेशभागिनः ॥ ९८ ॥

वलिमध्यगता नाभिः शूलबाधां करोति हि।

वामावर्त्ता च साध्यं वै मेधाश्च दक्षिणस्तथा ॥ ९९ ॥

पार्श्वायता चिरायुः स्यादुपरिष्टाद्धनेश्वरः।

अधो गवाढ्यं कुर्य्याच्च नृपत्वं पद्मकर्णिका ॥ १००॥

নাভির মধ্যভাগ মৎস্যের উদরের ন্যায় আকারবিশিষ্ট হইলে মনুষ্য বিপুল বিভবশালী হয়। নাভি বিস্তৃত হইলে মনুষ্য সুখী, বৃহৎ ও নিম্ন হইলে ক্লেশভোগী, বলিযুগলের মধ্যস্থিত হইলে শূলরোগী, বামাবর্ত্তচিহ্নিত হইলে শক্তিসম্পন্ন, দক্ষিণাবর্ত্তরেখাঙ্কিত হইলে মেধাবী, পার্শ্বদেশে বিস্তৃত হইলে চিরজীবী, ঊর্দ্ধমুখ হইলে

ঐশ্বর্য্যশালী, অধোমুখ হইলে ধেনুসমন্বিত এবং পদ্মের অভ্যন্তরভাগের ন্যায় গভীর ও মনোরম হইলে ভূপতি হইয়া থাকে। ৯৮। ৯৯। ১০০।

त्वक् स्निग्धा विपुला भोगा अल्पायुर्नाभिरुन्नता।
विस्तीर्णा मांसोपचिता गम्भीरा विपुला शुभा ॥ १०१ ॥
नाभिश्च दक्षिणावर्त्ता गभीराब्जतुला शुभा।
नाभिः प्रदक्षिणा वृत्ता मध्यं त्रिवलिशोभितम् ॥ १०२ ॥

নাভির চর্ম্ম স্নিগ্ধ হইলে মনুষ্য মহাভোগী এবং নাভি উন্নত হইলে অল্পজীবী হইয়া থাকে। নাভি বিস্তৃত, মাংসল, বিশাল, গভীর, পদ্মকোষতুল্য, দক্ষিণাবর্ত্ত এবং মধ্যভাগ ত্রিবলিযুক্ত হইলে, শুভদায়ক হয়। ১০১। ১০২।

गम्भीरा दक्षिणावर्त्ता नाभिः स्यात् सुखसम्पदे।
वामावर्त्ता समुत्ताना व्यक्तग्रन्थी न शोभना।
नाभिश्च दक्षिणावर्त्ता सा नारी सुखमेधते ॥ १०३ ॥

নাভি দক্ষিণাবর্ত্ত ও গভীর হইলে, সুখ ও সম্পদ, বর্দ্ধিত হয়। নাভি বামাবর্ত্ত, ঊর্দ্ধমুখ ও প্রকাশিতগ্রন্থিযুক্ত হইলে, অশুভদায়ক হয়। ১০৩।

उदरम्।

भोगाढ्याः समजठरा निःस्वाः स्युर्घटसन्निभाः।
सर्पोदरा दरिद्राः स्यूरेखाभिश्चायुरुच्यते ॥ १०४ ॥

উদর সমানাকৃতি হইলে মনুষ্য ভোগবান্, ঘটের ন্যায় গোল ও দীর্ঘ হইলে নির্ধন, সর্পের ন্যায় লম্বিত হইলে দারিদ্র এবং রেখাঙ্কিত হইলে দীর্ঘজীবী হয়। যাহার উদর স্থালীর ন্যায় বা ঘটের ন্যায় গোলাকার কিম্বা সর্পের উদরের ন্যায় দীর্ঘ ও কৃশ হয় সে ব্যক্তি দরিদ্র হইয়া থাকে। ১০৪।

उदरेण ह्यतुङ्गेन विशिरेण मृदुत्वचा।
योषिद् भवति भोगाढ्या नित्यमिष्टान्नसेविनी ॥ १०५ ॥

যে স্ত্রীর উদর উন্নত ও শিরাময় না হয় এবং উদরের চর্ম্ম কোমল হয়, সে স্ত্রী নিত্য মিষ্টান্ন ভোজন করিতে পারে এবং ভোগযুক্তা হয়। ১০৫।

कुम्भाकारं दरिद्रायाः जठरञ्च मृदङ्गवत्।
कुष्माण्डाभं यवाभञ्च दुष्कुलं जायते स्त्रियाः ॥ १०६ ॥

উদর কুম্ভাকার বা মৃদঙ্গাকৃতি হইলে স্ত্রীলোক দরিদ্রা এবং কুষ্মাণ্ডতুল্য বা যববৎ আকৃতিবিশিষ্ট হইলে অসৎকুলজাতা হয়। ১০৬।

सुविशालोदरी नारी निरपत्या च दुर्भगा ।
प्रलम्बजठरा हन्ति श्वशुरञ्चापि देवरम् ॥ १०७ ॥

যে নারীর উদর অতিবৃহৎ, সেই রমণী অপত্যহীনা ও দুর্ভগা হইয়া থাকে এবং যাহার উদর প্রলম্বিত, সেই কামিনী শ্বশুর ও দেবরঘাতিনী হয়। ১০৭।

वस्तिः ।

वस्तिः प्रशस्ता विपुला मृद्वी स्तोकसमुन्नता ।
रोमशा च शिराला च रेखाङ्का नैव शोभना ॥ १०८ ॥

বস্তিদেশ অর্থাৎ নাভির নিম্নভাগ বিস্তৃত, কোমল ও কিঞ্চিৎ উন্নত হইলে শুভপ্রদ হয় এবং রোমযুক্ত, শিরাবিশিষ্ট ও রেখাঙ্কিত হইলে অশুভজনক বলিয়া জানিবে। ১০৮।

कटिः ।

भवेत् सिंहकटी राजा निःस्वः कपिकटिर्नरः ।
चतुर्भिरङ्गुलैः शस्ता कटिर्व्विंशतिसंयुतैः ॥ १०९ ॥

যে পুরুষের কটী সিংহকটীর ন্যায়, সেই মানব রাজা হয় ও যাহার কটীপ্রদেশ বানরকটীবৎ দৃষ্ট হয় সেই পুরুষ নিশ্চয় নির্ধন হইয়া থাকে। ১০৯।

विनता चिपिटा दीर्घा निर्म्मांसा सङ्कटा कटिः ।
ह्रस्वा रोमयुता नार्य्या दुःखवैधव्यसूचिका ॥ ११० ॥

যে রমণীর কটীপ্রদেশ অবনত, চিপিটাকার, দীর্ঘ ও মাংসবিহীন সেই নারীর সর্ব্বদা মহাবিপদ ঘটিয়া থাকে এবং যাহার কটী অতিখর্ব্বাকৃতি ও রোমযুক্ত, সেই কামিনী বৈধব্য ও দুঃখ ভোগ করে। ১১০।

वलिः ।

एकवलिः शतायुः स्यात् श्रीभोगी द्विवलिः स्मृतः ।
त्रिवलिः क्ष्माप आचार्य्य ऋजुभिर्व्वलिभिः सुखी ।
अगम्यागामी जिह्मवलि र्भूपाः पार्श्वैश्च मांसलैः ॥ १११ ॥

যে মানবের উদরে একটিমাত্র বলি দৃষ্ট হয় সেই মনুষ্য শতবর্ষ জীবিত থাকে। এইরূপ দ্বিবলিবিশিষ্ট পুরুষ শ্রীসম্পন্ন ও ত্রিবলিযুক্ত মানব রাজা অথবা অধ্যাপক হইয়া থাকে। ঐ সকল বলি সরল হইলে সেই ব্যক্তি সুখী হইয়া থাকে। যাহার উদরস্থ বলি বক্র থাকে সেই ব্যক্তি অগম্যাগামী হয় এবং যাহাদিগের পার্শ্বদ্বয় স্থূল হয় সেই সকল মনুষ্য ভূপতি হইয়া থাকে। ১১১।

रोमराजी ।

मध्यक्षामा च सुभगा भोगाढ्या सुवलित्रया ।
ऋज्वी तन्वी च रोमाली यस्याः सा शर्म्मनर्म्मभूः ॥ ११२ ॥

যে নারীর মধ্যপ্রদেশ ক্ষীণ ও উদর ত্রিবলিবিশিষ্ট সেই রমণী ভাগ্যবতী ও ভোগযুক্তা হয় আর যাহার শরীরে অতিসূক্ষ্ম ও সরল রোমরাজী দৃষ্ট হয় সেই স্ত্রী সর্ব্বসুখভাগিনী হইয়া বিবিধ আমোদে কাল যাপন করে। ১১২।

उद्वृत्तकपिला यस्या रोमराजी निरन्तरम्।

अपि राजकुले जाता दासीत्वमुपगच्छति ॥ ११३ ॥

যে রমণীর উদরের উর্দ্ধভাগে গোলাকার ও কপিলবর্ণ রোমরাজী দৃষ্ট হয় সেই নারী রাজকুলে জন্মিলেও তাহাকে দাসীবৃত্তি অবলম্বন করিয়া জীবিকা নির্ব্বাহ করিতে হয়। ১১৩।

मृदुभिः सुषमैर्भूपा दक्षिणावर्त्तरोमभिः।

विपरीतैः परप्रेष्या निर्द्धना: सुखवर्ज्जिताः ॥ ११४ ॥

যাহার উদরে কোমল, সুন্দর ও দক্ষিণাবর্ত্ত রোমশ্রেণী থাকে সেই ব্যক্তি রাজা হয় এবং ইহার বিপরীতে অর্থাৎ উদরস্থ রোম সকল কর্কশ, কুৎসিত ও বামাবর্ত্ত হইলে সেই ব্যক্তি পরের ভৃত্য নির্দ্ধন ও দুঃখী হইয়া থাকে। ১১৪।

कपिला कुटिला स्थूला विच्छिन्ना रोमराजिका।

चौरवैधव्यदौर्भाग्यं विदध्यादिह योषिताम् ॥ ११५ ॥

যে রমণীর কপিলবর্ণ, কুটিল, স্থূল ও বিচ্ছিন্ন রোমরাজী দৃষ্ট হয় সেই স্ত্রী দুঃখিনী হইয়া থাকে। এই চিহ্ন নারীদিগের চৌর্য্য, বৈধব্য ও দুর্ভাগ্য বিধান করে। ১১৫।

कक्ष: ।

समकक्षाश्च भोगाढ्या निम्नकक्षा धनोज्झिताः।

नृपाश्चोन्नतकक्षाः स्युर्जिह्मा विषमकक्षकाः ॥ ११६ ॥

যে স্ত্রীর কক্ষদ্বয় সমান অর্থাৎ গভীর নহে সেই রমণী বিবিধভোগে কাল যাপন করে এবং যাহার কক্ষদ্বয় নিম্ন অর্থাৎ গর্ত্তবৎ সেই কামিনী ধনবিহীনা হয়। যে পুরুষের কক্ষ উন্নত সেই মনুষ্য রাজা ও যাহার কক্ষ বিষম সে মানব কুটিল হয়। ১১৬।

कक्षाश्वत्थदला श्रेष्ठा सुगन्धिन्यूर्द्ध्वरोमिका (मृगरोमिका)।

अन्यथा त्वर्थहीनानां दारिद्र्यस्य च कारणम् (निःस्वस्यखलुरोमशा) ॥११७॥

অশ্বত্থপত্রের ন্যায় আকৃতিবিশিষ্ট, সুগন্ধযুক্ত ও উর্দ্ধরোমান্বিত বা হরিণের লোমবৎ রোমবিশিষ্ট কক্ষ অতিপ্রশস্ত। ইহার বিপরীতে অর্থাৎ নিম্নলোমযুক্ত ও দুর্গন্ধযুক্ত বা লোমময় কক্ষ দরিদ্রের লক্ষণ। ১১৭।

कक्षे सुसूक्ष्मरोमे तु तुङ्गे स्निग्धे च मांसले।

शस्ते न शस्ते गम्भीरे शिराले स्वेदमेदुरे ॥ ११८ ॥

কক্ষদ্বয় সূক্ষ্মরোমান্বিত, উন্নত, স্নিগ্ধ ও মাংসল হইলে তাহা প্রশস্ত এবং গভীর শিরাবিশিষ্ট ও ঘর্ম্মাক্ত হইলে তাহা অপ্রশস্ত। ১১৮।

কুক্ষিঃ।

सूते सुतान् बहून् नारी पृथुकुक्षिः सुखास्पदान्।
क्षितीशं जनयेत् पुत्त्रं मण्डूकाभेन कुक्षिणा ॥ ११९ ॥

যে নারীর উদর বিস্তৃত সেই রমণী সুখাস্পদ বহুপুত্র প্রসব করে এবং যাহার উদর ভেকের ন্যায় সেই স্ত্রীর যে পুত্র জন্মে সেই পুত্র রাজা হয়। ১১৯।

उन्नतेन वलीभाजा सावर्त्तेनापि कुक्षिणा।
बन्ध्या प्रव्रजिता दासी क्रमाद् योषा भवेदिह ॥ १२० ॥

যে নারীর উদর উন্নত সেই রমণী বন্ধ্যা, যাহার উদর বলিযুক্ত সেই নারী প্রব্রজিত ও যে স্ত্রীর উদর আবর্ত্তবৎ সেই নারী দাসী হইয়া থাকে। ১২০।

পার্শ্বঃ। পৃষ্ঠঃ।

धनिनो विपुलैः पार्श्वैर्निःस्वारक्तैश्च (वक्रैश्च) निम्नगैः ॥१२१॥

যাহাদিগের পার্শ্ব বিস্তৃত তাহারা ধনবান্ ও যাহাদিগের পার্শ্ব নিম্ন ও রক্তবর্ণ বা বক্র তাহারা নির্ধন হইয়া থাকে। ১২১।

अरोमशाभग्नपृष्ठं शुभञ्चाशुभमन्यथा।
समैः समांसैर्मृदुभिर्योषिन्मग्नास्थिभिः शुभैः।
पार्श्वैः सौभाग्यसुखयोर्निधानं स्यादसंशयम् ॥ १२२॥

পৃষ্ঠদেশ রোমশূন্য, ও অভগ্ন হইলে তাহা শুভলক্ষণ এবং রোমযুক্ত ও ভগ্ন হইলে অশুভ লক্ষণ বলিয়া জানিবে। যাহার পার্শ্বদ্বয় সমান অর্থাৎ উন্নত ও অবনত নহে, মাংসযুক্ত, কোমল এবং অস্থিগুলি নিমগ্ন থাকে সেই নারী নিশ্চয় সৌভাগ্যবতী হইয়া সুখে কালযাপন করে। ১২২।

यस्या स्युस्सशिरे पार्श्वे उन्नते रोमसंयुते।
निरपत्या च दुःशीला सा भवेत् दुःखसेविनी ॥ १२३ ॥

যে স্ত্রীর পার্শ্বদ্বয় শিরাযুক্ত উন্নত ও রোমান্বিত সেই নারী দুঃশীলা ও দুঃখভাগিনী হয় এবং কখনও তাহার সন্তান জন্মে না। ১২৩।

अन्तर्निमग्नवंशास्थिः पृष्ठः स्यान्मांसला शुभा।
पृष्ठेन रोमयुक्तेन वैधव्यं लभते ध्रुवम्।
भुग्नेन विनतेनापि सशिरेणापि दुःखिता ॥ १२४ ॥

যে নারীর পৃষ্ঠের অস্থি সকল অন্তর্নিমগ্ন ও পৃষ্ঠদেশ মাংসল সেই স্ত্রী শুভপ্রদা হয় এবং যাহার পৃষ্ঠদেশ রোমযুক্ত, সেই নারী নিশ্চয় বৈধব্য লাভ করে। যে স্ত্রীর পৃষ্ঠ ভগ্ন, অবনত ও শিরাবিশিষ্ট সেই কামিনী দুঃখিতা হইয়া থাকে। ১২৪।

वक्षः । हृदयः ।

समोन्नतञ्च हृदयमकम्पं मांसलं पृथु ।
नृपाणामधमानाञ्च खररोम शिरालकम् ॥ १२५ ॥

যাহার হৃদয় সম অর্থাৎ বন্ধুর নহে, উন্নত, মাংসল, বিস্তৃত এবং অকম্প অর্থাৎ সামান্য কারণে কম্পিত হয় না সেই ব্যক্তি রাজা হইয়া থাকে। যাহার হৃদয়ের রোমগুলি কর্কশ ও শিরাসকল সুস্পষ্ট লক্ষিত হয় সেই মনুষ্য দরিদ্র হয়। ১২৫।

अर्थवान् समवक्षाः स्यात् पीनैर्व्वक्षोभिरूर्ज्जितः ।
वक्षोभि र्विषमैर्निस्वाः शस्त्रेण निधनास्तथा ॥ १२६ ॥

যাহার বক্ষঃস্থল সমতল সেই ব্যক্তি অর্থবান্, যাহার বক্ষঃ স্থূল সেই ব্যক্তি বলশালী, যাহার বক্ষঃ বিষম অর্থাৎ বন্ধুর সেই ব্যক্তি নির্ধন হয় আর বিষমবক্ষঃ ব্যক্তির অস্ত্রাঘাতে নিধন হইয়া থাকে। ১২৬।

निर्लोमहृदयं यस्याः समं निम्नत्ववर्ज्जितम् ।
ऐश्वर्य्यञ्चाप्यवैधव्यं प्रियप्रेमा च सा भवेत् ॥ १२७ ॥

যে স্ত্রীর বক্ষঃস্থল রোমশূন্য সমতল ও নিম্নতাশূন্য সেই নারী ঐশ্বর্য্যশালিনী হয়, বৈধব্য যন্ত্রণা পায় না ও পতির প্রেমাস্পদা হইয়া থাকে। ১২৭।

समवक्षा हि भोगाढ्या निम्नवक्षा धनोज्झिता ।
विस्तीर्णहृदया योषा पुंश्चली निर्द्दया तथा ॥ १२८ ॥

যে নারীর বক্ষঃস্থল সমতল সেই কামিনী ভোগবতী হয় এবং যাহার বক্ষঃস্থল নিম্ন সেই নারী ধনহীনা হইয়া থাকে। যে স্ত্রীর বক্ষঃস্থল বিস্তীর্ণ সেই স্ত্রী বেশ্যা ও নির্দ্দয়া হয়। ১২৮।

उद्भिन्नरोमहृदया पतिं हन्ति विनिश्चितम् ।
अष्टादशाङ्गुलततमुरः पीवरमुन्नतम् ।
सुखाय दुःखाय भवेत् रोमशं विषमं पृथु ॥ १२९ ॥

যে স্ত্রীর বক্ষঃস্থলে রোম উৎপন্ন হয় সেই নারী নিশ্চয় পতিঘাতিনী হয়। যাহার বক্ষঃস্থল অষ্টাদশাঙ্গুল বিস্তৃত, স্থূল ও উন্নত সেই নারী সুখিনী ও যাহার বক্ষঃস্থল রোমযুক্ত বিষম অর্থাৎ বন্ধুর ও বিস্তৃত সেই নারী দুঃখিনী হয়। ১২৯।

स्तनम् ।

अरघट्टघटीतुल्यौ कुचौ दौःशील्यसूचकौ ।
पीवरास्यौ सान्तरालौ पृथूपान्तौ न शोभनौ ॥ १३० ॥

যাহার স্তনদ্বয় কূপ হইতে জলোদ্ধরণ যন্ত্রের ন্যায় সেই নারী দুঃশীলা হয় এবং স্তনদ্বয়ের উপরিভাগ স্থূল, বিরল ও উপান্তভাগ বিস্তৃত হইলে তাহা অশুভপ্রদ জানিবে। ১৩০।

स्तनौ सुविपुलौ यस्याः पतितौ जठरोपरि ।
तस्याश्च म्रियते भर्त्ता सामुद्रवचनं यथा ॥ १३१ ॥

সামুদ্রিক বচনে এই পরিজ্ঞাত হওয়া যায় যে, যে স্ত্রীর বিপুল স্তনদ্বয় উদরের উপরি পতিত হয় সেই নারীর স্বামীর মৃত্যু হইয়া থাকে। ১৩১।

अरोमशौ स्तनौ पीनौ घनाववियमौ शुभौ ।
घनौ वृत्तौ दृढौ पीनौ समौ शस्तौ पयोधरौ ।
स्थूलाग्रौ विरलौ सूक्ष्मौ (शुष्कौ) वामोरूणां न् शर्म्मदौ ॥१३२॥

স্ত্রীর স্তনদ্বয় রোমশূন্য, স্থূল, ঘন ও সম হইলে, তাহা শুভচিহ্ন। নারীদিগের স্তনদ্বয় ঘন, বৃত্তাকার, কঠিন, স্থূল ও সমোচ্চ হইলে, তাহা প্রশস্ত বলিয়া জানিবে। স্ত্রীদিগের স্তন বিরল ও সূক্ষ্ম বা শুষ্ক হইলে এবং স্তনের অগ্রভাগ স্থূল হইলে তাহা সুখপ্রদ হয় না। ১৩২।

दक्षिणोन्नतवक्षोजा पुत्रिणी त्वग्रणीर्म्मता ।
वामोन्नतकुचा सूते कन्यां सौभाग्यसुन्दरीम् ॥ १३३ ॥

যে নারীর দক্ষিণ স্তন উন্নত, সেই রমণী পুত্রবতী ও সকলের অগ্রগণ্যা হয় এবং যাহার বাম স্তন উন্নত, সেই স্ত্রী সৌভাগ্যশালিনী কন্যা প্রসব করে। ১৩৩।

मूले स्थूलौ क्रमकृशावग्रे तीक्ष्णौ पयोधरौ ।
सुखदौ बाल्यकाले तु पश्चादत्यन्तदुःखदौ ॥ १३४ ॥

যে স্ত্রীর স্তনদ্বয় মূলে স্থূল ও ক্রমশঃ অগ্রভাগ কৃশ ও সূক্ষ্ম, সেই স্ত্রী বাল্যকালে সুখ ভোগ করিয়া শেষাবস্থায় দুঃখে পতিত হয়। ১৩৪।

चुचकम् ।

सुदृश्यं चूचकयुगं शस्तं श्यामं सुवर्त्तुलम् ।
अन्तर्मग्नञ्च दीर्घञ्च कृशं क्लेशाय जायते ॥ १३५ ॥

স্ত্রীলোকের স্তনদ্বয়ের অগ্রভাগ সুদৃশ্য, শ্যামবর্ণ ও সুবর্ত্তুল হইলে তাহা প্রশস্ত এবং অন্তর্মগ্ন, দীর্ঘ ও কৃশ হইলে তাহা ক্লেশপ্রদ বলিয়া স্থির করিবে। ১৩৫।

अनुन्नतैश्चुचकैश्च भवन्ति सुभगा नराः ।
निर्द्धनाविषमैर्दीर्घैः पीतोपचितकैर्नराः ॥ १३६ ॥

যে পুরুষের স্তনের অগ্রভাগ উন্নত নহে, সেই পুরুষ সৌভাগ্যবান্ হইয়া থাকে এবং যাহার স্তনের অগ্রভাগদ্বয় বিষম, দীর্ঘ, পীতবর্ণ স্থূল ও বিস্তৃত হয়, সেই ব্যক্তি নির্ধন হইয়া থাকে। ১৩৬।

स्कन्धः ।

अवक्रावनतौ स्कन्धावदीर्घावकृशौ शुभौ ।
वक्रौ स्थूलौ च रोमाढ्यौ प्रैष्यवैधव्यसूचकौ ॥ १३७ ॥

নারীর স্কন্ধদ্বয় অবদ্ধ, অবনত, খর্ব্বাকার ও স্থূল হইলে তাহা শুভপ্রদ হয়। যে নারীর স্কন্ধদ্বয় বক্র স্থূল ও বহুরোমযুক্ত, সেই রমণী বিধবা হইয়া দাসীবৃত্তি দ্বারা জীবিকা নির্ব্বাহ করে। ১৩৭

निगूढ़सन्धी स्वस्ताग्रौ शुभावंसौ सुसंहतौ ।

वैधव्यदौ समुन्नाग्रौ निर्म्मांसावतिदुःखदौ ॥ १३८ ॥

নারীদিগের স্কন্ধদ্বয় গূঢ়সন্ধি, স্বস্তাগ্র ও সুগঠিত হইলে, তাহা শুভ লক্ষণ এবং যাহার স্কন্ধদ্বয়ের অগ্রভাগ উচ্চ ও কৃশ সেই নারী বিধবা ও অতিদুঃখভাগিনী হয়। ১৩৮।

कदलीस्कन्धसदृशो गजस्कन्धसमो भवेत् ।

राजानं तं विजानीयात् सामुद्रवचनं यथा ॥ १३९ ॥

পুরুষের স্কন্ধযুগল কদলী স্কন্ধের ন্যায় অথবা গজস্কন্ধসদৃশ হইলে, তাহা সামুদ্রিক বচনানুসারে রাজা হইবার লক্ষণ বলিয়া জানিবে। ১৩৯।

वृषस्कन्धो गजस्कन्धः कदलीस्कन्ध एव च ।

महाभागो महाधन्यः स सर्व्वपार्थिवोपमः ॥ १४० ॥

যে মনুষ্যের স্কন্ধদ্বয় বৃষ বা গজস্কন্ধের ন্যায় অথবা কদলীস্কন্ধ তুল্য, সেই পুরুষ মহাভাগ্যধর, ধন্য ও সর্ব্বরাজতুল্য হইয়া থাকে। ১৪০।

स्कन्धसन्धिः ।

पीवराभ्याञ्च जत्रुभ्यां धनधान्यनिधिर्वधूः ।

श्लथास्थिभ्याञ्च निम्नाभ्यां विषमाभ्यां दरिद्रिणी ॥ १४१ ॥

নারীগণের জত্রু, অর্থাৎ স্কন্ধ সন্ধি স্থূল হইলে সেইসকল রমণী ধনধান্যরত্নাদির অধিকারিণী হয়। ঐ সন্ধিদ্বয় নিম্ন ও বিষম হইলে এবং সেই স্থানের অস্থিগুলি শিথিল হইলে সেই নারী নানা দুঃখভাগিনী হইয়া থাকে। ১৪১।

बाहुः ।

निर्म्मांसौ चैव भुग्नाल्पौ श्लिष्टौ च विपुलौ शुभौ ।

आजानुलम्बितौ बाहू वृत्तौ पीनौ नृपेश्वरे ।

निर्म्मांसौ रोमशौ ह्रस्वौ श्रेष्ठौ करिकरप्रभौ ॥ १४२ ॥

কৃশ, ঈষদ্বক্র, শ্লিষ্ট ও বিপুল বাহুদ্বয় শুভসূচক এবং জানু পর্য্যন্ত লম্বিত, সুবৃত্ত ও স্থূল বাহুদ্বয় রাজচক্রবর্ত্তির চিহ্ন। অমাংসল, রোমযুক্ত, খর্ব্বাকার ও হস্তিশুণ্ডবৎ বাহুদ্বয় শ্রেষ্ঠ। ১৪২।

समांसौ चैव भुग्नाल्पौ श्लिष्टौ च विपुलौ भुजौ ।

आजानुलम्बितौ बाहू पीतौ पीनौ नृपेश्वरः ॥ १४३ ॥

যাহার বাহুযুগল মাংসল, কিঞ্চিৎ বক্র, সুমিলিত, বিশাল, জানুপর্য্যন্ত লম্বিত, পরিচ্ছন্ন ও পীবর, সে ব্যক্তি সম্রাট্ হয়। ১৪৩।

निर्म्मांसौ रोमशौ ह्रस्वौ भुजौ दारिद्र्यदायकौ।
अलोमशौ तु सुखिनौ श्रेष्ठौ करिकरप्रभौ ॥ १४४ ॥

বাহুযুগল অমাংসল, রোমযুক্ত ও ক্ষুদ্র হইলে মনুষ্য দরিদ্র হয়, লোমবিহীন হইলে সুখী এবং হস্তির শুণ্ডের ন্যায় প্রশস্ত হইলে প্রধান হয়। ১৪৪।

स्यातां दोषौ सुनिर्दोषौ गूढ़ास्थिग्रन्थिकोमलौ।
विशिरौ च विरोमाणौ सरलौ हरिणीदृशाम् ॥ १४५ ॥

যে রমণীর বাহুদ্বয় দোষশূন্য সরল এবং যাহার বাহুযুগলের অস্থি নিগূঢ় ও গ্রন্থি কোমল এবং বাহুতে শিরা ও লোম দৃষ্ট হয় না, সে স্ত্রীকে অতিশুভলক্ষণা বলিয়া জানিবে। ১৪৫।

वैधव्यं स्थूलरोमाणौ ह्रस्वौ दौर्भाग्यसूचकौ।
परिक्लेशाय नारीणां परिदृश्यशिरौ भुजौ ॥ १४६ ॥

স্ত্রীদিগের বাহুযুগল স্থূলরোমবিশিষ্ট ও খর্ব্ব হইলে, সেই সকল রমণী বিধবা ও দুর্ভাগিণী হয়। নারীগণের বাহুতে শিরা দৃষ্ট হইলে সেই নারী চিরকাল ক্লেশে কাল যাপন করে। ১৪৬।

करः।

कपितुल्यकरा निःस्वा व्याघ्रतुल्यकरै र्ब्बलम्।
चौर्य्याय कृष्णमांसैश्च दीर्घैर्भर्त्तुश्च मृत्यवे ॥ १४७ ॥

যাহার হস্ত বানরের হস্তের ন্যায়, সেই মনুষ্য নির্ধন, যাহার হস্ত ব্যাঘ্রের তুল্য, সেই ব্যক্তি বলবান্ হয়। যে স্ত্রীর হস্তের মাংস কৃষ্ণবর্ণ হয়, সেই স্ত্রী চৌর্য্যবৃত্ত অবলম্বন করে, যাহার হস্তযুগল দীর্ঘ সেই নারীর স্বামীর মৃত্যু হয়। ১৪৭।

क्रव्यादरूपैर्हस्तैश्च वृककाकादिसन्निभैः।
शिरालैर्विषमैः शुष्कै र्व्वित्तहीना भवन्ति हि ॥ १४८ ॥

রাক্ষস, ব্যাঘ্র ও কাকাদির হস্তের ন্যায় হস্ত হইলে, তাহা অশুভচিহ্ন বলিয়া জানিবে। যে সকল নারীর হস্ত শিরাময়, বিষম ও শুষ্ক, তাহারা দরিদ্রা হইয়া থাকে। ১৪৮।

मणिबन्धः।

मणिबन्धैर्निगूढ़ैश्च सुश्लिष्टैः शुभगन्धिभिः।
नृपा हीनाः करैश्छिन्नैः सशब्दैः धनवर्ज्जिताः ॥ १४९ ॥

যাহার মণিবন্ধ অর্থাৎ হাতের কব্জা নিগূঢ়, সুগঠিত ও সদগন্ধযুক্ত হয়, সেই ব্যক্তি রাজা হইয়া থাকে। যাহার মণিবন্ধ শব্দযুক্ত হয় ও হস্তে ছেদ থাকে, সেই মনুষ্য অধম ও নির্ধন হইয়া থাকে। ১৪৯।

निगूढ़मणिबन्धौ च पद्मगर्भोपमौ करौ ।
न निम्नं नोन्नतं स्त्रीणां भवेत् करतलं शुभम् ।
दुःखिता पापनिरता चोर्द्धनाड़ी च डाकिनी ॥ १५० ॥

মণিবন্ধ অর্থাৎ হাতের কব্জা নিগূঢ়, হস্ত পদ্মের অভ্যন্তর ভাগের ন্যায় সদৃশ এবং করতল সমভাবাপন্ন অর্থাৎ নিম্ন ও উন্নত না হইলে, স্ত্রীলোক অতি ঐশ্বর্য্যশালিনী হয়। যে নারীর মণিবন্ধ উর্দ্ধনাড়ীবিশিষ্ট হয়, সেই স্ত্রী দুঃখিনী পাপকার্য্যাসক্তা ও ডাকিনী অর্থাৎ ডাইনী হইয়া থাকে। ১৫০।

पाणिपृष्ठम् ।

विरोमं विशिरं शस्तं पाणिपृष्ठं समुन्नतम् ।
वैधव्यहेतु रोमाढ्यं निर्म्मांसं स्नायुमत्त्यजेत् ॥ १५१ ॥

নারীদিগের করতলের পৃষ্ঠভাগ রোমশূন্য, শিরারহিত ও সমুন্নত হইলে, তাহা শুভ লক্ষণ এবং যাহার করতলের পৃষ্ঠদেশে রোম দৃষ্ট হইবে, সেই রমণী বিধবা হইবে। যাহার করতলপৃষ্ঠ কৃশ ও শিরাযুক্ত, সেই নারীকে পরিত্যাগ করিবে। ১৫১।

करतलम् ।

पितृवित्तविनाशश्च निम्नात् करतलान्नराः ।
सम्वृतैश्चैव निम्नैश्च धनिनः परिकीर्त्तिताः ।
प्रोत्तानकरदातारो विषमैर्विषमा नराः ॥ १५२ ॥

যাহার করতল নিম্ন, সেই ব্যক্তির পিতৃবিত্ত বিনাশ হয়। যাহার করতল সম্বৃত অথচ নিম্ন, সেই মনুষ্য ধনশালী হইয়া থাকে। যাহার করতল উচ্চ, সেই ব্যক্তি দাতা হয়। করতল বিষম হইলে তাহা অশুভ চিহ্ন। ১৫২।

करैः करतलैश्चैव लाक्षाभैरीश्वरस्तनैः ।
परदाररताः पीतैरूक्षैर्निःस्वा नरा मताः ॥ १५३ ॥

যাহার কর, করতল ও স্তন লাক্ষার ন্যায় বর্ণবিশিষ্ট, সেই ব্যক্তি ধনবান্ হয়। করতল পীতবর্ণ হইলে, পরস্ত্রীরত ও করতল রুক্ষ হইলে সেই মনুষ্য নির্ধন হইয়া থাকে। ১৫৩।

मृदु मध्योन्नतं रक्तं तलं पाण्योररन्ध्रकम् ।
प्रशस्तं शस्तरेखाढ्यमल्परेखं शुभप्रदम् ॥ १५४ ॥

যে নারীর পাণিতল মৃদু, রক্তবর্ণ, ছিদ্ররহিত অল্পরেখা বিভূষিত প্রশস্তরেখাযুক্ত প্রশস্ত ও মধ্যভাগে উন্নত, সেই রমণী সৌভাগ্যশালিনী হইয়া থাকে। ১৫৪।

अङ्गुलिः ।

हस्ताङ्गुलय एव स्युर्वायुद्वारनिभाः शुभाः ।

मेधाविनाश्च सूक्ष्माः सुग्रभृत्यानां चिपिटाः स्मृताः ।
स्थूलाङ्गुलीभिर्निःस्वाः सुग्रनताः सुग्रः सुक्षग्रैस्सदा ॥ १५५ ॥

যাহার হস্তাঙ্গুলির অগ্রভাগ সূক্ষ্ম, সেই ব্যক্তি মেধাবী; যাহার হস্তাঙ্গুলি চিপিটবৎ, সেই ব্যক্তি ভৃত্য; যাহার হস্তাঙ্গুলী স্থূল, সেই ব্যক্তি নির্ধন ও যাহার হস্তাঙ্গুলি কৃশ, সেইব্যক্তি বিনয়ী হয়।১৫৫।

ताम्रैर्भूपा धनाढ्याश्च अङ्गुष्ठैः सयवैस्तथा ।
अङ्गुष्ठमूलजैः पुत्री स्याद्दीर्घाङ्गुलिपर्व्वकः ॥ १५६ ॥

যাহার অঙ্গুষ্ঠমধ্যে বা অঙ্গুষ্ঠমূলে তাম্রবর্ণ যবরেখা দৃষ্ট হয়, সেই ব্যক্তি ধনবান্ বা রাজা হইয়া থাকে। যাহার অঙ্গুলীর পর্ব্বসকল দীর্ঘ, সেই ব্যক্তি পুত্রবান্ হয়। ১৫৬।

दीर्घायुः सुभगश्चैव निर्धनो विरलाङ्गुलिः ।
घनाङ्गुलिश्च सधनस्तिस्रो रेखाश्च यस्य वै ।
नृपतेः करतलगा मणिबन्धात् समुत्थिताः ॥ १५७ ॥

যাহার অঙ্গুলিসকল বিরল হয়, সেই ব্যক্তি দীর্ঘজীবী ও পুত্রপৌত্রাদি সৌভাগ্যশালী, কিন্তু নির্ধন হইয়া থাকে। যাহার অঙ্গুলিসকল ঘন হয়, সেই মানব ধনবান্ হয়। যাহার মণিবন্ধহইতে তিনটী রেখা সমুত্থিত হইয়া করতলে বিস্তৃত থাকে, সেই মনুষ্য রাজা হইয়া থাকে। ১৫৭।

उन्नतो मांसलोऽङ्गुष्ठो वर्त्तुलोऽतुलभोगदः ।
वक्रो ह्रस्वश्च चिपिटः सुखसौभाग्यभञ्जकः ॥ १५८ ॥

যাহার অঙ্গুষ্ঠ উন্নত, স্থূল ও সুগোল, সে নারী অতিভোগবতী হয়। যাহার অঙ্গুষ্ঠ বক্র, হ্রস্ব ও চিপিট, অর্থাৎ চ্যাপ্টা, হইবে, সে নারী সুখসৌভাগ্যবর্জ্জিতা হয়। ১৫৮।

दीर्घाङ्गुलीभिः कुलटा कृशाभिरतिनिर्धना ।
ह्रस्वाभिः स्याच्च ह्रस्वायुर्भग्नाभिर्भग्नवर्त्तिनी ॥ १५९ ॥

যাহার অঙ্গুলি দীর্ঘ সেই রমণী কুলটা হইবে। যাহার অঙ্গুলি কৃশ, সেই নারী অত্যন্ত নির্দ্ধনা হইবে। যাহার অঙ্গুলি খর্ব্ব হইবে, তাহার পরমায়ু অতি অল্প হইবে। যাহার অঙ্গুলি ভগ্নবৎ সেই রমণী ভগ্ন অবস্থায় থাকিবে। ১৫৯।

चिपिटाभिर्भवेद्दासी चिपिटाभिर्दरिद्रिणी ।
परस्परं यदाङ्गुल्यः समारूढ़ा भवन्ति हि ।
हत्वा बहूनपि पतीन् परप्रेष्या तदा भवेत् ॥ १६० ॥

যাহার অঙ্গুলি চিপিটাকার অর্থাৎ চ্যাপ্টা হইবে, সেই নারী পরপ্রেষ্যা অর্থাৎ দাসী ও দরিদ্রা হইবে। যে কামিনীর অঙ্গুলি সকল গায় গায় সংলগ্ন হইয়া উঠিয়াছে, সে বহুপতি বিনাশ করিয়া পরপ্রেষ্যা অর্থাৎ কিঙ্করী হইবে। ১৬০।

अम्भोजमुकुलाकारमङ्गुष्ठाङ्गुलिसम्मुखम् ।
हस्तद्वयं मृगाक्षीणां बहुभोगाय जायते ॥ १६१ ॥

যে নারীর হস্ত দ্বয় সুন্দর ও অঙ্গুষ্ঠের অগ্রভাগ পদ্মমুকুল সদৃশ ক্ষীণাগ্র সেই নারী সুখসৌভাগ্য ভোগ করে। ১৬১।

शुभदः सरलोऽङ्गुष्ठो वृत्तो वृत्तनखो मृदुः ।
अङ्गुल्यश्च सुपर्व्वाणो दीर्घावृत्ताः क्रमात् कृशाः ।
चिपिटाः खपुटा रूक्षाः पृष्ठरोमयुजोऽशुभाः ॥ १६२ ॥

যে নারীর অঙ্গুষ্ঠ সরল, সুগোল, কোমল ও সুগোলনখবিশিষ্ট, সেই কামিনীকে শুভলক্ষণা বলিয়া জানিবে। যে স্ত্রীর অঙ্গুলীগুলি দীর্ঘ, সুগোল ও মূল হইতে অগ্রভাগ-পর্য্যন্ত ক্রমশঃ কৃশ এবং পর্ব্বসকল অতিসুন্দর, সেই নারী সৌভাগ্যবতী হয়। যাহার অঙ্গুলিগুলি চিপিটাকার, বিষম, উন্নত, রূক্ষ ও অঙ্গুলির পৃষ্ঠ রোমাবিশিষ্ট, সেই নারী অশুভভাগিনী হইয়া থাকে। ১৬২।

अतिह्रस्वाः कृशा वक्रा विरला रोगहेतुकाः ।
दुःखायाङ्गुलयः स्त्रीणां बहुपर्व्वसमन्विताः ॥ १६३ ॥

যে স্ত্রীর করাঙ্গুলিসকল অতিখর্ব্ব, কৃশ, বক্র ও বিরল, সেই নারী চিরকাল রোগ ভোগ করে এবং যে নারীর অঙ্গুলিতে তিনের অধিক পর্ব্ব থাকিবে, সে নারী দুঃখভোগ করিয়া থাকে। ১৬৩।

अरुणाः सशिखास्तुङ्गाः करजाः सुदृशां शुभाः ।
निम्ना विवर्णाः शुक्त्याभाः पीता दारिद्र्यदायकाः ॥ १६४ ॥

নারীর অঙ্গুলিগুলি রক্তবর্ণ, শিখাবিশিষ্ট ও উচ্চ হইলে, তাহা শুভচিহ্ন বলিয়া জানিবে এবং অঙ্গুলিসকল নিম্ন, বিবর্ণ, পীতবর্ণ, কিম্বা শুক্তির ন্যায় বর্ণবিশিষ্ট হইলে, সেই নারী নির্ধনা হইয়া থাকে। ১৬৪।

नखम् ।

तुषतुल्यनखैः क्लीवाः कुटिलैः स्फुटितैर्नराः ।
निःस्वाश्च कुनखैस्तद्वद्विवर्णैः परतर्ककाः ॥ १६५ ॥

যাহার নখগুলি তুষের ন্যায় অতিলঘু, সেই ব্যক্তি ক্লীব; যাহার নখ বক্র, স্ফুটিত, ও কুৎসিতাকার সেই ব্যক্তি নির্ধন হয়; আর যে মনুষ্য বিবর্ণনখবিশিষ্ট, সেই মনুষ্য পরতর্ককারী হইয়া থাকে। ১৬৫।

गात्रम् ।

यद् यद् गात्रं महारूक्षं शिरालं मांसवर्ज्जितम् ।
तत्तत् स्यादशुभं सर्व्वं शुभं सर्व्वं ततोऽन्यथा ॥ १६६ ॥

স্ত্রীর অথবা পুরুষের যে যে অঙ্গ রুক্ষ, শিরাবিশিষ্ট ও মাংসবর্জ্জিত হইবে, সেই সেই অঙ্গ দৃষ্টে অশুভ ফল স্থির করিবে। ইহার বিপরীতে শুভ ফল নিশ্চয় করিবে। ১৬৬।

স্নেহম্।

चक्षुःस्नेहेन सौभाग्यं दन्तस्नेहेन भोजनम्।

त्वचः स्नेहेन शय्याश्च पादस्नेहेन वाहनम्।

हस्तस्नेहेन चैश्वर्य्यं सामुद्रवचनं यथा॥ १६७॥

স্নেহদ্বারা চক্ষুর ঔজ্জ্বল্য হইলে সৌভাগ্য, দন্তের চাকচিক্য হইলে আহার, ত্বকের লাবণ্য হইলে দিব্যশ্যামা, পদের শোভা হইলে হস্তি-অশ্ব-আদি বাহন এবং হস্তের সৌন্দর্য্য হইলে, বিভব লাভ হইয়া থাকে। ১৬৭।

কণ্ঠঃ।

मांसलो वर्त्तुलः कण्ठः प्रशस्तश्चतुरङ्गुलः

शस्ता ग्रीवा त्रिरेखाङ्का त्वव्यक्तास्थिः सुसंहता।

निर्म्मांसा चिपिटा दीर्घा स्फुटा न शुभप्रदा॥ १६८॥

নারীদিগের কণ্ঠ মাংসল, সুগোল ও চতুরঙ্গুলপ্রমাণ দীর্ঘ হইলে তাহা শুভচিহ্ন বলিয়া জানিবে। নারীদিগের গ্রীবা সুগঠিত ও তিনটীরে রেখা দ্বারা অঙ্কিত হইলে ও তাহার অস্থিগুলি অব্যক্ত থাকিলে, শুভ চিহ্ন বলিয়া জানিবে এবং কৃশ, চিপিটাকার, দীর্ঘ ও বিষমোন্নত হইলে, তাহা অশুভসূচক বলিয়া নিশ্চয় করিবে। ১৬৮।

কণ্ঠঘণ্টী।

कण्ठेऽस्थूला सुवृत्ता च क्रमतीक्ष्णा सुलोहिता।

अप्रलम्बा शुभा घण्टी स्थूला कृष्णा च दुःखदा॥ १६९॥

যাহার কণ্ঠঘণ্টী অর্থাৎ উপজিহ্বা অস্থূল, সুগোল, ক্রমশঃ সূক্ষ্মাগ্র, লোহিতবর্ণ ও অলম্বিত, সেই নারী শুভদায়িনী হয়। কণ্ঠদেশ অতি স্থূল ও কৃষ্ণবর্ণ হইলে, সেই রমণী দুঃখভাগিনী হইয়া থাকে। ১৬৯।

গ্রীবা।

कठिना रोमशा शस्ता मृदुग्रीवा च कम्बुभा।

ग्रीवया ह्रस्वया निःस्वा दीर्घया च कुलक्षयः।

पृथुलया (पृथुगलाः) प्रचण्डाश्च स्त्रियः स्युर्नात्र संशयः॥१७०॥

নারীর গ্রীবাদেশ কঠিন, লোম যুক্ত, মৃদু (সুখ স্পর্শ) ও শঙ্খের ন্যায় হইলে, তাহা শুভ লক্ষণ বলিয়া জানিবে। যে স্ত্রীর গ্রীবা অতিথর্ব্ব, সে নারী নির্ধনা; ও যাহার গ্রীবা দীর্ঘ সে নারীর নিশ্চয় কুলক্ষয় হইয়া থাকে। যে নারীর গ্রীবা অথবা গলদেশ বিস্তৃত, সে নারী প্রচণ্ডা হয়। ১৭০।

स्थूलग्रीवा च विधवा वक्रग्रीवा च किङ्करी ।
वन्ध्या हि चिपिटग्रीवा ह्रस्वग्रीवा च निःसुता ॥ १७१ ॥

যে নারীর গ্রীবাদেশ স্থূল, সে নারী বিধবা, যাহার গ্রীবা বক্র, সে স্ত্রী দাসী; যাহার গ্রীবা চিপিটাকার, সে রমণী বন্ধ্যা; ও যাহার গ্রীবা খর্ব্ব, সে নারী সন্তানহীনা হয়।১৭১।

कृकाटिका (ঘাড়)।

ऋज्वी कृकाटिका श्रेष्ठा समांसा च समुन्नता ।
शुष्का शिराला रोमाढ्या विशाला कुटिलाऽशुभा ॥ १७२ ॥

স্ত্রীদিগের কৃকাটিকা অর্থাৎ ঘাড় সরল, স্থূল ও উন্নত হইলে, তাহা শুভলক্ষণ এবং শুষ্ক, শিরাবিশিষ্ট রোমযুক্ত, বিস্তৃত ও বক্র হইলে, তাহাকে অশুভ চিহ্ন বলিয়া জানিবে। ১৭২।

मुखम् ।

कृष्णञ्चापरुषं वक्त्रं समं सौम्यञ्च संवृतम् ।
भूपानां समलं स्वल्पं विपरीतञ्च दुःखिनाम् ॥ १७३ ॥

যাহার মুখ শ্যামলবর্ণ ও অকর্কশ, সম, শান্ত ও সংবৃত সেই ব্যক্তি রাজা হয় এবং যাহার বদন মলযুক্ত, সূক্ষ্ম ও পূর্ব্বোক্ত লক্ষণের বিপরীত; সেই মনুষ্য মহাদুঃখী হইয়া থাকে। ১৭৩।

महामुखं दुर्भगाणां स्त्रीमुखं पुत्त्रमाप्नुयात् ।
आढ्यानां वर्त्तुलं वक्त्रं निर्द्रव्याणाञ्च दीर्घकम् ॥ १७४ ॥

যাহা দিগের মুখমণ্ডল অতি ভীষণ তাহারা হতভাগ্য হইয়া থাকে। যাহাদিগের মুখ স্ত্রীমুখাকৃতি, তাহারা পুত্র সম্পন্ন হয়। যাহাদিগের মুখ বর্ত্তুল, তাহারা সম্পত্তিশালী হইয়া থাকে। যাহাদিগের মুখ দীর্ঘ, তাহাদিগের কোনরূপ দ্রব্য সংস্থান হয় না। ১৭৪।

भीरुवक्त्रः पापकर्म्मा धूर्त्तानाञ्चतुरस्रकम् ।
निम्नं वक्त्रमपुत्त्राणां कृपणानाञ्च ह्रस्वकम् ॥ १७५ ॥

যে সকল মনুষ্যের মুখ দেখিলে, তাহাদিগকে ভয়শীল বলিয়া বোধ হয়, তাহারা নিশ্চয় পাপকর্ম্মা হইয়া থাকে। যে মনুষ্যের মুখ চতুরস্র সেই মনুষ্যকে ধূর্ত্ত বলিয়া জানিবে। যাহাদিগের মুখ, নিম্ন তাহারা অপুত্র হয়। যাহাদিগের বদন খর্ব্ব, তাহারা অতিশয় কৃপণ হইয়া থাকে। ১৭৫।

समं समांसं सुस्निग्धं स्वामोदं वर्त्तुलं मुखम् ।
जनित्रवदनच्छायं धन्यानामिह जायते ॥ १७६ ॥

যে নারীর মুখমণ্ডল সমভাবে পূর্ণিত, সুস্নিগ্ধ, সদ্‌গন্ধযুক্ত, সুগোল ও পিতৃবদনের প্রতিবিম্বস্বরূপ, সেই নারী এই সংসারে যশস্বিনী হয়। ১৭৬।

चन्द्रबिम्बोपमीवक्त्र: धर्म्मशील: सदा भवेत्।
मृगमूषिकवक्त्राश्च ते नरा भाग्यवर्ज्जिता: ॥ १७७ ॥

যাহার মুখমণ্ডল চন্দ্রবৎ সুশ্রীসম্পন্ন, সেই ব্যক্তি ধর্ম্মশীল হইয়া থাকে। যাহাদিগের মুখ মৃগাকার কিম্বা মূষিকের ন্যায়, তাহারা ভাগ্যহীন হয়। ১৭৭।

पद्मवक्त्राश्च पुरुषा धनधान्यादिभोगिन: ।
न हास्यवदना ये ते दु:खदारिद्र्यभागिन: ॥ १७८ ॥

যাহাদিগের মুখমণ্ডল পদ্মের ন্যায় প্রফুল্ল তাহারা ধনধান্যাদি বিবিধ সম্পত্তি ভোগ করে। যাহার বদনে কখনও হাস্য প্রকাশ হয় না, সেই ব্যক্তি দুঃখ দারিদ্র্যভাগী হয়। ১৭৮।

शिर: ।

छत्राकारै: शिरोभिस्तु नृप: शिवमयो धनी ।
चिपिटैश्च पितुर्मृत्युर्धनाढ्य: परिमण्डलै: ।
घटमूर्द्धा पापरुचिर्धनाद्यै: परिवर्ज्जित: ॥ १७९ ॥
प्रलम्बमस्तकं यस्या देवरं हन्ति सा ध्रुवम् ।
रोमशेन शिरालेन प्रांशुना रोगिणी मता ॥ १८० ॥
स्थूलमूर्द्धा च विधवा दीर्घशीर्षा च बन्धकी ।
विशालेनापि शिरसा भवेद्दौर्भाग्यभाजनम् ॥ १८१ ॥

যাহাদিগের মস্তক ছত্রাকার, তাহারা রাজা, ধনী ও সর্ব্বমঙ্গলময় হয়। যাহার মস্তক চিপিটাকার, সেই ব্যক্তির পিতার মৃত্যু হইয়া থাকে। যাহার মস্তক সুগোল, সেই ব্যক্তি ধনাঢ্য এবং যাহার মস্তক ঘটাকার, সেই ব্যক্তি পাপাশয় ও নির্ধন হইয়া থাকে মস্তক দীর্ঘাকার হইলে সে রমণী দেবর ঘাতিনী হয়। যে নারীর মস্তকে লোম এবং শিরা দৃষ্ট হয়, সেই নারী রোগযুক্তা হইয়া থাকে। যে রমণীর মস্তক স্থূল, সে বিধবা হয়। যে কামিনীর মস্তক দীর্ঘ সে বন্ধ্যা হইয়া থাকে। যে নারীর মস্তক বিশাল সে দুর্ভাগা হয়। ১৭৯। ১৮০। ১৮১।

छत्राकारं नरेन्द्राणां शिरो दीर्घञ्च दु:खिनाम् ।
अधमानाञ्च पापानां येषां स्थूलपटं पुन: ॥ १८२ ॥

যে মনুষ্যের মস্তক ছত্রাকার সেই ব্যক্তি রাজা ও যাহার মস্তক দীর্ঘ সেই মনুষ্য দুঃখী হইয়া থাকে। যাহাদিগের মস্তক স্থূল ও পটবৎ তাহারা অধম ও পাপিষ্ঠ হয়।১৮২।

स्थूलशीर्षो नरो यस्तु धनवान् परिकीर्त्तित: ।
शूलाकारेण शीर्षेण मानवो मानवाधिप: ॥ १८३ ॥

যে মানবের শিরঃ স্থূল সেই মনুষ্য ধনবান্ হয় এবং যাহার শীর্ষদেশ শূন্যাকার সেই ব্যক্তি অনেক মানবের অধীশ্বর হইয়া থাকে। ১৮৩।

विषमेण तु शीर्षेण नरेन्द्रः पुण्यहेतुकः।

दीर्घशीर्णशिरो यस्तु दुःखितो नात्र संशयः।

गजकुम्भशिरो यस्तु राजा स्यान्नात्र संशयः॥ १८४॥

যাহার শিরঃ বিষম সেই ব্যক্তি পুণ্যবান্ ও মনুষ্যমণ্ডলীতে প্রধানরূপে পরিগণিত হয়। যাহার মস্তক দীর্ঘ অথচ শীর্ণ সেই ব্যক্তি মহাদুঃখে পতিত হয় এবং যাহার মস্তক গজকুম্ভ সদৃশ সেই পুরুষ রাজা হইয়া থাকে। ১৮৪।

शिरालमुन्नतं यस्य प्रशस्तञ्च शिरो यदि।

स राजा पृथिवीं भुंक्ते गजवाजिसमन्वितम्॥ १८५॥

যে পুরুষের মস্তকের উপরিভাগ শিরাযুক্ত ও উন্নত সেই ব্যক্তি হস্তি-ঘোটক-সমন্বিত রাজ্য ভোগ করে। ১৮৫।

केशाः।

केशाश्चैव पूजिताश्च प्रवासे म्रियते नरः॥ १८६॥

যে পুরুষের কেশ গুলি অতি সুশ্রী সেই মনুষ্যের বিদেশে মৃত্যু হইয়া থাকে। ১৮৬।

कृष्णैराकुञ्चितैः केशैः स्निग्धैरेकैकसम्भवैः।

अभिन्नाग्रैश्च मृदुभिर्न चातिबहुभिर्नृपाः॥ १८७॥

যে সকল মনুষ্যের কেশগুলি কৃষ্ণবর্ণ, আকুঞ্চিত, স্নিগ্ধ, এক একটি কেশ পৃথক উৎপন্ন ও অগ্রভাগ অভিন্ন ও কোমল এবং যদি ঐ কেশ অতি বহুল না হয় তাহা হইলে সেই ব্যক্তি রাজা হইয়া থাকে। ১৮৭।

बहुमूलैश्च विषमैः स्थूलाग्रैः कपिलैस्तथा।

निम्नैश्चैवातिकुटिलैर्घनैरसित (अशुभ) मूर्द्धजैः॥ १८८॥

কেশ গুলি বহুমূল, অর্থাৎ দুই তিনটি কেশ একত্র উৎপন্ন, বিষম, স্থূলাগ্র, কপিল বর্ণ, নিম্ন, অতি কুটিল ঘন ও অসিত হইলে তাহা অশুভ চিহ্ন বলিয়া জানিবে। ১৮৮।

केशा अलिकुलच्छायाः स्निग्धाः सूक्ष्माः सुकोमलाः।

किञ्चिदाकुञ्चिताग्राश्च कुटिलाश्चातिशोभनाः॥ १८९॥

যে নারীর কেশপাশ ভ্রমরপুঞ্জের ন্যায় কৃষ্ণবর্ণ, স্নিগ্ধ, সূক্ষ্ম ও সুকোমল এবং ঐ কেশের অগ্রভাগ কিঞ্চিৎ আকুঞ্চিত ও কুটিল সেই নারী সৌভাগ্যশালিনী হইয়া থাকে। ১৮৯।

परुषाः स्फुटिताग्राश्च विरलाश्च शिरोरुहाः।

पिङ्गला लघवो रूक्षा दुःखदारिद्र्यबन्धदाः॥ १९०॥

যাহার কেশ কর্কশ, স্ফুটিতাগ্র, বিরল, পিঙ্গলবর্ণ, মৃদু ও রূক্ষ সেই ব্যক্তি দারিদ্র্য-দুঃখ ভোগকরে ও বন্ধনদশা প্রাপ্ত হয়। ১৯০।

कुटिलैर्मूर्द्धजैरूक्षैः स्थूलैश्च तस्करा नराः ।

दुःखिताः पुरुषा ज्ञेयाः क्षुधया परिपीड़िताः ॥ १८१ ॥

যাহার কেশগুচ্ছ কুটিল, রূক্ষ ও স্থূল সেই সকল মনুষ্য তস্কর, দুঃখিত ও ক্ষুধাতে পরিপীড়িত হইয়া থাকে। ১৯১।

विरला मधुराः केशाः स्निग्धा भ्रमरसन्निभाः ।

मेघवर्णाश्च ये केशा स्ते नराः सुखभागिनः ॥ १८२ ॥

যাহাদিগের কেশ বিরল, সুদৃশ্য, স্নিগ্ধ, ভ্রমরবৎ কৃষ্ণবর্ণ, কিম্বা মেঘবৎ বর্ণবিশিষ্ট তাহারা সর্ব্বদা সুখভোগ করে। ১৯২।

सीमन्तः ।

सीमन्तः सरलः शस्तो मौलिः शस्तः समुन्नतः ।

गजकुम्भनिभो वृत्तः सौभाग्यैश्वर्य्यसूचकः ॥ १८३ ॥

স্ত্রীদিগের সীমন্ত সরল, মস্তক উন্নত হইলে তাহা শুভচিহ্ন বলিয়া জানিবে। নারীর মস্তক গজকুম্ভাকৃতি ও সুগোল হইলে তাহা ভোগ ও ঐশ্বর্য্যপ্রদ হয়। ১৯৩।

चक्षुः ।

वक्रान्तैः पद्मपत्राभैर्लोचनैः सुखभागिनः ।

मार्ज्जारलोचनैः पापा दुरात्मा मधुपिङ्गलैः ॥ १८४ ॥

যাহাদিগের নেত্রের প্রান্তদ্বয় ঈষদ্বক্র ও চক্ষুঃ পদ্মপত্রের ন্যায় বিস্তৃত, তাহারা সুখভোগী হয়। যাহার চক্ষুঃ মার্জার চক্ষুর ন্যায় সেই ব্যক্তি পাপাত্মা ও যাহার চক্ষুঃ পিঙ্গলবর্ণ সে অতি দুঃশীল হইয়া থাকে। ১৯৪।

क्रूराः केकरनेत्राश्च हरिताक्षाः सकल्मषाः ।

जिह्मैश्च लोचनैः शूराः सेनान्यो गजलोचनाः ॥ १८५ ॥

যাহার চক্ষুঃ কেকর (ট্যারা) সেই ব্যক্তি অতিক্রূর, যাহার চক্ষুঃ হরিতবর্ণ সেই ব্যক্তি পাপাত্মা, যাহার চক্ষুঃ বক্র সেই ব্যক্তি বলবান্ ও যাহার নেত্র গজলোচনের ন্যায় সেই ব্যক্তি সেনাপতি হয়। ১৯৫।

गम्भीराक्षा ईश्वराः सुमन्त्रिणः स्थूलचक्षुषः ।

नीलोत्पलाक्षा विद्वांसः सौभाग्यं श्यामचक्षुषाम् ॥ १८६ ॥

যাহাদিগের লোচন গম্ভীর তাহারা অনেকের প্রভু, যাহাদিগের চক্ষুঃ স্থূল তাহারা সুমন্ত্রী, যাহাদিগের লোচন নীলোৎপলের ন্যায় তাহারা বিদ্বান্ ও যাহাদিগের চক্ষুঃ শ্যামবর্ণ তাহারা সৌভাগ্যশালী হইয়া থাকে। ১৯৬।

स्यात् कृष्णतारकाक्षाणां अक्ष्णामुत्पाटनं किल ।

मण्डलाक्षाश्च पापाः स्युर्निःस्वाः स्युर्दीनलोचनाः ॥ १९७ ॥

যে সকল মনুষ্যের চক্ষুর তারকা কৃষ্ণবর্ণ তাহাদিগের চক্ষুঃ উৎপাটিত হয়, যাহার চক্ষুঃ মণ্ডলাকার সেই পুরুষ পাপিষ্ঠ ও যাহার নেত্র দীনভাবাপন্ন সেই ব্যক্তি নির্ধন হইয়া থাকে। ১৯৭।

নীলোৎপলনিভং চক্ষুর্নাসলগ্নং শুভাবহম্ ।

केकरे पिङ्गले नेत्रे श्यामे लोलेक्षणाऽसती ॥ १९८ ॥

স্ত্রীচক্ষুঃ নীলোৎপলের ন্যায় ও নাসিকালগ্ন হইলে তাহা শুভচিহ্ন জানিবে। যে স্ত্রীর লোচনদ্বয় ট্যারা, পিঙ্গলবর্ণ, অথবা শ্যামবর্ণ ও চঞ্চল সেই নারী নিশ্চয় অসতী হইয়া থাকে। ১৯৮।

ललनालोचने यस्ते रक्तान्ते कृष्णतारके ।

गोक्षीरवर्णविशदे सुस्निग्धे कृष्णपक्ष्मणी ॥ १९९ ॥

যদি কোন ললনার লোচনদ্বয়ের প্রান্তভাগ রক্তবর্ণ হয় এবং নয়নতারা কৃষ্ণবর্ণ হয় এবং তাহার চতুর্দ্দিক্ দুগ্ধের ন্যায় শ্বেতবর্ণ ও উত্তম স্নিগ্ধ হয় এবং যদি পক্ষ্মলোমগুলি কৃষ্ণবর্ণ হয়, তাহা হইলে তাহা প্রশস্ত ও শুভলক্ষণ। ১৯৯।

उन्नताक्षी न दीर्घायुः वृत्ताक्षी कुलटा भवेत् ।

मेषाक्षी महिषाक्षी च केकराक्षी न शोभना ॥ २०० ॥

যে নারীর লোচনদ্বয় উন্নত, সে দীর্ঘায়ুঃ হয় না। যে নারীর নয়নযুগল গোল সে কুলটা হয়। যে কামিনীর চক্ষুঃ মেষের চক্ষুর ন্যায়, মহিষের চক্ষুর ন্যায়, অথবা বক্রবৎ হয়, তাহার জীবনে অনেক অশুভ ঘটনা হইয়া থাকে। ২০০।

कामिनीनान्तु नितरां गोपिङ्गाक्षी सुदुर्म्मदा ।

पारावताक्षी दुःशीला रक्ताक्षी भर्त्तृघातिनी ॥ २०१ ॥

রমণীগণের মধ্যে যাহার চক্ষুঃ গাভীর চক্ষুর ন্যায় পিঙ্গলবর্ণ, সে অত্যন্ত গর্ব্বিতা হইয়া থাকে। যাহার চক্ষুঃ পারাবতের ন্যায় সে দুঃশীলা হয়। যাহার চক্ষুঃ রক্তবর্ণ সে পতিঘাতিনী হইয়া থাকে। ২০১।

कोटरनयना दुष्टा गजनेत्रा न शोभना ।

पुंश्चली वामकाणाक्षी वन्ध्या दक्षिणकाणिका ॥ २०२ ॥

যে নারী কোটরনয়না, সে দুষ্টা হয়। কোন রমণীর চক্ষুঃ গজের চক্ষুর ন্যায় হইলে তাহা প্রশস্ত ও সুলক্ষণ নহে। যে নারীর বাম চক্ষুঃ কানা, সে পুংশ্চলী হয়। যে কামিনীর দক্ষিণ চক্ষুঃ কানা সে বন্ধ্যা হইয়া থাকে। ২০২।

मधुपिङ्गाक्षी रमणी धनधान्यसमृद्धिभाक् ।

प्रलम्बमणिकं यस्या देवरं हन्ति सा ध्रुवम् ॥ २०३ ॥

যে রমণীর নয়নযুগল মধুর ন্যায় পিঙ্গলবর্ণ, সে ধনধান্য সমৃদ্ধি ভোগ করে। যে রমণীর নয়নের মণি লম্বমান থাকে, সে নিশ্চয়ই দেবরঘাতিনী হয় অর্থাৎ তাহার দেবর বাঁচে না। ২০৩।

ललनालोचने यस्याः रक्तान्ते कृष्णतारके ॥ २०४ ॥

স্ত্রীদিগের চক্ষুর প্রান্তদ্বয় রক্তবর্ণ ও তারকা কৃষ্ণবর্ণ হইলে, তাহা শুভচিহ্ন জানিবে।২০৪।

रक्ताचाश्च नरा ये तु व्याघ्रसिंहास्तु कोपनाः ।
कुक्कुटाचाः सदा दचाः परोचाः शुभलोचनाः ॥ २०५ ॥

যে সকল পুরুষের চক্ষুঃ রক্তবর্ণ এবং ব্যাঘ্র কিম্বা সিংহচক্ষুর ন্যায় সেই সকল পুরুষ কোপনস্বভাব হয় এবং যাহাদিগের চক্ষুঃ কুক্কুটচক্ষুর ন্যায় তাহারা কার্য্যদক্ষ পরোক্ষদর্শী ও সুলোচন হয়। ২০৫।

मयूरनकुलाचाश्च शरच्चन्द्रोपमाः शुभाः ।
शृगालाचा नरा ये च पिङ्गाचाः क्रूरकर्म्मिणः ।
गवाचाः शुभगा नित्यं केकराचा दुराशयाः ॥ २०६ ॥

যাহাদিগের লোচনযুগল ময়ূর ও বেজির চক্ষুর ন্যায় এবং শরৎকালীন চন্দ্রের ন্যায় প্রফুল্ল তাহারা শুভলক্ষণযুক্ত হয়। যাহাদিগের চক্ষুঃ শৃগালচক্ষুর ন্যায় ও পিঙ্গলবর্ণ তাহারা অতিশয় ক্রূর হইয়া থাকে। যাহাদিগের চক্ষুঃ গোচক্ষুঃ সদৃশ তাহারা সৌভাগ্যশালী এবং যাহাদিগের চক্ষুঃ টেরা তাহারা দুঃশীল হয়। ২০৬।

न स्त्री त्यजति रक्ताचं नार्थः कपिललोचनाम् ।
न सुनेत्रो महैश्वर्य्यं नरोरूपं धनं सुखम् ॥ २०७ ॥

যে পুরুষের চক্ষুঃ রক্তবর্ণ তাহাকে স্ত্রী পরিত্যাগ করে না অর্থাৎ কদাচ তাহার স্ত্রীবিয়োগ হয় না। যে নারীর চক্ষুঃ কপিলবর্ণ কখনও তাহার ধনাভাব ঘটে না, যে পুরুষের নেত্রদ্বয় অতি সুন্দর সেই পুরুষের ঐশ্বর্য্য, রূপ, ধন ও সুখের অভাব হয় না। ২০৭।

पक्ष्म ।

पक्ष्मभिः सुघनैः स्निग्धैः कृष्णैः सूक्ष्मैः सुभाग्यभाक् ।
कपिलैर्विरलैः स्थूलैर्निन्द्या भवति भामिनी ॥ २०८ ॥

চক্ষুর পক্ষ্ম ঘন, স্নিগ্ধ, কৃষ্ণবর্ণ ও সূক্ষ্ম হইলে শুভচিহ্ন বলিয়া স্থির করিবে। নারীর চক্ষুর পক্ষ্ম কপিলবর্ণ, বিরল ও স্থূল হইলে তাহা অমঙ্গলকর বলিয়া জানিবে। ২০৮।

भ्रू ।

विशालोन्नताः सुखिनो दरिद्रा विषमभ्रुवः ।
धनी दीर्घासंसक्तभ्रूर्बालेन्दून्नतसुभ्रुवः ॥ २०९ ॥

आढ्या निःस्वस्य खण्डभ्रूर्मध्ये च विनतभ्रुवः ।
स्त्रीष्वगम्यास्वासक्ताः सुताः सुतार्थे परिवर्ज्जिताः ॥ २१० ॥

যাহাদিগের জ্রূযুগল বিশাল ও উন্নত তাহারা সুখী ও যাহাদিগের জ্রূদ্বয় বিষম তাহারা দরিদ্র হয়। যাহার জ্রূযুগল দীর্ঘ, অসংলগ্ন ও বালচন্দ্রের ন্যায় সুদৃশ্য ও উন্নত সেই ব্যক্তি ধনবান্ হইয়া থাকে। যাহার জ্র মধ্যভাগে ছিন্ন থাকে সেই ব্যক্তি নির্দ্ধন হইয়া থাকে এবং যাহার জ্রূযুগল অবনত সেই ব্যক্তি প্রথমে অগম্যা স্ত্রীতে আসক্ত থাকে পরে পুত্রের ভয়ে ঐ কার্য্য পরিত্যাগ করে। ২০৯। ২১০।

भ्रुवौ सुवर्त्तुले तन्व्याः स्निग्धे कृष्णे असंहते ।
प्रशस्ते मृदुरोमाणौ सुभ्रुवः कार्म्मुकाकृती ॥ २११ ॥

যাহার জ্রূযুগল সুগোল, স্নিগ্ধ, কৃষ্ণবর্ণ, পরস্পর অসংলগ্ন, কোমল রোমবিশিষ্ট ও ধনুকের ন্যায় বক্র সেই কামিনীকে সুলক্ষণা স্ত্রীর মধ্যে পরিগণিত করিতে হইবে। ২১১।

खररोमा च पृथुला विकीर्णा सरला स्त्रियाः ।
न भ्रूः प्रशस्ता मिलिता दीर्घरोमा च पिङ्गला ॥ २१२ ॥

যে কামিনীর জ্রূদ্বয় কর্কশ রোমবিশিষ্ট, বিস্তৃত, বিকীর্ণ, রেখার ন্যায় সরল, পরস্পর মিলিত পিঙ্গলবর্ণ ও দীর্ঘরোমযুক্ত সেই নারীকে কুলক্ষণা বলিয়া স্থির করিবে। ২১২।

विशेषः पुनरेवास्य भ्रुवोर्मध्ये च वीक्षते ।
न नारीं रोचते त्वन्यां राजा चापि वशो भवेत् ॥ २१३ ॥

যে পুরুষের জ্রূদ্বয়ের মধ্যে কোনরূপ বিশেষ চিহ্ন দৃষ্ট হয় তাহার অন্য নারীতে রুচি হয় না এবং রাজাও বশীভূত হইয়া থাকে। ২১৩।

अश्रु ॥

अनश्रुस्निग्धरुदितं अदीनमशुभं नृणाम् ।
प्रचुरस्वेदिनं रूक्षं रुदितञ्च सुखावहम् ॥ २१४ ॥

যাহাদিগের ক্রন্দনকালে অশ্রুপাত হয় না অথচ ক্রন্দন শ্রবণে শোক প্রাকাশ হয় না সেই ব্যক্তি ভাগ্যহীন এবং যাহার রোদনকালে অধিক অশ্রুপাত হয় ও রোদন শুনিলে শোকের আবির্ভাব হয় সেই ব্যক্তি ভাগ্যবান্ হইয়া থাকে। ২১৪।

कर्णः ।

निर्म्मांसैश्चिपिटैर्भोगाः कृपणा ह्रस्वकर्णकाः ।
शङ्कुकर्णाश्च राजानो रोमकर्णा गतायुषः ॥ २१५ ॥

যে সকল মনুষ্যের কর্ণ, চিপিটাকার ও অধিক মাংসযুক্ত নহে তাহারা ভোগবান্ হইয়া থাকে। যাহাদিগের কর্ণ অতি ছোট তাহারা অতিশয় কৃপণ হয়। যাহাদিগের কর্ণ শঙ্কুর ন্যায় তাহারা রাজা হইয়া থাকে এবং যাহার কর্ণে অধিক রোম দৃষ্ট হয় সে ব্যক্তি অল্পায়ুঃ হয়। ২১৫।

बृहत्कर्णाश्च धनिनो राजानः परिकीर्त्तिताः ।
कर्णैः स्निग्धैरनष्टैश्च व्यालम्बैर्म्मांसलैर्नृपाः ॥ २१६ ॥

যে সকল মনুষ্যের কর্ণ বৃহৎ তাহারা ধনশালী অথবা রাজা হয়, কর্ণদ্বয় স্নিগ্ধ, বিস্তৃত মাংসল ও লম্বমান হইলে তাহা রাজচিহ্ন বলিয়া স্থির করিবে। ২১৬।

अमांसलं कर्णयुग्मं समं मृदु समाहितम् ।
लम्बौ कर्णौ शुभावर्त्तौ सुखदौ च शुभप्रदौ ।
शष्कुलीरहितौ निन्द्यौ शिरालौ कुटिलौ कृशौ ॥ २१७ ॥

যে স্ত্রীর কর্ণযুগল অতি স্থূল নহে অথচ সমানাকার কোমল ও সুগঠিত সেই নারীকে সুলক্ষণা বলিয়া জানিবে। কর্ণযুগল লম্বিত ও আবর্ত্তযুক্ত হইলে তাহা শুভপ্রদ ও স্বামীর মঙ্গল জনক হয়। যে নারীর কর্ণকুহর দৃষ্ট হয় না, কর্ণ সুস্পষ্ট শিরাযুক্ত, কুটিল ও কৃশ সেই নারী মন্দ ভাগিনী হইয়া থাকে। ২১৭।

ह्रस्वकर्णा महाधन्या दीर्घकर्णाश्च मध्यमा ।
रोमकर्णा मनुष्यास्ते सर्व्वदा सुखभागिनः ॥ २१८ ॥

যাহাদিগের কর্ণ হ্রস্ব তাহারা যশস্বী, যাহাদিগের কর্ণ দীর্ঘ তাহারা বিখ্যাত এবং যাহাদিগের কর্ণ লোমযুক্ত তাহারা সর্ব্বদা সুখভোগ করে। ২১৮।

मेधावी मूषिकाकर्णो गजकर्णः सुपण्डितः ।
व्योमकर्णश्च दीर्घायुर्मृदुकर्णश्च निर्धनः ॥ २१९ ॥

যাহার কর্ণ মূষিক কর্ণের ন্যায় সেই ব্যক্তি মেধাবী, যাহার কর্ণ হস্তি কর্ণবৎ সেই মনুষ্য সুপণ্ডিত, যাহার কর্ণ বৃহৎ সেই মানব দীর্ঘায়ুঃ ও যাহার কর্ণ মৃদু সেই ব্যক্তি নির্দ্ধন হইয়া থাকে। ২১৯।

मानवो दीर्घकर्णस्तु बृहत्कर्णो महाधनी ।
पापी कुटिलकर्णस्तु सिंह (शृङ्ग) कर्णोऽतिनिर्द्धनः ॥ २२० ॥

যে মনুষ্যের কর্ণ দীর্ঘ ও বৃহৎ সেই ব্যক্তি মহাধনী হয়। যাহার কর্ণ বক্র সেই মনুষ্য পাপিষ্ঠ ও যাহার কর্ণ সিংহ কর্ণের ন্যায় বা শৃঙ্গের ন্যায় সেই ব্যক্তি নির্ধন হইয়া থাকে। ২২০।

नासा ।

नासा समा समपुटा स्तोणाग्रा रुचिरा शुभा ।
शुकनासः सुखी स्याच्च शुष्कनासोऽतिजीवनः ॥ २२१ ॥

যে স্ত্রীর নাসিকা সমান অর্থাৎ নিম্নোন্নত নহে ও নাসারন্ধ্রদ্বয় সমান এবং লাবণ্য পূর্ণ সেই নারী ভাগ্যবতী হয়। যে পুরুষের নাসিকা শুক নাসার ন্যায় সেই ব্যক্তি অতি সুখী এবং যাহার নাসিকা শুষ্ক সেই ব্যক্তি অল্পায়ুঃ হইয়া থাকে। ২২১।

ছিন্নাগ্রঃ কূপনাসঃ স্যাদগম্যাগমনে রতঃ।
দীর্ঘনাসে চ সৌভাগ্যং চৌর্য্যাকুঞ্চিতেন্দ্রিয়ঃ ॥ ২২২ ॥

যাহার নাসিকার অগ্রভাগ ছিন্ন ও নাসারন্ধ্রদ্বয় কূপের ন্যায় গভীর বোধ হয় সেই ব্যক্তি অগম্যা স্ত্রীগমনে রত থাকে। যাহার নাসিকা দীর্ঘ সেই পুরুষ ভাগ্যবান্ ও যাহার নাসিকা বক্র সেই ব্যক্তি চৌর কার্য্যে রত হয়। ২২২।

স্ত্রীমৃত্যুশ্চিপিটনাসে সুনাসো ভোগবান্ ভবেৎ।
নাসা সমা সমপুটা স্ত্রীণান্তু রুচিরা শুভা ॥ ২২৩ ॥

পুরুষের নাসা চিপিটাকার হইলে স্ত্রীবিয়োগ হইয়া থাকে ও সুন্দরাকার হইলে ভোগী হয়। যাহাদিগের নাসিকা যুগল সমপুট ও সমদৃশ্য সেই সকল স্ত্রী সুলক্ষণা বলিয়া পরিগণিত হয়। ২২৩।

সমবৃত্তপুটা নাসা লঘুচ্ছিদ্রা শুভাবহা।
স্থূলাগ্রা মধ্যনম্রা চ ন প্রশস্তা সমুন্নতা ॥ ২২৪ ॥

নাসাযুগল সমানাকার সুগোল ও অল্পচ্ছিদ্রবিশিষ্ট হইলে তাহা শুভচিহ্ন জানিবে। নাসিকার অগ্রভাগ স্থূল ও উন্নত ও মধ্যভাগ নম্র হইলে তাহা অমঙ্গলজনক জানিবে।২২৪।

আকুঞ্চিতারুণাগ্রা চ বৈধব্যক্লেশদায়িনী।
পরপ্রেষ্যা চ চিপিটা হ্রস্বা দীর্ঘা কলিপ্রিয়া ॥ ২২৫ ॥

নাসিকার অগ্রভাগ কুঞ্চিত ও রক্তবর্ণ হইলে সেই নারী বৈধব্যাদি ক্লেশভোগ করে। যাহার নাসিকা চিপিটাকার সেই নারী পরের দাসী, যাহার নাসিকা হ্রস্ব কিম্বা দীর্ঘ সেই নারী কলহপ্রিয়া হইয়া থাকে। ২২৫।

পার্থিবাঃ শুকনাসাশ্চ তিলপুষ্পাশ্চ ভোগিনঃ।
হ্রস্বনাসা নরা যে তু অধর্ম্মশীলকা নরাঃ ॥ ২২৬ ॥

যাহাদিগের নাসিকা শুকপক্ষীর নাসিকার ন্যায় তাহারা রাজা, যাহাদিগের নাসিকা তিলকুসুমের ন্যায় তাহারা ভোগবান্ হয় ও যাহাদিগের নাসা খর্ব্ব তাহারা অধার্ম্মিক হইয়া থাকে। ২২৬।

উচ্চনাসাশ্চ যে মর্ত্ত্যাস্তে সর্ব্বে জনবল্লভাঃ।
ন নাসাশ্চাগ্রবিস্তীর্ণাস্তিললোমসুমধ্যগাঃ।
তে সর্ব্বে দুঃখিতাজ্ঞেয়া ধর্ম্মশীলবিবর্জ্জিতাঃ ॥ ২২৭ ॥

যাহাদিগের নাসিকা উচ্চ তাহারা সর্ব্বজনপ্রিয় হয়, যাহাদিগের নাসিকার অগ্রভাগ বিস্তীর্ণ নয় ও মধ্যভাগ তিলযুক্ত ও সূক্ষ্মলোমময় তাহারা দুঃখিত, ধর্ম্মবর্জ্জিত ও দুঃশীল হইয়া থাকে। ২২৭।

नासापुटम् ।

स्वल्पच्छिद्रा सुपुटा च अवक्रा च नृपेश्वरी ।
क्रूरे दक्षिणवक्रा स्यादृलिनाञ्च क्षुतं स्फुरत् ।
स्याद्विनिर्ग्घिपिण्डितं ह्लादी सानुनादञ्च जीवकृत् ॥ २२८ ॥

যাহার নাসিকার ছিদ্র সূক্ষ্ম, সুগোল ও অবক্র সেই ব্যক্তি রাজচক্রবর্ত্তী হইয়া থাকে। যাহার নাসিকা দক্ষিণভাগে বক্র থাকে সেই ব্যক্তি ক্রূর হয়, যাহার এককালে একটি মাত্র হাঁচি হইয়া থাকে সেই ব্যক্তি সাতিশয় বলশালী, যাহার এককালে অনেক হাঁচি হয় সেই মনুষ্য সন্তুষ্টচিত্ত ও যাহার কথা সানুনাসিক হইয়া উচ্চারিত হয় সেই ব্যক্তি দীর্ঘজীবী হইয়া থাকে। ২২৮।

क्षुत् ।

दीर्घायुःकृत् क्षुतं दीर्घं युगपद्विविपिण्डितम् ॥ २२९ ॥

যাহার হাঁচি দীর্ঘ সে দীর্ঘজীবী হয়, যাহার এককালে দুই তিনটি হাঁচি হইয়া থাকে সে অল্পায়ুঃ হয়। ২২৯।

अधरौष्ठौ ।

मांसलैश्च धनोपेता अव्यक्तै (अवक्रैः) रधरैर्नृपाः ।
बिम्बोपमैश्च स्फुटिते रोष्ठै रूक्षैश्च खण्डितैः ।
विषमैश्च दरिद्राः स्युः सामुद्रवचनं यथा ॥ २३० ॥

যাহার অধর মাংসল সে মনুষ্য ধনশালী ও যাহার অধর অব্যক্ত বা অবক্র ও বিম্বফলের ন্যায় সেই মানব রাজা হইয়া থাকে। যাহার ওষ্ঠ স্ফুটিত, রূক্ষ, খণ্ডিত ও বিষম সেই ব্যক্তি ধনহীন হয়। ২৩০।

समुन्नतनरौष्ठी या कलहैकरूक्षभाषिणी ।
या तु रोमोत्तरौष्ठी स्यान्न शुभा भर्त्तुरेव हि ॥ २३१ ॥

যে নারীর ওষ্ঠ যুগল অতি উন্নত, কলহে অনুরাগ, বাক্যগুলি কর্কশ, ওষ্ঠ প্রান্তে রোম দৃষ্ট হয় সেই স্ত্রী কদাপি স্বামীর শুভদায়িনী হয় না। ২৩১।

पाटलो वर्त्तुलः स्निग्धो रेखाभूषितमध्यभूः ।
सीमन्तिनीनामधरो राज्ञाश्चैव प्रियो (धराजानिप्रियः)भवेत् ॥ २३२ ॥

যে নারীর অধর পাটলবর্ণ, বর্ত্তুল, স্নিগ্ধ ও মধ্যভাগে রেখাভূষিত সেই কামিনী রাজার প্রিয়া হইয়া থাকে। ২৩২।

श्यामः स्थूलोऽधरोष्ठः स्याद् वैधव्यकलहप्रदः ।
मसृणो मत्तकामिन्याश्चोत्तरोष्ठः सुभोगदः ॥ २३३ ॥

যে নারীর অধর ও ওষ্ঠ শ্যামবর্ণ ও স্থূল সে নারী বিধবা ও কলহপ্রিয়া হয় এবং যাহার অধর মসৃণ সেই নারী বিবিধ ভোগে কালযাপন করে। ২৩৩।

रूक्षः प्रलम्बः स्फुटितोरूक्षो दौर्भाग्यसूचकः ।
श्यावः स्थूलोऽधरोष्ठः स्याद्वैधव्यकलहप्रदः ॥ २३४ ॥

যাহার অধর লম্বিত, কৃশ, স্ফুটিত ও রূক্ষ সেই নারী দুর্ভাগিণী হয়। যাহার অধর ও ওষ্ঠ ধূসরবর্ণ ও স্থূল, সেই নারী বিধবা ও কলহপ্রিয়া হইয়া থাকে। ২৩৪।

মসৃণো মত্তকামিন্যাশ্চোত্তরোষ্ঠঃ সুভোগদঃ ।
কিঞ্চিন্মধ্যোন্নতোঽরোমা বিপরীতো বিরুদ্ধকৃৎ ॥ ২৩৫ ॥

যে নারীর উত্তরোষ্ঠ সুচিক্কণ মধ্যভাগ কিঞ্চিৎ উন্নত ও রোম শূন্য সেই স্ত্রী ভোগবতী হইয়া থাকে। ইহার বিপরীতে বিরুদ্ধ ফল জানিবে। ২৩৫।

হাস্যম্ ।

अकम्पं हसितं श्रेष्ठं निमीलितमघावहम् ।
असकृद्धसितं दुष्टं सोन्मादस्य ह्यनेकधा ॥ २३६ ॥

হাস্যকালে মস্তকাদি কম্পিত না হইলে তাহা শুভ লক্ষণ বলিয়া নিশ্চয় করিবে। যাহার হাস্য সুস্পষ্টরূপে প্রকাশ পায় না তাহার অন্তঃকরণে কোন দুরভিসন্ধি আছে ইহাই জানা যায়। আর যে ব্যক্তি পুনঃ পুনঃ হাসে তাহাকে অতি দুষ্ট অথবা উন্মত্ত জ্ঞান করিবে। ২৩৬।

स्मिते कूपे गण्डयोश्च सा ध्रुवं व्यभिचारिणी ॥ २३७ ॥

যে স্ত্রীর হাস্যকালে গণ্ডদেশে কূপবৎ দৃষ্ট হয়, সেই নারী নিশ্চয় ব্যাভিচারিণী হইয়া থাকে। ২৩৭।

अलक्षितस्मित किञ्चित् किञ्चित् फुल्लकपोलकम् ।
स्मितं प्रशस्तं सुदृशामनिमीलितलोचनम् । २३८ ॥

যাহার হাস্যকালে কি কথা কহিবার সময় দন্তপঙ্ক্তি দৃষ্ট হয় না, যাহার কপোলদেশ কিঞ্চিৎ প্রফু, যাহার হাস্য সন্তোষপ্রদ, নয়নযুগল মুদ্রিতপ্রায় দৃষ্ট হয় সেই নারী শুভ-দায়িনী হইয়া থাকে। ২৩৮।

यस्याश्च हसने कूपौ गण्डयोरुपजायते ।
सा नाशयति भर्त्तारं गोपने कामचारिणी ॥ २३९ ॥

যে নারীর হাস্য সময়ে গণ্ডস্থলে গর্ত্ত দৃষ্ট হয় সেই নারী স্বামীকে বিনাশ করিয়া গোপনে স্বীয় অভিলাষ পূর্ণ করে। ২৩৯।

यस्यास्तु हसमानायां आरक्तौ दृश्यते मुखे ।
तृतीये स्वामिनं हत्वा चतुर्थे सुखमेधते ॥ २४० ॥

যে নারীর হাস্য করিবার সময় মুখ রক্তবর্ণ হইয়া উঠে সেই স্ত্রী বয়সের তৃতীয় ভাগে স্বামীকে বিনাশ করিয়া চতুর্থ ভাগে সুখভোগ করিতে পারে। ২৪০।

दन्तः ।

विषमैर्धनहीनाश्च दन्ताः स्निग्धाघनाः शुभाः ।
तीक्ष्णा दन्ताः समाः श्रेष्ठा जिह्वा रक्ताः समाः शुभाः ।
श्लक्ष्णा दीर्घा च विज्ञेया तालुः श्वेतोधनक्षयः ॥२४१॥

দন্তগুলি অসমান হইলে মনুষ্য ধনহীন হয়। দন্তগুলি স্নিগ্ধ, ঘন, তীক্ষ্ণ ও সমান হইলে তাহা শুভ চিহ্ন বলিয়া জানিবে। জিহ্বা সমতল রক্তবর্ণ সূক্ষ্ম ও দীর্ঘ হইলে শুভ লক্ষণ বলিয়া নিশ্চয় করিবে। যাহার তালু শ্বেতবর্ণ সেই ব্যক্তির ধনক্ষয় হইয়া থাকে। ২৪১।

करालाविषमादन्ताः क्लेशाय च भवन्ति ते ।
तथैव विषमादन्ताः क्लेशाय च भयाय च ॥ २४२ ॥

যে স্ত্রীর দন্তগুলি ভয়ঙ্কর ও বিষম অর্থাৎ ছোট বড়, সেই নারী ক্লেশভাগিনী হয়। যাহার দন্ত বিষমাকার সেই নারী ক্লেশে ও সভয়ে কালযাপন করে। ২৪২।

पीताः श्यामाश्च दशनाः स्थूलादीर्घाद्विपङ्क्तयः ।
शुक्त्याकाराश्च विरला दुःखदौर्भाग्यकारणम् ॥ २४३ ॥

নারীর উভয় পংক্তির দন্তগুলি পীতবর্ণ বা শ্যামবর্ণ, স্থূল, দীর্ঘ, শুক্তির বর্ণ বিশিষ্ট ও বিরল হইলে সেই নারী দুর্ভাগ্যবতী হইয়া দুঃখে কাল যাপন করে। ২৪৩।

अधस्तादधिकै र्दन्तै र्मातरं भक्षयेत् स्फुटम् ।
पतिहीना च विकटैः कुलटा विरलैर्भवेत् ॥ २४४ ॥

যে নারীর নিম্ন পংক্তিতে অধিক দন্ত থাকে সেই নারী তাহার মাতার মৃত্যুর কারণ হয়। যাহার দন্ত বিকট সেই স্ত্রী বিধবা হয়, যাহার দন্ত বিরল সেই স্ত্রী বেশ্যাবৃত্তিদ্বারা জীবন যাপন করে। ২৪৪।

गोक्षीरसन्निभाः स्निग्धा द्वात्रिंशद्दशनाः शुभाः ।
अधस्तादुपरिष्टाच्च समाः स्तोकसमुन्नताः ॥ २४५ ॥

যে স্ত্রীর দন্তগুলি দুগ্ধের ন্যায় ধবল, স্নিগ্ধ, সংখ্যাতে দ্বাত্রিংশতের অধিক বা ন্যূন নহে এবং উভয় পংক্তিতে সমসংখ্যায় বিদ্যমান আছে ও কিঞ্চিৎ উন্নত সেই কামিনী শুভকরী হয়। ২৪৫।

सुप्ता परस्परं या तु दन्तान् किटिकिटायते ।
सुलक्ष्मापि न सा शस्ता या किञ्चित् प्रलपेत्तथा ॥ २४६ ॥

যে নারী নিদ্রাকালে দন্তে দন্তে ঘর্ষণ করিয়া এক প্রকার বিকৃত শব্দ উৎপাদন করে এবং নিদ্রাবস্থায় প্রলাপ বাক্য বলে সেই নারী সুলক্ষণান্বিতা হইলেও তাহাকে অপ্রশস্তা বলিয়া জানিবে। ২৪৬।

कुन्दपुष्पप्रतीकाशैः दन्तैर्भूपतयस्तथा ।

ऋक्षवानरदन्ताश्च नित्यं ते क्षुत्तृषार्दिताः ॥ २४७ ॥

যাহাদিগের দন্তগুলি কুন্দপুষ্প সদৃশ শুভ্রবর্ণ তাহারা রাজা হইয়া থাকে এবং যাহার দন্ত ভল্লুক ও বানর দন্তের ন্যায় তাহারা সর্ব্বদা ক্ষুধা তৃষ্ণাতে ক্লেশ ভোগ করে। ২৪৭।

शुद्धैरुज्ज्वलैर्दन्तैश्च दाड़िमीवीजसन्निभैः ।

सुशीलः स नरो ज्ञेयः प्रियाणां वश्यकारकः ॥ २४८ ॥

যাহার দন্তগুলি পরিষ্কৃত, উজ্জ্বল ও দাড়িম্ব বীজের ন্যায় সুদৃশ্য সেই ব্যক্তি অতি সুশীল হয় ও তাহার প্রিয় ব্যক্তি সকল বশীভূত থাকে। ২৪৮।

दुःखितो विकटैरूक्षैर्दन्तैर्मूषिकसन्निभैः ।

सौभाग्यं मिलितैर्दन्तैर्विद्यावान् दन्तुरः पुनः ॥ २४९ ॥

যে মনুষ্যের দন্ত বিকটাকার, রূক্ষ ও মূষিক দন্ত সদৃশ তীক্ষ্ণাগ্র সেই মানব অতি দুঃখে কালযাপন করে। যাহার দন্ত গুলি মিলিত সেই মনুষ্য সৌভাগ্যবান্ এবং যে পুরুষের দন্ত উচ্চ সেই ব্যক্তি বিবিধ বিদ্যায় পারদর্শী হইয়া থাকে। ২৪৯।

द्वात्रिंशद्दशनो राजा भोगी स्यादेकहीनकः ।

त्रिंशद्दन्ताः सुराः सुखिनो विनैकेन तु दुःखिनः ।

कदाचि द्दन्तिनो मूर्खा कदाचि ल्लोमशोऽसुखी ॥ २५० ॥

যাহার দশনসংখ্যা ৩২ বত্রিশ সেই ব্যক্তি রাজা, যাহার দন্ত ৩১ একত্রিশটা সে অতি ভোগবান্ ও যাহার ৩০ ত্রিশটা দন্ত থাকে সেই ব্যক্তি সুখী হইয়া থাকে। যাহাদিগের দন্তসংখ্যা ২৯ ঊনত্রিশ তাহারা দুঃখভাগী হয়। বৃহদ্দন্তবান্ ব্যক্তি কদাচিৎ মূর্খ এবং লোমশ মনুষ্য কদাচিৎ অসুখী হইয়া থাকে। ২৫০।

दन्ताश्च विकटा यस्य नीचवन्नीचकर्म्मकृत् ।

प्रगल्भो दन्तुरः सत्यं देशान्तररतो भवेत् ॥ २५१ ॥

যাহার দন্ত গুলি বিকটাকার ও নিম্ন সেই মনুষ্য নীচ কর্ম্মে রত থাকে, যে ব্যক্তি দন্তুর সে পুরুষ অতি বাচাল ও দেশান্তরে অনুরক্ত হইয়া থাকে। ২৫১।

जिह्वा ।

यस्य जिह्वा भवेद्दीर्घा नासाग्रं लेढ़ि सर्व्वदा ।

योगी भवति निर्व्वाणः पृथ्वीं भ्रमति सर्व्वदा ॥ २५२ ॥

যাহার জিহ্বা দীর্ঘ এবং সে ব্যক্তি যদি সর্ব্বদা নাসিকাগ্র লেহন করে তবে সেই ব্যক্তি যোগী হইয়া পৃথিবীর সর্ব্বস্থান ভ্রমণ করে এবং তাহার নির্ব্বাণমুক্তি লাভ হইয়াথাকে।২৫২।

जिह्वेष्टमिष्टभोक्त्री स्याच्छोणा मृद्वी तथा सिता ।

दुःखाय मध्यसंकीर्णा पुरोभागसुविस्तरा ॥ २५३ ॥

যাহার জিহ্বা রক্তবর্ণ, সুকোমল বা শ্বেত অপরাজিতার ন্যায় বর্ণবিশিষ্ট সেই নারী মিষ্টভোজনে অনুরক্তা হয়। জিহ্বার মধ্যভাগ সংকীর্ণ ও অগ্রভাগ বিস্তীর্ণ হইলে সেই স্ত্রী দুঃখভাগিনী হইয়া থাকে। ২৫৩।

सितया तोयमरणं श्यामया कलहप्रिया ।
दरिद्रिणी मांसलया लम्बयाऽभक्ष्यभक्षिणी ।
विशालया रसनया प्रमदातिप्रमादभाक् ॥ २५४ ॥

যে নারীর জিহ্বা শুক্লবর্ণ সেই নারী জলমগ্ন হইয়া প্রাণ পরিত্যাগ করে, যাহার জিহ্বা শ্যামবর্ণ সেই স্ত্রী অতি কলহপ্রিয়া হয়, যাহার জিহ্বা অতি স্থূল সেই কামিনী দরিদ্রা ও যাহার জিহ্বা অতি লম্বমান সেই নারী অভক্ষ ভক্ষণে অনুরাগিণী হইয়া থাকে এবং যাহার রসনা অতি বিস্তৃত সেই নারী প্রমাদভাগিনী হয়। ২৫৪।

कृष्णजिह्वा भवेद्यस्य स नरो दुःखभाजनः ।
यः स्पृशेज्जिह्वया नासां स भवेत् पापकारकः ॥ २५५ ॥

যে মনুষ্যের জিহ্বা কৃষ্ণবর্ণ সেই ব্যক্তি দুঃখভাজন হয়। যে মানব সর্ব্বদা জিহ্বার অগ্রভাগদ্বারা নাসিকা স্পর্শ করে সেই মনুষ্য সর্ব্বদা পাপকার্য্যে রত থাকে। ২৫৫।

स्थूलजिह्वा क्रूरजिह्वा स नरोऽमृतभाषितः ।
श्वेतजिह्वा नरा ये च तेऽप्याचारविवर्जिताः ।
रक्तजिह्वा भवेद् यस्य विद्यां लक्ष्मीं स चाप्नुयात् ॥ २५६ ॥

যাহার জিহ্বা স্থূল বা বক্র সেই ব্যক্তির কথাগুলি সুশ্রাব্য হয়। যাহার জিহ্বা শ্বেতবর্ণ সেই মনুষ্য আচারভ্রষ্ট হইয়া থাকে। যাহার জিহ্বা রক্তবর্ণ সেই ব্যক্তি বিদ্বান্ ও লক্ষ্মীযুক্ত হয়। ২৫৬।

स्वरः ।

दाक्षिण्ययुक्तमशठं हंसशब्दं सुखावहम् ।
हंसस्वरो नरो धन्यो मेघवत् स्वरतो नृपः ।
भृङ्गोपमस्वरो यस्तु भोगवान् स्याद्धनी नरः ॥ २५७ ॥

যে পুরুষের কণ্ঠস্বর হংসশব্দের ন্যায় সে মনুষ্য দয়াবান্, শঠতাশূন্য, সুখী ও যশস্বী হয়। যাহার স্বর মেঘশব্দবৎ গম্ভীর সেই ব্যক্তি রাজা ও যাহার শব্দ ভ্রমরশব্দবৎ মৃদু ও মধুর সেই মানব ধনশালী হইয়া বিবিধ ভোগে কাল যাপন করে। ২৫৭।

क्रौञ्चस्वरा नरा ये तु भाग्यवन्तो भवन्ति ते ।
खराकारस्वरा ये तु निर्धनाः पापकारिणः ॥ २५८ ॥

যে পুরুষের কণ্ঠশব্দ বক শব্দের ন্যায় সে ব্যক্তি ভাগ্যবান্ হয় এবং যাহার কণ্ঠধ্বনি গর্দ্দভ শব্দের ন্যায় কর্কশ সে ব্যক্তি নির্ধন ও পাপিষ্ঠ হইয়া থাকে। ২৫৮।

मेघगम्भीरनिर्घोषो मृगीणाञ्च विशेषतः ।
सिंहस्वरास्तु राजानश्चक्रवाग्वत् स्वरेण तु ।
पुंमांसो निष्ठुरा ज्ञेयाः तेऽत्यन्तदुःखभागिनः ॥ २५९ ॥

যে সকল পুরুষের শব্দ মেঘ শব্দের ন্যায় গম্ভীর, মৃগীশব্দের ন্যায় মৃদু ও সিংহ গর্জ্জনবৎ পরাক্রমসূচক সেই সকল ব্যক্তি রাজা হইয়া থাকে এবং যাহাদিগের শব্দ চক্রবাক্ শব্দের ন্যায় তাহারা নিষ্ঠুর ও অতি দুঃখিত হইয়া থাকে। ২৫৯।

हंसस्वरा च या कन्या कुमारी कोकिलस्वरा।
धनधान्यवती सा तु यौवने चक्रवाक्स्वरा॥ २६०॥

যে স্ত্রীর কন্যাকালে হংসের ন্যায় কুমারী সময়ে কোকিলের ন্যায় ও যৌবনকালে চক্রবাকের ন্যায় কণ্ঠস্বর থাকে সেই নারী ধনধান্যবতী হইয়া সুখে কালযাপন করিতে পারে। ২৬০।

तालु।

स्निग्धं कोकनदाभासं प्रशस्तं तालु कोमलम्।
सिते तालुनि वैधव्यं पीते प्रव्रजिता भवेत्।
कृष्णेऽपत्यवियोगार्त्ता रूक्षे भूरिकुटुम्बिनी॥ २६१॥

রমণীর তালুদেশ সুস্নিগ্ধ কোমল ও রক্তোৎপল বর্ণ হইলে তাহা শুভ চিহ্ন বলিয়া নিশ্চয় করিবে। যাহার তালু শুক্লবর্ণ সেই নারী বিধবা, যাহার তালু পীতবর্ণ সেই স্ত্রী তাপসী, যাহার তালুদেশ কৃষ্ণবর্ণ সেই স্ত্রী সন্তান বিরহে কাতরা ও যাহার তালু রূক্ষ সেই কামিনী বহু কুটুম্ববতী হইয়া থাকে। ২৬১।

कृष्णतालुनरा ये तु भवन्ति कुलनाशकाः।
पद्मपत्रसमस्तालु स नरो भूपतिर्भवेत्॥ २६२॥

যাহাদিগের তালু কৃষ্ণবর্ণ সেই সকল মনুষ্য স্বীয় কুলের নাশক হইয়া থাকে। যাহার তালুদেশ পদ্ম পত্রের ন্যায় আয়ত সেই মনুষ্য রাজা হয়। ২৬২।

श्वेततालु नरा ये तु धनवन्तो भवन्ति ते।
रक्ततालुनरा ये तु धनाढ्या मानवाधिपाः॥ २६३॥

যাহাদিগের তালুদেশ শ্বেতবর্ণ তাহারা ধনবান্ ও যাহাদিগের তালু রক্তবর্ণ তাহারা ধনাঢ্য ও মনুষ্যের অধিপতি হইয়া থাকে। ২৬৩।

चिवुकम्।

निःस्वाश्च बहुरेखाः स्युर्निर्द्रव्याश्चिवुकैः कृशैः।
चिवुकं द्व्यङ्गुलं शस्तं वृत्तं पीनं सुकोमलम्।
स्थूलं द्विधा संविभक्तमायतं रोमशं त्यजेत्॥ २६४॥

যাহার চিবুকে বহু রেখা দৃষ্ট হয় সে ব্যক্তি নির্ধন, যাহার চিবুক কৃশ তাহার কোন প্রকার দ্রব্য সংস্থান থাকে না। চিবুকদেশ দুই অঙ্গুল বিস্তৃত বর্ত্তুল, স্থূল ও কোমল

হইলে তাহা সুপ্রশস্ত এবং স্থূল দ্বিধাবিভক্ত বিস্তৃত ও রোমযুক্ত হইলে তাহা পরিত্যাজ্য হয়। ২৬৪।

গণ্ডম্।

सिते कूपे गण्डयोश्च साध्वद्वाभिचारिणी।
भोगी वै निम्नगण्डः स्यान्मन्त्री सम्पूर्णगण्डकः॥ २६५॥

যে নারীর গণ্ডস্থল শুভ্রবর্ণ ও তাহাতে গর্ত্তবৎ চিহ্ন থাকে সেই স্ত্রীকে সাধ্বীর ন্যায় বোধ হয় কিন্তু বাস্তবিক সে ব্যভিচারিণী বলিয়া স্থির করিবে। যে পুরুষের গণ্ডস্থল নিম্ন সেই মনুষ্য ভোগবান্ ও যাহার গণ্ড সম্পূর্ণ সেই ব্যক্তি মন্ত্রণা কুশল হইয়া থাকে। ২৬৫।

शस्तौ कपोलौ वामाच्या: पीनौ वृत्तौ समुन्नतौ।
रोमशौ परुषौ निम्नौ निर्म्मांसौ परिवर्ज्जयेत्॥ २६६॥

স্ত্রীদিগের কপোল দ্বয় স্থূল সুগোল ও উন্নত হইলে তাহা প্রশস্ত চিহ্ন এবং যাহার কপোল দ্বয় লোমযুক্ত, কর্কশ, নিম্ন ও মাংস শূন্য সেই স্ত্রীকে অশুভ চিহ্নিতা বলিয়া পরিত্যাগ করিবে। ২৬৬।

यस्य गण्डौ हि सम्पूर्णः पद्मपत्रसमप्रभः।
भोगवान् स्त्रीजयी चैव सर्वविद्याधरस्तथा॥ २६७॥

যাহার গণ্ড স্থল পরিপূর্ণ ও পদ্ম পত্রের ন্যায় প্রভাবিশিষ্ট সেই ব্যক্তি ভোগবান্ ও সর্ব্ব বিদ্যাযুক্ত হয় এবং স্ত্রীদিগকে পরাজিত করিতে পারে। ২৬৭।

सिंहव्याघ्रगजेन्द्राणां कपोलसदृशौ यदि।
कृषिभोगी भवेन्नित्यं बहुपुत्रश्च जायते॥ २६८॥

যাহার কপোল দেশ সিংহ, ব্যাঘ্র কিম্বা হস্তির কপোলের ন্যায় সেই ব্যক্তি কৃষিজীবী হইয়া থাকে এবং তাহার বহু সন্তান জন্মে। ২৬৮।

हनुः।

हनुश्चिबुकसंलग्ना निर्लोमा सुघना शुभा।
वक्रा स्थूला कृशा ह्रस्वा रोमशा न शुभप्रदा॥ २६९॥

যাহার গণ্ডদেশের উপরিভাগ চিবুকের সহিত সংলগ্ন থাকে এবং লোমশূন্য ও ঘন হয়, সে ব্যক্তি শুভলক্ষণসম্পন্ন হইয়া থাকে। কপোলের ঊর্দ্ধদেশ রোমপূর্ণ, খর্ব্ব, ক্ষীণ, বক্র ও উচ্চ হইলে মনুষ্য অমঙ্গলভাগী হয়। ২৬৯।

श्मश्रु।

सम्पूर्णं भोगिनां कान्तं श्मश्रु स्निग्धं शुभं मृदु।
संहतञ्चास्फुटिताग्रं रक्तश्मश्रुश्च चौरकः।
रक्ताल्पपरुषश्मश्रुकचाः स्युः पापमृत्यवः॥ २७०॥

যাহাদিগের শ্মশ্রু (দাড়ি) সম্পূর্ণ, স্নিগ্ধ, কোমল ও দেখিতে অতিশয় সুন্দর, পরস্পর মিলিত ও অগ্রভাগ স্ফুটিত নহে সেই সকল মনুষ্য মহাভোগে কালযাপন করে এবং যাহার শ্মশ্রু রক্ত বর্ণ সেই ব্যক্তি চোর হয়। যাহাদিগের শ্মশ্রু ও কেশ রক্তবর্ণ, বিরল ও কর্কশ, পাপকার্য্যে তাহাদিগের মৃত্যু ঘটিয়া থাকে। ২৭০।

বিবিধ লক্ষণ।

তত্র মহাপাণি পাদ পার্শ্ব-পৃষ্ঠ স্তনাগ্র দশন বদন-স্কন্ধ ললাটং দীর্ঘাঙ্গুলি-পর্ব্বোচ্ছ্বাস-প্রেক্ষণ বাহুং বিস্তীর্ণভ্রূ স্তনান্তরোরস্কং হ্রস্ব-জঙ্ঘা-মেঢ্রগ্রীবং গম্ভীর-সত্ত্বস্বর-নাভি মনুচ্চৈ-বদ্ধ স্তন মুপচিত মহারোমশ-কর্ণং পশ্চান্মস্তিষ্কং স্নাতানুলিপ্তং মূর্দ্ধানুপূর্ব্ব্যাবিশুষ্যমাণশরীরং পশ্চাচ্চ বিশুষ্যমাণ-হৃদয়ং পুরুষং জানীয়াদ্দীর্ঘায়ুঃ খল্বয়-মিতি। তমেকান্তে নোপক্রমেত্। এভি-র্লক্ষণৈর্ব্বিপরীতৈ-রল্পায়ু র্মিশ্রৈ-র্মধ্যমায়ুরিতি ॥ ২৭১ ॥ ভবন্তি চাত্র।

যাহার হস্ত, পদ, পার্শ্ব, পৃষ্ঠ, স্তনাগ্রভাগ, দন্ত, বদন, স্কন্ধ ও ললাটদেশ বৃহৎ; যাহার অঙ্গুলি ও পর্ব্বের উচ্ছ্বাস বাহু ও চক্ষুঃ দীর্ঘ; যাহার ভ্রূ, স্তনদ্বয়ের মধ্যভাগ ও বক্ষঃস্থল বিস্তীর্ণ; যাহার জঙ্ঘা মেঢ্র এবং গ্রীবাদেশ হ্রস্ব; যাহার স্বর, নাভি এবং বুদ্ধি গম্ভীর; যাহার স্তনদ্বয় অনুচ্চ ও দৃঢ়; যাহার কর্ণ বিস্তৃত ও দীর্ঘ রোমবিশিষ্ট; যাহার মস্তিষ্ক পশ্চাদ্ভাগে আছে; এবং যাহার স্নানান্তে অঙ্গে কোন প্রকার অনুলেপন দ্রব্য প্রদান করিলে মস্তক হইতে ক্রমশঃ শরীরের নিম্নভাগ শুষ্ক হয় এবং সকল অঙ্গ শুষ্ক হইলে অবশেষে হৃদয় শুষ্ক হয়, তাহাকে দীর্ঘায়ুঃ বলিয়া স্থির করিবে। এই সকল লক্ষণের বিপরীত হইলে সেই ব্যক্তি অল্পায়ুঃ হয় এবং উক্ত লক্ষণের মধ্যে কিয়দংশ বিপরীত হইলে তাহার মধ্যমায়ুঃ জানিবে। ২৭১।

গূঢ়সন্ধিশিরাস্নায়ুঃ সংহতাঙ্গঃ স্থিরেন্দ্রিয়ঃ।
উত্তরোত্তরসুক্ষেত্রো যঃ স দীর্ঘায়ুরুচ্যতে ॥ ২৭২ ॥
গর্ভাত্ প্রভৃত্যরোগো যঃ শনৈঃ সমুপচীয়তে।
শরীরজ্ঞানবিজ্ঞানৈঃ স দীর্ঘায়ুঃ সমাসতঃ ॥ ২৭৩ ॥
মধ্যমস্যায়ুষোজ্ঞান মত ঊর্দ্ধং নিবোধ মে।
অধস্তাদক্ষয়োর্যস্য লেখাঃ স্যুর্ব্যক্তমায়তাঃ।
দ্বে বা তিস্রোঽধিকা-বাপি পাদৌ কর্ণৌ চ মাংসলৌ।
নাসাগ্রমূর্দ্ধ্বঞ্চ ভবেদূর্দ্ধ্বলেখাশ্চ পৃষ্ঠতঃ।
যস্য স্যুস্তস্য পরম-মায়ুর্ভবতি সপ্ততিঃ ॥ ২৭৪ ॥
জঘন্যস্যায়ুষোজ্ঞান মত-ঊর্দ্ধং নিবোধ মে।

ह्रस्वानि यस्य पर्व्वाणि सुमहच्चापि मेहनं।
तथोरस्यवलीढ़ानि न च स्यात् पृष्ठमायतं।
ऊर्द्ध्वञ्च श्रवणौ स्थाना-न्नासा चोच्चा शरीरिणः।
हसतो जल्पतो वापि दन्तमांसं प्रदृश्यते।
प्रेक्षते यश्च विभ्रान्तं स जीवेत् पञ्चविंशतिं॥ २७५॥

যাহার শরীরের সন্ধি শিরা ও স্নায়ু গূঢ়ভাবে আছে, অঙ্গ প্রত্যঙ্গগুলি পরস্পর দৃঢ় সম্বন্ধ, ইন্দ্রিয় সকল স্থির এবং শরীর উত্তরোত্তর সুদৃশ্য সেই ব্যক্তি দীর্ঘজীবী হয়। ২৭২। যাহার জন্মাবধি কোন প্রকার রোগ জন্মে নাই এবং শরীর, জ্ঞান ও বিজ্ঞান ক্রমশঃ বৃদ্ধি পাইতে থাকে সেই ব্যক্তি দীর্ঘায়ুঃ হয়।২৭৩। অনন্তর মধ্যমায়ুর বিবরণ কথিত হইতেছে শ্রবণ কর। যাহার চক্ষুর্দ্বয়ের অধোভাগে ব্যক্ত ও বিস্তৃত দুই, তিন বা ততোধিক রেখা থাকে, পদদ্বয় ও কর্ণযুগল মাংসল হয়, পৃষ্ঠে ঊর্দ্ধ রেখা দেখা যায় এবং নাসিকার অগ্রভাগ উচ্চ তাহার পরমায়ুঃ সংখ্যা ৭০ সপ্ততি বর্ষ হইয়া থাকে। ২৭৪। অতঃপর অল্পায়ুর লক্ষণ বর্ণিত হইতেছে। যাহার অঙ্গুলি পর্ব্বগুলি হ্রস্ব, শিশ্ন বৃহৎ, বক্ষঃস্থল লোম ও মাংসবিহীন, পৃষ্ঠদেশ অপ্রশস্ত, কর্ণদ্বয় যথাস্থান হইতে কিঞ্চিৎ ঊর্দ্ধে সন্নিবেশিত, নাসিকা উচ্চ, কথা কহিতে কিম্বা হাসিতে দন্তের মাংস দৃষ্ট হয় এবং ভ্রান্ত বীক্ষণ অর্থাৎ উন্মত্তের ন্যায় চেয়ে থাকে সেই ব্যক্তি ২৫ পঞ্চবিংশতি বৎসর জীবিত থাকে। ২৭৫।

अथ पुनरायुषो विज्ञानार्थमङ्गप्रत्यङ्गप्रमाणसारानुपदेक्ष्यामः। तत्राङ्गान्यन्तराधिसक्थिबाहुशिरांसि तदवयवाः प्रत्यङ्गानीति। तत्र स्वैरङ्गुलैः पादाङ्गुष्ठप्रदेशिन्यौ द्व्यङ्गुलायते। प्रदेशिन्यास्तु मध्यमाऽनामिका कनिष्ठिका यथोत्तरं पञ्चमभागहीना। चतुरङ्गुलायते पञ्चाङ्गुलविस्तृते प्रपदपादतले। पञ्चचतुरङ्गुलायतविस्तृता पार्ष्णिः। चतुर्द्दशाङ्गुलायतः पादः। चतुर्द्दशाङ्गुलपरिणाहानि पादगुल्फजङ्घाजानुमध्यानि। अष्टादशाङ्गुला जङ्घा जानूपरिष्टाद्वात्रिंशदङ्गुलमेवं पञ्चाशत्। जङ्घायामसमावूरू। द्व्यङ्गुलानि वृषणचिवुकदशननासापुटभागकर्णमूलनयनान्तराणि। चतुरङ्गुलानि मेहन वदनान्तर नासा कर्ण ललाट ग्रीवोच्छ्राय दृष्ट्यन्तराणि। द्वादशाङ्गुलानि भगविस्तार मेहननाभि हृदय-ग्रीवास्तनान्तरमुखायाम मणिबन्धप्रकोष्ठस्थौल्यानि। इन्द्रवस्ति-परिणाहांस-पीठकूर्पराग्रायामः षोड़शाङ्गुलः। चतुर्व्विंशत्यङ्गुलो हस्तः। द्वात्रिंशदङ्गुलपरिमाणौ भुजौ। द्वात्रिंशत्परिणाहावूरू। मणिबन्धकूर्परान्तरं षोड़शाङ्गुलं। तलं षट्चतुरङ्गुलायामविस्तारं। अङ्गुष्ठमूलप्रदेशिनीश्रवणापाङ्गान्तरमध्यमाङ्गुल्यौ पञ्चाङ्गुले।

अर्द्धपञ्चाङ्गुले प्रदेशिन्यनामिके। सार्द्धत्र्यङ्गुलौ कनिष्ठाङ्गुष्ठौ। चतुर्विंशतिविस्तारपरिणाहं मुखग्रीवं। त्रिभागाङ्गुलिविस्तारा नासापुटमर्य्यादा। नयनत्रिभागपरिणाहा तारका। नवमस्तारकांशोदृष्टिः। केशान्तमस्तकान्तरमेकादशाङ्गुलं। मस्तकादवटुकेशान्तोदशाङ्गुलः कर्णावट्वन्तरं चतुर्द्दशाङ्गुलं। पुरुषोरःप्रमाणविस्तीर्णा स्त्रिश्रोणिः। अष्टादशाङ्गुलविस्तीर्णमुरः। तत्प्रमाणा पुरुषस्य कटी। सविंशमङ्गुलशतं पुरुषायाम इति ॥२७६॥ भवन्ति चात्र।

অনন্তর আয়ুঃ পরিজ্ঞানার্থ অঙ্গপ্রত্যঙ্গের পরিমাণ বিষয়ের উপদেশ করিব। শরীরস্থ হস্ত, পাদ, মস্তক প্রভৃতিকে অঙ্গ বলা যায় এবং অঙ্গের অবয়ব সকলকে প্রত্যঙ্গ কহে। পদের বৃদ্ধাঙ্গুলি ও তর্জনী প্রত্যেকেই আপন অঙ্গুলির দুই অঙ্গুল পরিমাণ বিশিষ্ট হয়। মধ্যমাঙ্গুলীর পরিমাণ তর্জ্জনীর পাঁচভাগের চারিভাগ, অনামিকার আয়তন মধ্যমার পাঁচভাগের চারিভাগ ও কনিষ্ঠাঙ্গুলির দৈর্ঘ্য অনামিকার পাঁচভাগের চারিভাগ। পাদতল ও পাদতলের উপরিভাগ হইতে অঙ্গুলি মূলপর্য্যন্ত এই দুই স্থান প্রত্যেকে চারি অঙ্গুলি আয়ত ও পঞ্চাঙ্গুল বিস্তৃত। পার্ষ্ণি (গোড়ালি) দেশ পঞ্চাঙ্গুল আয়ত এবং চতুরঙ্গুল বিস্তৃত। পাদতল চতুর্দ্দশাঙ্গুলি দীর্ঘ। গুল্ফ, জঙ্ঘা ও জানুর মধ্যস্থলের বিস্তার চতুর্দ্দশ অঙ্গুল। জঙ্ঘার দৈর্ঘ্য অষ্টাদশ অঙ্গুল। জানুর উপরিভাগ ৩২ দ্বাত্রিংশৎ অঙ্গুল দীর্ঘ। এইরূপে পঞ্চাশ অঙ্গুল দীর্ঘ হইয়া থাকে। জঙ্ঘার দৈর্ঘ্য উরুর পরিমাণের সহিত সমান। কোষ, চিবুক, দন্ত, নাসপুট, কর্ণমূল এবং নয়নের মধ্যস্থলের পরিমাণ দুই অঙ্গুল। শিশ্ন, মুখমধ্য, নাসা, কর্ণ, ললাট, গ্রীবার উচ্চতা এবং চক্ষুর আয়তন চারি অঙ্গুল। ভগের বিস্তার দ্বাদশাঙ্গুল। শিশ্ন হইতে নাভি, নাভি হইতে হৃদয়, হৃদয় হইতে গ্রীবার পরিমাণ দ্বাদশ অঙ্গুল এবং স্তনদ্বয়ের অন্তর ও মুখের দীর্ঘতাও দ্বাদশাঙ্গুল হইয়া থাকে। মণিবন্ধ ও প্রকোষ্ঠের (কনুইর অধোভাগের) স্থূলতার পরিমাণ দ্বাদশ অঙ্গুল। বস্তি অর্থাৎ নাভির নিম্নভাগের বিস্তার, স্কন্ধদেশ এবং কনুয়ের অন্তর ষোড়শ অঙ্গুল। হস্তের দৈর্ঘ্য চতুর্ব্বিংশতি অঙ্গুল। ভুজদ্বয় প্রত্যেকে ৩২ দ্বাত্রিংশৎ অঙ্গুল এবং উরুদ্বয় প্রত্যেকে ৩২ দ্বাত্রিংশৎ অঙ্গুল। মণিবন্ধ হইতে কনুই পর্যন্ত ষোড়শ অঙ্গুল। করতলের দৈর্ঘ্য ৬ ছয় অঙ্গুল এবং বিস্তার ৪ চারি অঙ্গুল। বৃদ্ধাঙ্গুলির মূল হইতে তর্জ্জনীর অন্তর দুইটী মধ্যমাঙ্গুলি পরিমিত। কর্ণ হইতে চক্ষুর কোণপর্য্যন্ত পঞ্চাঙ্গুল। তর্জ্জনী ও অনামিকা এই উভয়ের অন্তর সার্দ্ধ দুই অঙ্গুল। কনিষ্ঠা এবং বৃদ্ধাঙ্গুলির অন্তর সাড়ে তিন অঙ্গুল। মুখ ও গ্রীবা এই উভয়ের প্রত্যেকের বিস্তার দ্বাদশ অঙ্গুল। নাসিকাছিদ্রের পরিমাণ এক অঙ্গুলির চারিভাগের তিনভাগ। চক্ষুর তারার পরিমাণ চক্ষুর পরিমাণের চারিভাগের তিনভাগ। তারার নবমভাগ চক্ষুর পুত্তলির পরিমাণ। মস্তকের যে অংশে মস্তিষ্ক থাকে সেই স্থান হইতে সম্মুখের কেশান্তপর্য্যন্ত স্থান একাদশাঙ্গুল পরিমিত হয়। মস্তিষ্ক স্থান হইতে পশ্চাদ্ভাগের কেশান্ত পর্য্যন্ত অংশের পরিমাণ দশ অঙ্গুল। প্রত্যেক কর্ণ হইতে ঘাড়ের মধ্যভাগ পর্য্যন্ত সপ্তাঙ্গুল বিস্তৃত। স্ত্রীলোকের কটীর পরিমাণে পুরুষের

বক্ষঃস্থলের পরিমাণ হয়। স্ত্রীলোকের বক্ষঃস্থলের পরিমাণ অষ্টাদশাঙ্গুল এবং পুরুষের কটীদেশও অষ্টাদশাঙ্গুল হইয়া থাকে। পুরুষের সর্ব্বশরীরের পরিমাণ একশত বিংশতি অঙ্গুল। ২৭৬।

पञ्चविंशे ततो वर्षे पुमान् नारी तु षोड़शे ।
समत्वागतवीर्य्यौ तौ जानीयात् कुशलो भिषक् ।
देहः स्वैरङ्गुलैरेष यथावदनुकीर्त्तितः ।
युक्तप्रमाणेनानेन पुमान् वा यदि वाङ्गना ।
दीर्घमायुरवाप्नोति वित्तञ्च महदृच्छति ।
मध्यमं मध्यमैरायु-र्वित्तं हीनैस्तथावरम् ॥ २७७ ॥

পুরুষের বয়স পঞ্চবিংশতি ও স্ত্রীর বয়স ষোড়শবর্ষ হইলে উভয়ের তুল্য বীর্য্য হয়। আপনার অঙ্গুলির পরিমাণানুসারে যেরূপ পরিমাণ বলা হইল, স্ত্রী কিম্বা পুরুষের অঙ্গ সেইরূপ পরিমাণবিশিষ্ট হইলে সেই স্ত্রী ও সেই পুরুষ দীর্ঘজীবী ও ধনী হয়। অধিকাংশ অঙ্গের পরিমাণ ঐক্য হইলে মধ্যম আয়ুঃ ও ধন হইয়া থাকে এবং কোন অঙ্গই উক্তরূপ পরিমাণবিশিষ্ট না হইলে কিম্বা কতিপয় অঙ্গমাত্র উক্ত যথোক্ত পরিমাণযুক্ত হইলে সেই ব্যক্তি অল্পায়ুঃ ও অল্পধনা হইয়া থাকে। ২৭৭।

अस्वेदिनौ मृदुतलौ कमलोदरसन्निभौ ।
श्लिष्टाङ्गुली ताम्रनखा वुष्णौ च शिरयोज्झितौ ॥
कूर्म्मोन्नतौ च चरणौ स्यातां नृपवरस्य हि ।
कूर्म्मोन्नतौ गूढ़गुल्फौ सुपार्ष्णिर्नृपतेः स्मृतौ ॥ २७८ ॥

যে ব্যক্তির চরণ দেখিতে পদ্মগর্ভের ন্যায় সুন্দর, শিরাশূন্য, স্বেদবিহিন ও ঈষৎ উষ্ণ, পাদতল সুকোমল, পদের অঙ্গুলী সকল পরস্পর অত্যন্ত বিরল নহে অর্থাৎ মিলিতপ্রায়, পদের নখগুলি তাম্রবর্ণ, চরণের পুরোভাগ কচ্ছপের পৃষ্ঠের ন্যায় সমুন্নত এবং গুল্‌ফদেশ অপ্রকাশ্য ও সুদৃশ্য হয়, সে ব্যক্তি রাজাধিরাজ হইয়া থাকে। ২৭৮।

विरूक्षपाण्डुरनखौ वक्रौ चैव शिरोन्नतौ ।
सूर्पाकारौ च चरणौ संशुष्का चरणाङ्गुली ।
दुःखदारिद्र्यदौ स्यातां नात्र कार्य्या विचारणा ॥ २७९ ॥

যাহার নখ কর্কশস্পর্শ ও পাণ্ডুবর্ণ, চরণ বক্র, শিরাময়, উন্নত ও কুলার ন্যায় বিস্তৃত এবং চরণের অঙ্গুলি সকল বিশুষ্ক, সে ব্যক্তি অতি দুঃখী ও দরিদ্র হয়, ইহা নিঃসন্দেহ। ২৭৯।

यस्यास्तु कुञ्चिताः केशा-मुखञ्च परिमण्डलम् ।
नाभिश्च दक्षिणावर्त्ता सा कन्या कुलवर्द्धिनी ॥ २८० ॥

যে কামিনীর কুন্তল নিচয় সুকুঞ্চিত, মুখখানি সুবৃত্ত এবং নাভিদেশ দক্ষিণাবর্ত্তরেখায় সুভূষিত হয়, সে অঙ্গনা শুভলক্ষণা ও পতিপুত্রাদির সহিত বংশবর্দ্ধিনী হইয়া থাকে। ২৮০।

या च काञ्चनवर्णाभा रक्तहस्तसरोरुहा ।
सहस्राणान्तु नारीणां भवेत् सापि पतिव्रता ॥ २८१ ॥

যে ললনার শরীরলাবণ্য দেখিতে কনকের ন্যায় সমুজ্জ্বল ও মনোরম এবং করতল কোকনদের ন্যায় আরক্ত হয়, সে বামা সহস্র সহস্র রমণীর মধ্যে এক পতিভক্তিপরায়ণা হইয়া থাকে। ২৮১।

वक्रकेशा च या कन्या मण्डलाक्षी च या भवेत् ।
भर्त्ता च म्रियते तस्या नियतं दुःखभागिनी ॥ २८२ ॥

স্ত্রীলোকের কেশ বক্র ও চক্ষুঃ গোলাকার হইলে, সে নিত্যদুঃখিনী হতভাগিনী এবং বিধবা হয়। ২৮২।

पूर्णचन्द्रमुखी कन्या बालसूर्य्यसमप्रभा ।
विशालनेत्रा बिम्बौष्ठी सा कन्या लभते सुखम् ॥ २८३ ॥

দেহের লাবণ্য উদয়োন্মুখ আদিত্যের ন্যায় উজ্জ্বল ও হৃদয়হারী, বদনমণ্ডল পূর্ণিমার চন্দ্রের ন্যায় অতরমণীয়, লোচনযুগল আকর্ণ বিশ্রান্ত এবং ওষ্ঠ ও অধর বিম্বফলের ন্যায় লোহিতবর্ণ ও মনোজ্ঞ হইলে, সে বালা অতি সুভগা ও সুখভাগিনী হয়। ২৮৩।

कार्य्येऽपि मन्त्री पत्नी स्यात् सखी स्यात् करणेषु च ।
स्नेहेषु भार्य्या माता स्याद् वेश्या च शयने शुभा ॥ २८४ ॥

যে পতিপ্রাণা রূপগুণসমলংকৃতা বনিতা স্বামির যে কোন কর্ম্ম সুনির্ব্বাহের মন্ত্রণাতে মন্ত্রির ন্যায়, আদেশপ্রতিপালনে বয়স্যার তুল্য, স্নেহে জননীর সদৃশ এবং সুরতব্যাপারে বারাঙ্গনার সমান ব্যবহার করিয়া থাকে সেই অনন্যসাধারণা যোষিৎকেই প্রকৃত প্রশস্ত-লক্ষণময়ী বলা যায়। ২৮৪।

यस्यास्तु रोमशौ पार्श्वौ रोमशौ च पयोधरौ ।
उन्नतौ चाधरोष्ठौ च क्षिप्रं मारयते पतिम् ॥ २८५ ॥

যে দুর্ভগা স্ত্রীর পার্শ্বদ্বয় ও কুচদ্বয় লোমপূর্ণ এবং অধর ও ওষ্ঠ উত্তুঙ্গ হয়, সে বিবাহের পরে সত্বরেই স্বীয় ভর্ত্তার বিনাশকারিণী হইয়া থাকে। ২৮৫।

शुभे जङ्घे विरोमे च जरू हस्तिकरोपमौ ।
अश्वत्थपत्रसदृशं विपुलं योनिमुत्तमम् ।
नाभिः प्रशस्ता गम्भीरा दक्षिणावर्त्तिका शुभा ।
अरोमा त्रिवली नार्य्या हृत्स्तनौ रोमवर्ज्जितौ ॥ २८६ ॥

সর্ব্বসুলক্ষণসম্পন্না রামার জঙ্ঘাদ্বয় রোমবিহীন, ঊরুযুগল গজশুণ্ডের ন্যায় উপরিভাগ স্থূল ও ক্রমশঃ নিম্নদেশ সূক্ষ্ম ও সুকোমল, বরাঙ্গদেশ সুন্দরদর্শন, সুবিশাল ও অশ্বত্থতরুর পত্রের তুল্য ত্রিকোণাকৃতি, নাভি রমণীয়, সুপ্রশস্ত, সুগভীর ও দক্ষিণাবর্ত্ত রেখায় সুভূষিত, ত্রিবলীস্থল লোমশূন্য ও সূক্ষ্ম রোমাবলীরেখায় সুলাঞ্ছিত এবং হৃদয় ও পয়োধরযুগল রোমহীন হইয়া থাকে। ২৮৬।

त्वक्स्निग्धा विपुलाभोगा अल्पायुर्नाभिरुन्नता ।
ऊरवो जानवस्तुल्या नृपस्योपचिताः स्मृताः ।
निःस्वस्य शृगालजङ्घा रोमैकैकञ्च कूपके ।
नृपाणां श्रोत्रीयाणाञ्च द्वे द्वे कूपे च धीमताम् ।
त्र्याद्यैर्निःस्वा मानवाः स्युर्दुःखभाजश्च निन्दिताः ॥ २८७ ॥

গাত্রচর্ম্ম সুকোমল হইলে মনুষ্য মহাভোগী এবং নাভি উন্নত হইলে অল্পজীবী হয়। রাজার ঊরুযুগল ও জানুদ্বয় পরস্পর সমান ও সুবর্দ্ধিত হইয়া থাকে। দরিদ্রের জঙ্ঘা শৃগালের ন্যায় কৃশ কুৎসিত ও লোমশ হয় এবং তাহার প্রতি লোমকূপে এক একটি রোম থাকে। মহাবুদ্ধিসম্পন্নজনের, বেদবেত্তা পরমকোবিদবিপ্রের এবং ভূপতির লোমকূপে দুইটী করিয়া লোম থাকে। নিন্দাভাগী, দুঃখী এবং দীন ব্যক্তির প্রতিলোমকূপে তিনটী তিনটী কিম্বা তাহার অধিকসংখ্যক লোম থাকে। ২৮৭।

विपुलस्त्रिषु गम्भीरो दीर्घः सूक्ष्मश्च पञ्चसु ।
षडुन्नतश्चतुर्ह्रस्वो रक्तः सप्त समो नृपः ॥ २८८ ॥

পুরুষের সমস্ত শরীরের মধ্যে তিনটি অঙ্গ বিশাল ও গভীর, পাঁচটি অঙ্গ দীর্ঘ ও সূক্ষ্ম, ছয়টি অঙ্গ উন্নত, চারিটি অঙ্গ হ্রস্ব এবং সাতটি অঙ্গ রক্তবর্ণ ও পরিমাণে সমান হইলে, সে ব্যক্তি নরপতি হয়। ২৮৮।

नाभिः स्वरश्च बुद्धिश्च त्रयं गम्भीरमीरितम् ।
पुंसश्च चातिविस्तीर्णं ललाटं वदनं उरः ।
चक्षुःकक्षादन्तनासाः षट् स्युर्मुखकृकाटिकाः ।
उन्नतानि च ह्रस्वानि जङ्घा ग्रीवा च लिङ्गकम् ।
पृष्ठञ्चत्वारि रक्तानि करताल्वधरा नखाः ।
नेत्रान्तपादजिह्वोष्ठाः पञ्च सूक्ष्माणि सन्ति वै ।
दशनाङ्गुलिपर्व्वाणि नखकेशत्वचः शुभाः ।
दीर्घाः स्तनान्तरं बाहुदन्तलोचननासिकाः ॥ २८९ ॥

নাভি, কণ্ঠস্বর ও বুদ্ধি, মনুষ্যের এই তিনটি গভীর হইলে উত্তম ও প্রশস্তলক্ষণ হয়। পুরুষের কপাল, মুখ ও বক্ষঃস্থল এই তিনটি সুবিশাল হইলে শুভদায়ক হয়। চক্ষুঃ, কক্ষ, নাসা, দন্ত, মুখ ও ঘাড় এই ছয়টি অঙ্গ উন্নত হইলে প্রশংসাযোগ্য হয়। জঙ্ঘা, গ্রীবা লিঙ্গ ও পৃষ্ঠ, এই চারিটি অঙ্গ হ্রস্ব হইলে মনুষ্য সম্মান প্রাপ্ত হয়। করতল, তালু, অধর, ওষ্ঠ, নখ, নয়নপ্রান্ত, চরণতল এবং জিহ্বা, এই অষ্ট স্থান রক্তবর্ণ হইলে মঙ্গলাবহ হয়। দন্ত, অঙ্গুলিপর্ব্ব, নখ, কেশ ও ত্বক্ এই পঞ্চস্থল সূক্ষ্ম হইলে, শুভকর হয়। স্তনযুগলের মধ্যভাগ, বাহুদ্বয়, দন্তপংক্তি, নয়নদ্বয় এবং নাসিকা, এই পঞ্চস্থান দীর্ঘ হইলে শুভলক্ষণসম্পন্ন হয়। ২৮৯।

শ্রোণী ললাটকং স্ত্রীণাং ভবঃ কূর্ম্মোন্নতং শুভম্ ।
গূঢ়মণিশ্চ শুভদো নিতম্বশ্চ গুরুঃ শুভঃ ॥ ২৯০ ॥

নারীর কটিপ্রদেশ কপাল ও বক্ষঃস্থল কচ্ছপের পৃষ্ঠের ন্যায় সমুন্নত, ভগের মণি গূঢ় অর্থাৎ বিবরমগ্ন ও অপ্রকাশ্য এবং নিতম্ব বিশাল হইলে শুভলক্ষণান্বিত হয়। ২৯০।

অনুল্বনং সন্ধিদেশং সমং জানুদ্বয়ং শুভম্ ।
মৃদুগ্রীবা কম্বুভা চ কঠিনৌ বর্ত্তুলৌ স্তনৌ ॥ ২৯১ ॥

স্ত্রীলোকের সন্ধিস্থান অনুচ্চ, জানুদ্বয় সমান, স্তনযুগল বর্ত্তুল ও কঠিন এবং গ্রীবাদেশ মৃদু ও শঙ্খের ন্যায় ত্রিরেখা বিশিষ্ট হইলে তাহা শুভচিহ্ন বলিয়া নিশ্চয় করিবে। ২৯১।

আরক্তাবধরৌ শ্রেষ্ঠৌ মাংসলং বর্ত্তুলং মুখম্ ।
কুন্দপুষ্পসমা দন্তা ভাষিতং কোকিলাসমম্ ॥ ২৯২ ॥

নারীদিগের অধর রক্তবর্ণ মুখ বর্ত্তুলাকার ও মাংসল, দন্তকুন্দপুষ্পসদৃশ এবং কণ্ঠস্বর কোকিল শব্দের ন্যায় সুশ্রাব্য হইলে শুভলক্ষণ জানিবে। ২৯২।

স্ত্রীণাং সমং শিরঃ শ্রেষ্ঠং ভ্রুবৌ চাথ ললাটকম্ ।
জঙ্ঘে হাভ্যাং পিণ্ডিকাভ্যাং জঙ্ঘে চাতিশিরালকে ।
রোমশে চাতিমাংসে চ কুম্ভাকারং তথোদরম্ ।
বামাবর্ত্তং নিম্নমল্পং দুঃখিতানাঞ্চ গুহ্যকম্ ॥ ২৯৩ ॥

স্ত্রীর মস্তক সমানাকার এবং ভ্রূ ও ললাট সমান, হইলে শুভ সূচক হয়। স্ত্রীর জঙ্ঘা ঊর্দ্ধে পিণ্ডিকাদ্বয়যুক্ত, শিরাবিশিষ্ট, রোমশ ও অতিস্থূল, উদর কুম্ভাকার এবং গুহ্যদেশ বামাবর্ত্ত, নিম্ন ও অতিকৃশ হইলে সেই স্ত্রী দুঃখভাগিনী হইয়া থাকে। ২৯৩।

প্রলম্বিনী ললাটে তু দেবরং হন্তি চাঙ্গনা ।
উদরে শ্বশুরং হন্তি পতিং হন্তি স্ফিচোর্দ্বয়োঃ ॥ ২৯৪ ॥

যে নারীর ললাটে লম্বমান রেখা থাকে তাহার দেবর নষ্ট হয়। উদরে ঐরূপ রেখা দৃষ্ট হইলে সেই কামিনীর শ্বশুর এবং যাহার নিতম্বদ্বয়ে উক্তপ্রকার রেখা থাকে তাহার পতি বিনাশ পায়। ২৯৪।

স্তনৌ সরোমাবশুভৌ কর্ণৌ চ বিষমৌ তথা ।
করালা বিষমা দন্তাঃ ক্লেশায় চ ভয়ায় চ ॥ ২৯৫ ॥

যে স্ত্রীর স্তন লোমে পরিপূর্ণ, সে অশুভদায়িনী হয়। যাহার কর্ণযুগল অসমান ও দন্তসমূহ সমান নয় ও ভয়ঙ্কর, সে ক্লেশের ও ভয়ের কারণ হয়। ২৯৫।

সমুন্নতোত্তরৌষ্ঠী যা কন্যা চ রুক্ষকেশিনী ।
স্ত্রীষু দোষা বিরূপাসু যত্রাকারা গুণাস্ততঃ ॥ ২৯৬ ॥

যে স্ত্রীলোকের ওষ্ঠ অধিক পরিমাণে উন্নত ও কেশকলাপ রুক্ষ সে কলহপ্রিয়া ও কঠোরবচনা হয়। স্ত্রীলোকের আকৃতি বিশেষে হস্তপদাদির বৈরূপ্যঘটিত শুভাশুভ লক্ষণ কথিত হইল। ২৯৬।

पञ्च दीर्घं पञ्च ह्रस्वं (चतुर्ह्रस्वं) पञ्च सूक्ष्मं षडुन्नतम्।

सप्त रक्तं त्रिगम्भीरं त्रिविशालं (त्रिविस्तीर्णं) प्रशस्यते ॥२९७॥

যদি পঞ্চ অঙ্গ দীর্ঘ হয়, পঞ্চ বা চারি অঙ্গ হ্রস্ব হয়, পঞ্চ অঙ্গ সূক্ষ্ম হয়, ছয় অঙ্গ উন্নত হয়, সপ্ত অঙ্গ রক্তবর্ণ হয়, তিন অঙ্গ গভীর হয়, এবং তিন অঙ্গ বিশাল হয়, তাহা হইলে প্রশস্ত ও মহাপুরুষের লক্ষণ। ২৯৭।

बाहू नेत्रद्वयं कुक्षिः (हनुः) द्वौ तु नासे तथैव च।

स्तनयोरन्तरञ्चैव पञ्चदीर्घं प्रशस्यते ॥ २९८ ॥

বাহুযুগল, নয়নযুগল, উদর, বা গণ্ডদেশের উপরিভাগ নাসাপুট এবং স্তনদ্বয়ের মধ্যস্থল, এই পঞ্চ অঙ্গ যদি দীর্ঘ হয়, তাহা হইলে প্রশস্ত। ২৯৮।

ग्रीवा कण्ठः कटी वापि पृष्ठोरू च तथैव च।

ग्रीवा वापि कटिश्चोरू उदरं पृष्ठमेव च।

ह्रस्वानि यस्य चत्वारि पूजामाप्नोति निश्चयम् ॥ २९९ ॥

গ্রীবা, কণ্ঠ, কটী অথবা পৃষ্ঠ ও উরু অথবা উদর এই চারিটি অঙ্গ যাহার হ্রস্ব হয়, সে ব্যক্তি নিশ্চয় সংসারে সুপূজিত হইয়া থাকে। ২৯৯।

ग्रीवाथ कर्णौ पृष्ठञ्च ह्रस्वे जङ्घे सुपूजिते।

चत्वारि यस्य ह्रस्वानि पूजां प्राप्नोति नित्यशः ॥ ३०० ॥

গ্রীবা, কর্ণদ্বয়, পৃষ্ঠদেশ ও জঙ্ঘাদ্বয় এই অঙ্গচতুষ্টয় হ্রস্ব হইলে প্রশংশনীয় এবং যে পুরুষের এই অঙ্গচতুষ্টয় হ্রস্ব, তিনি নিয়ত সর্ব্বত্র সম্মানিত হইয়া থাকেন। ৩০০।

सूक्ष्माण्यङ्गुलपर्व्वाणि दन्तकेश [लोम]नखत्वचः।

पञ्च सूक्ष्माणि येषां हि ते नरादीर्घजीविनः ॥ ३०१ ॥

অঙ্গুলিপর্ব্ব, দন্ত, কেশ, অথবা লোম, নখ ও চর্ম্ম, এই পঞ্চ অঙ্গ যাহার সূক্ষ্ম, তিনি দীর্ঘজীবী হন। ৩০১।

नासा नेत्रञ्च दन्ताश्च ललाटञ्च शिरस्तथा।

हृदयञ्चैव विज्ञेयमुन्नतं षट् प्रशस्यते ॥ ३०२ ॥

নাসিকা, নেত্র, দন্ত, ললাট, মস্তক ও হৃদয়, এই ছয় অঙ্গ উন্নত হইলে প্রশংসনীয় হয়। ৩০২।

पाणिपादतलौ रक्तौ नेत्रान्तरनखानि च।

तालुकाधरजिह्वा च (तालुजिह्वाधरौष्ठञ्च) सप्त रक्तं प्रशस्यते ॥३०३॥

পাণিতল, পাদতল, নয়নের প্রান্তভাগ, নখ, তালু, অধর এবং জিহ্বা, বা ওষ্ঠ এই সপ্ত অঙ্গ রক্তবর্ণ হইলে প্রশস্ত। ৩০৩।

স্বরো বুদ্ধিশ্চ নাভিশ্চ ত্রিগম্ভীর মুদাহৃতম্।
ত্রয়ং যস্য তু বিস্তীর্ণং তস্য শ্রী: সর্ব্বতোমুখী।
উর: শিরো ললাটঞ্চ ত্রিবিস্তীর্ণং প্রশস্যতে॥ ২০৪॥

স্বর, বুদ্ধি ও নাভি, এই তিনটী গম্ভীর হইলেই প্রশস্ত। বক্ষঃস্থল, মস্তক ও ললাট এই তিন স্থান যদি বিস্তীর্ণ হয়, তাহা হইলে তাহা প্রশস্ত। যাঁহার এই তিন অংশ বিস্তীর্ণ, তিনি সর্ব্বতোভাবে লক্ষ্মীর আশ্রয় হইয়া থাকেন। ৩০৪।

কটিবিশালা বহুপুত্রভোগী বিশালহস্তো নরপুঙ্গব: স্যাৎ[বলবান্ ভবেচ্চ]।
উরোবিশালং ধনধান্যভাগী শিরোবিশালং নরপূজিত: স্যাৎ॥ ২০৫॥

যাঁহার কটিদেশ বিশাল, তিনি বহুপুত্রশালী হন। যাঁহার বাহু দীর্ঘ, তিনি নরশ্রেষ্ঠ ও বিপুলবলশালী হন। যাঁহার হৃদয় বিস্তীর্ণ, তিনি ধনধান্যশালী হইয়া থাকেন। যাঁহার মস্তক বিশাল, তিনি মনুষ্যমধ্যে পূজনীয় হন। ৩০৫।

ন শ্রীস্ত্যজতি রক্তাক্ষং নার্থ: কনকপিঙ্গলম্।
দীর্ঘবাহুং ন চৈশ্বর্য্যং ন সৌখ্যং প্রহসন্মুখম্॥ ২০৬॥

যে ব্যক্তির নয়নের প্রান্তভাগ রক্তবর্ণ, লক্ষ্মী তাহাকে কখন পরিত্যাগ করেন না। যাহার শরীর তপ্তকাঞ্চনের ন্যায় গৌরবর্ণ, সে ব্যক্তি কখন নির্দ্ধন হয় না। যে ব্যক্তির দীর্ঘবাহু সে কখন ঐশ্বর্য্য হইতে বিচ্যুত হয় না। মুখ যাহার সর্ব্বদা হাস্যপূর্ণ সে কখন দুঃখভোগ করে না। ৩০৬।

কদাচিদ্দন্তুরো মূর্খ: কদাচিল্লোমশ: সুখী।
কদাচিত্তুন্দিলো দু:খী কদাচিচ্চঞ্চলা সতী॥ ২০৭॥

যাহার দন্ত উন্নত তাদৃশ ব্যক্তিও কখন কখন মূর্খ হয় এবং কখন কখন লোমশ ব্যক্তিও সুখী হইয়া থাকে। যে ব্যক্তি তুন্দিল অর্থাৎ যাহার ভুঁড়ি আছে, তাদৃশ ব্যক্তিও কখন কখন দুঃখভোগ করে। চঞ্চলা কামিনীকেও কখন কখন পতিব্রতা হইতে দেখা যায়।৩০৭।

অকর্ম্মকঠিনৌ হস্তৌ পাদাবধ্বনিকোমলৌ।
যস্য পাণিতলৌ [পাণিপদৌ] রক্তৌ তস্য রাজ্যং বিনির্দ্দিশেত্॥২০৮॥

কর্ম্ম না করিয়াও যাহার হস্তদ্বয় কঠিন হয়, পথভ্রমণ করিয়াও যাহার চরণদ্বয় কোমল থাকে এবং যাহার পাণিতল অথবা পাদতল রক্তবর্ণ, তাদৃশ ব্যক্তি রাজ্য লাভ করে। ৩০৮।

কৃশাতিলোমশা যে নরা: কেকরাক্ষা: কুচেলকা:।
কাতরা ব্যালজিহ্বাশ্চ তে দরিদ্রা ন সংশয়:॥ ২০৯॥

যাঁহাদের সর্ব্বাঙ্গ লোমে আবৃত, যাহারা কৃশ, যাহাদের দৃষ্টি বক্র, যাহাদের পরিচ্ছদ মলিন, যাহারা সর্বদা বিমর্ষভাবাপন্ন এবং যাহাদের জিহ্বা হিংস্র জন্তুর জিহ্বার তুল্য, তাহারা দরিদ্র হয় সন্দেহ নাই। ৩০৯।

কপিলা মলিনাঙ্গাশ্চ হ্রস্বাশ্চৈব বৃহন্নখাঃ ।

কৃশাতিদীর্ঘামনুজা স্তে দরিদ্রা ন সংশয়ঃ ॥ ৩১০ ॥

যাহারা কপিলবর্ণ, যাহাদের শরীর হ্রস্ব ও অঙ্গ মলিন যাহাদের নখ বৃহদাকার অথবা যাহারা কৃশ অথবা সাতিশয় দীর্ঘ, তাহারা দরিদ্র, সংশয় নাই। ৩১০।

চিবুকে শ্মশ্রুশূন্যা যে নির্লোমহৃদয়াশ্চ যে।

তে ধূর্ত্তা নৈব সন্দেহঃ সমুদ্রবচনং যথা ॥ ৩১১ ॥

যাহাদের চিবুকে শ্মশ্রু নাই এবং যাহাদের হৃদয়ে লোম নাই, সমুদ্র বলিয়াছেন যে, তাহারা ধূর্ত্ত, সন্দেহ নাই। ৩১১।

সূচীমুখা ভগ্নপৃষ্ঠাঃ কৃষ্ণদন্তাঃ কুচৈলকাঃ ।

বক্রনাসা বজ্রনাসা (রক্তনাসাশ্চ রক্তাস্যা) স্তে নরা দুষ্টমানসাঃ॥৩১২॥

যাহাদের মুখ ছুঁচাল, যাহাদের পৃষ্ঠদেশ ভঙ্গুর, যাহাদের দন্ত কৃষ্ণবর্ণ, যাহাদের পরিচ্ছদ মলিন ও যাহাদের নাসিকা বক্র বা বজ্রসদৃশ বা রক্তবর্ণ অথবা মুখ রক্তবর্ণ তাহারা দুষ্টচিত্ত, সন্দেহ নাই। ৩১২।

দয়ালবশ্চ দাতারো রূপবন্তো জিতেন্দ্রিয়াঃ ।

পরোপকারিণশ্চৈব তেঽপূর্ব্বা মানবাঃ স্মৃতাঃ ॥ ৩১৩ ॥

যাঁহারা দয়ালু দাতা রূপবান্ জিতেন্দ্রিয় এবং পরোপকারী, তাঁহাদিগকে অপূর্ব্ব মনুষ্য বলিয়া নির্দ্দেশ করা যাইতে পারে। ৩১৩।

সুলক্ষণাপি দুঃশীলা কুলক্ষণশিরোমণিঃ ।

কুলক্ষণাপি যা সাধ্বী সর্ব্বলক্ষণভূস্তু সা ॥ ৩১৪ ॥

যে নারী সুলক্ষণসম্পন্না হইয়াও দুঃশীলা হয়, তাহাকে কুলক্ষণার শিরোমণি বলা যাইতে পারে। যে নারী কুলক্ষণসম্পন্না হইয়াও সাধ্বী হয় তাহাকেই সর্ব্বলক্ষণভূষিতা বলা যায়। (যাহাদিগের কন্যা কুলক্ষণা হয় ও কুলক্ষণ দর্শনে বিবাহ হওয়া দুর্ঘট হইয়া উঠে তাহাদিগের রক্ষার নিমিত্ত ও মনঃপ্রবোধের নিমিত্তই গ্রন্থকার নানা শুভাশুভ লক্ষণ প্রকাশ করিয়া এই বচন লিখিয়াছেন)। ৩১৪।

কৃষ্ণা কপিলকেশী চ মিলিতভ্রূকুটিস্তথা ।

গমনং সত্বরঞ্চৈব ত্যক্তব্যা স্যাৎ সদা বুধৈঃ ॥ ৩১৫ ॥

যে নারী কৃষ্ণবর্ণা অথচ যাহার কেশ পিঙ্গলবর্ণ এবং যাহার ভ্রূকুটি করণকালে ভ্রূদ্বয় মিলিত হয় ও যে নারী সত্বর গমন করে, পণ্ডিতেরা তাদৃশ কুলক্ষণা কন্যা গ্রহণ করিবেন না। ৩১৫।

বিরলা দশনা যস্যাঃ কৃষ্ণৌষ্ঠী কৃষ্ণজিহ্বিকা ।

ভর্ত্তারং প্রথমং হন্তি দ্বিতীয়ঞ্চৈব বিন্দতি ॥ ৩১৬ ॥

যে নারীর দন্তগুলি বিরল ও যাহার ওষ্ঠ ও জিহ্বা কৃষ্ণবর্ণ, সেই রমণীর প্রথম বিবাহিত পতির মৃত্যু হয় এবং সে দ্বিতীয়পতি লাভ করে। ৩১৬।

अङ्गुली विरला यस्याः सलोमगात्रकर्कशा ।
भेकाभेकस्तनी खुद्रा दूरतः परिवर्ज्जयेत् ॥ ३१७ ॥

যে কামিনীর অঙ্গুলি সকল বিরল এবং যাহার গাত্র কর্কশ ও রোমযুক্ত ও যাহার স্তনদ্বয়ের মধ্যে একস্তন ভেকের ন্যায় এবং যাহার আকার খর্ব্ব তাদৃশী নারী সৌভাগ্যবতী হয় না। তাহাকে দূর হইতে পরিবর্জ্জন করিবে। ৩১৭।

त्रीणि यस्याः प्रलम्बानि ललाटमुदरं भगम् ।
त्रीणि सा भक्षयेन्नारी श्वशुरं देवरं पतिम् ॥ ३१८ ॥

যে নারীর ললাট উদর ও ভগ এই তিন অংশ লম্বমান থাকে, সেই রমণী, শ্বশুর পতি ও দেবর এই তিন জনকে ভক্ষণ করে। ৩১৮।

ललाटे श्वशुरं हन्यात् जठरे देवरं तथा ।
भगश्च हन्याद्भर्त्तारं महादोषास्त्रयः स्मृताः ॥ ३१९ ॥

ললাট প্রলম্বিত হইলে শ্বশুরকে নষ্ট করে, উদর প্রলম্বিত হইলে দেবরকে নষ্ট করে এবং ভগ প্রলম্বিত হইলে ভর্ত্তাকে নষ্ট করে; অতএব রমণীদিগের পক্ষে এই তিনটী মহাদোষ কর। ৩১৯।

यस्या अत्युत्कटं नार्य्या वक्षश्च विस्तृतं भवेत् ।
उत्तरौष्ठे च लोमानि शीघ्रं सा भक्षयेत् पतिम् ॥ ३२० ॥

যে রমণীর বক্ষঃস্থল অত্যুৎকট ও বিস্তৃত এবং যাহার উপরের ঠোঁটে লোম দৃষ্ট হয়, সেই নারী শীঘ্রই বিধবা হয়। ৩২০।

नासाग्रे दृश्यते यस्या स्तिलकं मशकोऽपि वा ।
कृष्णदन्ता कृष्णजिह्वा दशाहेन पतिं हरेत् ॥ ३२१ ॥

যে নারীর নাসাগ্রে তিল এবং মশক দৃষ্ট হয় এবং যাহার দন্ত ও জিহ্বা কৃষ্ণবর্ণ সেই নারী দশদিবসের মধ্যে ভর্ত্তাকে বিনষ্ট করে। ৩২১।

सूक्ष्मकेशा तु या कन्या गौरवर्णा च या भवेत् ।
अष्टौ जनयते पुत्रान् प्राप्नोति विपुलं सुखम् ॥ ३२२ ॥

যে কন্যার কেশকলাপ সূক্ষ্ম ও শরীর গৌরবর্ণ হয়, সে কন্যা ক্রমশঃ অষ্টপুত্র প্রসব করে এবং বিপুলসুখশালিনী হয়। ৩২২।

मृदुग्रीवा कम्बुसमा अरोमी हृदयः शुभः ॥ ३२३ ॥

গ্রীবাদেশ হ্রস্ব ও শঙ্খের ন্যায় তিনটী রেখাবিশিষ্ট এবং বক্ষঃস্থল লোমশূন্য হইলে, শুভলক্ষণসংযুক্ত হয়। ৩২৩।

नीलोत्पलनिभं चक्षुर्नासालग्नं सलम्बकम् ।
पृथुले बालेन्दुनिभे भ्रुवौ शुभे ललाटके ॥ ३२४ ॥

যে স্ত্রীর নয়নদ্বয় নীলকমলের দলের ন্যায় আয়ত, উভয়প্রান্তে ক্রমে সূক্ষ্ম, নাসিকার উভয়পার্শ্বে সংলগ্ন ও অধিক পরিমাণে লম্বিত অর্থাৎ আকর্ণ বিশ্রান্ত এবং যাহার ভ্রূযুগল ললাটের উপরিভাগে নবীনচন্দ্রকলার ন্যায় বঙ্কিম ও বিস্তৃত, সে স্ত্রী শুভলক্ষণসম্পন্না হইয়া থাকে। ৩২৪।

ग्रीवा ह्रस्वा च योनिस्तु दीर्घा तत्र कुलक्षयम्।
पृथुगलाः प्रचण्डाश्च स्त्रियः सुरनात्र संशयः॥ ३२५॥

গ্রীবাদেশ ক্ষুদ্র ও যোনি দীর্ঘাকৃতি হইলে স্ত্রীলোকের কুলধ্বংস হইয়া থাকে। যে স্ত্রীর গলা মোটা হয়, সে নিঃসন্দেহ অত্যন্ত প্রচণ্ডা ও কলহপ্রিয়া হয়। ৩২৫।

शिराले विषमे गुल्फे वित्तहीना भवन्ति हि।
दुःखिताः पापनिरता स्योर्द्ध्वनाड़ी च डाकिनी॥ ३२६॥

যে স্ত্রীর গুল্‌ফদেশ শিরাময় ও অসমান, সে স্ত্রী বিত্তহীনা হয়। চরণের নাড়ী ঊর্দ্ধ-দিকে থাকিলে স্ত্রীলোক দুঃখিতা, পাপিষ্ঠা ও ডাকিনী হয়। ৩২৬।

श्लिष्टाङ्गुली ताम्रनखौ पादौ तुच्चशिरान्वितौ।
कूर्मोन्नतौ गूढ़गुल्फौ सा हि स्त्री नृपतेः स्मृता॥ ३२७॥

যে স্ত্রীর চরণের অঙ্গুলিসকল পরস্পর সংলগ্নপ্রায়, নখ তাম্রবর্ণ, পদদ্বয় উচ্চশিরাযুক্ত ও কূর্ম্মপৃষ্ঠের ন্যায় সমুন্নত এবং গুল্‌ফ গূঢ়ভাবাপন্ন হয়, সে রাজস্ত্রী হইয়া থাকে। ৩২৭।

बाहुनेत्रान्तरञ्चैव जानुजङ्घान्तरन्तथा।
कुचयो रन्तरञ्चैव पञ्चदीर्घं प्रशस्यते॥ ३२८॥

বাহুদ্বয়, চক্ষুর মধ্যভাগ, জানুদ্বয়, জঙ্ঘার মধ্যদেশ ও স্তনদ্বয়ের মধ্যস্থল এই পঞ্চ অঙ্গ দীর্ঘ হইলে, প্রশস্ত লক্ষণ বলা যায়। ৩২৮।

मुखमूर्द्ध्वं शरीरस्य विशालञ्च भवेत् सुखम्।
ततोऽपि नासिका श्रेष्ठा श्रेष्ठे तत्रापि चक्षुषी॥ ३२९॥

যাহার মুখপ্রভৃতি শরীরের ঊর্দ্ধভাগ বিশাল এবং নাসিকা সমুন্নত ও চক্ষুঃ প্রশস্ত সেই ব্যক্তি সুখী হইয়া থাকে। ৩২৯।

स्वरं सत्वञ्च नाभिश्च त्रिगम्भीरं प्रशस्यते।
तालु वक्षो ललाटञ्च त्रिविस्तीर्णं सुखावहम्॥ ३३०॥

যে মনুষ্যের স্বর, বুদ্ধি ও নাভি গভীর এবং তালু বক্ষঃস্থল ও ললাট বিস্তীর্ণ সেই ব্যক্তি আজীবন সুখে কালযাপন করিতে পারে। ৩৩০।

वर्णाद्वरतरो देहो देहाद्वरतरः स्वरः।
स्वराद्वरतरं सत्वं सर्व्वं सत्वे प्रतिष्ठितम्॥ ३३१॥

বর্ণের সৌন্দর্য্য হইতে দেহের সৌন্দর্য্যের প্রাধান্য, দেহের সৌন্দর্য্য হইতে স্বরের মাধুর্য্য শ্রেষ্ঠ; স্বরের মাধুর্য্য হইতে বুদ্ধির প্রাখর্য্য প্রধান; যেহেতু বুদ্ধিদ্বারাই সকল কার্য্য সম্পাদিত হয়। ৩৩১।

अयवस्य कुतो विद्या मत्स्यहीने कुतो धनम्।
अपुच्छस्य कुतो विद्या अयवस्य कुतो धनम्।

ऊर्द्ध्वरेखाविहीनस्य कुतो राज्यं कुतो यशः ॥ ३३२ ॥

যে ব্যক্তির হস্তে যবচিহ্ন নাই সে ব্যক্তির বিদ্যা ও ধন হয় না। যাহার হস্তে মৎস্য ও পুচ্ছচিহ্ন দৃষ্ট হয় না, তাহার বিদ্যা কিম্বা ধন হয় না। যাহার পদতলে বা করতলে ঊর্দ্ধরেখা না থাকে, সে ব্যক্তি রাজ্যের অধিকারী বা কীর্ত্তিভাগী হইতে পারে না। ৩৩২।

भोगी धनी स्यादुदरे विशाले विशालकव्यास्य कटी विशाले ।

बहुपुत्रदारोऽपि विशालपादो धनान्वितः स्यात् स विशालचक्षुः ॥३३३॥

যে মনুষ্যের উদর বিশাল সেই ব্যক্তি ভোগী ও ধনবান্ হয়। যাহার কটীদেশ বিশাল তাহার বহু স্ত্রী ও পুত্র হয় এবং পাদদ্বয় ও চক্ষুঃ যুগল বৃহৎ হইলে সেই ব্যক্তি ধনবান্ হইয়া থাকে। ৩৩৩।

दन्तस्नेहेन सौभाग्यं लभते नात्र संशयः ।

केशस्नेहेन सौभाग्यं नेत्रस्नेहेन वस्त्रता ।

सर्व्वाङ्गेण च यः स्निग्धः प्राप्नोति विपुलं धनम् ॥ ३३४ ॥

যাহার দন্তগুলি ও কেশ স্নিগ্ধ সেই ব্যক্তি নিশ্চয় সৌভাগ্য লাভ করে। যে ব্যক্তির নেত্র চাকচক্যশালী তাহার বস্ত্র লাভ হয় এবং যাহার সর্ব্বশরীর স্নিগ্ধ সেই মনুষ্য বিপুলধন প্রাপ্ত হয়। ৩৩৪।

आदौ पाणितले रेखा जानौ पादे तथैव च ।

जङ्घयोर्लक्षणञ्चैव ओष्ठस्य (चिवुकस्य) चिकुरस्य च ।

गण्डयोः पार्श्वयोश्चैव ललाटस्य च लक्षणम् ।

सर्व्वाङ्गाननासानां दन्तस्य लक्षणन्तथा ॥ ३३५ ॥

স্ত্রী কিম্বা পুরুষের সকলেরই প্রথমতঃ কররেখা পরীক্ষা করিবে। তৎপরে জানু, পদ, জঙ্ঘা, ওষ্ঠ, কেশ, বা চিবুক, গণ্ড, পার্শ্ব ও ললাট, সর্ব্বাঙ্গ, মুখ, নাসা ও দন্তের লক্ষণ বিবেচনা করিয়া শুভাশুভ ফল নির্ণয় করিবে। ৩৩৫।

चन्द्रमुखी च या कन्या बालसूर्य्यसमप्रभा ।

विशालनेत्रा रक्ताक्षी तां कन्यां वरयेद्बुधः ॥ ३३६॥

যে কন্যার মুখ চন্দ্রের ন্যায় সুদৃশ্য দেহকান্তি বাল সূর্য্যের ন্যায় সমুজ্জ্বল চক্ষুঃ বিস্তৃত ও রক্তবর্ণ সেই কন্যা বিবাহে শুভ ফল হইয়া থাকে। ৩৩৬।

नातिस्थूला सूक्ष्मकेशी नातिदीर्घा सुमध्यमा ।

पीनस्तनी मृगनेत्रा सा नारी सुखमेधते ॥ ३३७ ॥

যে নারীর নাভি স্থূল কেশগুলি অতি সূক্ষ্ম যাহার আকৃতি অতি দীর্ঘ নহে কটিদেশ ক্ষীণ স্তনদ্বয় পীন এবং চক্ষুঃ মৃগনেত্রবৎ সুদৃশ্য সেই নারী আজীবন সুখভোগ করে। ৩৩৭।

यस्याः पादौ मुखं नेत्रे स्निग्धे धन्यानखस्तथा ।

अधरौष्ठानि वक्राणि तां कन्यां रमयेद्बुधः ॥ ३३८॥

যে কন্যার পাদদ্বয়, মুখ ও নেত্র স্নিগ্ধ সেই কন্যা যশস্বিনী হয়। যাহার নখ, অধর ও ওষ্ঠ বক্র তাহাকে বিবাহ করিলে সুখসম্ভোগ হইয়া থাকে। ৩৩৮।

यस्यास्त्रिरेखा ग्रीवायां कुक्षिरेखास्तथैव च।
सुखस्य भागिनी स्याच्च भूपतिः स्याल्ललाटकैः ॥ ३३९ ॥

যাহার গ্রীবাতে ও উদরে তিনটী রেখা দৃষ্ট হয় সেই নারী সুখভাগিনী হয়। পুরুষের ললাটে ঐরূপ রেখা থাকিলে সেই পুরুষ ভূপতি হয়। ৩৩৯।

यस्याः करतले पादे चोर्द्ध्वरेखा च दृश्यते।
यदि नीचकुले जाता राजपत्नी भवेद्ध्रुवम् ॥ ३४० ॥

যে নারীর হস্তে ও পাদে ঊর্দ্ধরেখা দৃষ্ট হয় সেই স্ত্রী নীচকুলজাতা হইলেও রাজপত্নী হইয়া থাকে। ৩৪০।

राजहंसगतिर्व्वापि मत्तमातङ्गगामिनी।
सिंहशार्द्दूलमध्या च सा भवेत् सुखभागिनी ॥ ३४१ ॥

যে স্ত্রীর গমন রাজহংস কিম্বা মত্ত মাতঙ্গের ন্যায় ধীর ও মধ্যভাগ সিংহ অথবা ব্যাঘ্রের মধ্যভাগের ন্যায় কৃশ সেই নারী সুখভাগিনী হয়। ৩৪১।

गौराङ्गी वा तथा कृष्णा स्निग्धमङ्गं मुखं तथा।
दन्ताः स्तनं शिरो यस्याः सा कन्या सुखमेधते ॥ ३४२ ॥

যে স্ত্রীর শরীর গৌরবর্ণ বা কৃষ্ণবর্ণ, অঙ্গ, মুখ, দন্ত, স্তন ও শিরোদেশ স্নিগ্ধ সেই নারী আজীবন সুখভাগিনী হইয়া থাকে। ৩৪২।

मृदङ्गी मृगनेत्रा च मृगजानु मृगोदरी।
दासीजाता च सा कन्या राजानं पतिमाप्नुयात् ॥ ३४३ ॥

যে নারীর অঙ্গ কোমল, নেত্র হরিণের চক্ষুর ন্যায় এবং জানু ও উদর মৃগের জানু ও উদরের ন্যায় সেই স্ত্রী দাসীগর্ভপ্রসূতা হইলেও রাজাকে পতিলাভ করে। ৩৪৩।

आरक्तं पृष्ठतो यस्याः सर्व्वाङ्गं गौर मेव च।
आवर्त्तनी दीर्घनासा राजपत्नी भवेद्ध्रुवम् ॥ ३४४ ॥

যে নারীর সর্ব্বাঙ্গ গৌরবর্ণ পৃষ্ঠদেশ কিঞ্চিৎ রক্তাভ ও নাসিকা আবর্ত্তযুক্ত ও দীর্ঘ সেই নারী রাজপত্নী হইয়া থাকে। ৩৪৪।

यस्याः करतले पादे दृश्यते चिह्नमुत्तमम्।
रथं वज्रं ध्वजं चक्रं विभूतिरचला भवेत् ॥ ३४५ ॥

যে নারীর করতলে ও পাদতলে রথ, বজ্র, ধ্বজ ও চক্রাকার চিহ্ন দৃষ্ট হয় সেই নারীর অতুল ঐশ্বর্য্য হয়। ৩৪৫।

यस्याः रेखान्वितौ बाहू मुखे च तिलकं ध्रुवम्।
अधरोष्ठौ सरलौ च क्षिप्रं वैधव्यलक्षणम्॥ ३४६॥

যে স্ত্রীর বাহুদ্বয় রেখান্বিত, মুখে তিলচিহ্ন দৃষ্ট হয় এবং অধর ও ওষ্ঠ সরল সেই নারী বিবাহের অব্যবহিত পরেই বিধবা হয়। ৩৪৬।

यस्याः कुटिलकेशाश्च नेत्रमुत्पलसन्निभम्।
नाभिश्च दक्षिणावर्त्ता सा नारी सुखमेधते॥ ३४७॥

যাহার কেশগুলি কুটিল, নেত্র যুগল নীলোৎপল পত্রের ন্যায় ও নাভি দক্ষিণাবর্ত্ত সেই নারী যাবজ্জীবন সুখ ভোগ করে। ৩৪৭।

अतिनीला स्निग्धकेशी सुमुखी च सुमध्यमा।
सुभ्रू जङ्घा सुनासा च सा कन्या सुखमेधते॥ ३४८॥

যে নারীর কেশগুলি অতি নীলবর্ণ ও সুস্নিগ্ধ, মুখশোভা অতি মনোহর, মধ্যভাগ ভ্রূ, জঙ্ঘা ও নাসিকা অতি সুন্দর সে স্ত্রী সুখভাগিনী হয়। ৩৪৮।

या सुवर्णा प्रसन्नाक्षी सुलोमा च मृदूदरी।
पद्मपत्रसमाक्षी च पुत्त्रैः सार्द्धं प्रवर्द्धते॥ ३४९॥

যে কন্যার বর্ণ সমুজ্জ্বল, লোম সুকোমল, উদর মৃদু চক্ষুঃ পদ্মপত্রের ন্যায় আয়ত ও প্রসন্ন সেই কন্যা সপুত্রে বৃদ্ধি পায়। ৩৪৯।

स्निग्धकेशी विशालाक्षी सुस्था वीरा मृदुत्वचा।
सुमुखी सुभगा कन्या तां कन्यां वरयेद्बुधः॥ ३५०॥

যে কন্যার কেশ স্নিগ্ধ, নয়ন যুগল বিশাল, শরীর সুস্থ ও সবল, গাত্র চর্ম্ম অতি কোমল, মুখ অতি সুন্দর সেই সুভগা কন্যাকে বিবাহ করিলে পতির সৌভাগ্য বৃদ্ধি হয়। ৩৫০।

नाभिर्हस्ततलञ्चैव पृष्ठमध्यन्तथैव च।
त्रीणि यस्य गभीराणि राज्यं तस्य विनिर्द्दिशेत्॥ ३५१॥

যে পুরুষের নাভি, হস্ততল ও পৃষ্ঠমধ্য এই তিন স্থান গভীর থাকে সেই মনুষ্য রাজ্যভোগ করে। ৩৫১।

कपालं हृदयञ्चैव पादतलन्तथैव च।
यस्यैतत्त्रयविस्तीर्णं तस्य श्रीः सर्व्वतोमुखी॥ ३५२॥

যে মনুষ্যের কপাল, হৃদয় ও পাদতল এই তিন স্থান বিস্তীর্ণ সেই পুরুষের সর্ব্বপ্রকার সম্পদ বৃদ্ধি হইয়া থাকে। ৩৫২।

यस्योन्नतं ललाटञ्च ताम्रवर्णञ्च दृश्यते।
रेखाहीनश्च कुक्षिश्च स चोन्मत्तो भ्रमेन्महीम्॥ ३५३॥

যে ব্যক্তির ললাটদেশ উন্নত ও তাম্রবর্ণ দৃষ্ট হয় এবং উদরে কোন রেখা থাকে না সে ব্যক্তি উন্মত্ত হইয়া সমস্ত পৃথিবী ভ্রমণ করে। ৩৫৩।

অনিম্নাক্ষাশ্চ যে কাণা বধিরাঃ স্থূলদেহিনঃ।

স্থূলাশ্চ খঞ্জগতয়ো নরা দুষ্টা ন সংশয়ঃ॥ ৩৫৪॥

যে সকল মনুষ্যের চক্ষুঃ নিম্ন নহে অথচ এক চক্ষুতে দৃষ্টি করে, যাহারা বধির ও স্থূল-দেহ এবং খঞ্জগতি (খোঁড়া) সেই সকল মনুষ্যকে দুষ্টাশয় বলিয়া নিশ্চয় করিবে। ৩৫৪।

শতং কাণে চ খঞ্জে চ অশীতির্ভণ্ডচৌরয়োঃ।

খর্ব্বে চ ষষ্টির্দোষঃ স্যাৎ কুব্জস্যান্তং ন বিদ্যতে॥ ৩৫৫॥

কাণ অর্থাৎ একচক্ষুর্হীন ও খঞ্জ ব্যক্তির শতপ্রকার দোষ, ভণ্ড ও চৌরের অশীতি-প্রকার দোষ এবং যে ব্যক্তি অতি খর্ব্ব তাহার শরীরে ষষ্টি প্রকার দোষ থাকে এবং কুব্জ ব্যক্তির এত অধিক দোষ থাকে যে, তাহা সংখ্যা করা যায় না। ৩৫৫।

স্থূলাঙ্গামলিনাশ্চৈব রমকাঃ প্রাণহারকাঃ।

মাংসপ্রিয়া নাস্তিকাশ্চ তে জাতা ব্যাধযোনয়ঃ॥ ৩৫৬॥

যে সকল ব্যক্তি স্থূলাঙ্গ মলিনবেশধারী ও অতিরমণপ্রিয়, যাহারা অন্যের প্রাণ সংহার করিতে পারে আর যে সকল মনুষ্য অতি মাংসপ্রিয় ও নাস্তিক অর্থাৎ ঈশ্বর স্বীকার করে না তাহারা পূর্ব্বজন্মে ব্যাধ সন্তান ছিল। ৩৫৬।

ত্রাসযুক্তাঃ কর্ম্মরতাঃ স্বোদরপূরণে রতাঃ।

ব্যবহারবিহীনাশ্চ তে পূর্ব্বে পশুজাতয়ঃ॥ ৩৫৭॥

যাহারা সর্ব্বদা ত্রাসযুক্ত, কার্য্যনিরত ও কোন প্রকার লৌকিকাদি ব্যবহারে দৃষ্টিপাত না করিয়া কেবল আত্মোদর পূরণে নিরত থাকে তাহারা পূর্ব্বজন্মে পশুযোনিজাত ছিল। ৩৫৭।

ইতস্ততো ভ্রমেন্নিত্যং গহনেষু পৃথূদরঃ।

ভীতিযুক্তাঃ স্বল্পকায়া স্তে জাতাঃ পক্ষিযোনয়ঃ।

সর্ব্বকার্য্যেষু যে ক্ষুদ্রাস্তে পূর্ব্বে ক্ষুদ্রজাতয়ঃ॥ ৩৫৮॥

যাহারা ক্ষুদ্রকায়, বৃহৎ উদরবিশিষ্ঠ, সর্ব্বদা ভীতিযুক্ত এবং ইতস্ততঃ গহনকাননে ভ্রমণ করে তাহারা পূর্ব্বজন্মে পক্ষিযোনিজাত ছিল ইহা নিশ্চয় করিবে। সর্ব্বকার্য্যে যাহাদিগের ক্ষুদ্রাশয়তা প্রকাশ পায় তাহারা পূর্ব্বজন্মে অতি ক্ষুদ্রজাতি ছিল বলিয়া নিশ্চয় করিবে। ৩৫৮।

কালস্কন্ধা মহোক্ষাশ্চ ভীমা ভীমপরাক্রমাঃ।

বহ্বাশিনঃ সর্ব্ববৈরাস্তে পূর্ব্বে রাক্ষসাঃ স্মৃতাঃ॥ ৩৫৯॥

যাহাদিগের স্কন্ধদেশ অতি ভয়ঙ্কর চক্ষুঃ বৃহৎ, আকৃতি ও পরাক্রম ভয়ঙ্কর ও যাহাদিগের আশা অধিক ও সকলের সহিত সর্ব্বদা শত্রুতা হয়, তাহারা পূর্ব্বজন্মে রাক্ষসযোনিজাত ছিল ইহা জানিবে। ৩৫৯।

शुचि रत्यन्तदाता च भूमिजीवी च गोहितः ।
चातुर्वर्णाः समाजाता ज्ञातव्याः क्रमशो बुधैः ॥ ३६० ॥

যাহারা শুদ্ধচিত্ত তাহারা ব্রাহ্মণ, যাহারা অতি দানশীল তাহারা ক্ষত্রিয়, যাহারা ভূমিজীবী তাহারা বৈশ্য ও যাহারা সর্ব্বদা ধেনুর হিতসাধনে তৎপর থাকে তাহারা পূর্ব্ব-জন্মে শূদ্রজাতি ছিল ইহা নিশ্চয় করিবে। ৩৬০।

अतिमेधातिकीर्त्तिश्च विक्रमश्च सुखानि च ।
प्रथमे वयसि दृश्यन्तेऽल्पायुश्च भवेन्नरः ॥ ३६१ ॥

যে ব্যক্তি প্রথম বয়সে অতি মেধাবী, যশস্বী, বিক্রমশালী ও সুখভোগী দৃষ্ট হয় সেই ব্যক্তি অল্পায়ুঃ হইয়া থাকে। ৩৬১।

काकवक्त्रा च निर्म्मांसा बहुलोमसमन्विता ।
एतत् सर्व्वं प्रयत्नेन वर्ज्जयेत् पण्डितः सदा ॥ ३६२ ॥

যে স্ত্রী কাকবক্ত্রা, অতি কৃশা ও বহুলোমবিশিষ্টা পণ্ডিতগণ উক্ত লক্ষণান্বিত কন্যাকে বিবাহকার্য্যে যত্নপূর্ব্বক বর্জন করিবে। ৩৬২।

संक्षेपतस्ते कथितं मयैतत् विलक्षणं चारुनितम्बिनीनाम् ।
प्रायो विरूपाः प्रभवन्ति दोषा यत्राकृतिस्तत्र गुणा वसन्ति ॥ ३६३ ॥

উক্ত প্রকার সুন্দরী স্ত্রীদিগের শুভাশুভ লক্ষণ সংক্ষেপে কথিত হইল। যাহারা বিরূপা তাহারা প্রায় দোষান্বিতা হয় এবং যাহাদিগের আকৃতির সৌন্দর্য্য দৃষ্ট হয় সেই সকল স্ত্রীতে গুণরাশি বাস করে। ৩৬৩।

अतिसितन्तथा कृष्णमतिरक्तन्तथैव च ।
एतत् सर्व्वं यत्नेन बुधेन परिहार्य्यते ॥ ३६४ ॥

যে সকল কন্যা অতি শুক্লবর্ণা, অতি কৃষ্ণবর্ণা বা অতি রক্তবর্ণা সেই সকল কন্যাকে পণ্ডিতগণ বিবাহ কার্য্যে বর্জন করিবে। ৩৬৪।

दन्ताश्च विरला यस्य गण्डे कूपोऽपि जायते ।
परस्त्रीरमणो नित्यं परवित्तेन वित्तवान् ॥ ३६५ ॥

যাহার দন্ত বিরল ও গণ্ডস্থলে কূপাকার দৃষ্ট হয় সেই ব্যক্তি পরস্ত্রীগামী ও পরধনে ধনবান্ হইয়া থাকে। ৩৬৫।

स्निग्धनीलाश्च मृदवो मूर्द्धजाः कुञ्चिताः कचाः ।
स्त्रीणां समं शिरः श्रेष्ठं गमनं हंसवत्तथा ॥ ३६६ ॥

স্ত্রীলোকের কেশকলাপ স্নিগ্ধ নীলবর্ণ কোমলস্পর্শ ও কুঞ্চিত, মস্তক সমবর্ত্তুল এবং গমন হংসের ন্যায় মন্থর হইলে, শুভলক্ষণ সম্পন্ন হয়। ৩৬৬।

নিঃস্বশ্চিপিটকণ্ঠঃ স্যাচ্ছিরাশুষ্কগলঃ সুখী ।

শূরঃ স্যান্মহিষগ্রীবঃ শাস্ত্রান্তো মৃগকণ্ঠকঃ ।

কম্বুগ্রীবশ্চ নৃপতির্লম্বকণ্ঠোঽতিভিক্ষুকঃ ॥ ২৬৩ ॥

যাহার কণ্ঠদেশ চিপিটাকার সে নিঃস্ব, যাহার গলদেশ শিরাদ্বারা শুষ্কবৎ প্রতীত হয় সে সুখী, যাহার গ্রীবাদেশ মহিষের গ্রীবার ন্যায় দৃঢ় সে বীর, যাহার কণ্ঠদেশ হরিণের কণ্ঠের ন্যায় কৃশ সে নানাশাস্ত্রে সুপণ্ডিত, যাহার গ্রীবাদেশ শঙ্খের ন্যায় রেখা-ত্রয় সুলাঞ্ছিত সে রাজা এবং যাহার কণ্ঠদেশ প্রলম্বিত সে মহাভিক্ষুক হইয়া থাকে। ৩৬৭।

METOPOSCOPY.

ললাটরেখা ।

ললাটে যস্য দৃশ্যন্তে তিস্রো রেখাঃ সমাহিতাঃ ।

সুখী পুত্রসমাযুক্তঃ স ষষ্টিং জীবতে নরঃ ॥ ১ ॥

যাহার ললাটে তিনটী রেখা দৃষ্ট হয়, সে ব্যক্তি সুখী ও পুত্রবান্ হয় এবং ৬০ ষাট-বৎসর জীবিত থাকে। ১।

চত্বারিংশচ্চ বর্ষাণি দ্বিরেখাদর্শনান্নরঃ ।

বিংশত্যব্দমেকরেখা আকর্ণা চ শতায়ুষঃ ॥ ২ ॥

কপালে দুইটী রেখা দৃষ্ট হইলে মনুষ্য ৪০ চল্লিশ বৎসর ও একরেখায় ২০ কুড়িবৎসর জীবিত থাকে। যাহার কপালের মধ্যভাগ হইতে উভয় পার্শ্বে কর্ণপর্য্যন্ত একটী মাত্র রেখা বিস্তৃত থাকে, সে ব্যক্তি ১০০ একশত বৎসর ব্যাপী পরমায়ুঃ লাভ করে। ২।

সপ্তত্যায়ু র্দ্বিরেখে তু ষষ্ট্যায়ুস্ত্রিস্থভির্ভবেৎ ।

ব্যক্তাব্যক্তাভী রেখাভি র্বিংশত্যায়ু র্ভবেন্নরঃ ॥ ৩ ॥

ললাটে দুইটী রেখা থাকিলে মনুষ্য ৭০ সপ্ততি বর্ষ ও তিনটী রেখা থাকিলে ৬০ ষষ্টিবর্ষ পরমায়ুঃ লাভ করিয়া থাকে। কপালে স্পষ্ট ও অস্পষ্ট কতকগুলি রেখা যাহার থাকে, সে ব্যক্তি ২০ বিংশতি বর্ষজীবী হয়। ৩।

চত্বারিংশচ্চ বর্ষাণি হীনরেখস্তু জীবতি ।

ভিন্নাভিশ্চৈব রেখাভি রপমৃত্যুর্নরস্য হি ॥ ৪ ॥

কপালে একটী মাত্র রেখাও না থাকিলে, মনুষ্য ৪০ চল্লিশ বৎসর বাঁচিয়া থাকে। যাহার ললাটে ছিন্ন ভিন্ন করা কতকগুলি রেখা থাকে, তাহার অপমৃত্যু ঘটিয়া থাকে। ৪।

त्रिशूलं पट्टिशं वापि ललाटे यस्य दृश्यते ।
धनपुत्रसमायुक्तः स जीवेत् शरदः शतम् ॥ ५ ॥

যাহার কপালে ত্রিশূল বা পট্টিশ চিহ্ন দেখিতে পাওয়া যায় সে ব্যক্তি ধনবান্ ও বহুসন্তান সমন্বিত হয় এবং ১০০ একশত বৎসর জীবিত থাকে। ৫।

उन्नते र्विपुलैः शङ्खै र्ललाटै र्विषमैस्तथा ।
निर्धनाधनवन्तश्च अर्द्धेन्दुसदृशै र्नराः ॥ ६ ॥

যে ব্যক্তির কপাল উন্নত, বিশাল, শঙ্খাকৃতি, উচ্চনীচ বা অর্দ্ধচন্দ্রাকার হয়; সে ব্যক্তি নির্ধন হইলেও বিভবশালী হয়। ৬।

आचार्य्याः शुक्तिविशालैः शिरालैः पापकारिणः ।
उन्नताभिः शिराभिश्च स्वस्तिकाभिर्धनेश्वराः ॥ ७ ॥

যাহার কপাল ঝিনুকের ন্যায় আকার বিশিষ্ট ও বিপুল আয়ত হয়, সে ব্যক্তি অধ্যাপক হইয়া থাকে। ললাটদেশ অনেক শিরাবিশিষ্ট হইলে সে মনুষ্য পাপী হয়। স্বস্তিকনামক মাঙ্গল্যদ্রব্যের ন্যায় চিহ্ন যাহার কপালে দৃষ্ট হয় এবং উহা উন্নতশিরাসমূহে পরিব্যাপ্ত থাকে, তাহা হইলে সে ব্যক্তি মহাধনবান্ হয়। ৭।

निम्नै र्ललाटै र्वधार्हाः क्रूरकर्म्मरता स्तथा ।
सम्वृतैश्च ललाटैश्च कृपणा उन्नतै र्नृपाः ॥ ८ ॥

ললাটদেশ নিম্ন হইলে মনুষ্য বধযোগ্য ও নিষ্ঠুরকার্য্যে রত হয়, আবৃত হইলে কৃপণ ও উন্নত হইলে রাজা হয়। ৮।

ललाटोपसृतास्तिस्रो रेखाः स्युः शतवर्षिणाम् ।
नृपत्वं स्याच्चतसृभिरायुः पञ्चनवत्यथ ॥ ९ ॥

ললাটে তিনটী রেখা থাকিলে মনুষ্য ১০০ শতবর্ষজীবী এবং চারিটী রেখা থাকিলে ৯৫ পঞ্চনবতি বৎসরজীবী ও রাজা হয়। ৯।

केशान्तोपगताभिश्च अशीत्यायु र्नरो भवेत् ।
नवतिः स्याद्रेखाभि र्विच्छिन्नाभिस्तु पुंश्चलः ॥ १० ॥

যাহার ললাটে রেখা কেশের অন্তভাগ-পর্য্যন্ত বিস্তৃত থাকে, সে ব্যক্তির পরমায়ুঃ ৮০ অশীতি বৎসর হয়। যাহার কপাল রেখাশূন্য হয়, সে ব্যক্তি ৯০ নবতিবৎসর-পর্য্যন্ত জীবিত থাকে। যাহার কপালে রেখাগুলি পৃথক্ পৃথক্ অঙ্কিত থাকে, সে ব্যক্তি লম্পট হয়। ১০।

पञ्चभिः (नवभिः) सप्तभिः षड्भिः पञ्चाशद्भिस्तथा ।
चत्वारिंशच्च वक्राभि (वक्राभिः) स्त्रिंशद्भ्रूतलगामिभिः ।
विंशति र्वामवक्राभि रायुः क्षुद्राभिरल्पकम् ॥ ११ ॥

ললাটে যাহার পাঁচটী ছয়টী, সাতটী, নয়টী অথবা অনেকগুলি রেখা থাকে, তাহার ৫০ পঞ্চাশবৎসর পরমায়ুঃ হয়। কপালে রক্তবর্ণ বা বক্ররেখা থাকিলে আয়ুঃ ৪০ চল্লিশবৎসর ব্যাপী হয় এবং ভ্রূতলপর্য্যন্ত আয়ত রেখা থাকিলে আয়ুঃ ৩০ তিরিশবৎসর স্থায়ী হয়। যাহার কপালে রেখাসমূহ বামদিকে বক্র হইয়া অঙ্কিত থাকে, তাহার ২০ বিংশতিবর্ষ পরমায়ুঃ হয়। এই সকল রেখা ক্ষুদ্র হইলে, জীবনের পরিমাণ অতি অল্প হয়। ১১।

न पृथू वालेन्दुनिभे भ्रुवौ चाथ ललाटकम्।
शुभमर्द्धेन्दुसंस्थानमतुङ्गं स्यादलोमकम्॥ १२॥

যে কামিনীর ভ্রূযুগল অনতি বিশাল ও নবোদিত শশিকলার ন্যায় মনোহর ও বক্রাকৃতি এবং ললাটদেশ লোমশূন্য, অনুন্নত এবং অৰ্দ্ধচন্দ্রাকার, সেই স্ত্রী শুভদায়িকা হয় ১২।

प्रलम्बिनी ललाटे तु देवरं हन्ति चाङ्गना॥ १३॥

দীর্ঘাকার রেখাবিশেষকে প্রলম্বিনী কহা যায়। ঐ রেখা যে স্ত্রীর কপালে থাকে, তাহার দেবরের বিনাশ হইয়া থাকে। ১৩।

ललाटे दृश्यते यस्य वक्ररेखाचतुष्टयम्।
अशीत्यायुः समाप्नोति पञ्चरेखाः शतं समाः॥ १४॥

যাহার ললাটে চারিটী বক্রাকার রেখা থাকিবে, তাহার ৮০ অশীতি বর্ষ পরমায়ুঃ হইবে। যাহার ললাটে পাঁচটী সমানাকার রেখা থাকিবে, সে ব্যক্তি ১০০ শত বৎসর জীবিত থাকে। ১৪।

यस्योन्नतं ललाटञ्च ताम्रवर्णञ्च दृश्यते।
रेखाहीनश्च कक्षश्च स चोन्मत्तो महीं भ्रमेत्॥ १५॥

যাহার ললাট তাম্রবর্ণ ও উন্নত হইবে এবং যাহার কক্ষদেশে কোন রেখা লক্ষিত হইবে না, সেই ব্যক্তি উন্মত্ত হইয়া পৃথিবী পরিভ্রমণ করিবে। ১৫।

शुभमर्द्धेन्दुस्थानमतुङ्गं स्यादलोमशम्।
नृपतीनां भवेच्चिह्नं ललाटं शुभदर्शनम्॥ १६॥

যাহার কপাল অৰ্দ্ধচন্দ্রাকার, অনুচ্চ, লোমবিহীন ও দেখিতে সুন্দর, সে ব্যক্তি রাজা ও মঙ্গলাস্পদ হয়। ১৬।

भालः शिराविरहितो निर्लोमोऽर्द्धेन्दुसन्निभः।
अनिम्नस्त्र्यङ्गुलो नार्य्याः सौभाग्यारोग्यकारणम्।
व्यक्तस्वस्तिकरेखञ्च ललाटं राज्यसम्पदे॥ १७॥

স্ত্রীলোকের কপাল শিরাশূন্য, রোমবিহীন, অৰ্দ্ধচন্দ্রাকার, অনিম্ন ও তিন অঙ্গুলী পরিমিত হইলে, সে অরোগিণী ও সৌভাগ্যবতী এবং সুস্পষ্ট স্বস্তিক রেখা সমন্বিত থাকিলে, রাজ্যাধিকারিণী ও বিভবশালিনী হইয়া থাকে। ১৭।

भालगेन त्रिशूलेन निर्म्मितेन स्वयम्भुवा ।
नितम्बिनीसहस्राणां स्वामित्वं योषिदाप्नुयात् ॥ १८ ॥

যে স্ত্রীলোকের কপালে ত্রিশূল চিহ্ন থাকে, সে স্ত্রী সহস্র সহস্র স্ত্রীলোকের প্রভুত্ব প্রাপ্ত হয়। ১৮।

उन्नतेन ललाटेन धनाढ्यो जायते नरः ।
विषमेण ललाटेन दुःखितो दुर्ज्जनो नरः ।
ललाटे चार्द्धचन्द्राद्यै र्ज्जायते पृथिवीपतिः ॥ १९ ॥

ললাট উন্নত হইলে মনুষ্য ধনশালী এবং অসমান হইলে দুঃখী ও দুরাত্মা হয়। ললাটে অর্দ্ধচন্দ্র আদির ন্যায় আকার বিশিষ্ট রেখা থাকিলে মনুষ্য রাজা হয়। ১৯।

विपुलेन ललाटेन धनाढ्यो जायते नरः ।
अल्पेन च ललाटेन चाल्पायु र्जायते नरः ।
खरक्रयकरी नित्यं प्राप्नोति बधबन्धनम् ॥ २० ॥

যাহার ললাটদেশ সুবিশাল হয় সে ব্যক্তি ঐশ্বর্য্যশালী হয়। ললাট ক্ষুদ্র হইলে মনুষ্য অল্পজীবী ও বধ ও বন্ধন প্রাপ্ত হয় এবং সর্ব্বদা গর্দ্দভ আদি ক্রয় বিক্রয় দ্বারা জীবনযাত্রা নির্বাহ করে। ২০।

त्रिशूलं कुलिशं चापं ललाटे यस्य दृश्यते ।
ईश्वरं तं विजानीयात् प्रमदाजनवल्लभः ॥ २१ ॥

যে মানবের ললাটস্থলে বজ্র, ত্রিশূল এবং ধনুর চিহ্ন পরিদৃষ্ট হয়, সে ব্যক্তি সকলের প্রভু ও অঙ্গনাগণের প্রিয় হয়। ২১।

पञ्चभिः शतमादिष्टो ह्यशीतिः षड्भिरेव च ।
भवेत्सप्तति स्त्रिभिर्द्वाभ्यां वै विंशतिद्वयम् ।
रेखैकेन ललाटेन विंशत्यायुः प्रकीर्त्तितम् ।
अरेखेण ललाटेन विज्ञेयं पञ्चविंशतिः ॥ २२ ॥

কপালে পাঁচটী রেখা থাকিলে মানবের ১০০ একশত, ছয়টী রেখায় ৮০ আশী, তিনটীতে ৭০ সত্তর, দুইটীতে ৪০ চল্লিশ এবং একটীতে ২০ কুড়ি বৎসর পরমায়ুঃ হইয়া থাকে। কপালে একটীও রেখা না থাকিলে, ২৫ পঁচিশ বৎসর মানুষের জীবন হয়। ২২।

रेखाः पञ्च ललाटस्थाः समाः कर्णान्तलोचनः ।
भवेत्तं यस्य गम्भीरं तं विद्यात् सफलायुषम् ॥ २३ ॥

যাহার ললাটে পাঁচটী সমানাকার রেখা থাকে এবং চক্ষুর্দ্বয় আকর্ণবিশ্রান্ত ও সুগভীর হয়, তাহাকে সার্থকজন্মা বলিয়া জানিবে। ২৩।

रेखाचतुष्टयं यस्य ललाटे च पदृश्यते ।
चिरायुषोऽपि विद्वांश्च सुखभोगादिभिर्युतः ॥ २४ ॥

যাহার কপালে চারিটী রেখা দৃষ্ট হয়, সে চিরজীবী, বিদ্বান্, সুখী ভোগী ও সম্পত্তিশালী হয়। ২৪।

पञ्चरेखा भवेद्यस्य सुतसौख्यस्य कारणम् ।
हीनायुश्च त्रिरेखायां रेखैकेण नृपो भवेत् ॥ २५ ॥

কপালে পঞ্চ রেখা থাকিলে পুত্রপৌত্রাদিযুক্ত ও সুখী, তিন রেখা থাকিলে আয়ুহীন ও এক রেখা থাকিলে রাজা হয়। ২৫।

ललाटे दृश्यते यस्य समरेखाचतुष्टयम् ।
ग्रीवारेखाः पञ्च यस्य शुभं तस्य विनिर्द्दिशेत् ॥ २६ ॥

কপালে চারিটী সমানাকার রেখা ও গ্রীবাদেশে কেবল পাঁচটী রেখা থাকিলে, মানবের শুভ হয়। ২৬।

ललाटे दृश्यते रेखा स्वतन्त्रः पाण्डुरूपिकाः ।
अविच्छिन्ना विवर्णाः स्युरशीत्यायुः प्रकीर्त्तितः ॥ २७ ॥

পাণ্ডুবর্ণ বা বিবর্ণ ও ছেদবিহীন চারিটি রেখা কপালে দৃষ্ট হইলে ৮০ অশীতি বৎসর জীবন হইয়া থাকে। ২৭।

एकरेखा भवेद्यस्या ललाटे शोभना भवेत् ।
श्रीवत्सं स्वस्तिकश्चैव ललाटे दृश्यते सदा ॥ २८ ॥

যে কামিনীর কপাল ভাগে শ্রীবৎস ও স্বস্তিক চিহ্ন এবং একটী রেখা থাকে, তাহার শুভ হয়। ২৮।

ललाटे दृश्यते यस्या त्रिशूलं कृष्णपिङ्गलम् ।
सा पञ्च जनयेत् पुत्रान् धनधान्यं विवर्द्धयेत् ॥ २९ ॥

যে অঙ্গনার কপালে কৃষ্ণ বা পিঙ্গলবর্ণ ত্রিশূল চিহ্ন দৃষ্ট হয়, সে পঞ্চপুত্রের জননী হয় এবং তাহার ধনধান্য আদি বর্দ্ধিত হইয়া থাকে। ২৯।

সাতটি গ্রহকর্ত্তৃক মানবের কর, চরণ ও ললাটের রেখা, শরীর এবং স্বর, এই সমস্তই বিভক্ত হইয়াছে।

মনুষ্যের কপালের রেখাসমূহ গ্রহগণকর্ত্তৃক বিভক্ত হইয়াছে, তাহা প্রদর্শননিমিত্ত এই পুস্তকের ১৫০ পৃষ্ঠায় তিলাদি চিহ্নের সহিত একটী মানবমুখমণ্ডলের প্রতিকৃতি প্রদত্ত হইয়াছে। ঐ মুখমণ্ডলের কপালদেশে সাতটী রেখা অঙ্কিত আছে। ঐ কপালের সর্ব্বোপরিভাগে যে প্রথম রেখাটী আছে, তাহার অধিপতি শনিগ্রহ। তাহার নিম্নস্থ দ্বিতীয় রেখার অধিপতি বৃহস্পতি, তাহার নিম্নস্থ তৃতীয় রেখার অধিপতি মঙ্গল, তাহার নিম্নস্থ চতুর্থ রেখার অধিপতি রবি, তাহার নিম্নস্থ পঞ্চম রেখার অধিপতি শুক্র, তাহার নিম্নস্থ ষষ্ঠরেখার অধিপতি বুধ এবং সর্ব্বনিম্নস্থ সপ্তম রেখার অধিপতি চন্দ্র গ্রহ। এই সকল রেখার অধিপতিগ্রহগণদ্বারা জন্মকালীন দশাদি নিরূপিত হইয়া থাকে।

গ্রহগণকর্ত্তৃক মানবশরীরের বিভাগের বিবরণ এই গ্রন্থের ১৯৯ পৃষ্ঠায় লিখিত হইয়াছে।

মনুষ্যের স্বর সাতটি গ্রহকর্ত্তৃক বিভক্ত হইয়াছে, তাহা এই স্থলে বিখ্যাতনামা সামুদ্রিকশাস্ত্রবেত্তা মিষ্টার্ ক্রেগ্ সাহেবের গ্রন্থহইতে উদ্ধৃত করিয়া নিম্নে বিবৃত হইল। ইহাদ্বারা জন্মকালে কোন্ গ্রহের আধিপত্য অধিক ছিল, তাহা সুনির্ণীত হইয়া থাকে।

"It was seen, in a few short examples at a former part, how the astral fluid acted upon certain individuals in their bodily gestures; but the spirit of the stars has also its *voice* among the sons of men. Pan, with his seven-reeded pipe, is here the beautiful symbol. It is all nature breathing seven voices, and the human octave is thus defined:—

Saturn gives the hoarse, dull, solemn, slow voice.

Jupiter, the bold, gay, laughing, cheerful, and at times serious, measured tone.

The Sun, a pure, sweet, tranquil, melodious voice.

Mercury, a lively, joyous, but feeble voice, with a rapid utterance, sometimes stammering.

Mars, a loud, rude, harsh, impatient, wrathful, blustering voice.

The Moon, a low, faint, indifferent tone.

Venus, sweet, soft, tender, rather drawling and effeminate."

আর্য্য-সঙ্গীত শাস্ত্রেও সাত সুরের (স্বর) অধিক নাই। যথা সঙ্গীতরত্নাকরে—

"স্রুতিভ্যঃ স্যুঃ স্বরাঃ ষড্‌জ গর্ষভান্ধার মধ্যমাঃ।
পঞ্চমো ধৈবত স্বাথ নিষাদ্ ইতি সপ্ত তে॥"—

ষড়্‌জ, ঋষভ, গান্ধার, মধ্যম, পঞ্চম, ধৈবত ও নিষাদ। জীবজন্তুর ধ্বনি, আঘাত ও পতনাদির শব্দ হইতে যে অসংখ্য ধ্বনির উৎপত্তি হইয়া থাকে, ঐ সকল ধ্বনির এক দুই করিয়া সংখ্যা গণনা করিলে সাতটীর অধিক স্বর পাওয়া যায় না। সঙ্গীতশাস্ত্রে এই সাতটীর নাম সপ্তক কহে। মানবশরীরে স্বভাবতঃ তিনটী সপ্তকের অধিক উচ্চারিত হয় না। এই তিনটীর প্রথম, যাহা মানবের নাভিস্থান হইতে উচ্চারিত হয়, তাহার নাম অনুদাত্ত বা উদারা অর্থাৎ খাদের সুর বলে। দ্বিতীয় সপ্তক, যাহা দেহের মধ্যভাগ হইতে নিঃসরণ হয় তাহার নাম সরিৎ বা মুদারা অর্থাৎ মধ্য সুর বলা যায়। মস্তকহইতে যে সাত সুর উচ্চারিত হয় তাহার নাম উদাত্ত বা তারা অর্থাৎ উচ্চসুর। ঐ সকল সপ্তক সকল মনুষ্যের সমানরূপে উচ্চারিত হয় না। অতএব সুস্পষ্ট প্রতীয়মান হইতেছে যে, সাতটী গ্রহের সুর ভিন্ন অন্য কোন প্রকার সুর নাই।

তিলাদিচিহ্ন।

(বিন্দু, জড়ুল, তিল, মশক, আবর্ত্ত, মুদ্রা প্রভৃতি।)

MOLES.

नखेषु बिन्दवः श्वेताः प्रायः स्युः स्वैरिणीस्त्रियाः।
पुरुषा अपि जायन्ते दुःखिनः पुष्पितैर्नखैः॥ १॥

স্ত্রীলোকের নখে শ্বেতবর্ণ বিন্দু থাকিলে স্বেচ্ছাচারিণী ও কুলটা হয়। পুরুষের নখে পুষ্পচিহ্ন থাকিলে দুঃখী হয়। ১।

विषमै र्जतुभिर्निःस्वाः अस्थिनद्धैश्च मानवाः।
उन्नतैर्भोगिनो निम्नै र्निस्वाः पीनैर्धनान्विताः॥ २॥

শরীরের যে কোন স্থানে জড়ুল চিহ্ন অসমান, নিম্ন ও অস্থিসংলগ্ন হইলে মনুষ্য দরিদ্র, উন্নত হইলে ভোগী এবং স্থূল হইলে ধনী হয়। ২।

भ्रुवोरन्ते ललाटे वा मशको राज्यसूचकः॥ ३॥

যাহার ভ্রূর শেষভাগে বা ললাটে মশক অর্থাৎ আঁচিল থাকে, সেই রমণী রাজ্য ভোগ করে। ৩।

वामे कपोले मशकः शोणो मिष्टान्नदः शुभः (स्त्रियाः)।
तिलकं लाञ्छनं वापि हृदि सौभाग्यकारणम्॥ ४॥

যে রমণীর বামকপোলে শোণবর্ণ মশক থাকে, সে চিরকাল উত্তম মিষ্টান্ন ভোজন করে। যে কামিনীর হৃদয়ে তিল বা অন্য কোন চিহ্ন থাকে, সে সৌভাগ্যবতী হয়। ৪।

यस्या दक्षिणवक्षोजे भवेत् (शोणं) तिलकलाञ्छनम्।
कन्याचतुष्टयं सूते सूते सा च सुतद्वयम् (त्रयम्)॥ ५॥

যে নারীর দক্ষিণ স্তনে লোহিতবর্ণ তিলচিহ্ন থাকে সেই রমণী চারি কন্যা ও দুই বা তিন পুত্র প্রসব করে। ৫।

तिलकं लाञ्छनं शोणं यस्या वामकुचे भवेत्।
एकं पुत्रं प्रसूयादौ अन्ते च (ततः सा) विधवा भवेत्॥ ६॥

যে নারীর বাম স্তনে তিল বা রক্তবর্ণ অন্য কোন চিহ্ন থাকে সেই নারী অগ্রে এক পুত্র প্রসব করিয়া পশ্চাৎ বিধবা হয়। ৬।

गुह्यस्य दक्षिणे भागे तिलकं यदि शोभते (योषितः)।
तदा क्षितिपतेः पत्नी सूते च क्षितिपं सुतम्॥ ७॥

যে কামিনীর গুহ্যদেশের দক্ষিণ পার্শ্বে তিলচিহ্ন সুশোভিত থাকে, সেই নারী রাজমহিষী হয় এবং তাহার গর্ভে যে পুত্র জন্মে সেও রাজা হয়। ৭।

नासाग्रे मशकः शोणो महिष्या एव जायते।
कृष्णः स एव भर्त्तृघ्नयाः पुंश्चल्यावा प्रकीर्त्तितः॥ ८॥

যে রমণীর নাসিকার অগ্রভাগে শোণবর্ণ মশক থাকে, সে রাজমহিষী হয়, পরন্তু যদি ঐ মশক কৃষ্ণবর্ণ হয় তাহা হইলে সেই নারী বিধবা বা পুংশ্চলী হইয়া থাকে। ৮।

नाभेरधस्तात्तिलकं मशको लाञ्छनं शुभम्।
मशकस्तिलकं चिह्नं गुल्फदेशे दरिद्रकृत्॥ ৫॥

যদি কোন নারীর নাভির নিম্নে তিল বা মশক থাকে তাহা হইলে সে সৌভাগ্যশালিনী হয়। যে নারীর গুল্ফদেশে মশক বা তিলক থাকে সে দরিদ্রা হয়। ৯।

करे कर्णे कपोले वा कण्ठे वामे भवेद् यदि।
एषां त्रयाणामेकन्तु प्राग्गर्भे पुत्रदं भवेत्॥ १०॥

বামকরে, বামকর্ণে, বামকপোলে কিম্বা বামকণ্ঠে যে স্ত্রীর জড়ু (জডুল), মশক (আঁচিল) ও তিল, এই তিন চিহ্নের যে কোন একটী থাকে, সে প্রথম গর্ভে পুত্রসন্তান প্রসব করে। ১০।

नासाग्रे दृश्यते यस्या स्तिलकं मशकोऽपि च।
कृष्णदन्ता कृष्णजिह्वा दशाहेन पतिं हरेत्॥ ११॥

যে নারীর নাসাগ্রে তিল ও মশক দৃষ্ট হয় এবং যাহার দন্ত ও জিহ্বা কৃষ্ণবর্ণ সেই নারী বিবাহের পর দশ দিবসের মধ্যেই ভর্তাকে বিনষ্ট করে। ১১।

तिलकं वामतो यस्याः कुक्षिदेशे च जायते।
माषकसन्निभं वापि राजपत्नी भवेद् ध्रुवम्॥ १२॥

যে স্ত্রীর বাম কুক্ষিতে মাষকলায়ের ন্যায় তিলচিহ্ন থাকে, সে নিশ্চয়ই রাজপত্নী হয়। ১২।

पार्श्वे स्याद्दीर्घतिलकं यस्याः स्निग्धञ्च दृश्यते।
वामहस्तं पतिं प्राप्य पुत्रः पौत्रश्च वर्द्धते॥ १३॥

যে কামিনীর পার্শ্বদেশে দীর্ঘাকার ও দেখিতে সুন্দর তিলক থাকে, সে স্ত্রী পতিপ্রিয়া ও পুত্রপৌত্রবতী হয়। ১৩।

यस्या गण्डेऽधरे वामे हस्ते कर्णं गले तथा।
माषकं तिलकं विद्यात् सा कन्या सुखमेधते॥ १४॥

যে কন্যার বামকপোলে অধরের বামভাগে বামহস্তে, বামকর্ণে ও গলদেশের বাম দিকে মাষকলায়ের আকারের ন্যায় তিলক থাকে সে কন্যা সুখসৌভাগ্যশালিনী হয়।১৪।

आरक्तं वामके यस्याः कुक्षिदेशे च दृश्यते ।

माषकं तिलकं वामि सा कन्या सुखभागिनी ॥ १५ ॥

বামকুক্ষিতে ঈষৎ রক্তবর্ণ মাষকলায়ের ন্যায় তিলক চিহ্ন দৃষ্ট হইলে স্ত্রীলোক অতীব ঐশ্বর্য্যশালী হয়। ১৫।

पाणौ प्रदक्षिणावर्त्तो धर्म्यो वामो न शोभनः ।

नाभौ श्रुतावुरसि वा दक्षिणावर्त्त ईड़ितः ॥ १६ ॥

স্ত্রীলোকের হস্তে দক্ষিণাবর্ত্তরেখা থাকিলে শুভ ও বামাবর্ত্তরেখা থাকিলে অশুভ হয় এবং নাভিদেশে, কর্ণে বা বক্ষঃস্থলে দক্ষিণাবর্ত্ত রেখা থাকিলেও মঙ্গল হইয়া থাকে। ১৬।

सुखाय दक्षिणावर्त्तः पृष्ठवंशस्य दक्षिणे ।

अन्तःपृष्ठं नाभिसमो बह्वायुः पुत्रवर्द्धनः ॥ १७ ॥

দক্ষিণাবর্ত্তরেখা স্ত্রীর মেরুদণ্ডের দক্ষিণ ভাগে থাকিলে সুখসৌভাগ্যশালিনী এবং পৃষ্ঠের মধ্যভাগে বা নাভিমণ্ডলের সমসূত্র পৃষ্ঠস্থলে থাকিলে দীর্ঘজীবনবতী ও পুত্র-বর্দ্ধিনী হয়। ১৭।

राजपत्नयाः प्रदृश्येत भगमौलौ प्रदक्षिणः ।

स चेच्छकटभङ्गः स्याद्बह्वपत्यः सुखप्रदः ॥१८ ॥

যে কামিনীর যোনির উপরিভাগে দক্ষিণাবর্ত্ত রেখা থাকে, সে রাজ্ঞী হয়। যে অঙ্গনার যোনির উপরিভাগে শকটভঙ্গ চিহ্ন থাকে, সে স্ত্রী অনেক পুত্রের প্রসবিনী ও সুখদায়িনী হয়। ১৮।

कटिगोगुह्यवेधेन पत्यपत्यनिपातनः ।

स्यातामुदरवेधेन पृष्ठावर्त्तो न शोभनः ।

एकेन हन्ति भर्त्तारं भवेदन्येन पुंश्चली ॥ १९ ॥

গুহ্যদেশ অবধি কটিপর্য্যন্ত যদি দক্ষিণাবর্ত্ত রেখা থাকে, তাহা হইলে স্ত্রীলোকের পতি ও পুত্র বিনষ্ট হইয়া থাকে এবং উদর অবধি পৃষ্ঠদেশ পর্য্যন্ত যদি ঐ রেখা থাকে, তবে অশুভ হয়। এই দুইটী চিহ্নের মধ্যে কুলস্ত্রী প্রথমটীতে স্বামিবিনাশিনী এবং দ্বিতীয়-টীতে ব্যভিচারিণী হয়। ১৯।

कण्ठगो दक्षिणावर्त्तो दुःखवैधव्यहेतुकः ॥ २० ॥

কণ্ঠে দক্ষিণাবর্ত্তরেখা থাকিলে, নারী বিধবা ও দুঃখভাগিনী হয়। ২০।

सीमन्तेऽथ ललाटे वा त्याज्या दूरात् प्रयत्नतः ।

सा पतिं हन्ति वर्षेण यस्या मध्यकृकाटिके ॥ २१ ॥

যে কন্যার কপালে বা সীঁতিতে দক্ষিণাবর্ত্তরেখা থাকে সে কুলক্ষণা, এইজন্য বিবাহ-কার্য্যে প্রশস্তা নহে। তাহাকে দূরহইতে যত্নপূর্ব্বক পরিবর্জ্জন করিবে। যে কন্যার ঘাড়ের মধ্যভাগে দক্ষিণাবর্ত্ত চিহ্ন থাকে, সে বিবাহের পরে একবর্ষের মধ্যেই ভর্ত্তানিধন-কারিণী হয়। ২১।

प्रदक्षिणो वा वामो वा रोम्णा मावर्त्तक: स्त्रिया: ।
एको वा मूर्द्धनि द्वौ वा वामे वामगतौ यदि ।
आदशाहं पतिघ्नौ तौ त्याज्यौ दूरात् सुबुद्धिना ॥ २२ ॥

যে স্ত্রীর মূর্দ্ধাদেশে একটী বা দুইটী দক্ষিণাবর্ত্ত বা বামাবর্ত্ত রেখা কিম্বা মূর্দ্ধাদেশের বামভাগে দুইটী বামাবর্ত্ত রেখা থাকে, সে স্ত্রী অতি অলক্ষণা হয় এবং বিবাহের পর দশ দিনের মধ্যেই পতিকে বিনাশ করিয়া থাকে। এবম্বিধ কন্যাকে সুপণ্ডিত ব্যক্তি দূর হই-তেই পরিত্যাগ করিবে। ২২।

कट्यावर्त्ता च कुलटा नाभ्यावर्त्ता पतिव्रता ।
पृष्ठावर्त्ता च भर्त्तृघ्नी कुलटा वाथ जायते ॥ २३ ॥

আবর্ত্ত রেখা কটিদেশে থাকিলে নারী ব্যভিচারিণী, নাভিতে থাকিলে পতিব্রতা এবং পৃষ্ঠে থাকিলে পতিঘাতিনী বা বেশ্যা হয়। ২৩।

एकमुद्रो भवेद्राजा दशमुद्रो महाधनी ।
मुद्राहीनस्तु दु:खी स्याद्द्वित्रिकाभ्यान्तथैवच ॥ २४ ॥

করতলে এক মুদ্রা থাকিলে মানব নৃপতি, দশমুদ্রা থাকিলে অত্যন্ত ধনশালী এবং দুই বা তিন মুদ্রা থাকিলে কিম্বা একবারে মুদ্রা না থাকিলে দুঃখী হয়। ২৪।

एकमुद्रो भवे द्राजा द्विमुद्रो धनवान्नर: ।
त्रिमुद्रो रोगसम्पन्नो बहुमुद्रो बहुप्रज: ॥ २५ ॥

পুরুষের করতলে একমুদ্রা থাকিলে রাজা, দুই মুদ্রা থাকিলে ধনী, তিন মুদ্রা থাকিলে রোগী এবং বহুমুদ্রা থাকিলে বহুসন্তানশালী হয়। ২৫।

তিলাদি চিহ্ন দৃষ্টে মানবের শুভাশুভ বিচার পূর্ব্বকালে সর্ব্বদেশে যে প্রচলিত ছিল, তাহা পাঠকমহোদয়গণের বিদিতার্থ মেং সাণ্ডার্স সাহেবের পুস্তক হইতে উদ্ধৃত করা হই-য়াছে। এক্ষণে Fortune Teller নামক পুস্তক হইতে কোন কোন অংশ উদ্ধৃত করিলাম।—

"And first, it is essentially necessary to know the size of the mole, its colour whether it be perfectly round, oblong, or angular ; because each of these will add to or diminish the force of the indication. The larger the mole, the greater the prosperity or adversity of the person ; the smaller the mole, the less will be his good or evil fate. If the mole is round, it indicates good ; if oblong, a moderate share of fortunate events ; if angular, it gives a mixture of good and evil ; the deeper the colour, the more it announces favour or disgrace ; the lighter, the less of either. If it is very hairy, much misfortune may be expected ; but if few long hairs grow, upon it, it denotes that your undertakings will be prosperous.

2.—A mole that stands on the right side of the forehead, or right temple, signifies that the person will arrive to sudden wealth and honour, according to their birth and situation in life ; which must always be attended to with due consideration.

3.—A mole on the right eyebrow announces speedy marriage ; and that the person to whom you will be married will possess many amiable qualities and a good fortune.

4.—A mole on the left of either of these three places, announces unexpected disappointment in your most sanguine wishes.

5.—A mole on the outside corner of either eye denotes the person to be of a sober, steady, and sedate disposition ; but will be liable to a violent death.

6.—A mole on either cheek, signifies that the person never shall rise above mediocrity in point of fortune ; though at the same time he never will fall into real poverty.

7.—A mole on the nose, shows that the person will have good success in most of his or her undertakings.

8.—A mole on the lip, either upper or lower, proves the person to be fond of delicate things, and much given to the pleasures of love, in which he or she will most commonly be successful.

9.—A mole on the chin, foreshows that the person will be attended with great prosperity, and be highly esteemed.

10.—A mole on the side of the neck, shows that the person will narrowly escape suffocation ; but will afterwards rise to great consideration by an unexpected legacy or inheritance.

11.—A mole on the throat denotes that the person shall become rich by marriage.

12.—A mole on the right breast, declares the person to be exposed to sudden reverse from comfort to distress, by unavoidable accidents. Most of his children will be girls.

13.—A mole on the left breast signifies success in undertakings, and an amorous disposition. Most of his children will be boys.

14.—A mole on the bosom, portends mediocrity of health and fortune.

15.—A mole under the left breast, over the heart, foreshows that a man will be of a warm disposition, unsettled in mind, fond of rambling, and light in his conduct. In a lady, it shows sincerity in love, quick conception, and easy travail in child-birth.

16.—A mole on the right side over any part of the ribs, denotes the person to be pusillanimous, and slow in understanding, any thing that may be attended with difficulty.

17.—A mole on the belly, denotes the person to be addicted to sloth and gluttony, selfish in almost all articles, and seldom inclined to be nice or careful in point of dress.

18.—A mole on either hip, shows that the person will have many children, and such of them as survive will be healthful, lusty, and patient in all hardships.

19.—A mole on the right thigh, shows that the person will become rich, and also fortunate in marriage.

20.—A mole on the left thigh, denotes that the person suffers much by poverty and want of friends, as also by the enmity and injustice of others.

21.—A mole on the right knee, signifies that the person will be fortunate in the choice of a partner for life, and meet with few disappointments in the world.

22.—A mole on the left knee portends that the person will be rash, inconsiderate, and hasty, but modest when in cool blood, honest, and inclined to good behaviour.

23.—A mole on either leg shows that the person is indolent, thoughtless, and indifferent as to whatever may happen.

24.—A mole on either ankle denotes a man to be inclined to effeminacy and elegancy of dress—a lady, to be courageous, active, and industrious, with some spice of the termagant".

নষ্টকোষ্ঠী উদ্ধার।

যাহাদিগের ঠিকুজী কিম্বা কোষ্ঠী নাই, বিবিধ সঙ্কেতানুসারে তাহাদিগের কোষ্ঠী প্রস্তুত হইয়া থাকে। প্রথম প্রকার, অঙ্ক ও রেখা সামুদ্রিকশাস্ত্রমতে মানবের হস্তপাঞ্জার নির্দ্দিষ্ট স্থানের রেখা গণনায় যে অঙ্ক হইবেক, কিম্বা যে অঙ্ক দৃষ্ট হইবেক, ঐ ঐ অঙ্কে জন্মশক, মাস, দিন, বার, তিথি, নক্ষত্র, জন্মলগ্ন, রাশি ও দশাদি নিরূপিত হইয়া থাকে এবং হস্তপাঞ্জার নির্দ্দিষ্ট স্থানের রেখাদি কতদূর গমন করিয়াছে, তাহা দৃষ্টেও জন্মমাসাদি পরিজ্ঞাত হওয়া যায় এবং ঐ হস্তপাঞ্জার ও অঙ্গুলি পর্ব্বের মধ্যে এবং অঙ্গুলিসমূহের মূলে নির্দ্দিষ্ট স্থানে জন্মলগ্ন ও জন্মকালে কোন্ গ্রহ কোন্ রাশিতে অবস্থিত ছিলেন, তাহা পরিজ্ঞাত হইয়া কোষ্ঠী প্রস্তুত করা যাইতে পারে। এতদভিন্ন সামুদ্রিক শাস্ত্রমতে কপালের রেখা ও চিহ্নাদি দৃষ্টে এবং অঙ্গপ্রত্যঙ্গের অবয়ব, নির্দ্দিষ্ট স্থানের গ্রহরাশির চিহ্নাদিদৃষ্টেও কোষ্ঠী প্রস্তুত হইতে পারে। দ্বিতীয়তঃ, কেরলি আদি গ্রন্থের গণনার প্রণালীমতে প্রশ্নকারকের প্রশ্নাক্ষরের সংখ্যা গণনা করিয়া অথবা কোনমতে ঐ অক্ষরের পিণ্ডাঙ্ক গ্রহণ করিয়া সঙ্কেত মতে গণনাদ্বারা নষ্টকোষ্ঠী উদ্ধার হইয়া থাকে। তৃতীয়তঃ, লাগ্নিকপ্রশ্নগণনা শাস্ত্রমতে প্রশ্নলগ্ন, ঐ লগ্নের অংশ, হোরা, দ্রেক্কাণ এবং নবাংশ ইত্যাদি নিরূপণ করিয়া গ্রহস্ফুট পঞ্জিকা দৃষ্টে কিম্বা গ্রহস্ফুট করিয়া তৎকালে কোন্ গ্রহ কোন্ রাশির কোন অংশে স্থিত ছিলেন তাহা জ্ঞাত হইয়া তাহাদিগের ও লগ্নের বলাবল বিচার করিয়া নষ্টকোষ্ঠী উদ্ধার হইতে পারে। এস্থলে যেরূপে লগ্ন নিরূপণ করিয়া কোষ্ঠী প্রস্তুত করা যাইতে পারে, তাহা বৃহজ্জাতক ও আমার প্রকাশিত ফলিতজ্যোতিষাদি গ্রন্থ হইতে উদ্ধৃত করিয়া প্রকটিত করিলাম।

आधानजन्मापरिबोधकाले संपृच्छतो जन्म वदेद्विलग्नात्।
पूर्वापरार्द्धे भवनस्य विद्याद्भानावुदग्दक्षिणगे प्रसूतिम्॥ १ ॥

अथातो नष्टजातकाध्यायो व्याख्यायते। तत्रादावेव प्रसूतिकालज्ञाननिमित्तमुपायमाह आधानेति यस्याधान-कालो ज्ञायते तस्याधानकालात् पूर्वमेव जन्म व्याख्यातम् तत्कालमिन्दुसहितमित्यादिना जन्मकालश्च व्याख्यात-एव एवमाधानजन्मकालयोरपरिबोध अज्ञाने सति संपृच्छतः प्रष्टुः विलग्नात् प्रश्नलग्नात् जन्म वदेत् ब्रूयात् येन लग्नेन पृष्टा पृच्छति तस्य यदि पूर्वार्द्धं प्रथमहोरा भवति तदा प्रष्टुः भानावादित्ये उदग्गते उत्तरायणस्थे जन्म वक्तव्यम् मकरादिराशिषट्कस्थे जात इत्यर्थः अथ लग्नस्यापरार्द्धं द्वितीया होरा भवति तदा भानौ दक्षिणगते दक्षिणायनस्थे जन्म वक्तव्यम् कर्कटादिराशिषट्कस्थे जात इत्यर्थः तथाच—आधानजन्मनो यस्य न विज्ञायेत ईप्सितः। जन्मसंपृच्छतस्तस्य प्रश्नलग्नाद्विनिर्दिशेत्॥ १ ॥

*আধানলগ্ন দ্বারা যেরূপে জন্মলগ্ন নিরূপণ করিতে হয়, তাহা গ্রন্থকর্ত্তা পূর্ব্বে বলিয়াছেন, এইক্ষণ যাহার আধানকাল ও জন্মকালের নিশ্চয় নাই, কিরূপে তাহার জন্মকাল নিশ্চয় করিতে হয়, তাহা বলিতেছেন। যে ব্যক্তির আধানকাল ও জন্মকালের নিশ্চয় নাই, প্রশ্নলগ্নদ্বারা তাহার জন্মসময় নিরূপণ করিতে হইবে।

---

* ফলিত জ্যোতিষের তৃতীয় খণ্ডের ১৩৪ হইতে ১৪১ পৃষ্ঠায় আধানাধ্যায় লিখিত আছে এবং ইংরাজী ফলিত জ্যোতিষের দ্বিতীয় খণ্ডের ৩৩ পৃষ্ঠা হইতে ৩৮ পৃষ্ঠা দৃষ্টে করিলে জানিতে পারিবেন।

কোন ব্যক্তি নষ্টজাতক উদ্ধারের প্রশ্ন করিলে কোন্ লগ্নে প্রশ্ন হইল, তাহা নিশ্চয় করিয়া তৎকালে ঐ লগ্নের কোন্ হোরা * তাহাও নিশ্চয় করিবে। যদি লগ্নের প্রথম হোরাতে প্রশ্ন হইয়া থাকে, তবে উত্তরায়ণে অর্থাৎ মাঘাদি ছয় মাসের মধ্যে এবং যদি দ্বিতীয় হোরাতে প্রশ্ন হয়, তবে দক্ষিণায়নে অর্থাৎ শ্রাবণাদি ছয় মাসের মধ্যে জন্ম হইয়াছে, নিশ্চয় করিবে। ১।

लग्नत्रिकोणेषु गुरुस्त्रिभागैर्व्विकल्प्य वर्षाणि वयोऽनुमानात् ।

ग्रीष्मोऽर्कलग्ने कथितास्तु शेषै रन्यायनर्त्तावृतुरर्कचारात् ॥ २ ॥

अथ वर्षर्त्तुज्ञानमुपजातिकयाह लग्नत्रिकोणेष्विति त्रिभागैः द्रेक्काणैः लग्नत्रिकोणेषु प्रथमपञ्चमनवमस्थानेषु गुरुः जीवो ज्ञेयः तद्यथा प्रश्नलग्नस्य यदि प्रथमद्रेक्काणो भवति तदा य एव लग्नराशिः तत्रस्थे गुरौ जन्म वक्तव्यम् अथ लग्नस्य द्वितीयोद्रेक्काणस्तदा लग्नाद्यः पञ्चमो राशिस्तत्रस्थे गुरौ जन्म वक्तव्यम् अथ लग्नस्य तृतीयो द्रेक्काणस्तदा लग्नाद्यो नवमो राशिस्तत्रस्थे गुरौ जन्म वक्तव्यम् एवं केषाञ्चिन्मतम्। अथान्येषां मतम् यथा प्रश्नलग्नस्य यदा प्रथमो द्रेक्काणोदयो भवति तदा लग्नराशितो यावत्संख्ये राशौ बृहस्पतिस्तिष्ठति तावत्संख्यानि प्रष्टुः वर्षाणि वक्तव्यानि। अथ लग्ने द्वितीयो द्रेक्काणस्तदा लग्नात् पञ्चमराशितो यावत्संख्ये राशौ बृहस्पति र्भवति तावत्संख्यानि प्रष्टुः वर्षाणि वक्तव्यानि। अथ लग्नस्य तृतीयो द्रेक्काणो भवति तदा लग्नान्नवमराशितो यावत्संख्ये राशौ बृहस्पति र्भवति तावत्संख्यानि प्रष्टुः वर्षाणि वक्तव्यानि एतद्व्याख्यानं न शोभनं पूर्व्वमेव व्याख्यानं श्रेयः यस्माद्यवनेश्वरः। द्रेक्काणलग्ने क्रमशस्तु राशौ गुरुर्व्विलग्नादि त्रिकोणगोऽभूत्। समुन्नयेत्तन्नवनक्रमेण स्वाम्बरभादब्दगतिं प्रगण्यात् ॥ यद्यप्यत्र सामान्येनोक्तं बृहस्पतेरवस्थानं तथा च द्वादशभागक्रमेण प्रतिराशौ राशौ संचार्य्यः तद्यथा यदि प्रश्नलग्नस्य प्रथमद्वादशभागोदयो भवति तदा लग्नस्थे जीवे जातः द्वितीयद्वादशभागश्चेत्तदा लग्नाद्द्वितीये गुरौ जातः एवं तृतीयादिद्वादशभागोदये तृतीयादिषु स्थानेषु जन्म विकल्प्य वर्षाणि वयोऽनुमानादेवं बृहस्पतेरवस्थानं ज्ञात्वा तस्य एव वयोऽनुमानात्तस्याकृतिं शरीरमवेक्ष्य वर्षाणि विकल्प्य वयः प्रमाणं बुद्ध्वा द्वादशसु द्वादशसु वर्षेषु विकल्पना कार्य्या किमस्मिन्नेव भगणपरिवर्त्ते ज्ञातराशिः बृहस्पतेरवस्थानमभूदुत द्वितीय उत तृतीयादिषु एवं तस्याकृतिमवेक्ष्य वयोऽनुमानं वक्तव्यम् यत्र द्वादशसु वर्षेषु भ्रान्ति र्भवति तत्र पुरुषलक्षणोक्तेन दशाविभागेन द्वादशवार्षिकीं दशां क्षेत्रेषु परिकल्प्य यत्क्षेत्रांगसंस्पर्शाद्वर्षज्ञानं तथा च पुरुषलक्षणे पठ्यते। पादौ सगुल्फौ प्रथमं प्रदिष्टं जंघे द्वितीयं तु सजानुचक्रे। मेढ्रोरुमुष्काश्च तत स्तृतीयं नाभिं कटिं चेति चतुर्थमाहुः। उदरं कथयन्ति पञ्चमं हृदयं षष्ठमथ स्तनान्वितम् अथ सप्तममंशजत्रुणी कथयंत्यष्टममोष्ठकन्धरे नवमं नयने च साभ्रुणी सललाटं दशमं शिरस्तथा अशुभेष्वशुभं दशाफलं चरणाद्येषु शुभेषु शोभन मिति किं त्वत्र विंशत्यधिकं वर्षशतं यस्य जन्मनोऽतीतं तस्य नष्टजातकवर्षज्ञानोपायएव नास्ति एवं वर्षेषु ज्ञातेषु ऋतुज्ञान माह ग्रीष्मोऽर्क लग्न इति येन लग्नेन प्रष्टा पृच्छति तत्र चेदर्कः सूर्य्यः स्थित स्तद्द्रेक्काणोवा लग्ने तदा ग्रीष्मे जात इति वक्तव्यम् कथितास्तु शेषै रिति शेषै रन्यै श्चन्द्रादिभिर्ग्रहै र्लग्नस्थैः ऋतुः पूर्व्वमेव कथित उक्तः द्रेक्काणैः शिशिरादय इत्यादिना ग्रन्थेनोक्तः तत्र यदा शनैश्चरो लग्ने भवति तद्द्रेक्काणो वा तदा शिशिरे जात इति वक्तव्यम् एवं शुक्रे लग्नगते वा तद्द्रेक्काण स्तदा वसन्ते जातः एवं भौमे ग्रीष्मे एवमेव रवावपि चन्द्रे लग्नगते तद्द्रेक्काणे वा वर्षासु बुधे शरदि जीवे हेमन्त इति यदा बहवो लग्नगताः भवन्ति तदा तेषां मध्ये यो बलवान् तदुक्तर्त्तौ जात इति वक्तव्यम्। अथ न कश्चिद्यदि न लग्नगतो भवति तदा तस्य सम्बन्धी द्रेक्काणोदयो भवति तदा तदुक्तर्त्तौ जात इत्येवं वक्तव्यम् अन्यायनर्त्तौ ऋतुरर्कचारादिति अन्यस्मिन्नयनेऽन्य-

* ফলিতজ্যোতিষের ১ম খণ্ডের ৬৭ পৃষ্ঠা হইতে ৭১ পৃষ্ঠা পর্য্যন্ত দৃষ্টি করিলে ষড়্‌বর্গের বিষয় অবগতি হইবে।

स्मिन्नामर्का चाराहतुः अन्यस्मिन्नयने सदयनासन्नवर्षे हेतुरन्यो भवति तदार्त्तुरर्कचारवशेन वक्तव्यम् एतदुक्तं भवति सौरेण मानेन ऋतुर्वक्तव्यः न तु चान्द्रेण यथा शिशिरे जाते मकरकुम्भयोरन्यतमे राशौ सूर्य्यस्यावस्थानं ग्रीयम् एवं शेषराशिष्वप्यूह्यम् अनेन लौकिकश्चान्द्रमासौ निराकृतौ भवतीति ॥ २ ॥

বৃহস্পতির স্থিতি নির্ণয় ও তদ্দ্বারা প্রশ্নকর্ত্তার বয়স নিরূপণ করিতে হইলে, প্রশ্ন-লগ্নকে * তিন ভাগে বিভক্ত করিয়া কোন্ দ্রেক্কাণে প্রশ্ন হইয়াছে তাহা নিশ্চয় করিবে। প্রথম দ্রেক্কাণে প্রশ্ন হইলে প্রশ্নকর্ত্তার জন্মকালে বৃহস্পতি প্রশ্নলগ্নেই ছিলেন, দ্বিতীয় দ্রেক্কাণে প্রশ্ন হইলে, প্রশ্ন লগ্ন হইতে পঞ্চম স্থানে এবং তৃতীয় দ্রেক্কাণে প্রশ্ন হইলে প্রশ্নলগ্ন হইতে নবম স্থানে জন্মকালে বৃহস্পতি ছিলেন নির্ণয় করিবে।

কেহ কেহ বলেন, প্রথম দ্রেক্কাণে প্রশ্ন হইলে প্রশ্নলগ্ন হইতে যে স্থানে বৃহস্পতি বর্ত্তমান আছেন, সেই স্থান পর্য্যন্ত গণনা করিয়া যে কয়েকটী রাশি হইবে তত সংখ্যক বৎসর প্রশ্নকর্ত্তার বয়সের অতীত হইয়াছে। দ্বিতীয় দ্রেক্কাণে প্রশ্ন হইলে প্রশ্নলগ্নের পঞ্চম স্থান হইতে এবং তৃতীয় দ্রেক্কাণে প্রশ্ন হইলে প্রশ্নলগ্নের নবম স্থান হইতে যে গৃহে বৃহস্পতি আছেন সেই পর্য্যন্ত গণনা করিলে যত সংখ্যা হইবে তত সংখ্যক বৎসর প্রশ্নকর্ত্তার বয়স গত হইয়াছে নিশ্চয় করিবে। কিন্তু বৃহজ্জাতকের টীকাকার ভট্টোৎপল যবনেশ্বরের বচন প্রমাণ করিয়া এইরূপ ব্যখ্যাকে দূষিত করিয়াছেন। এই স্থলে যবনেশ্বরের বচনটী প্রমাণ স্বরূপ উদ্ধৃত করা গেল "লগ্নাত্রিকোণে ক্রমশস্তু রাশৌ গুরুর্ব্বিলগ্নাদি ত্রিকোণগোঽভূৎ। সমুদ্ভবেত্তস্তবনক্রমেণ স্বাচ্চারভাদব্দগতিং প্রগণ্যাৎ।" এই স্থলে দ্রেক্কাণ বিভাগানুসারে বৃহস্পতির স্থিতি নির্ণয় লিখিত হইল।

যদি লগ্নের প্রথম দ্বাদশাংশে † প্রশ্ন হয়, তাহা হইলে প্রশ্নকর্ত্তার জন্মকালে লগ্নেতেই বৃহস্পতি ছিলেন। দ্বিতীয় দ্বাদশাংশে প্রশ্ন হইলে জন্মলগ্নের দ্বিতীয় স্থানে এই রূপ তৃতীয়াদি দ্রেক্কাণে প্রশ্ন হইলে প্রশ্নকর্ত্তার জন্ম কালে জন্ম লগ্ন হইতে তৃতীয়াদি স্থানে বৃহস্পতি অবস্থিত ছিলেন, নিশ্চয় করিবে।

দ্রেক্কাণানুসারে বৃহস্পতি স্থাপন করিয়া দ্বাদশাংশানুসারে জন্ম লগ্ন হইতে কোন স্থানে আছেন, তাহা স্থির করিবে, ইহাতে প্রকারান্তরে প্রশ্নকর্ত্তার জন্ম লগ্ন স্থিরীকৃত হইবে।

প্রশ্নকর্ত্তার আকার দৃষ্টে অনুমানদ্বারা বয়স স্থির করিতে হইবে। পূর্ব্বকথিত দ্রেক্কাণানুসারে জন্মকালীন বৃহস্পতির স্থিতি নিশ্চয় করিয়া সেই রাশি হইতে বর্ত্তমানে বৃহস্পতি যে স্থানে আছেন, সেই স্থান পর্য্যন্ত গণনায় যত সংখ্যা হইবে, তত সংখ্যক বৎসর প্রশ্নকর্ত্তার বয়স নির্ণয় করিবে। পরন্তু প্রশ্নকর্ত্তার প্রতি দৃষ্টিপাত করিয়া দেখিবে যদি তাহার বয়স ১২ বার বৎসরের অধিক ২৪ বৎসরের মধ্যে আছে, অনুমান হয় তবে উক্ত নিরূপিত অঙ্কে ১২ যোগকরিয়া বয়স নির্ণয় করিবে এবং ২৪ বৎসরের অধিক ৩৬ বৎসরের মধ্যে

* যেরূপে লগ্ন নির্ণয় করিতে হইবে, তাহা ফলিতজ্যোতিষের তৃতীয়খণ্ডের ১ হইতে ৪ পৃষ্ঠা ও ৮৭,৮৯ পৃষ্ঠা ও ৭০ পৃষ্ঠা হইতে ৮৪ পৃষ্ঠা ও ৩০০ পৃষ্ঠা ও প্রথমখণ্ডের ৭৩ পৃষ্ঠা এবং আমার প্রকাশিত Extracts from Works on Astrologyর ২৬৩ পৃষ্ঠা হইতে ২৭৩ পৃষ্ঠা এবং ২৩৫ পৃষ্ঠা হইতে ২৬২ পৃষ্ঠা দৃষ্টি করিলে জানিতে পাইবেন।

† ফলিতজ্যোতিষের প্রথমখণ্ডের ৭০ পৃষ্ঠা দৃষ্টি কর।

প্রশ্নকর্ত্তার বয়স অনুমান হইলে ২৪ যোগ করিয়া, ৩৬ বৎসরের অধিক ৪৮ বৎসরের মধ্যে বয়স অনুমান হইলে ৩৬ যোগ করিয়া এবং ৪৮ বৎসরের অধিক ৬০ বৎসরের মধ্যে বয়স অনুমান হইলে নিরূপিত অঙ্কে ৪৮ যোগ করিয়া প্রশ্নকর্ত্তার বয়স স্থির করিবে। এইরূপ যত অধিক বয়স অনুমান হইবে ১২ বৃদ্ধি করিয়া যোগ করিয়া লইবে।

প্রকারান্তরে। প্রশ্নসময়ে প্রশ্নকর্ত্তা যে অঙ্গ স্পর্শ করিয়া অবস্থান করিবে, তদনুসারে বৃহস্পতির অবস্থিতিদ্বারা নিরূপিত অঙ্কে ১২ যোগ করিবে। যদি প্রশ্নকর্ত্তা পদ বা গুল্‌ফ স্পর্শ করিয়া অবস্থিত থাকেন, তবে একবার ১২ যোগ করিবে, জঙ্ঘাস্পর্শে দুইবার, জানু, উরু, মেঢ্র, বা মুষ্ক স্থান স্পর্শে তিনবার, নাভী বা কটীদেশ স্পর্শে চারিবার, উদর স্পর্শে পাঁচবার, হৃদয় বা স্তন স্পর্শে ছয়বার. গণ্ডস্পর্শে সাতবার ওষ্ঠস্পর্শে আটবার, কর্ণস্পর্শে নয়বার ও ললাটস্পর্শে দশবার ১২ যোগ করিয়া বয়োমান স্থির করিবে। একশত কুড়ি বৎসরের অধিক বয়স অনুমান হইলে তাহার নষ্ট জাতক গণনা করিবে না।

যদি প্রশ্নলগ্নে রবি থাকেন কিম্বা রবির দ্রেক্কাণে প্রশ্ন হয়, তবে গ্রীষ্ম ঋতুতে জন্ম হইয়াছে. স্থির করিবে। এইরূপ লগ্নে শনি থাকিলে কিম্বা শনির দ্রেক্কাণে প্রশ্ন হইলে শিশির ঋতুতে, লগ্নে শুক্র থাকিলে কিম্বা শুক্রের দ্রেক্কাণে বসন্ত ঋতুতে, লগ্নে মঙ্গল থাকিলে কিম্বা মঙ্গলের দ্রেক্কাণে গ্রীষ্ম ঋতুতে, লগ্নে চন্দ্র থাকিলে কিম্বা চন্দ্রের দ্রেক্কাণে প্রশ্ন হইলে বর্ষা ঋতুতে. লগ্নে বুধ থাকিলে কিম্বা বুধের দ্রেক্কাণে প্রশ্ন হইলে শরৎ ঋতুতে, লগ্নে বৃহস্পতি থাকিলে কিম্বা বৃহস্পতির দ্রেক্কাণে প্রশ্ন হইলে হেমন্ত ঋতুতে প্রশ্ন-কর্ত্তার জন্ম হইয়াছে স্থির করিবে। দুইটী বা ততোঽধিক গ্রহ লগ্নে থাকিলে, যে গ্রহ বল-বান্ তাহাদ্বারা ঋতু নির্ণয় করিবে। লগ্নে যদি একটিও গ্রহ না থাকে তবে দ্রেক্কাণানুসারে ঋতু নিশ্চয় করিবে। অয়নে ও ঋতুতে অসম্ভব হইলে যেরূপ মীমাংসা করিতে হইবে তাহা পরে প্রকাশিত হইবে ॥ ২ ॥

অন্যপ্রকার শকজ্ঞান।

প্রথমতঃ ব্যক্তির আকৃতি দেখিয়া অনুমান দ্বারা বয়ঃক্রম যতদূর স্থির করিতে পার কর। পরে উক্ত অনুমিত বয়োবৎসরকে ২ দ্বারা পূরণ করিয়া ৫ দ্বারা হরণ করিলে যে ভাগফল হয়,* তাহাকে বর্ত্তমান বর্ষীয় শনি হইতে দক্ষিণাবর্ত্তে গুণিলে যে রাশিতে ফুরায়, ব্যক্তির কোষ্ঠীতে সেই রাশিতে শনির স্থিতি প্রথমতঃ নিরূপণ করিতে হইবে।

যথা—যদি সিংহরাশিতে বর্ত্তমান বর্ষীয় শনির স্থিতি হয় তাহা হইলে যাহার আনুমানিক বয়স ২৬ বৎসর তাহার কোষ্ঠীতে কোন্ রাশিতে শনি আছেন তাহা জানিতে হইলে প্রথমত অনুমিত বয়ঃক্রম সংখ্যা ২৬ কে ২ দুই দ্বারা পূরণ করিলে ৫২ হইল, ঐ৫২ বহান্নকে ৫ পাঁচ দিয়া হরণ করিলে ১০ দশ লব্ধ হইল। সিংহরাশি হইতে দক্ষিণাবর্ত্তে ১০ দশ গণনা করিলে বৃশ্চিক রাশিতে শেষ হইবে। অতএব ঐ ব্যক্তির জন্মকালে বৃশ্চিক রাশিতে শনির অবস্থিতি জানা গেল। এই গণনার সুখবোধার্থে নিম্নে একটি চক্র অঙ্কিত হইল, তদ্দৃষ্টে সহজে বোধগম্য হইবে। সিংহরাশিতে কল্পিত বর্ত্তমান শনি লিখিত আছে, ঐ সিংহরাশি হইতে দক্ষিণাবর্ত্তে

* হরণ ফল যদি ১২ অপেক্ষা অধিক হয় তবে ১২ পরিত্যাগ করিতে হইবে।

গণনা প্রদর্শনার্থ এক দুই ইত্যাদি অঙ্কপাত করা হইয়াছে। ইহাতে দশম গৃহ বৃশ্চিক রাশিতে ১০ দশ অঙ্ক ও জন্ম শনি লিখিত আছে।

পরে পূর্ব্বোক্ত শনির অবস্থিতি, বর্ত্তমান বর্ষীয় শনি হইতে যত রাশি অন্তর হইবে তাহাকে পাঁচ দ্বারা পূরণ করিয়া ৩ তিন দিয়া বিভাগ করিলে ভাগফল যত হয় বর্ত্তমান বর্ষীয় রাহু হইতে ততরাশি অন্তরে উক্ত ব্যক্তির জন্ম কালে কেতুর অবস্থিতি এবং কেতু হইতে সপ্তম রাশিতে রাহুর স্থিতি জানিবে। যথা যদি বর্ত্তমান বৎসরে ধনুরাশিতে রাহুর অবস্থিতি হয়, তবে উক্ত ব্যক্তির জন্মকালে কোন রাশিতে কেতু ও রাহুর স্থিতি ছিল? এস্থলে উক্ত ব্যক্তির জন্মকালীন শনি বর্ত্তমান বর্ষীয় শনি হইতে ১০ দশরাশি অন্তর নির্ণীত হইয়াছে, অতএব ঐ ১০ দশকে ৫ পাঁচ দ্বারা গুণকরিলে ৫০ পঞ্চাশ গুণ ফল হইল। ঐ পঞ্চাশকে ৩ তিন দিয়া ভাগ করিলে ভাগফল ১৬ ষোল হয়। ঐ ১৬ ষোল হইতে ১২ বার বিয়োগ করিলে অবশিষ্ট ৪ চারি থাকিল, ধনুরাশি হইতে দক্ষিণাবর্ত্তগণনায় ৪ চারিতে কন্যা রাশি পাওয়া যায়, অতএব জন্মকালে কন্যারাশিতে কেতু এবং কন্যা হইতে দক্ষিণাবর্ত্তে গণনায় সপ্তম রাশি মীন হয়, ঐ মীনে জন্মকালে রাহুর অবস্থিতি স্থির করিবে। বর্ত্তমান বর্ষীয় রাহু হইতে ১২ বার বিয়োগ করিবার পূর্ব্বে জন্ম কালীন কেতুর স্থিতি যতরাশি অন্তরে ছিল, তাহাকে ৩ তিন দিয়া গুণ করিয়া ২ দুই দ্বারা ভাগ করিলে ভাগফল যত হইবে বর্ত্তমান বর্ষীয় বৃহস্পতি হইতে তত রাশি অন্তরে জন্ম কালে বৃহস্পতির অবস্থিতি জানিবে। যথা,—যদি বর্ত্তমান বর্ষে সিংহরাশিতে বৃহস্পতির অবস্থিতি হয় তবে উক্ত ব্যক্তির

জন্মসময়ে কোন্ রাশিতে বৃহস্পতি আছেন? এস্থলে উক্ত ব্যক্তির জন্মকালে কেতু বর্ত্তমান বর্ষীয় রাহু হইতে ১৬ ষোল রাশি অন্তরে অবস্থিত ছিলেন ইহা পূর্ব্ব দৃষ্টান্তে নির্ণীত হইয়াছে, এই ক্ষণ ঐ ১৬ ষোলকে ৩ তিন দিয়া গুণ করিলে গুণফল ৪৮ আটচল্লিশ হইল, ঐ ৪৮ আটচল্লিশকে ২ দুই দিয়া ভাগ করিলে ভাগলব্ধ ফল ২৪ চব্বিশ হইল। ঐ ২৪ চব্বিশ হইতে ১২ বার বিয়োগ করিলে অবশিষ্ট ১২ বার রহিল। সিংহরাশি হইতে দক্ষিণাবর্ত্ত গণনায় কন্যা রাশি পাওয়া যায়। অতএব উক্ত ব্যক্তির জন্ম সময়ে কন্যা রাশিতে বৃহস্পতির অবস্থিতি নির্ণীত হইল।

বর্ত্তমানবর্ষীয় বৃহস্পতি হইতে ১২ বার বিয়োগ করিবার পূর্ব্বে যত রাশি অন্তরে জন্ম-কালে বৃহস্পতির অবস্থিতি নিরূপিত হইবে তত বৎসর ঐ ব্যক্তির বয়সের সংখ্যা হইবে এবং বর্ত্তমান শক হইতে উক্ত বয়সের সংখ্যা বিয়োগ করিয়া তাহাতে ১ এক যোগ করিলে ঐ ব্যক্তির জন্ম শক নিরূপিত হইবে।

যথা—বর্ত্তমানবর্ষীয় বৃহস্পতি হইতে ১২ বার বিয়োগের পূর্ব্বে জন্মকালে বৃহস্পতির স্থিতি ২৪ চব্বিশ রাশি অন্তরে স্থিরীকৃত হইয়াছে অতএব উক্ত ব্যক্তির বয়ঃক্রম ২৪ চব্বিশ বৎসর নিরূপিত হইল এবং বর্ত্তমান শক ১৮০৫ অথবা ১২৯০ সন হইতে উক্ত ২৪ চব্বিশ বিয়োগ করিলে ১৮৮১ অথবা ১২৬৬ হইবে তাহাতে ১ যোগ করিলে ১৭৮২ শক অথবা ১২৬৭ সন ঐ ব্যক্তির জন্ম শক ও সন জানিবে।

চন্দ্রজ্ঞজীবাঃ পরিবর্ত্তনীয়াঃ শুক্রারমন্দৈ রয়নে বিলোমে।
দ্রেক্কাণভাগে প্রথমে তু পূর্ব্বো মাসোঽনুপাতাচ্চ তিথির্ব্বিকল্প্যঃ॥ ২॥

অথায়নে বিলোমে ঋতুপরিজ্ঞানাদৃতুপরিজ্ঞানং মাসপরিজ্ঞানং চেন্দ্রবজ্রয়াহ চন্দ্রজ্ঞেতি অয়নে বিলোমে সতি চন্দ্রজ্ঞজীবাঃ শুক্রারমন্দৈঃ পরিবর্ত্তনীয়াঃ শশিবুধগুরবঃ সিতভৌমশনৈশ্চরৈঃ। অয়নব্যত্যয়ে প্রাপ্তে সতি বর্ত্তনীয়াঃ ব্যত্যয়েন ব্যবস্থাপ্যাঃ এতদুক্তং ভবতি যদ্যুত্তরায়ণে জাতে প্রাবৃট্কালে জাত-স্তদা বসন্তে জাত ইতি বক্তব্যম্ চন্দ্রাক্তুক্ষোণাব পরিবর্ত্তিতঃ অথোত্তরায়ণে শরদি প্রাপ্তায়াং গ্রীষ্মে জাতঃ দক্ষিণায়নে গ্রীষ্মে জাতে শরদি জাতঃ অথ বুধো রবিভৌময়োরপবর্ত্তিনৌ রবি ভৌমো বুধেন চ উত্তরায়ণে হেমন্তে জাতে শিশিরে জাতঃ দক্ষিণায়নে শিশিরে প্রাপ্তে হেমন্তে জাতঃ ইতি বক্তব্যং অত জীবমন্দৌ পরস্পর মপবর্ত্তিনৌ এবমৃতৌ জাতে মাসজ্ঞানমাহ দ্রেক্কাণ ভাগ ইতি প্রশ্নলগ্নে যো দ্রেক্কাণো বর্ত্ততে তস্য দ্রেক্কাণস্য যদি প্রথমভাগো বর্ত্ততে তদা জাতকো প্রথমে মাসি জাতঃ ইতি বক্তব্যম্। অথ লগ্নে দ্রেক্কাণস্য দ্বিতীয়ো ভাগো বর্ত্ততে তদা জাতকো দ্বিতীয়ে মাসি জাতঃ তৃতীয়দ্রেক্কাণে দ্বৌ বিভাগৌ পূর্ব্বাপরাববাপি অর্কাবস্থানত এব মাসজ্ঞানম্। অথ এবং মাসং জ্ঞাত্বা তিথিজ্ঞানার্থমাহ অনুপাতাচ্চ তিথির্বিকল্প্যঃ অনুপাতাদ্বৈরাশিকাত্তিথির্বিকল্প্যো বিকল্পনীয়ঃ লগ্নস্য ষট্ লিপ্তা শতানি দ্রেক্কাণঃ দ্রেক্কাণেন চ জাতর্তুঋতুজ্ঞানং তদর্দ্ধলিপ্তা শতত্রয়ং লিপ্তা শতত্রয়েণ মাসজ্ঞানং অত্রানুপাতা তিথির্লিপ্তা দশ লিপ্তৈকৌ কীয়ঃ এষম তিথিরাদিত্যভাগাঃ এবমাদিত্যরাশ্যো ভাগাশ্চ যাঃ মাসা রাশয়স্তিথয়ো ভাগাঃ যস্মিংশ্চ তিথৌ জাতবর্ষে যথা প্রদর্শিতাদিত্যো ভবতি তস্মিন্ তিথৌ তস্য জন্ম ইতি বক্তব্যম্॥ ২॥

দক্ষিণায়নে বর্ষা, শরৎ ও হেমন্ত এই তিন ঋতু এবং উত্তরায়ণে শিশির বসন্ত এবং গ্রীষ্ম এই তিন ঋতু আছে। দুই দুই মাসে এক এক ঋতু হয়। অগ্রহায়ণ মাস হইতে হেমন্তাদি ঋতুর আরম্ভ হইয়া থাকে; অগ্রহায়ণ ও পৌষ এই দুই মাস হেমন্ত, মাঘ ও

ফাল্গুণ এই দুই মাস শিশির, চৈত্র ও বৈশাখ বসন্ত, জ্যৈষ্ঠ ও আষাঢ় গ্রীষ্ম, শ্রাবণ ও ভাদ্র বর্ষা, আশ্বিন ও কার্ত্তিক শরৎ ঋতু। শনি, শুক্র, মঙ্গল, চন্দ্র, বুধ ও বৃহস্পতি এই ছয় গ্রহ ক্রমশঃ শিশিরাদি ছয় ঋতুর অধিপতি। অর্থাৎ শিশির ঋতুর অধিপতি শনি, বসন্ত ঋতুর অধিপতি শুক্র ইত্যাদি। উক্ত ছয় গ্রহের মধ্যে যে গ্রহ প্রশ্নলগ্নে থাকিবে তাহার দ্বারা ঋতুর নির্ণয় করিবে। প্রশ্নলগ্নে শনি থাকিলে শিশির ঋতুতে, শুক্র থাকিলে বসন্ত ঋতুতে, মঙ্গল থাকিলে গ্রীষ্ম ঋতুতে, চন্দ্র থাকিলে বর্ষাঋতুতে, বুধ থাকিলে শরৎ ঋতুতে, বৃহস্পতি থাকিলে হেমন্ত ঋতুতে প্রশ্নকর্ত্তার জন্ম হইয়াছে নিশ্চয় করিতে হইবে। প্রশ্ন লগ্নে দুই বা ততোঽধিক গ্রহ থাকিলে যে গ্রহ অধিক বলবান্ তাহারই ঋতুতে জন্ম হইয়াছে বোধ করিবে।

যদি অয়ন ও ঋতু পরস্পর বিরুদ্ধ হয়, অর্থাৎ প্রথম হোরাতে প্রশ্ন হওয়াতে উত্তরায়ণ কিন্তু প্রশ্নলগ্নে বুধ থাকায় শরৎ ঋতু বোধ হয়, এইরূপ স্থলে পরিবর্ত্তন করিয়া লইতে হইবে। পরিবর্ত্তন প্রণালী এই—চন্দ্র বুধ ও বৃহস্পতিস্থলে ক্রমশঃ শুক্র, মঙ্গল ও শনি গ্রহণ করিবে, অর্থাৎ বর্ষা ঋতুতে বসন্ত, শরৎ ঋতুতে গ্রীষ্ম, হেমন্তে শিশির, বসন্তে বর্ষা, গ্রীষ্মে শরৎ, শিশিরে হেমন্ত এইরূপ পরিবর্ত্তন করিয়া লইয়া যাহাতে অয়ন ও ঋতুর বিরোধ না হয় এইরূপ করিয়া লইবে।

এইরূপ ঋতু নির্ণয় করিয়া মাস নির্ণয় করিবে। যদি লগ্নের প্রথম দ্রেক্কাণে প্রশ্ন হয়, তবে ঋতুর প্রথম মাসে, আর যদি দ্বিতীয় দ্রেক্কাণে প্রশ্ন হয় তবে ঋতুর দ্বিতীয় মাসে প্রশ্নকর্ত্তার জন্ম নিশ্চয় করিবে। আর তৃতীয় দ্রেক্কাণে প্রশ্ন হইলে প্রথমভাগে প্রথম মাস ও দ্বিতীয়ভাগে দ্বিতীয় মাস জানিবে। পরন্তু মাস গণনায় সর্ব্বত্র সৌরমাস গ্রহণ করিতে হইবে।

প্রত্যেক লগ্নে ১৮০০ আঠার শত কলা আছে, তাহার এক দ্রেক্কাণে ৬০০ তিন শত কলা হয়। এইক্ষণ দেখিতে হইবে লগ্নের কোন দ্রেক্কাণে প্রশ্ন হইয়াছে এবং প্রশ্ন সময়ে দ্রেক্কাণের কত কলা গত হইয়াছে যদি প্রথম ৩০০ তিন শত কলার মধ্যে প্রশ্ন হইয়া থাকে তবে ঋতুর প্রথম মাসে, আর যদি তিন শত কলার পরে ছয় শত কলার মধ্যে প্রশ্ন হয়, তবে ঋতুর দ্বিতীয় মাসে জন্ম নিশ্চয় করিবে। উক্ত তিনশত কলার দশ দশ কলাদ্বারা এক এক তিথি নির্ণয় করিবে প্রথম দশ কলার মধ্যে প্রশ্ন হইলে প্রতিপদ্ তৎপর দশ কলার মধ্যে প্রশ্ন হইলে দ্বিতীয়া প্রশ্নকর্ত্তার জন্মতিথি হইবে; ইত্যাদি রূপে জন্ম তিথি নির্ণীত হইয়া থাকে। তিথি নির্ণয় কালে সৌর মাসের তিথি গ্রহণ করিবে ॥ ৩ ॥

अत्रापि होरापटवो द्विजेन्द्राः सूर्य्यांशतुल्यां तिथिमुद्दिशन्ति ।
रात्रिद्युसंज्ञेषु विलोम जन्म भागैश्च वेलाः क्रमशो विकल्प्याः ॥४॥

अथ चान्द्रमानतिथिज्ञानोपायमिन्द्रवज्रयाह। अत्रापीति अत्रास्मिंस्तिथिज्ञाने द्विजेन्द्रा मुनयो होरा शास्त्रज्ञाः सूर्य्यांशतुल्यां अंशस्थाने स्फुटार्क भागसमां तिथिमुद्दिशन्ति कथयन्ति प्रश्नकाले तात्कालि-कीनादित्येन यावन्तो भागा भुक्ता स्तावन्तः शुक्लप्रतिपत्प्रभृतिज्ञातमासस्य तिथयो व्यतीताः अत्र चान्द्र-

माघे मकरमासे जाते माघमासो ज्ञेय: एवमन्येष्वपि मासकल्पना कार्य्या तथाच भणित्थ: पृच्छाकाले रविणा यावन्तोऽंशा: स्फुटेन संभुक्ता: राशेस्ता स्तिथय: स्यु: शुक्लादावर्कमासस्य एवं दिने ज्ञाते किमयं रात्रौ जातो दिवा वेति तदर्थमाह रात्रिद्युसंज्ञेष्विति रात्रिद्युसंज्ञापूर्व्वं व्याख्याता: गोऽजाश्विकर्किमिथुना इत्यादिना तत्र प्रश्नकाले यदि रात्रिसंज्ञो लग्नो भवति तदा तस्य विलोमता दिवा जन्म वक्तव्यम्। अथ द्युसंज्ञो लग्नो भवति तदा रात्रौ जन्म वक्तव्यम् एवं दिनरात्रिविभागे ज्ञाते वेलाज्ञानमाह भांशै वेला: क्रमशो विकल्प्या: यस्मिन्दिने पुरुषस्य जन्मज्ञानं तस्मिन् दिने भांशादित्योऽपि ज्ञात: ततस्तस्य पुरुषस्य यदि दिवा जन्म तदा तस्मादादित्याहिनप्रमाणं कार्य्यम्। अथ रात्रौ जन्म तदा रात्रिप्रमाणं तत्र प्रश्नलग्नस्य तस्मिन् काले यावन्तयषका भुक्तास्तैरनुपात: कार्य्य: यदि पुरुषस्य दिवा जन्म तदा दिनप्रमाणेन यदा रात्रौ तदा रात्रिप्रमाणेन तात्कालिकलग्नभुक्तषकानां गुणनं कृत्वा तस्यैव लग्नस्य स्वदेशराश्युदयप्रमाणेन भागमपहृत्यावाप्तां वेलां तावता कालेन गतेन दिनस्य रात्रे र्वा जन्म वक्तव्यम् एवं लग्नभागै: क्रमश: परिपाट्या वेलासमय: विकल्प्या विकल्पनीया ॥ ४ ॥

মতান্তরে তিথি আনয়ন। প্রশ্নকালে রবিস্ফুটের যত অংশ গত হইয়াছে, পূর্ব্বনিরূপিত মাসের শুক্ল প্রতিপৎ অবধি ততসংখ্যক তিথি গত হইয়াছে। চান্দ্রমানে মকর মাস প্রাপ্ত হইলে মাঘ মাসের তিথি জানিবে। এইরূপে দ্বাদশমাসের তিথি নিরূপিত হইবে।· এই বিষয়ে মনিথ বচন যথা "পৃচ্ছাকালে রবিণা যাবন্তোহংশাঃ স্ফুটেন সংভুক্তাঃ। রাশৌ তাস্তিথয়ঃ স্যুঃ শুক্লাদাবর্কমাসস্য"। প্রশ্নকালে যে লগ্ন হইবে সেই লগ্ন যদি পূর্ব্বোক্ত বচনানুসারে দিবা সংজ্ঞক হয় তবে রাত্রিতে এবং রাত্রি সংজ্ঞক লগ্নে প্রশ্ন হইলে দিবাতে প্রশ্নকর্ত্তার জন্ম হইয়াছে নিশ্চয় করিবে। প্রশ্নকালে লগ্নের যত সংখ্যক অংশ গত হইয়া থাকে দিবা ও রাত্রির তত দণ্ড সময়ে প্রশ্নকর্ত্তার জন্ম জানিবে ॥ ৪ ॥

केचिच्छशाङ्काध्युषितान्नवांशाच्छुक्लान्तसंज्ञं कथयन्ति मासं।
लग्नत्रिकोणोत्तमवीर्य्ययुक्तं संप्रोच्यते गालभनादिभिर्व्वा ॥ ५ ॥

अथान्तरेण मासज्ञानमिन्द्रवज्रयाह केचिदिति। केचिदाचार्य्या: शशाङ्काध्युषितान्चन्द्रयुक्तान्नवांशा च्छुक्लान्तसंज्ञं मासं कथयन्ति प्रश्नकाले यस्मिन्नवांशके नवमेंऽशे चन्द्रमा भवति तमपि नवांशकं त्रिधा परिकल्प्य तस्मिन्नवांशके नवमेंऽशे चन्द्रमा व्यवस्थित इति। चन्द्रनवांशकगतं नक्षत्रमन्वेष्यम् तन्नक्षत्रशुक्लान्तसंज्ञके मासि तस्य जन्म वक्तव्यम्। अत यस्य नक्षत्रस्य शुक्लान्तसंज्ञो मासो नास्ति तस्य वृहस्पतिचारोक्तविधिना शुक्लान्तसंज्ञो मास: परिकल्प्य तदोक्तम् नक्षत्रेण सहोदयमस्तं वा येन याति सुरमन्त्री तत्संज्ञं वक्तव्यम् वर्षं मासं क्रमेणैव वर्षाणि कार्त्तिकादीन्याग्नेयाद्द्वयायोज्यानि क्रमशस्त्रिभन्तु पञ्चममुपान्त्य मन्त्यञ्च यद्वर्षमिति तत्र चन्द्रमा यदि वृषनवांशके तन्नवांशकसप्तकस्यार्वाग्भवति तदा कार्त्तिके मासि जात इति वक्तव्यम्। अथ वृषनवांशकस्योर्द्ध्वं भवति मिथुननवांशके तन्नवांशकषट्कस्यार्वाग् यदा चन्द्रमा भवति तदा मार्गशीर्षे मासि जात इति वक्तव्यम्। अथ मिथुननवांशके तन्नवांशकषट्कस्योर्द्ध्वं कर्कटनवांशके तन्नवांशकपञ्चकस्यार्व्वाग् यदा चन्द्रमा भवति तदा पौषे मासि जात इति वक्तव्यम्। अथ कर्कटे तन्नवांशकपञ्चकस्योर्द्ध्वं सिंहनवांशके तन्नवांशचतुष्टयस्यार्वाग् यदा चन्द्रमा भवति तदा माघे मासि जन्म इति वक्तव्यम्। अथ सिंहनवांशके तन्नवांशक चतुष्टयस्योर्द्ध्वं कन्यानवांशके तन्नवांशक सप्तकस्यार्वाग् यदा चन्द्रमा भवति तदा फाल्गुने मासि जात इति वक्तव्यम्। अथ कन्यानवांशकसप्तकस्योर्द्ध्वं तुलनवांशके तन्नवांशक षट्कस्यार्व्वाग् यदा चन्द्रमा भवति तदा चैत्रे मासि जात इति वक्तव्यम्। अथ तुलानवांशके तन्नवांशक

षट्कस्योर्द्ध वृश्चिकनवांशके तन्नवांशकपञ्चकस्यार्व्वाग् यदा चन्द्रमा भवति तदा वैशाखे मासि जात इति वक्तव्यम्। अथ वृश्चिके तन्नवांशक पञ्चकस्योर्द्ध धन्विनवांशके तन्नवांशकचतुष्टयस्यार्वाग् यदा चन्द्रमा भवति तदा ज्यैष्ठ मासि जात इत्यवगन्तव्यम्। अथ धन्विनवांशके तन्नवांशकचतुष्टयस्योर्द्ध मकरनवांशकत्रयस्यार्व्वाग् यदा चन्द्रमा भवति तदा आषाढ़े मासि जात इति वक्तव्यम्। अथ मकरनवांशके तन्नवांशकत्रयस्योर्द्ध कुम्भनवांशक तन्नवांशकद्वयस्यार्व्वाग् यदा चन्द्रमा भवति तदा श्रावणे मासि जात इति वक्तव्यम्। अथ कुम्भनवांशके तन्नवांशकद्वयस्योर्द्ध मीननवांशे तन्नवांशपञ्चकस्यार्व्वाग् यदा चन्द्रमा भवति तदा भाद्रपदे मासि जात इति वक्तव्यम्। अथ मीननवांशके तन्नवांशकपञ्चकस्योर्द्ध मेषनवांशे तन्नवांशषट्कत्रयस्यार्वाग् यदा चन्द्रमा भवति तदाश्वयुजि मासि जात इति वक्तव्यम्। अथ मेषनवांशके तन्नवांशाष्टकस्योर्द्ध यदि चन्द्रमा भवति तदा कार्त्तिके मासि जात इत्यवगन्तव्यम् यस्मिन् कृत्तिका रोहिणी च कार्त्तिक: मृगशिरार्द्रा च मार्गशीर्ष: पुनर्व्वसु: पुष्यश्च पौष: आश्लेषा मघा च माघ: पूर्व्वाफाल्गुन्युत्तराफाल्गुनी हस्तश्च फाल्गुन: चित्रा स्वाती च चैत्र: विशाखा अनुराधा च वैशाख: ज्येष्ठामूले ज्यैष्ठ: पूर्व्वाषाढ़ोत्तराषाढ़श्चाषाढ़: श्रवणा धनिष्ठा च श्रावण: शतभिषक्पूर्व्वाभाद्रपदोत्तराभाद्रपदाश्च भाद्रपद: रेवत्यश्विनीभरण्यश्चाश्वयुज: यस्मादुक्तम् विभक्तु पञ्चकमुपांत्य मंत्यं च यद्वर्षमिति एव शुक्लां तस्य मासस्य निश्चय: शुक्लां तद्ग्रहणं नैतत् प्रतिपादयति यत्तथा शुक्लपक्षांते येन नक्षत्रेण युक्त स्तदुपलक्षितौ मासौ वक्तव्य: यथा कार्त्तिक शुक्लपक्षान्ते कृत्तिकारोहिणीभ्या मन्यतमेन यश्चन्द्रमा भवति तेन कार्त्तिकी मास उच्यते एवमन्येषामपि योज्यो तदेतद्भवते एतदुक्तं भवति न शुक्लान्तोमास इत्यतोमास: कृष्णां तएव तथाच यवनेश्वर: मासे तु शुक्लप्रतिपत् प्रवृत्ते पूर्व्वे शशो मध्यवलोदशाहे। तथाच। यद्राशिसंज्ञे शीतांशु: प्रश्नकाले नवांशके। स्थितस्तद्राशिग: पूर्णोयस्मिन् भवति चन्द्रमा:। जन्ममास: स निर्दिष्ट: पुरुषस्य तु पृच्छत:। कृष्णपक्षान्तिकी मासोक्तयोऽत्र तु विपश्चिता। लग्नत्रिकोणेष्वादि लग्नस्य प्रथमलग्नस्य त्रिकोणयोश्च नवमपञ्चमयोर्मध्याद्य स्तत्काल मुत्तमेन प्रधानवीर्य्येण बलेन युक्त स्तद्रं राशि: प्रोच्यते कथ्यते यस्मिन् राशौ गते चंद्रमसि जात इति वक्तव्यं तथाच यवनेश्वर: होरादिवीर्य्याधिकलग्नभाजि स्थानं त्रिकोणे शशिनो विधाय। अङ्गालभनादिभिर्वा कालाङ्गाणीत्यनेन प्रदर्शितोय: कालपुरुषस्यांगविभाग स्तदा लभनादानेन विधिना स्पृष्ट: स्पृशत: यद्देव कालपुरुषस्यांगं स्पृशति तत्स्थे चन्द्रमसि जात इति वक्तव्यम् आदिग्रहणात्प्रागुक्त तत्त्वदर्शन श्रवणे गृह्यते ॥ ५ ॥

প্রকারান্তরে মাস আনয়ন। কৃত্তিকা রোহিণী নক্ষত্রে কার্তিকমাস, মৃগশিরা ও আর্দ্রাতে অগ্রহায়ণ মাস, পুনর্ব্বসু ও পুষ্যাতে পৌষ মাস, অশ্লেষা ও মঘাতে মাঘ মাস, পূর্ব্বফল্গুনী উত্তরফল্গুনী ও হস্তাতে ফাল্গুন মাস, চিত্রা ও স্বাতিতে চৈত্র মাস, বিশাখা ও অনুরাধাতে বৈশাখ মাস, জ্যেষ্ঠা ও মূলাতে জ্যৈষ্ঠ মাস, পূর্ব্বাষাঢ়া ও উত্তরাষাঢ়াতে আষাঢ় মাস, শ্রবণা ধনিষ্ঠাতে শ্রাবণ মাস, শতভিষা, পূর্ব্বভাদ্র ও উত্তরভাদ্রে ভাদ্র মাস, রেবতী ও অশ্বিনীতে আশ্বিন মাস জানিবে। ইহার বিশেষ যথা মেষের নবমনবাংশ অবধি বৃষের সপ্তম নবাংশপর্য্যন্ত যে কোন রাশির নবাংশে উক্ত নবাংশস্থিত চন্দ্র হইলে কার্ত্তিক মাস জানিবে। বৃষের অষ্টম নবাংশ হইতে মিথুনের ষষ্ঠ নবাংশ পর্য্যন্ত অগ্রহায়ণ, মিথুনের সপ্তম নবাংশ অবধি কর্কটের পঞ্চম নবাংশ পর্য্যন্ত পৌষ মাস, কর্কটের ষষ্ঠ নবাংশ অবধি সিংহের চতুর্থ নবাংশ পর্য্যন্ত মাঘ মাস; সিংহের পঞ্চম নবাংশ অবধি কন্যার সপ্তম নবাংশ পর্য্যন্ত ফাল্গুন মাস, কন্যার অষ্টম নবাংশ অবধি তুলার ষষ্ঠ

নবাংশ পর্য্যন্ত চৈত্র মাস, তুলার সপ্তম নবাংশ অবধি বৃশ্চিকের পঞ্চম নবাংশ পর্য্যন্ত বৈশাখ মাস, বৃশ্চিকের ষষ্ঠ নবাংশ অবধি ধনুর চতুর্থ নবাংশ পর্য্যন্ত জ্যৈষ্ঠ মাস, ধনুর পঞ্চম নবাংশ হইতে মকরের তৃতীয় নবাংশ পর্য্যন্ত আষাঢ় মাস, মকরের চতুর্থ নবাংশ হইতে কুম্ভের দ্বিতীয় নবাংশ পর্য্যন্ত শ্রাবণ মাস, কুম্ভের তৃতীয় নবাংশ হইতে মীনের পঞ্চম নবাংশ পর্য্যন্ত ভাদ্র মাস, ও মীনের ষষ্ঠ নবাংশ হইতে মেষের অষ্টম নবাংশ পর্য্যন্ত আশ্বিন মাস। এইরূপে প্রশ্নকালের নবাংশ অনুসারে প্রশ্নকর্ত্তার জন্মমাস বলিয়া দিবে। এই গণনায় শুক্ল প্রতিপৎ হইতে মাস গ্রহণ করিতে হইবে। এই বিষয়ে যবনেশ্বরের বচন যথা—"মাসে তু শুক্লপ্রতিপৎ প্রবৃত্তে পূর্ব্বে শশী মধ্যবলো-দশাহে।" অন্যচ্চ—"যদ্রাশিসংস্থে শীতাংশুঃ প্রশ্নকালে নবাংশকে। স্থিতস্তদ্রাশিগঃ পূর্ণো-যস্মিন্ ভবতি চন্দ্রমাঃ। জন্মমাসঃ স বিজ্ঞেয়ঃ পুরুষস্য তু পূর্ব্বতঃ। কৃষ্ণপক্ষান্তিকো-মাসোজ্ঞেয়োঽত্র তু বিপশ্চিতা॥"

প্রশ্নকালে চন্দ্র যে রাশির যত সংখ্যক নবাংশে থাকিয়া নবাংশচক্রে যে রাশিতে অবস্থিত হইবেন, তত সংখ্যক নবাংশ সেই রাশির যে নক্ষত্রের যে পাদ সম্ভব হইবে, সেই নক্ষত্রে গুরুসংবৎসরাধীন যে মাস প্রাপ্ত হইবে, প্রশ্নকর্ত্তার জন্ম সেই মাসে হইবে।

যথা—প্রশ্নকালে মেষের পঞ্চম নবাংশ প্রাপ্ত হইলে নবাংশচক্রে সিংহেতে চন্দ্রের স্থিতিজ্ঞান হইবে ও সিংহের পঞ্চম পাদে পূর্ব্বফল্গুণীর প্রথম পাদ হইবে। ইহাতে পূর্ব্বফল্গুণী নক্ষত্রে ফাল্গুণ মাস হওয়াতে প্রশ্নকর্ত্তার জন্মমাস ফাল্গুণ হইল।

রাশিজ্ঞান। প্রশ্নলগ্ন, তৎপঞ্চম ও তন্নবম এই তিন রাশির মধ্যে যে রাশি অধিক বলবান্ হইবে, সেই রাশি প্রশ্নকর্ত্তার জন্মরাশি হইবে।

প্রকারান্তরে রাশিজ্ঞান। প্রশ্নকালে প্রশ্নকর্ত্তা যে অঙ্গ স্পর্শ করিয়া অবস্থিত থাকিবে, তদনুসারে কালপুরুষের অঙ্গ বিভাগে যে রাশি * প্রাপ্ত হইবে, প্রশ্নকর্ত্তার জন্মকালে চন্দ্র সেই রাশিতে ছিলেন, জানিতে হইবে।

আর প্রশ্নকালে যে কোন প্রাণী বা বস্তু দৃষ্ট হইবে, কিম্বা যাহার শব্দ শ্রুত হইবে, সেই সকল প্রাণী বা বস্তু ও শব্দাদিদ্বারাও রাশিনির্ণয় হইয়া থাকে। ছাগাদি দর্শনে বা ছাগাদির শব্দ শ্রবণে মেষ রাশি এবং গো মহিষাদি দর্শনে বা তাহার শব্দ শ্রবণে বৃষরাশি নিশ্চয় করিবে। এইরূপ অন্যান্য দ্রব্য ও প্রাণীর দর্শনাদিতেও যথাসম্ভব অন্যান্য রাশি স্থির করিয়া লইবে ॥ ৫ ॥

यावान् गतः शीतकरो विलग्नाच्चन्द्रादृदेत्तावति जन्मराशिः ।
मीनोदये मीनयुगं प्रदिष्टं भव्याहृताकारवशैश्च चिन्त्यम् ॥ ६ ॥

अथ प्रकारान्तरेण जन्मेशराशिज्ञानमिन्द्रवज्रयाह—यावानिति विलग्नात् कालग्नाच्छीतकरश्चन्द्रो यावान् गतो-जन्मराशौ व्यवस्थित-स्तस्मात्तावतीराशिः तत्रस्थे चन्द्रमसि जात-इति वक्तव्यं मीनोदये यदि मीन-लग्नगतो-भवति तदा मीनयुगमेव प्रदिष्टमुक्तम् मीनस्थचन्द्रमा इति वक्तव्यम् ननु दर्शितविधिना राशि-र्लक्षणकारी-यत्र प्राप्तो-भिन्नरूपस्तत्र को-वक्तव्य-इत्याशङ्क्याह—भव्याहृताकारवशैरिति यस्य राशेः सम्बन्धि

* এই পুস্তকের ১৯৮ পৃষ্ঠা দৃষ্টি কর।

भक्ष्यद्रव्यं तस्मिन् काले प्रश्निसमानीयते यदाकारेण कश्चिद्दृश्यते यथा मार्ज्जारादिदर्शने सिंहो-महिषादि-दर्शने वृष-इत्यादि अथवा राश्यनुरूपे पुरुषस्य दृष्ट्याथवा रुतेन यस्य राशिसदृशमाषिणीवर्त्तं प्रश्नः क्रियते तस्यैव चन्द्रमसि जात-इति वक्तव्यम् ॥ ६ ॥

অন্য প্রকারে রাশিজ্ঞান। প্রশ্নসময়ের লগ্ন হইতে যত সংখ্যক রাশিতে তৎকালে চন্দ্র অবস্থিত থাকিবে, সেই চন্দ্রগত রাশি হইতে গণনায় তত সংখ্যক রাশি প্রশ্নকর্ত্তার জন্মরাশি হইবে। যদি প্রশ্নলগ্ন মীন হয়, তবে মীন রাশিই প্রশ্নকর্ত্তার জন্মরাশি বলিয়া দিবে। উক্ত দুই তিন প্রকার গণনায় যে রাশি স্থিরীকৃত হইবে, তাহাই জন্মরাশি জানিবে, যদি দুই তিন মতে গণনায় কোন এক রাশি না হইয়া পৃথক্ পৃথক্ বচন গণনায় পৃথক্ পৃথক্ রাশি হয়, তবে সেই স্থানে দৈবজ্ঞ তৎস্থানে আনীত দ্রব্যাদি যে প্রাণীর ভক্ষ্য বোধ করিবেন, সেই প্রাণী অনুসারে রাশিনির্ণয় করিবে, কিম্বা যে প্রাণী দৃষ্ট হইবে বা যে প্রাণীর শব্দ তৎকালে শ্রুত হইবে, সেই প্রাণী অনুসারেও জন্মরাশি নির্ণীত হইয়া থাকে এবং কখন কখন প্রশ্নকর্ত্তার আকৃতিদ্বারা সূক্ষ্ম বিবেচনা করিয়া জন্মরাশি নির্ণীত হয়। এই স্থলে মার্জ্জরাদি পশু দৃষ্টে বা শ্রবণে সিংহরাশি ও মহিষাদি পশু দৃষ্টে বা শ্রবণে বৃষ রাশি জানিবে॥ ৬ ॥

होरानवांशप्रतिमं विलग्नं लग्नाद्रविर्यावति च द्रेक्काणे ।
तस्माद्वदेत्तावति वा विलग्नं प्रष्टुः प्रसूताविति शास्त्रमाह ॥ ७ ॥

एवं जन्मराशौ ज्ञाते लग्नज्ञानमिन्द्रवज्रयाह—होरेति होरायां प्रश्नलग्ने यस्य राशे-र्नवांशक-स्तत्काले वर्त्तते तस्मात्तावतितमन्नत्प्रतिमन्तमेवांशकराशिं तस्य जन्मलग्नं वक्तव्यम अथवा लग्ना-त्प्रश्नद्रेक्काणाद्यावति यः रविः सूर्य्यो यावति यावत्संख्ये द्रेक्काणे व्यवस्थित-स्तस्माल्लग्नादारभ्य तावति राशौ लग्नगते तस्य जन्म वक्तव्यम् अत्र च द्वादशेभ्योऽधिके द्रेक्काणे द्वादशकमपास्य संख्यानिर्द्देशः चतुर्विंशतेरधिके चतुर्विंशति-मपास्य शेषं वदेत् एवं शास्त्रमाह शास्त्रं कथयति न स्वमनीषिकयोक्तमित्येतत् प्रतिपादयति शास्त्र-ग्रहणेनैतत् प्रतिपाद्यते उक्तञ्च पृच्छाकालेनवांशस्य यो-राशिः संज्ञया समस्तस्मिन् लग्नगते राशौ जन्म वक्तव्यम्। पृच्छतस्तावत्संख्योपयते लग्नाद्द्रेक्काणे दिनकृत् ततः प्रश्नलग्नात्तावत्संख्ये ज्ञाते लग्नराशौ प्रष्टुर्जन्म विनिर्द्दिशेत् ॥ ७ ॥

প্রশ্নকালে যে নবাংশ বর্ত্তমান থাকিবে, সেই রাশি প্রশ্নকর্ত্তার জন্মলগ্ন হইবে। অথবা যে দ্রেক্কাণে প্রশ্ন হইবে, সেই দ্রেক্কাণ হইতে যত সংখ্যক দ্রেক্কাণে সূর্য্য অবস্থিতি করিবেন, প্রশ্নলগ্নহইতে তত সংখ্যক রাশি জন্মলগ্ন হইবে। দ্রেক্কাণের সংখ্যা দ্বাদশের অধিক হইলে, তাহা হইতে যত বার দ্বাদশ বিয়োগ হইতে পারে, ততবার দ্বাদশ বিয়োগ করিয়া যাহা অবশিষ্ট থাকিবে প্রশ্নলগ্ন হইতে তত সংখ্যক রাশি জন্ম-লগ্ন স্থির করিবে। ইহাই যবনাচার্য্য প্রভৃতি শাস্ত্রকারদিগের মত॥ ৭ ॥

जन्मादिशेल्लग्नगे वीर्य्यगे वा छायाङ्गुलघ्नोऽर्कहृतेऽवशिष्टम् ।
आसीनसुप्तोत्थिततिष्ठताभं जायासुखाज्ञोदयगं प्रदिष्टम् ॥ ८ ॥

अथ प्रकारान्तरेण लग्नानयनमिन्द्रवज्रयाह—जन्मादिशेदिति लग्नगे ग्रहे जन्मादिशेत् प्रश्नलग्ने योग्रहो-व्यवस्थित-स्तं तात्कालिकं कृत्वा लिप्तापिण्डीकार्य्यम् अथ बहवोलग्नगताभवन्ति तदा तेषां यो-बलवान् तं तात्कालिकं कृत्वा लिप्तापिण्डीकार्य्यम् ततः सलिलसमयामवनौ द्वादशाङ्गुलेन शङ्कुना तात्कालिकानि छायाङ्गुलानि गृहीत्वा तैरङ्गुलैरेकैकं ग्रहं यद्दर्शितकाले लिप्तापिण्डीकृतं गुणयेत् अथवा सर्व्वग्रहेभ्यो-यो-बलवान् ग्रह-स्तं तात्कालिकं कृत्वा लिप्तापिण्डं कृत्वाच्छायाङ्गुलाहतं चार्कगुण्डं कारयेत् द्वादशभिर्विभजेत् तत्र यावत्तत्र अवशिष्टं तावत्संख्योमेषादेरारभ्य यो-राशिर्भवति तस्मिन् राशौ लग्नगते तस्य जन्म वक्तव्यम्। अथ प्रकारान्तरेणाह आसीनेत्यादि आसीन-उपविष्टो-यदा प्रष्टा पृच्छति तदा लग्नाद्यस्मायास्थानं सप्तम-राशिस्तस्मिन् लग्नगते तस्य जन्म वक्तव्यम्। अथ सुप्तः सुप्तोऽत्र शयनपतितोविवक्षितः लग्ननिद्रस्य प्रश्नाभावात् तत्र पतितो-यदा पृच्छति तदा लग्नाद्यत् सुखस्थानं चतुर्थराशिस्तस्मिन् लग्नगते तस्य जन्म वक्तव्यम्। अथोत्थितः पृच्छति तदा तस्माल्लग्नाद्यदाशा दशमोराशि-स्तस्मिन् लग्नगते तस्य जन्म वक्तव्यम्। अथ शयनादासनाद्वोत्थितः उत्तिष्ठतः पृच्छति तदोदयलग्नराशौ तस्मिन्नेव जन्म वक्तव्यम्। उक्तञ्च उत्तिष्ठतो-विलग्नात् प्रष्टुः सुप्तस्य बन्धु लग्नाच्च उपविष्टस्यास्तमये व्रजतोमेषूरणस्थानादिति ॥ ८ ॥

প্রকারান্তরে। প্রশ্নলগ্নে যে গ্রহ থাকিবে সেই গ্রহের স্ফুট * রাশ্যাদিকে অংশ করিয়া তাহার অংশের সহিত যোগ করিবে। এই যুক্তাঙ্ককে তৎকালে দ্বাদশাঙ্গুলপরিমিত শঙ্কুর ছায়ার অঙ্গুলিসংখ্যাদ্বারা পূরণ করিয়া যাহা হইবে তাহাকে দ্বাদশদ্বারা ভাগ করিলে যত সংখ্যা অবশিষ্ট থাকিবে, মেষ হইতে তত সংখ্যক রাশি প্রশ্নকর্ত্তার জন্মলগ্ন হইবে। লগ্নে দুই তিন বা ততোঽধিক গ্রহ থাকিলে যে গ্রহ সর্ব্বাপেক্ষা বলবান্ তাহাকে লইয়া কার্য্য করিতে হইবে।

মতান্তরে। প্রশ্নকর্ত্তা উপবেশন করিয়া প্রশ্ন করিলে প্রশ্নলগ্নের সপ্তমে যে রাশি তাহাই জন্ম লগ্ন হইবে এবং প্রশ্নকর্ত্তা পতিত থাকিলে প্রশ্নলগ্নের চতুর্থে, দণ্ডায়মান থাকিলে প্রশ্নলগ্নের দশমে যে রাশি তাহাই জন্মলগ্ন হইবে এবং নিদ্রা হইতে উত্থিত হইয়া প্রশ্ন করিলে যে লগ্নে প্রশ্ন হইবে, তাহাই প্রশ্নকর্ত্তার জন্মলগ্ন হইবে ॥ ৮ ॥

गोसिंहौ जितुमाष्टमौ क्रियतुले कन्यामृगौ च क्रमात्
संवर्ग्याद्दशकाष्टसप्तविषयैः शेषा स्वसंख्या गुणाः।
जीवारास्फुजिदैन्दवाः प्रथमवच्छेषाः ग्रहाः सौम्यव-
द्राशीनां नियतो विधिर्ग्रहयुतैः कार्य्या च तद्वर्गणाः ॥ ९ ॥

अथ प्रकारान्तरेण सर्व्वमेव नष्टजातकं वक्ति ततः प्रश्नकाले तात्कालिकं लग्नं कृत्वा लिप्तापिण्डी-कार्य्यम्। ततस्तस्य लिप्तापिण्डीकृतस्य गुणकारविज्ञानार्थं शार्दूलविक्रीड़ितेनाह—गोसिंहाविति गोसिंहा-दयो-राशयो-यथाक्रमं दशादिभिर्गुणकारैः संवर्ग्यागुणनीयाः तद्यथा गोसिंहौ वृषसिंहौ १० दशभिर्गुणयेत् वृषलग्नं लिप्तापिण्डीकृतं दशभिर्गुणयेत् एवं सिंहं दशभिरेव जितुमाष्टमौ मिथुनवृश्चिकौ लग्नगता ८ वष्ट-भिर्गुणयेत् क्रियतुले मेषतुले एतौ ७ सप्तभिर्गुणयेत् कन्यामृगौ कन्यामकरौ एतौ लग्नगतौ विषयैः ५ पञ्चभि-

* ফলিতজ্যোতিষের ১ম খণ্ডের ৩০৪ পৃষ্ঠা হইতে ৩৫১ পৃষ্ঠা পর্য্যন্ত গ্রহস্ফুট গণনার বিশেষ প্রণালী লিখিত আছে।

र्गुणयेत् एवमिति यथाक्रमं संवर्थ्यागुणनीया: मेषा-चतुष्कादाश्रय: खसंख्यागुणा-चात्मीयसंख्यया गुणनीया: तत्र गणनया कर्कटश्चतुर्भिर्गुणयेत् एवं धन्वी नवभि: ९ कुम्भमेकादशभि: ११ एवं मीनो द्वादशभि: १२ एवं तावल्लग्नं स्वगुणकारेणावश्यमेव गुणयेत् दशकाष्टसप्तविषयै: तत-स्तत्र यदि ग्रहोभवति तदा ग्रहगुण-कारेणावश्यमेव गुणयेत् तत्र ग्रहगुणकारविधि: जीवारास्फुजिदैन्दवा: प्रथमवद्दशकाष्टसप्तविषयैरिति जीवे गुरौ लग्नगते तमेव लग्नं स्वगुणकारैराह—तं दशभिर्गुणयेत् आरे भौमे लग्नगते अष्टभि: आस्फुजिच्छुक्र: तस्मिन् लग्नगते सप्तभि: ऐन्दवे बुधे पञ्चभि: शेषारविशशिसौराश्च च सौम्यवत् बुधवत् पञ्चभिर्गुणनीया-इत्यर्थ: एवं तात्कालिकं लग्नं अवश्यं राशिगुणकारेण गुणयेत् तत: सग्रहोक्तगुणकारैरपि तत्र च यदा ग्रहो-भवति तदा ग्रहगुणकारेण गुणयेत् यदा बहवोग्रहाभवन्ति तदा सर्वेषां गुणकारैर्गुणयेत् एवञ्च तद्गुणितमेकान्ते स्थापयेत् ॥ ९ ॥

প্রশ্নসময়ে লগ্নস্ফুটের * রাশ্যাদিকে কলা করিয়া কলার সহিত যোগ করিবে। এই যুক্তাঙ্ককে নিম্নলিখিত স্বীয় রাশির গুণকাঙ্কদ্বারা গুণ করিয়া এক স্থানে রাখিবে। প্রশ্নলগ্নে গ্রহ থাকিলে রাশির গুণকাঙ্কদ্বারা গুণ না করিয়া গ্রহগুণকাঙ্কদ্বারা গুণ করিতে হইবে। রাশিগুণকাঙ্ক যথা—মেষের ৭ সাত, বৃষের ১০ দশ, মিথুনের ৮ আট, কর্কটের ৪ চারি, সিংহের ১০ দশ, কন্যার ৫ পাঁচ, তুলার ৭ সাত, বৃশ্চিকের ৮ আট, ধনুর ৯ নয়, মকরের ৫ পাঁচ, কুম্ভের ১১ এগার ও মীনের ১২ বার। গ্রহগুণকাঙ্ক যথা—রবি, চন্দ্র, বুধ ও শনির ৫ পাঁচ, মঙ্গলের ৮ আট, বৃহস্পতির ১০ দশ ও শুক্রের ৭ সাত। যদি লগ্নে দুই বা ততোঽধিক গ্রহ থাকে, তাহা হইলে যে যে গ্রহ লগ্নে থাকিবে, তাহাদের গুণকাঙ্কসকল যোগ করিয়া যোগফল যাহা হইবে তাহাদ্বারা গুণ করিবে ॥ ৯ ॥

समाहतं त्रिघनभाजितशेष मृक्षं दत्त्वाथवा नव विशोध्य नवाथवा स्यात्।
एवं कलत्रसहजात्मजशत्रुभेभ्य: प्रष्टुर्वदेदुदयराशिवशेन तेषां ॥१०॥

अथ नक्षत्रानयनं वसन्ततिलकेनाह—समाहतमिति समाहतं सप्तभिर्गुणयेत् दत्त्वाथवेति ततस्तत्र नव देया: शोध्यावा न किञ्चिद्वा उदेत्युच्यते यदि चरराशिलग्नगतो-भवति तदा नव देया: स्थिरे न देयानापि शोध्या: द्विस्वभावे विलग्ने नव शोध्या: एवं केचिद्व्याचक्षते वयं पुनर्ब्रूम: यदि प्रश्नलग्ने प्रथमो-द्रेक्काणो-भवति तदा न देया: द्वितीये न देयानापि शोध्या: तृतीये नव शोध्या: एवं कृत्वा तस्य राशेस्त्रिघनेन सप्तविंशत्या भागमपहृत्यावाप्तन्त्याज्यं तत्र यावत्संख्यकोऽवशेषो-भवति तावत्संख्य-मश्विन्यादितो-नक्षत्रं तन्नक्षत्रं तस्य प्रष्टुर्वक्तव्यम् केचित् वदन्ति यथास्थितस्य राशे: सप्तविंशत्या भागमपहृत्यावशेषाङ्कनवकदानेन विशोधनेन वा यथास्थितेनाङ्केन सम्वाद-उत्पद्यते तथा नक्षत्रं वक्तव्यम् एवमित्यादि कलत्रसहजात्मजशत्रुभेभ्य-इति भार्य्याभर्तृपुत्त्ररिपुषु नष्टजातकं यदा पृच्छति तदा तद्भेभ्य-स्तद्राशिभ्य: एवं प्रष्टु: पृच्छकस्य वदेत् ब्रूयात् तमेवोदयराशिं परिकल्पयेदित्यर्थ: एतदुक्तं भवति यदि पुरुष: स्वपत्न्यानक्षत्रं पृच्छति तदा तात्कालिके लग्ने राशिषट्कन्देयम् अथ भ्रातु: पृच्छति तदा राशिद्वयं देयमथ पुत्त्रस्य पृच्छति तदा राशिचतुष्कं देयमथ शत्रो: पृच्छति तदा राशिपञ्चकं देयं एवं कृत्वा यद्भवति तदेवोदयराशिं प्रकल्प्य तद्गुणकारेण गुणयेत् ततस्थग्रहगुणकारेण च तत-स्तत्र प्राग्व-न्नवकदानविशोधने कृत्वा सप्तविंशत्या भागमपहृत्यावशेषाङ्कसमं यस्य प्रष्टा पृच्छति तस्य नक्षत्रं वक्तव्यम् एतदप्युपलक्षणार्थमेव त्रिराशिसहितात् तात्कालिकाल्लग्नान्मित्रस्य वक्तव्यमेतन्नक्षत्रानयनमप्युपलक्षण-मेवं सकलमपि नष्टजातकं वक्तव्यम् ॥ १० ॥

---

† কলিতজ্যোতিষের তৃতীয় খণ্ডের ১ম পৃষ্ঠা হইতে ৩য় পৃষ্ঠা পর্য্যন্ত দৃষ্টি কর।

পূর্ব্বস্থাপিত অঙ্ককে ৭ দিয়া গুণ করিয়া যাহা গুণফল হইবে, তাহার সহিত চররাশি হইলে ৯ নয় যোগ করিবে, দ্ব্যাত্মক রাশি হইলে তাহা হইতে ৯ নয় বিয়োগ করিবে। স্থিররাশি হইলে যোগ বা বিয়োগ কিছুই না করিয়া প্রকৃত অঙ্কই গ্রহণ করিবে। ইহা অন্যান্য গ্রন্থকারদিগের মত। বৃহজ্জাতকের টীকাকার ভট্টোৎপলের মতে লগ্নের প্রথম দ্রেক্কাণে প্রশ্ন হইলে ৯ নয় যোগ, দ্বিতীয় দ্রেক্কাণে ৯ নয় বিয়োগ, তৃতীয় দ্রেক্কাণে যোগ বিয়োগ কিছুই করিতে হইবে না। এই রূপ পরিগৃহীত অঙ্ককে ২৭ সাতাইশ দিয়া ভাগ করিয়া যাহা অবশিষ্ট প্রাপ্ত হইবে, তাহাদ্বারা অশ্বিন্যাদি নক্ষত্র নির্ণয় করিবে। এক অবশিষ্ট থাকিলে অশ্বিনী, দুই অবশিষ্ট থাকিলে ভরণী ইত্যাদি। এই রূপে যে নক্ষত্র প্রাপ্ত হইবে, তাহাই প্রশ্নকর্ত্তার জন্মনক্ষত্র নিশ্চয় করিবে।

প্রশ্নকর্ত্তা যদি স্বীয় নষ্টজাতকের প্রশ্ন না করিয়া পত্নী*, ভ্রাতা, পুত্র বা শত্রুর জন্মকাল নিরূপণের ইচ্ছুক হইয়া প্রশ্ন করে, তাহা হইলে যথাক্রমে প্রশ্নলগ্নের সপ্তম, তৃতীয়, পঞ্চম ও ষষ্ঠ রাশি গ্রহণ করিয়া লগ্ন নির্ণয় করিবে, অর্থাৎ পত্নীর নষ্টজাতকের প্রশ্ন হইলে প্রশ্নলগ্নের সপ্তম রাশি, ভ্রাতার নষ্টজাতকপ্রশ্নে তৃতীয় রাশি, পুত্রের নষ্টজাতকপ্রশ্নে পঞ্চম রাশি, শত্রুর নষ্টজাতকের প্রশ্ন হইলে প্রশ্নলগ্নের ষষ্ঠ রাশি ও তত্তৎস্থানস্থিত গ্রহ লইয়া, পূর্ব্ববৎ কার্য্য করিবে। ১০।

---

* যদি প্রশ্নকারকের স্ত্রীর শুভাশুভ গণনা করিতে হয়, তাহা হইলে তাহার গণনা নিম্নকথিত প্রণালী-অনুসারে করিবে—প্রশ্নকারকের সপ্তমগৃহকে স্ত্রীর জন্মলগ্ন কল্পনা করিয়া, তদ্দ্বারা তাহার রূপ বর্ণ লক্ষণ-আদি জানিবে। প্রশ্নকারকের অষ্টমস্থান ঐ স্ত্রীর ধনস্থান, নবমস্থান ঐ স্ত্রীর সহোদরস্থান, দশমস্থান স্ত্রীর বন্ধুস্থান, একাদশস্থান স্ত্রীর পুত্রস্থান, দ্বাদশস্থান স্ত্রীর শত্রুস্থান, লগ্ন স্ত্রীর স্বামিস্থান, দ্বিতীয়গৃহ স্ত্রীর মৃত্যুস্থান, তৃতীয়গৃহ স্ত্রীর ধর্ম্মস্থান, চতুর্থগৃহ স্ত্রীর কর্ম্মস্থান, পঞ্চমগৃহ স্ত্রীর লাভস্থান এবং প্রশ্নকারকের ষষ্ঠগৃহকে তাহার স্ত্রীর ব্যয়স্থান কল্পনা করিয়া তাহার ফল গণনা করিবে।

প্রশ্নকারকের পিতার শুভাশুভ গণনা করিতে হইলে তাহার চতুর্থগৃহ, মাতার শুভাশুভ গণনা করিতে হইলে স্বীয় দশমগৃহ এবং ভ্রাতার শুভাশুভ গণনা করিতে হইলে স্বীয় তৃতীয়গৃহকে যথাক্রমে লগ্ন কল্পনা করিয়া পূর্ব্বোক্ত মতে গণনাদ্বারা ফল বলিবে।

"In all questions, you are generally to observe this method following :—The ascendant represents the person of the querent, and the second his estate, the third his kindred, the fourth his father, the fifth his children, the sixth his servant or sickness, the seventh his wife, the eighth the manner of his death, the ninth his religion or journeys, the tenth his estimation or honour, mother, trade, &c. The eleventh his friends, the twelfth his secret enemies : also understand, that when one asks concerening a woman, or any party, signified by the seventh house and the lord thereof, that then the seventh house shall be her ascendant, and signify her person, the eighth house shall signify her estate, and be her second : the ninth house shall signify her brethren and kindred ; the tenth shall represent her father ; the eleventh her children, or whether apt to have children ; the twelfth her sickness and servants ; the first house her sweetheart ; the second house her death ; the third her journey ; the fourth her mother, or trade, &c. ; the fifth her friends ; the sixth her

वर्षर्तुमासतिथयोद्युनिशं ह्युडूनि
वेलोदयर्क्षनवभागविकल्पनाः स्युः।
भूयोदशादि गुणिताः स्वविकल्पभक्ता
दर्षादयो नवकदानविशोधनाभ्यां॥ ११॥

अथ वर्षाद्यानयनं वसन्ततिलकेनाह—वर्षर्तुमासेति वर्षादीनि सर्वाणि स्वविकल्पेन भागे हृते यथा पाठक्रमेणानयितव्यानि तद्यथा तात्कालिकं लग्नं लिप्तापिण्डीकृतं राशिगुणकाराहतं ग्रहसंयुक्तं चेद्ग्रह-गुणकाराहृतमपि यदेकान्ते स्थापितं तत् पुनरपि दशादिगुणं कार्य्यम् एतदुक्तं भवति स राशिः स्थानचतुष्टये धार्य्यः एकत्र दशगुणोऽन्यत्र द्वितीयेऽष्टगुणोऽन्यत्र तृतीये सप्तगुणः चतुर्थे पञ्चगुणः कार्य्यः यत उक्तम्। भूयो-दशादिगुणितान् भूयः पुनरपि दशकाष्टसप्तविषयैर्गुणनीयाः तत स्वस्मिन् राशिचतुष्टये प्राग्वन्नवकदान-विशोधने कृत्वा स्वविकल्पैर्भागमपहृत्यावाप्तं वर्षादयोज्ञेयाः॥ ११॥

विशेया दशकेष्वब्दा ऋतुमासास्तथैव च।
अष्टकेष्वपि मासार्द्धा स्तिथयश्च तथा स्मृताः॥ १२॥

अथ न ज्ञायते कस्माद्राशेः कस्यानयनं कार्य्यं तदनुष्टुप्वयेणाह—विज्ञेयादशकेष्वब्दा इति अत्र बहु-वचनं बहुयोपयोगित्वात् कृतम्। यदुक्तं स्वविकल्पभक्ताद्दर्षादय-स्तद्व्याख्यायते एते चत्वारोराशयः स्थापिता-स्तेषां नवकदानविशोधनं कृत्वा कर्म्मयोग्याः सर्वे भवन्ति ततो दशगुणस्य पृथक्स्थस्य परमायुषा विंशत्यधिकेन वर्षशतेन भागमपहृत्य योऽङ्कोऽवशिष्यते तदङ्कसमन्तस्य वर्षसंख्याङ्कं वर्त्तते तस्यैव षड्भिर्भाग-मपहृत्य ऋतुसंख्यया तत्र योऽङ्कोऽवशिष्यते तदङ्कसमे शिशिरादारभ्यर्त्तौ जात-इति वक्तव्यम् तस्यैव तु मास-संख्यया द्वाभ्यां भागमपहृत्य यद्येकोऽवशिष्यते तदा ज्ञातर्त्तौ प्रथमे मासि जात-इति वक्तव्यम् अथ शून्यमव-शिष्यते तदा द्वितीये मासि जातः एवं कृत्वा दशगुणः कर्म्मयोग्यो-राशिरपास्यः यस्य विंशत्यधिकाद्वर्षशता-दप्यधिकं जन्मनोऽतीतं तस्य नष्टजातकज्ञानोपाय-एव नास्ति अष्टकेष्वित्यादि योऽसावष्टहतोराशि-स्तस्य पृथक्-स्थस्य कर्म्मयोग्यस्य पक्षसंख्यया द्वाभ्यां भागमपहृत्य यद्येकोऽवशिष्यते तदा शुक्लपक्षे जात-इति वक्तव्यम्। न किञ्चिदवशिष्यते तदा कृष्णपक्षे तस्यैव तिथिसंख्यया पञ्चदशभिर्भागमपहृत्य योऽङ्कोऽवशिष्यते तदङ्क-समाने तिथौ जात-इति वक्तव्यम् एवं कृत्वाष्टगुणः कर्म्मयोग्योराशिरपास्यः॥ १२॥

दिवारात्रिप्रसूतिश्च नक्षत्रानयनं तथा।
सप्तकेष्वपि वर्गेषु नित्यमेवोपलक्षयेत्॥ १३॥

दिवेत्यादि योऽसौ सप्तहतोराशि-स्तत्र प्राग्वदेव नवकदानविशोधने कृत्वा तत्कर्म्मयोग्यं राशिं स्थापयेत् तस्य दिवारात्रिसंख्यया द्वाभ्यां भागमपहृत्य यद्येकोऽवशिष्यते तदा दिवसे जातोऽथ न किञ्चिदवशिष्यते तदा

---

sorrow, care and private enemies. Let the question be of or concerning a churchman, minister, or the brother of the wife or sweetheart, the ninth house shall represent each of these ; but the tenth house shall be significator of *his* substance : the eleventh house of his brethren ; and so in order and so in all manner of questions, the house signifying the party quesited shall be his ascendant or first house, the next his second house, and so continuing round about the whole heavens of twelve houses. If a question be made of a king or nobleman, the tenth is his first house, the eleventh his second, &. ; but in nativities, the ascendant always influences the party born, whether king or beggar". **Extracts from Works on Astrology. Vol. I. Page 292.**

रात्रौ जात-इति वक्तव्यम्। योऽसौ समस्ततीराशि-स्तस्य नक्षत्रसंख्यया सप्तविंशत्या भागमपहृत्य योऽङ्कोऽव-शिष्यते तदङ्कसंख्ये नक्षत्रेऽश्विन्यादित-मारभ्य जात-नक्षत्रं इति वक्तव्यम् अस्य कर्म्मणः पुनरभिधानं नक्षत्रा-नयनस्य बाहुल्योपयोगित्वात् ॥ १३ ॥

वेलामथ विलग्नञ्च होरा मंशकमेव च।
पञ्चकेषु विजानीया न्नष्टजातकसिद्धये ॥ १४ ॥

वेलेत्यादि यस्मिन् दिने पुरुषस्य जन्मज्ञानं तद्दिनप्रमाणं घटिकादिकं कर्त्तव्यं रात्रौ चेत्तदा रात्रिप्रमाणं ततः पञ्चगुणस्य राशे-स्तेन दिनप्रमाणेन रात्रिप्रमाणेन भागमपहृत्य योऽङ्कोऽवशिष्यते तस्मिन् काले दिनगते रात्रिगते वा तस्य जन्म वक्तव्यम् अथ विलग्नमित्यादि अथ शब्दः पादपुरणार्थं काले ज्ञाने राश्यादिलग्नं कर्त्तव्यं तत-स्तस्य होराद्रेक्काणनवांशद्वादशांशत्रिंशांशभागाः कर्त्तव्याः तात्कालिकाग्रहाश्च कर्त्तव्याः ततो-यथाभिहितेन विधिना दशान्तर्द्दशाष्टकवर्गादेरभिहितस्य फलस्य निर्द्देशः कार्य्यः एवं नष्टजातकं साध-येत् ॥ १४ ॥

মতান্তরে—প্রশ্নসময়ে লগ্নস্ফুটের রাশ্যাদিকে কলা করিয়া তাহাকে রাশিগুণকাঙ্ক কিম্বা গ্রহগুণকাঙ্কদ্বারা গুণ করিলে যে অঙ্ক হইবে তাহা চারি স্থানে রাখিয়া ক্রমশঃ ১০, ৮, ৭ ও ৫ দ্বারা গুণ করিবে। পরে পূর্ব্ববৎ দ্রেক্কাণানুসারে ৯ নয় যোগ বা বিয়োগ করিলে যে চারিটী অঙ্ক হইবে তাহাদিগকে চারি স্থানে রাখিবে। এইরূপে চারি স্থানে স্থাপিত চারি অঙ্কের মধ্যে প্রথম অর্থাৎ ১০ দশদ্বারা গুণিত অঙ্ককে তিন স্থানে রাখিবে। এই তিন স্থানে স্থাপিত অঙ্কের প্রথম অঙ্ককে ১২০ একশত কুড়ি দিয়া ভাগ করিলে যাহা অবশিষ্ট থাকিবে, তাহাই প্রশ্নকর্ত্তার বয়স জানিবে। দ্বিতীয় অঙ্ককে ৬ ছয় দ্বারা ভাগ করিয়া অবশিষ্ট অঙ্কদ্বারা শিশিরাদি ঋতু নির্ণয় করিবে। যথা ১ থাকিলে শিশির, ২ থাকিলে বসন্ত ইত্যাদি। তৃতীয় অঙ্ককে ২ দ্বারা ভাগ করিলে অবশিষ্ট অঙ্ক ১ হইলে ঋতুর প্রথম মাস ও শূন্য হইলে ঋতুর দ্বিতীয় মাসে প্রশ্নকর্ত্তার জন্ম হইয়াছে নিশ্চয় করিবে।

পরে পূর্ব্বে চারিস্থানে স্থাপিত অঙ্কের দ্বিতীয় অঙ্ককে ২ দুই স্থানে রাখিবে। প্রথম অঙ্ককে ২ দুই দিয়া ভাগ করিয়া অবশিষ্ট অঙ্ক ১ এক হইলে শুক্ল পক্ষে ও দুই হইলে কৃষ্ণ-পক্ষে জন্ম জানিবে। দ্বিতীয় অঙ্ককে ১৫ দ্বারা ভাগ করিয়া অবশিষ্ট অঙ্কদ্বারা তিথি নির্ণয় করিবে। যথা ১ এক অবশিষ্ট থাকিলে প্রাপ্ত পক্ষের প্রতিপদ, দুই থাকিলে দ্বিতীয়া ইত্যাদি।

অনন্তর চারিস্থানে স্থাপিত অঙ্ককে ২ স্থানে রাখিয়া প্রথম অঙ্ককে ২ দুই দ্বারা ভাগ করিলে যদি অবশিষ্ট ১ থাকে তাহা হইলে দিনে এবং শূন্য থাকিলে রাত্রিতে জন্ম নিশ্চয় করিবে। দ্বিতীয় অঙ্ককে ২৭ দিয়া ভাগ করিয়া অবশিষ্ট অঙ্কদ্বারা নক্ষত্র জানা যাইবে। যথা ১ থাকিলে অশ্বিনী, ২ থাকিলে ভরণী ইত্যাদি রূপে প্রশ্নকর্ত্তার জন্মনক্ষত্র জানিবে।

পরে চারিস্থানে স্থাপিত অঙ্কের চতুর্থ অঙ্ককে প্রাপ্তদিবসের দিবাতে জন্ম হইলে দিনমান দ্বারা রাত্রিতে জন্ম হইলে রাত্রিমানদ্বারা ভাগ করিয়া অবশিষ্ট যত থাকিবে, তত দণ্ড দিবা

কিম্বা রাত্রিতে প্রশ্নকর্ত্তার জন্ম হইয়াছে, নিশ্চয় করিবে। জন্মদণ্ড স্থির হইলে লগ্ন ও ক্ষেত্রহোরাদি ষড়্‌বর্গ নির্ণয় করিয়া শুভাশুভ গণনা করিবে। ১১। ১২। ১৩। ১৪।

संस्कारनाममात्रा द्विगुणा छायाङ्गुलैः समायुक्ता ।
शेषं त्रिनवकभक्ता नक्षत्रं तद्धनिष्ठादि ॥ १५ ॥

अथ प्रकारान्तरेण नक्षत्रानयनमार्य्ययाह—संस्कारनामेति संस्कारेण नाम संस्कारनाम तस्य मात्राः संस्कारेणागतस्य नाम्नो-मात्राः संस्कारनाममात्राः संस्कारग्रहणेनैतत्प्रतिपादितं भवति संस्कारेण यत् पुरुषस्य नाम कृतं तस्य मात्रा-ग्राह्याः नान्यस्य कस्यचित् कुनामादेः मात्राश्चेह गृह्यन्ते हल् अर्द्धमात्रिकः अच्मात्रिकः इत्यनया स्थित्या ताः संस्कारनाममात्राः संगृह्य द्विगुणीकार्य्याः तत-स्तात्कालिकानि शंकु-च्छायाङ्गुलानि गृहीत्वा तान्द्विगुणमात्रास्तैरङ्गुलैः संयुक्ताः कार्य्याः एवं कृते यद्भवति तस्य त्रिनवकेन सप्तविंशत्या भागमपहृत्य यः शेषो-भवति तदङ्कसमं तस्य धनिष्ठादित-आरभ्य नक्षत्रं वक्तव्यम् ॥ १५ ॥

মতান্তরে নক্ষত্রানয়ন। প্রশ্নকর্ত্তার সংস্কৃত নামে যত * অর্থাৎ নামকরণকালে পিত্রাদিকৃত নামে যত মাত্রা থাকিবে তাহাকে দ্বিগুণ করিয়া গুণফলে প্রশ্ন সময়ে দ্বাদশাঙ্গুলপরিমিত শঙ্কুর ছায়া যোগ করিলে যত অঙ্ক হইবে, তাহাকে ২৭ সাতাইশ দিয়া ভাগ করিয়া অবশিষ্ট অঙ্কদ্বারা ধনিষ্ঠাদি নক্ষত্র স্থির করিবে। যথা—এক থাকিলে ধনিষ্ঠা, ২ থাকিলে শতভিষা, তিন থাকিলে পূর্ব্বভাদ্র ইত্যাদি। ১৫।

द्वित्रिचतुर्द्दश तिथि सप्तत्रिगुणा नवाष्ट चैन्द्राद्याः ।
पञ्चदशघ्ना स्तद्दिग्मुखान्विताभं धनिष्ठादि ॥ १६ ॥

अथ नक्षत्रानयनं प्रकारान्तरेणार्य्ययाह—द्वित्रिचतुर्दशेति पूर्व्वाभिमुखो-यदा प्रष्टा पृच्छति तदा द्वयोरङ्काः स्थाप्याः अथाग्नेयाभिमुख-स्तदा त्रयाणां अथ दक्षिणाभिमुख-स्तदा चतुर्दशानां अथ नैर्ऋत्यभिमुख-स्तदा दशानां अथ पश्चिमाभिमुख-स्तदा तिथिसंख्यानां पञ्चदशानां अथ वायव्याभिमुखस्तदा सप्तत्रिगुणा-एकविंशतिः उत्तराभिमुख-स्तदा नवानां ऐशान्याभिमुख-स्तदा अष्टानां तद्यथा एवं दिगभिमुखप्रष्टुर्व्वशेनाङ्कं गृहीत्वा ततः पञ्चदशगुणः कार्य्यः तत-स्तस्मिन् प्रदेशे यावन्तः पुरुषा-स्तदभिमुखाः स्थितास्तत्संख्यया-न्वितोयुक्तः कार्य्यः एवं कृते यद्भवति तस्य सप्तविंशत्या भागमपहृत्य योऽङ्कोऽवशिष्यते तदङ्कसमं तस्य धनिष्ठाद्यारभ्य नक्षत्रं वक्तव्यम् ॥ १६ ॥

প্রশ্নকর্ত্তা পূর্ব্বমুখ হইয়া প্রশ্ন করিলে ২ দুই, অগ্নিকোণে ৩ তিন, দক্ষিণে ১৪ চৌদ্দ, নৈঋতকোণে ১০ দশ, পশ্চিমে ১৫ পনের, বায়ুকোণে ২১ একুশ, উত্তরদিকে ৯ নয়, ঈশানকোণে ৮ আট, ধ্রুবাঙ্ক গ্রহণ করিয়া তাহাকে ১৫ দ্বারা গুণ করিবে এবং তৎকালে সেই স্থলে সেই মুখে যত পুরুষ থাকিবে তত সংখ্যা যোগ করিয়া ২৭ সাতাইশ দিয়া ভাগ করিয়া অবশিষ্ট অঙ্কদ্বারা ধনিষ্ঠাদি নক্ষত্র নির্ণয় করিবে। ১ এক থাকিলে ধনিষ্ঠা, ২ দুই থাকিলে শতভিষা, ৩ তিনে পূর্ব্বভাদ্রপদ, ৪ চারিতে উত্তর ভাদ্রপদ, ৫ পাঁচে রেবতী, ৬ ছয়ে অশ্বিনী, ৭ সাতে ভরণী, ৮ আটে কৃত্তিকা, ৯ নয়ে রোহিণী, ১০ দশে মৃগশিরা, ১১ এগারোয় আর্দ্রা, ১২ বারোয় পুনর্ব্বসু, ১৩ তেরোয় অশ্লেষা ইত্যাদি।

* । সংস্কৃত নাম না থাকিলে প্রকাশ্য নামের মাত্রা লইবে।

বারানয়নং।

স্বপাদযুক্তঃ শাকাব্দো মাসাঙ্কদিনসংযুতঃ।
দ্বিযুক্তঃ সপ্তভির্হীনো বারো ভবতি নান্যথা॥

মাসাঙ্কা যথা—

খনয়নরসনেত্রং শূন্যনেত্রেষু শূন্যম্।
বিধুকরযুগষট্কং মাসিকং স্যাদ্ধ্রুবাঙ্কম্॥
যুগহরণসমাপ্তৌ বৎসরে সিংহ আশ্বে।
ধ্রুবমৃতুকরমিষ্টং শ্রীহরের্ব্বারবোধে॥

শকাব্দানুসারে বারানয়নং।—যে শকাব্দার যে মাসের যে দিবসের বার জানিবার প্রয়োজন হইবে, সেই শকাব্দার অঙ্কসংখ্যার সহিত সেই শকাব্দার অঙ্কের চতুর্থাংশ যোগ করিয়া তাহাতে পার্শ্বের লিখিত মাসাঙ্ক এবং সেই মাসের দিন সংখ্যা এবং অতিরিক্ত ২ দুই যোগ করিয়া যে সমষ্টি হইবে, তাহাকে ৭ সপ্ত দ্বারা হরণ করিলে যাহা অবশিষ্ট থাকিবে, তদ্দ্বারা বার জানা যাইবে। যথা—এক অবশিষ্ট থাকিলে রবিবার, ২ অবশিষ্ট থাকিলে সোমবার ইত্যাদি।

মাসাঙ্ক	
বৈশাখ	০
জ্যৈষ্ঠ	৩
আষাঢ়	৬
শ্রাবণ	৩
ভাদ্র	০
আশ্বিন	৩
কার্ত্তিক	৫
অগ্রহায়ণ	০
পৌষ	১
মাঘ	২
ফাল্গুন	৪
চৈত্র	৬

যদি শকাব্দার চতুর্থাংশ পূর্ণাঙ্ক না হইয়া ভগ্নাঙ্ক হয়, তাহা হইলে ভগ্নাঙ্কের পরিবর্ত্তে ১ এক ধরিয়া লইতে হয়। যেমন শকাব্দা ১৭৯৯ ইহার চতুর্থাংশ ৪৪৯৮ হয়, কিন্তু ঐরূপ না ধরিয়া উহার পরিবর্ত্তে ৪৫০ ধরিতে হইবে। আর যে শকাব্দার চতুর্থাংশ ভগ্নাঙ্ক না হয়, সেই শকাব্দার কেবল, ভাদ্রের ৬ এবং আশ্বিনের ২ মাসাঙ্ক ধরিতে হইবে। নচেৎ পার্শ্বলিখিত ভাদ্র ও আশ্বিনের পূর্ব্ব নির্দ্দিষ্ট মাসাঙ্ক যোগ দিলে মিলিবে না। এই গণনাতে যদি কদাচিৎ না মিলে তাহা হইলে এক বাদ দিলে নিশ্চয় মিলিবে।

উদাহরণ—১৮০৫ শকাব্দার ১ বৈশাখ কি বার হইবে? এস্থলে শকাব্দসংখ্যা ১৮০৫ তাহার চতুর্থাংশ ৪৫২, অতএব শকাব্দা ১৮০৫ ও তাহার চতুর্থাংশ ৪৫২ ও মাসাঙ্ক ০ ও দিনাঙ্ক ১ এবং অতিরিক্ত ২, এই সমুদায় যোগ করাতে ২২৬০ হইল। ইহাকে ৭ সপ্ত দ্বারা হরণ করিলে ৬ ছয় অবশিষ্ট থাকিল। অতএব ছয় দ্বারা ১৮০৫ শকের ১ বৈশাখ শুক্রবার হইবে জানা গেল।

সনের বারানয়ন।

শকাব্দার ন্যায় সনেতে সনের চতুর্থাংশ, উল্লিখিত মাসাঙ্ক, দিনাঙ্ক এবং অতিরিক্ত ২ যোগ করিবে, পরে পূর্ব্ববৎ প্রক্রিয়া করিলেই বার জানা যাইবেক। কিন্তু যে সনকে ৪ দ্বারা হরণ করিলে ১ মাত্র বাকি থাকে যেমন ১২৮১।৮৫ ইত্যাদি। সেই সনের ভাদ্রে ৬, আশ্বিনে ২ মাসাঙ্ক যোগ করিতে হইবে।

উদাহরণ—১২৯০ সালের ১ বৈশাখ কি বার জানিতে হইলে, সন ১২৯০ ও তাহার চতুর্থাংশ ৩২৩ মাসাঙ্ক ০, দিনাঙ্ক ১ ও অতিরিক্ত ২, সমুদায়ে ১৬১৬ ইহাকে ৭ দ্বারা হরণ করিলে বাকি ৬ রহিল। অতএব ৬ ছয়ে শুক্রবার উত্তর হইল।

ইংরাজী সালের বারানয়ন।—ইংরাজী সালের সংখ্যাতে তাহার চতুর্থাংশ এবং পার্শ্ব লিখিত মাসাঙ্ক, দিনাঙ্ক, এবং অতিরিক্ত ৬ অঙ্ক, যোগ করিলে যাহা হয়, তাহাকে ৭ সপ্ত দ্বারা হরণ করিলে যাহা অবশিষ্ট থাকে, তাহাতে রবিবার হইতে গণনা করিয়া যে বার হয়, সেই বার। ইংরাজী যে বৎসরকে ৪ দ্বারা হরণ করিলে কিছুই অবশিষ্ট না থাকে, সেই বৎসর ফিব্রুয়ারি মাস লিপ্ ইয়ার হয়, অর্থাৎ এক দিন বাড়ে। উক্ত লিপ্ ইয়ার বৎসর মার্চ্চ হইতে ডিসেম্বর পর্য্যন্ত দশমাসে অতিরিক্ত ৬ যোগ করিতে হইবে না।

মাসাঙ্ক	
জা	০
ফি	৩
মার্চ্চ	৩
এপ্রে	৬
মে	১
জুন	৪
জুলাই	৬
আগ	২
সে	৫
অক্	০
নবেম্বর	৩
ডি	৫

উদাহরণ—ইংরাজী ১৮৮৩ সালের ১৩ই এপ্রেল কি বার হইবে ?

উত্তর—১৮৮৩ আর পূর্ব্বোক্ত নিয়মে তাহার চতুর্থাংশ ৪৭১ আর মাসাঙ্ক ৬, দিনাঙ্ক ১৩, অতিরিক্ত ৬, এই সমুদায় যোগ করিয়া ২৩৭৯ হইল। উহাকে ৭ দিয়া হরণ করিলে অবশিষ্ট ৬ থাকিল। অতএব ৬ ছয়ে শুক্রবার জানা গেল।

সিদ্ধান্তরহস্যগ্রন্থমতে বারগণনার প্রণালী।

বিশ্বেষুচন্দ্রোন ১৫১৩ মকোঽব্দপিণ্ডঃ
স্তনাঙ্করামৈ ৩৬৪ গুণিতো নগ-৭ ঘ্নাত্।
অব্দাত্ খবাণাগ্নিধরাপ্ত-১৩৫০ যুক্তাত্
সহস্র ১০০০ নিঘ্নাব্দযমাগ্নিবিশ্বৈঃ ১৩৩২।
যুক্তাত্ খখাষ্টৌ-৮০০ হৃতযুক্ ক্রিয়াদি
গতাঙ্কযুক্তঃ মমিতো দিনৌঘঃ॥

শকাব্দাঙ্ক হইতে ১৫১৩ এক হাজার পাঁচ শত তের অঙ্ক বিয়োগ করিলে যে অঙ্ক

অবশিষ্ট থাকিবে, ঐ অঙ্ক অব্দপিণ্ড নামে বিখ্যাত। ঐ অব্দপিণ্ড দুই স্থলে রাখিয়া একটিকে ৩৬৪ তিন শত চৌষট্টি দ্বারা, অপরটিকে ৭ সাত দ্বারা গুণ করিয়া দুই স্থানে রাখিবে। সপ্ত ৭ গুণিত অব্দপিণ্ডকে পুনরায় আর এক স্থানে রাখিয়া ১৩৫০ এক হাজার তিনশত পঞ্চাশ দ্বারা ভাগ দিয়া যাহা লব্ধ হইবে, সপ্ত ৭ গুণিত অব্দপিণ্ডে তাহা যোগ করিবে এবং পুনরায় অন্য স্থানের অব্দপিণ্ডকে সহস্র ১০০০ দ্বারা গুণ করিয়া তাহাতে তের শত বত্রিশ ১৩৩২ যোগ করিবে; পরে ঐ সপ্তপূরিত অব্দপিণ্ডে ঐ অঙ্ক যোগ করিয়া তাহাকে ৮০০ অষ্ট শত দ্বারা ভাগ দিয়া যাহা লব্ধ হইবে, ঐ অঙ্কটি পূর্ব্বোক্ত তিন শত চৌষট্টি ৩৬৪ গুণিত অব্দপিণ্ডে যোগ করিবে। ইহাকে দিনবৃন্দ কহে। ঐ দিনবৃন্দকে ৭ সাত দিয়া হরণ করিলে যাহা অবশিষ্ট থাকিবে, সেই অঙ্ক সোমবার অবধি গণনায় যে বারে পতিত হইবে, সেই শকাব্দের বৈশাখ মাসের প্রথম দিনে সেই বার হইবে। এইরূপ সেই শকাব্দ মধ্যে যে তারিখের বার নির্ণয় করিতে হইবে, বৈশাখ মাসের প্রথম দিন হইতে গণনায় যত দিন সংখ্যা গত হইয়াছে, ঐ সংখ্যা উক্ত দিনবৃন্দাঙ্কে যোগ করিয়া ৭ সাত দিয়া হরণ করিলে যাহা অবশিষ্ট থাকিবে, সোমবার হইতে গণনায় ঐ অঙ্কে যে বার হইবার সম্ভাবনা, সেই দিবস সেই বার স্থির করিতে হইবে।

উদাহরণ।—শকাব্দা ১৮০৫ হইতে ১৫১৩ বিয়োগ করিলে অবশিষ্ট যে ২৯২ থাকে, ইহার নাম অব্দপিণ্ড, এই অব্দপিণ্ডকে ৩৬৪ দ্বারা পূরণ করিলে ১০৬২৮৮ হইল, এই অঙ্ক একস্থানে রাখ, পরে ঐ অব্দপিণ্ডকে ৭ সাত দ্বারা পূরণ করিয়া গুণফল ২০৪৪ হইল, ইহা দুই স্থানে রাখ, পরে এক স্থানের ২০৪৪ অঙ্ককে ১৩৫০ দ্বারা ভাগ করিলে ভাগ ফল ১ হইল, অবশিষ্ট ৬৯৪ থাকে, ইহা ত্যাগ করিয়া লব্ধ ১ একককে অন্য স্থানের স্থাপিত ২০৪৪ এর সহিত যোগ করিয়া ২০৪৫ হইল। পুনর্ব্বার অব্দপিণ্ড ২৯২কে সহস্র দ্বারা গুণ করিলে ২৯২০০০ হইল। ইহার সহিত পূর্ব্বোক্ত ২০৪৫ এবং ১৩৩২ যোগ করিলে ২৯৫৩৭৭ হইল, ইহাকে ৮০০ আটশত দ্বারা ভাগ করিলে ৩৬৯ লব্ধাঙ্ক হইল এবং অবশিষ্ট ১৭৭ রহিল। ইহা ত্যাগ করিয়া লব্ধাঙ্ক ৩৬৯ কে পূর্ব্ব স্থাপিত ১০৬২৮৮র সহিত যোগ করিলে ১০৬৬৫৭ হইল, ইহার নাম দিন বৃন্দ। এই দিনবৃন্দকে ৭ সাত দ্বারা ভাগ শেষ করিলে অবশিষ্ট ৫ থাকিল, ইহা বৈশাখ মাসের প্রথম দিনের বার হইল। সোমবার অবধি গণনায় ঐ ৫ সংখ্যায় শুক্রবার হইল। পরে ঐ বর্ষের যে মাসের যে দিবসের বার জানিবার আবশ্যক হইবে, তাহাতে বৈশাখ মাসের দ্বিতীয় দিন অবধি গণনা করিয়া যত দিন হইবে, তাহা উক্ত দিন বৃন্দাঙ্কে যোগ করিয়া ৭ সাত দ্বারা ভাগ করিলে, ভাগাবশিষ্ট অঙ্কে বার স্থির হইবে। যথা—শ্রাবণ মাসের ৭ই তারিখের বার জানিতে হইলে পূর্ব্বোক্ত ১লা বৈশাখের দিন বৃন্দাঙ্কে ১০৬৬৫৭র সহিত ২রা বৈশাখ অবধি গণনায় নিম্ন লিখিত মাসের দিন সংখ্যানুসারে গণনা করিয়া ১লা বৈশাখ হইতে ১০০ দিন যোগ করিলে ১০৬৭৫৭ হইল, ইহাকে ৭ সাত দ্বারা ভাগ করিলে ০ শূন্য অবশিষ্ট থাকে। ঐ শূন্যে রবিবার হইল।

পাঠকবর্গের সুবিধার্থে মেষ সংক্রমণ হইতে কোন্ মাস কত দিনে শেষ হইবে, তাহার সংখ্যা নিম্নে লিখিত হইল।—

বৈশাখ ৩০ দিন ৫৬ দণ্ড ৪৯ পলে ; জ্যৈষ্ঠ ৬২ দিন ২২ দণ্ড ২৮ পলে ; আষাঢ় ৯৪ দিন ১ দণ্ড ৩ পলে ; শ্রাবণ ১২৫ দিন ২৯ দণ্ডে ; ভাদ্র ১৫৬ দিন ২৯ দণ্ড ২০ পলে ; আশ্বিন ১৮৬ দিন ৫৫ দণ্ডে ; কার্ত্তিক ২১৬ দিন ৪৭ দণ্ড ৫১ পলে ; অগ্রহায়ণ ২৪৬ দিন ১৬ দণ্ড ৫২ পলে ; পৌষ ২৭৫ দিন ৩৬ দণ্ড ১ পলে ; মাঘ ৩০৫ দিন ৩ দণ্ড ২৪ পলে ; ফাল্গুণ ৩৩৪ দিন ৫৩ দণ্ড ২৮ পলে ; এবং চৈত্র ৩৬৫ দিন ১৫ দণ্ড ৩১ পলে শেষ হইবে, প্রতি মাসের দিন দণ্ডাদি সংখ্যা পরে লিখিত হইতেছে।

প্রকারান্তরে বারানয়ন।

কল্যব্দঃ কুদিনৈস্তাড্যঃ খাঙ্গাদ্রিস্বরভূরসৈঃ।
হীনোঽর্কভগণৈনাপ্তো বিষুবেদ্যুগণঃ সিতাৎ॥

কল্যব্দ * অর্থাৎ শকাঙ্কে ৩১৭৯ একত্রিশ শত উনআশী যোগ করিলে কল্যব্দ হয়, কারণ একত্রিশ শত উনআশী কল্যব্দে শকাব্দ আরম্ভ হইয়াছিল। অতএব শকে একত্রিশ শত উনআশী যোগ করিলে কল্যব্দ হইবে। ঐ কল্যব্দকে কুদিন অর্থাৎ চতুর্যুগ † পরিমিত দিন ১৫৭৭৯১৭৮২৮ দিয়া পূরণ করিয়া ঐ অঙ্কে ৬১৩৩৭৬০ হীন করিয়া চতুর্যুগ পরিমিত অব্দ অর্থাৎ ৪৩২০০০০ তেতাল্লিশ লক্ষ কুড়ি হাজার দিয়া ভাগ করিলে বিষুবদিনের দিনবৃন্দ হইবে। ঐ দিন শুক্রবার অবধি গণনা করিতে হইবে, কারণ কলির প্রথম দিনে শুক্রবার ছিল। অতএব যত দিন হইবে তাহাকে সাত দিয়া ভাগ করিলে যাহা অবশিষ্ট থাকিবে, তাহা শুক্রবার, অবধি গণনীয়। যেমন ১ এক থাকিলে শুক্রবার ২ দুই থাকিলে শনিবার ইত্যাদি। ঐ শকাব্দ মধ্যে যে তারিখের বার জানিবার প্রয়োজন হইবে। তাহা ঐ বিষুব দিনের দিনবৃন্দের সহিত ঐ বিষুবদিন হইতে যত দিনসংখ্যা গত হইয়াছে, তাহা যোগ করিয়া ৭ সাত দ্বারা ভাগ করিলে যাহা অবশিষ্ট থাকিবে, তাহাও শুক্রবার অবধি গণনায় জানিবে। ১ থাকিলে শুক্র, ২ থাকিলে শনি ইত্যাদি। যে মাস যত দিনে শেষ হইবে, তাহার সংখ্যা লিখিতেছি।—বৈশাখ ৩০ দিন, ৫৬ দণ্ড, ৪৯ পল ; জ্যৈষ্ঠ ৩১ দিন, ২৫ দণ্ড, ৩৯ পল ; আষাঢ় ৩১ দিন, ৩৮ দণ্ড, ৩৫ পল ; শ্রাবণ ৩১ দিন, ২৭ দণ্ড ৫৭ পল ; ভাদ্র ৩১ দিন, ০ দণ্ড, ২০ পল ; আশ্বিন ৩০ দিন, ২৫ দণ্ড, ৪০ পল ; কার্ত্তিক ২৯ দিন, ৫২ দণ্ড, ৫১ পল ; অগ্রহায়ণ ২৯ দিন, ২৯ দণ্ড, ১ পল ; পৌষ ২৯ দিন, ১৯ দণ্ড, ৯ পল ; মাঘ ২৯ দিন, ২৭ দণ্ড, ২৩ পল ; ফাল্গুণ ২৯ দিন, ৫০ দণ্ড, ৪ পল ; এবং চৈত্র ৩০ দিন, ২২ দণ্ড, ৩ পল।

উদাহরণ।—ইষ্ট শকাব্দ ১৮০৫, ইহাতে ৩১৭৯ যোগ করিলে কল্যব্দ হইবে। ঐ কল্যব্দকে চতুর্যুগ পরিমিত দিন ১৫৭৭৯১৭৮২৮ দ্বারা পূরণ করিলে ৭৮৬৪৩৪২৪৫৪৭৫২ হইল, ইহা হইতে ৬১৩৩৭৬০ বিয়োগ করিলে ৭৮৬৪৩৩৬৩২০৯৯২ অবশিষ্ট থাকিল ; ইহাকে অর্ক ভগণ অর্থাৎ ৪৩২০০০০ দ্বারা ভাগ করিলে ১৮২০৪৪৮ লক্ষ দিনবৃন্দ হইল এবং

* কলি যত বৎসর গত হইয়াছে। † সত্য, ত্রেতা, দ্বাপর ও কলি। সত্য ১৭২৮০০০ বর্ষ। ত্রেতা ১২৯৬০০০ বর্ষ। দ্বাপর ৮৬৪০০০ বর্ষ। কলি ৪৩২০০০ বর্ষ। সমষ্টি ৪৩২০০০০ বর্ষ। ইহার দিন ১৫৭৭৯১৭৮২৮।

৯৬০৯৯২ অবশিষ্ট থাকিল। অবশিষ্ট অঙ্ক ত্যাগ করিয়া ঐ লব্ধাঙ্ক ১৮০৫ শকের বিষুব-দিনের দিনবৃন্দ হইল,* ঐ দিনবৃন্দ অঙ্ককে ৭ সাত দ্বারা ভাগ শেষ করিলে, অবশিষ্ট অঙ্ক ০ শূন্য রহিল; অতএব শূন্যে ৭ সাত অঙ্কে বিষুবদিনে বৃহস্পতিবার হইল। উহাতে ১ এক যোগ করিলে বৈশাখ মাসের প্রথম দিনে শুক্রবার হইল।

৭ই শ্রাবণে কোন্ বার হইবে জানিতে হইলে, বৈশাখের সংখ্যা ৩০ দিন ৫৬ দণ্ড ৪৯ পল; জ্যৈষ্ঠের ৩১ দিন ২৫ দণ্ড ৩৯ পল; আষাঢ়ের ৩১ দিন ৩৮ দণ্ড ৩৫ পল; এবং শ্রাবণ মাসের ৭ দিন যোগ করিলে ১০১ দিন ১ দণ্ড ৩ পল হইল। ইহা বিষুব দিনের দিনবৃন্দাঙ্ক ১৮২০৪৪৮র সহিত যোগ করিলে ১৮২০৫৪৯।১।৩ হইল ইহার দণ্ড পল ত্যাগ করিয়া কেবল স্থূলাঙ্ক ১৮২০৫৪৯কে ৭ সাত দ্বারা ভাগ করিলে অবশিষ্ট ৩ তিন থাকিল। অতএব শুক্রবার অবধি গণনায় ঐ ৭ই শ্রাবণে রবিবার অবগত হওয়া গেল।

অন্য প্রকার।

कल्यब्दो दशभिस्ताड्यो गजाप्तो नगपूरितात् ।
कल्यब्दात् खखनागाप्तयुक्तो मुनिहतात् कलेः ।
खखाग्न्याप्तपलेनाढ्यो वाराद्याः क्षेपसंयुताः ॥

কল্যব্দকে দুই স্থানে রাখিয়া এক স্থানের অঙ্ককে ১০ দশ দিয়া পূরণ করিয়া ৮ আট দিয়া ভাগ করিবে। পরে অন্য স্থানের অঙ্ককে ৭ সাত দিয়া পূরণ করিয়া ৮০০ আট শত দিয়া ভাগ করিলে, যাহা লব্ধ হইবে, তাহা পূর্ব্বাঙ্কে যোগ করিলে বার দণ্ড পল ইত্যাদি হইবে। পরে কল্যব্দকে ৭ সাত দিয়া পূরণ করিয়া ৩০০ তিন শত দিয়া ভাগ করিয়া পলে যোগ করিবে। যদি ঐ পল ষাইটের অধিক হয়, তাহা হইলে তাহাকে দণ্ডাদি করিয়া লইবে। পরে বারাদিক্ষেপাঙ্ক ৩।৩৪।৪৮.৩২ তাহার সহিত যোগ করিয়া দিলে বিষুবসংক্রান্তি সঞ্চারের বার, দণ্ড, পলাদি হইবে। তৎপরে ঐ বারকে ৭ সাত দিয়া ভাগ করিবে। ঐ ভাগশেষ যাহা থাকিবে, তাহা এই বিষুবসংক্রান্তির বারাদি হইবে। উহাতে দেশান্তর সংস্কার ও চরার্দ্ধ সংস্কার করিলে স্বীয় দেশের বিষুব সংক্রান্তির বারাদি হইবে †।

सुमेरुलङ्कान्तरभूमिमध्यरेखास्वदेशान्तरयोजनं यत् ।
दशाहतं विम्बहृतं पलं स्याद्वारादिके प्राक्परयोर्धनम् ॥

সুমেরু পর্ব্বত ও লঙ্কার মধ্যগত ভূমির উপর দিয়া উত্তর দক্ষিণে বিস্তীর্ণ যে একটী রেখা কল্পিত হইয়াছে, তাহার নাম মধ্যরেখা‡। ঐ রেখা হইতে স্বীয় দেশ যত যোজন অন্তর

* অর্থাৎ কলিযুগ আরম্ভ হইয়া ১৮০৫ শকের বিষুবদিনের লব্ধাঙ্ক পরিমিত দিন ১৮২০৪৪৮ গত হইয়াছে, অবগত হওয়া গেল।

† বারে ১, দণ্ডে ১৫, পলে ৩১, বিপলে ৩১, অনুপলে ২৪, যে কোন বৎসরের সংক্রান্তিধ্রুবে যোগ করা যাইবে, তাহার পর বৎসরের সংক্রান্তিধ্রুব হইবে।

‡ "राक्षसालयदेवौकःशैलयोर्मध्यसूत्रगाः ।
रोहितकमवन्ती च यथासन्निहितं सरः ॥"—
सूर्य्यसिद्धान्तः ।

হইবে, সেই যোজনকে ১০ দশ দিয়া পূরণ করিয়া ১৩ তের দ্বারা ভাগ দিলে যাহা লব্ধ হইবে, তাহা পল। ঐ পল যদ্যপি ৬০ ষাইটের অধিক হয়, তাহা হইলে তাহাকে দণ্ড করিয়া মধ্যরেখার পূর্ব্ব দেশে যোগ ও মধ্য রেখার পশ্চিম দেশে হীন করিতে হইবে। আমাদের দেশ কলিকাতা, মধ্যরেখার ২০০ দুই শত যোজন পূর্ব্বে আছে, অতএব এদেশে দেশান্তর দণ্ড ২।৩৪ বিষুব সংক্রান্তির বার ধ্রুবে যোগ করিতে হইবে।

বাণেন্দুতো হীনমথাধিকং যৎ দিনার্দ্ধকং তচ্চরনাড়িকার্দ্ধম্।
ক্রমাদ্বণং স্বং বিষুবদ্ধ্রুবাদৌ বারাদিকে ভাস্করসংক্রমঃ স্যাৎ॥

বিষুব দিনের দিনার্দ্ধ ১৫ পোনের দণ্ড হইতে যত অধিক হইবে, তাহা যুক্তচরার্দ্ধ এবং যত ন্যূন হইবে, তাহা হীনচরার্দ্ধ। যুক্তচরার্দ্ধ যত হইবে, তাহা বিষুব সংক্রান্তির বারাদিতে যোগ করিতে হইবে এবং হীন চরার্দ্ধ যত হইবে, তাহা বিষুব সংক্রান্তির বারাদিতে হীন করিতে হইবে, তাহা হইলেই চরার্দ্ধসংস্কৃত বিষুবধ্রুব হইবে। যে বার যত দণ্ড সময়ে বিষুবধ্রুব হইবে, সেই সময় সূর্য্য মেষে গমন করিবে॥

দৃষ্টান্ত।—

১৮০৫ শকের বিষুবসংক্রান্তির সঞ্চারের বার দণ্ডাদি অর্থাৎ সূর্য্য যে সময়ে মেষ রাশিতে গমন করিবেন, তাহা জানিয়া ১লা বৈশাখের বার নিরূপণ করিয়া ঐ শকের কোন্ মাসের কোন্ তারিখে কি বার হইবেক, তাহার দৃষ্টান্ত, যথা—শকাব্দা ১৮০৫, ইহার সহিত ৩১৭৯ যোগ করিলে কল্যব্দ ৪৯৮৪ হইল, এই কল্যব্দকে দুই স্থানে রাখিয়া তাহার এক স্থানের অঙ্ককে ১০ দশ দ্বারা পূরণ করিয়া ৮ আট দ্বারা ভাগ করিলে লব্ধাঙ্ক ৬২৩০ হইল। ইহা এক স্থানে রাখ, পরে অপর স্থানের স্থাপিত কল্যব্দকে ৭ সাত দ্বারা পূরণ করিলে গুণফল ৩৪৮৮৮ হইল, ইহাকে ৮০০ আট শত দ্বারা ভাগ করিলে লব্ধাঙ্ক ৪৩ এবং অবশিষ্ট ৪৮৮ থাকিল, ইহাকে ৬০ ষাটি দ্বারা পূরণ করিলে গুণফল ২৯২৮০ হইল, এই ২৯২৮০কে ঐ ৮০০ দ্বারা ভাগ দিয়া লব্ধাঙ্ক ৩৬ দণ্ড হইল এবং অবশিষ্ট ৪৮০ থাকিল। এই অঙ্কটীকে পুনরায় ৬০ ষাইট দ্বারা পূরণ করিলে গুণফল ২৮৮০০ হইল, ইহাকে ৮০০ দ্বারা পুনরায় ভাগ করিলে লব্ধাঙ্ক ৩৬ ছত্রিশ বিপল হইল। পরে এই লব্ধাঙ্ক ৪৩ দণ্ড ৩৬ পল ৩৬ বিপল পূর্ব্বস্থাপিত ৬২৩০র সহিত যোগ করিলে যোগজাঙ্ক ৬২৭৩।৩৬।৩৬ হইল। পুনর্ব্বার কল্যব্দ অঙ্ক ৪৯৮৪কে ৭ সাত দ্বারা গুন করিলে গুণফল ৩৪৮৮৮ হইল, ইহাকে ৩০০ শত দ্বারা ভাগ দিলে লব্ধাঙ্ক ১১৬ হইল এবং অবশিষ্ট ৮৮ থাকে, এই অবশিষ্ট অঙ্ক ত্যাগ করিয়া লব্ধাঙ্ক ১১৬কে পলে যোগ করিতে হইবে; কিন্তু ১১৬ পলাঙ্কে যোগ হয় না; একারণ ১১৬ পলকে দণ্ডাদি করিলে ১ দণ্ড ৫৬ পল হইল। ইহাকে পূর্ব্বোক্ত ৬২৭৩।৩৬।৩৬ পলের সহিত যোগ করিলে ৬২৭৩।৩৮।৩২ হইল। এই যোগজাঙ্ককে ৭ সাত দ্বারা ভাগশেষ করিলে ১।৩৮।৩২ অবশিষ্ট থাকিল। ইহার সহিত ক্ষেপাঙ্ক ৩ ৩৪।৪৮।৩২ যোগ করিলে যুক্তাঙ্ক ৫।১৩।২০।৩২ হইল, পরে ঐ অঙ্কের সহিত অস্মদ্দেশীয় দেশান্তর ২ দণ্ড ৩৪ পল এবং চরার্দ্ধ ৩৪ পল ৩০ বিপল যোগ করিলে ৫।১৬।২৯।২ হইল। ইহাতে অবগত হওয়া গেল যে, বৃহস্পতি বার ১৬ দণ্ড ২৯

পল সময়ে সূর্য্য মেষ রাশিতে গমন করিবেন, পরে উহার সহিত ১ এক যোগ করিলে ১লা বৈশাখ শুক্রবার হইবে। এইক্ষণে ঐ শকাব্দার যে মাসের যে তারিখের বার জানিতে হইবে, তাহা পূর্ব্বের লিখিত প্রক্রিয়া মতে যে মাস যত দিনে শেষ হইবে, তাহার গণনা করিয়া সেই দিনসংখ্যা উপরের লিখিত দিনবৃন্দাঙ্কের সহিত যোগ করিয়া ৭ সাত দ্বারা হরণ করিলে সেই তারিখের বার জানা যাইবেক।

শকের বা সনের বার জ্ঞানের সহজ উপায়ের জন্য একটী তালিকা প্রস্তুত করিয়া নিম্নে লিখিত হইল।—

তারিখ	বার	দণ্ড	পল	বিপল	তারিখ	বার	দণ্ড	পল	বিপল	তারিখ	বার	দণ্ড	পল	বিপল
১	১।	১৫।	৩১।	৩০	২২	৬।	৪১।	৩৩।	০	৪৩	৫।	৭।	৩৪।	৩০
২	২।	৩১।	৩।	০	২৩	৭।	৫৭।	৪।	৩০	৪৪	৬।	২৩।	৬।	০
৩	৩।	৪৬।	৩৪।	৩০	২৪	২।	১২।	৩৬।	০	৪৫	৭।	৩৮।	৩৭।	৩০
৪	৫।	২।	৬।	০	২৫	৩।	২৮।	৭।	৩০	৪৬	১।	৫৪।	৯।	০
৫	৬।	১৭।	৩৭।	৩০	২৬	৪।	৪৩।	৩৯।	০	৪৭	৩।	৯।	৪০।	৩০
৬	৭।	৩৩।	৯।	০	২৭	৫।	৫৯।	১০।	৩০	৪৮	৪।	২৫।	১২।	০
৭	১।	৪৮।	৪০।	৩০	২৮	৭।	১৫।	৪২।	০	৪৯	৫।	৪০।	৪৩।	৩০
৮	৩।	৪।	১২।	০	২৯	১।	৩০।	১৩।	৩০	৫০	৬।	৫৬।	১৫।	০
৯	৪।	১৯।	৪৩।	৩০	৩০	২।	৪৫।	৪৫।	০	৫১	১।	১১।	৪৬।	৩০
১০	৫।	৩৫।	১৫।	০	৩১	৪।	১।	১৬।	৩০	৫২	২।	২৭।	১৮।	০
১১	৬।	৫০।	৪৬।	৩০	৩২	৫।	১৬।	৪৮।	০	৫৩	৩।	৪২।	৪৯।	৩০
১২	১।	৬।	১৮।	০	৩৩	৬।	৩২।	১৯।	৩০	৫৪	৪।	৫৮।	২১।	০
১৩	২।	২১।	৪৯।	৩০	৩৪	৭।	৪৭।	৫১।	০	৫৫	৬।	১৩।	৫২।	৩০
১৪	৩।	৩৭।	২১।	০	৩৫	২।	৩।	২২।	৩০	৫৬	৭।	২৯।	২৪।	০
১৫	৪।	৫২।	৫২।	৩০	৩৬	৩।	১৮।	৫৪।	০	৫৭	১।	৪৪।	৫৫।	৩০
১৬	৬।	৮।	২১।	০	৩৭	৪।	৫৪।	২৫।	৩০	৫৮	৩।	০।	২৭।	০
১৭	৭।	২৩।	৫৫।	৩০	৩৮	৫।	৪৯।	৫৭।	০	৫৯	৪।	১৫।	৫৮।	৩০
১৮	১।	৩৯।	২৭।	০	৩৯	৭।	৫।	২৮।	৩০	৬০	৫।	৩১।	৩০।	০
১৯	২।	৫৪।	৫৮।	৩০	৪০	১।	২১।	০।	০	৭০	৪।	৬।	৪৫।	০
২০	৪।	১০।	৩০।	০	৪১	২।	৩৬।	৩১।	৩০	৮০	২।	৪২।	০।	০
২১	৫।	২৬।	১।	৩০	৪২	৩।	৫২।	৩।	০	৯০	১।	১৭।	১৫।	০
										১০০	৬।	৫২।	৩০।	০

উপরের লিখিত তালিকা দৃষ্টে বারজ্ঞানের উপদেশ।

যে শকের বা সনের বার জানিবার আবশ্যক হইবে, সেই শক ১৮০৫ শকের বা ১২৯০ সনের পূর্ব্বে হইলে ঐ ১৮০৫ শক বা ১২৯০ সন হইতে বিয়োগ করিলে যাহা অবশিষ্ট থাকিবে, ঐ অঙ্কসংখ্যায় উপরের লিখিত খণ্ডা গ্রহণ করিবে। পরে ঐ খণ্ডার অঙ্ক ৬।১৬। ৪ হইতে বিয়োগ করিতে হইবে। ইহার প্রথম অঙ্ক বার, তাহার পরের অঙ্ক দণ্ড পল ইত্যাদি জানিবে। বারের অঙ্ক হইতে বিয়োগ না হইলে বারের অঙ্কে ৭ সাত যোগ করিয়া বিয়োগ করিলে, যাহা অবশিষ্ট থাকিবে, ঐ অঙ্কের সংখ্যায় বার হইবে; কিন্তু যদি

বিয়োগাবশিষ্ট দণ্ডাদি ৪৬এর অধিক হয়, তবে বারের সংখ্যায় ১ এক যোগ করিয়া সেই শকের ১ লা বৈশাখ তারিখের বার বলিবে। যদি ১৮০৫ শকের বা ১২৯০ সালের পর কোন বৎসরের বার জানিবার আবশ্যক হয়, তবে ঐ শকের অঙ্ক হইতে ১৮০৫ শক বা ১২৯০ সন বিয়োগ করিয়া অবশিষ্ট অঙ্কের সংখ্যার খণ্ডা গ্রহণ করিয়া পূর্ব্বোক্ত ৬।১৬।৪ অঙ্কের সহিত যোগ করিলে যদি ৭এর অধিক হয়, তবে ৭ সাত বাদ দিয়া যাহা অবশিষ্ট থাকিবে, তাহার সংখ্যায় বার জানিবে, কিন্তু যুক্তাঙ্কের ও দণ্ডাদি যদি ৪৬এর অধিক হয়, তাহা হইলে বারে ১ যোগ করিয়া সেই শকের ১ লা বৈশাখ তারিখের বার বলিবে।

দৃষ্টান্ত,—১৮০৫ শকের বা ১২৯০ সালের ১লা বৈশাখ শুক্রবার ১৬ দণ্ড ৪ পল ধ্রুবাঙ্ক। ঐ শক বা সাল হইতে গত ১৭৮০ শক বা সন ১২৫৫ সালের ১লা বৈশাখ তারিখে কি বার ছিল, তাহা জানিবার আবশ্যক হইলে সন ১২৯০ সাল হইতে ১২৬৫ বিয়োগ করিলে অবশিষ্ট ২৫ থাকে। ঐ সংখ্যার খণ্ডা ৩। ২৮। ৭। ৩০ গ্রহণ করিয়া ধ্রুবাঙ্ক ৬। ১৬। ৪ হইতে বিয়োগ করিলে অবশিষ্ট ২। ৪৭। ৫৬। ৩০ থাকে। বারের অঙ্কের ২ সংখ্যায় সোমবার হয়, কিন্তু দণ্ডাদিতে ৪৬এর অধিক হওয়ার জন্য বারে ১ যোগ করিয়া ১লা বৈশাখ রবিবার হইতে গণনায় ৩ সংখ্যায় মঙ্গলবার হইল।

দিনচন্দ্রিকামতে বারানয়ন।

অব্দৌঽদ্রিখাভ্রক্ষ্মাহতঃ খখনাগলব্ধো যুক্তঃ পলৈর্মুনিহতাব্দখখাগ্নিভাগৈঃ।
বেদৈর্যুগাব্ধিভিরিভৈর্দহনেন্দুভিশ্চ বারধ্রুবো ভবতি ভূমিধরৈর্বিশিষ্টঃ॥

অব্দপিণ্ডকে ১০০৭ এক হাজার সাত দিয়া পূরণ করিয়া ৮০০ আট শত দিয়া ভাগ করিবে। লব্ধাঙ্ক বার দণ্ড ইত্যাদি হইবে। পুনর্ব্বার অব্দপিণ্ডকে ৭ দিয়া পূরণ করিয়া ৩০০ তিন শত দিয়া ভাগ করিয়া লব্ধাঙ্ক পলে যোগ করিতে হইবে। তাহার সহিত ৪।৪৪।৮।১৩ এই ক্ষেপাঙ্ক যোগ করিয়া দিবে, এবং তাহাকে ৭ সাত দিয়া ভাগ করিলে, যাহা অবশিষ্ট থাকিবে, তাহা বিষুবসংক্রান্তির বারাদি হইবে, ইহাতে পূর্ব্বমত দেশান্তরসংস্কার ও চরার্দ্ধসংস্কার করিতে হইবে, তাহা হইলেই বিষুবসংক্রান্তির শুদ্ধ বারাদি হইবে, অর্থাৎ ঐ সময়ে সূর্য্য মেষে গমন করিবেন।

বৃষক্ষেপ বারাদি ২।৫৬।৪৯, মিথুনক্ষেপ বারাদি ৬।২২।২৮, কর্কটক্ষেপ বারাদি ৩।১।৩, সিংহক্ষেপ বারাদি ৬।২৯।০, কন্যাক্ষেপ বারাদি ২।২৯।২০, তুলাক্ষেপ বারাদি ৪।৫৫।০, বৃশ্চিকক্ষেপ বারাদি ৬।৪৭।৫১, ধনুঃক্ষেপ বারাদি ১।১৬।৫২, মকরক্ষেপ বারাদি ২।৩৬।১, কুম্ভক্ষেপ বারাদি ৪।৩।২৪ ও মীনক্ষেপ বারাদি ৫।৫৩।২৮।

বিষুবসংক্রান্তির শুদ্ধ বারাদিতে এই বৃষাদির ক্ষেপাঙ্ক যোগ করিলে, সেই সময়ে সূর্য্য বৃষ, মিথুন ইত্যাদিতে গমন করিবেন, অর্থাৎ মাসের শেষে ঐ ঐ বারে ঐ ঐ সময়ে সংক্রান্তি হইবে। এই সংক্রান্তির বারাদি জ্ঞাত হইলে, সেই সেই মাসের তারিখের বার সহজে বিজ্ঞাত হইতে পারিবেন।

যে মাস যতদিনে শেষ হইবে তাহার পরিমাণ।

বৈশাখ ৩০।৫৬।৪৯, জ্যৈষ্ঠ ৩১।২৫।৩৯, আষাঢ় ৩১।৩৮।৩৫, শ্রাবণ ৩১।২৭।৫৭, ভাদ্র ৩১।০। ২০, আশ্বিন ৩০।২৫।৪০, কার্ত্তিক ২৯।৫২।৫১, অগ্রহায়ণ ২৯।২৯।১, পৌষ ২৯।১৯।৯, মাঘ ২৯। ২৭।২৩, ফাল্গুন ২৯।৫০।৪ এবং চৈত্র ৩০।২২।৩, একুনে ৩৬৫।১৫।৩১।

স্থূল গণনাতে ৩৬৫ দিন ১৫ দণ্ড ৩১ পলে সংবৎসর হইতেছে। সূক্ষ্ম গণনাতে ৩৬৫ দিন ১৫ দণ্ড ৩১ পল ৩১ বিপল ২৪ অনুপলে বৎসর হয়। ইহা জানিয়া সূক্ষ্মরূপে কার্য্য করিবে।

অন্যপ্রকার।

প্রথম কোষ্ঠা	দ্বিতীয় কোষ্ঠা	তৃতীয় কোষ্ঠা	চতুর্থ কোষ্ঠা
১।১৫।৩১।৩১।২৪	৫।৩৫।১৫।১৭	৬।৫২।৩২।২০	৫।৪৫।২৩।২০
২।৩১।৩।২।৪৮	৪।১০।৩০।২৮	৬।৪৫।৪।৬০	৪।৩০।৪৬।৪০
৩।৪৬।৩৪ ৩৪।১২	২।৪৫।৪৫।৪২	৬।৩৭।৩৭।০	৩।১৬।১০।০
৫।২।৬।৫।৩৬	১।২১।০।৫৬	৬।৩০।৯।২০	২।১।৩৩।২০
৬।১৭।৩৭।৩৭।০	৬।৫৬।১৬।১০	৬।২২।৬১।৪০	৭।৪৬।৫৬।৪০
৭।৩৩।৯।৮।২৪	৫।৩১।৩১।২৪	৬।১৫।১৪।০	৬।৩২।২০।০
১।৪৮।৪০ ৩৯।৪৮	৪।৬।৪৬।৩৮	৬।৭।৪৬।২০	৫।১৭।৪৩।২০
৩।৪।১২।১১।১২	২।৪২।১।৫২	৬।০।১৮।৪০	৪।৩।৬।৪০
৪।১৯।৪৩।৪২।৩৬	১।১৭।১৭।৬	৫।৫২।৫১।০	২।৪৮।৩০।০
৯	৯০	৯০০	৯০০০

মেষ সংক্রান্তির ক্ষেপ বারাদি ৬।৪৩।৮।১৩, দেশান্তর ২।৩৪, চরার্দ্ধ ০।৩৪।

ইহাতে চারিটী কোষ্ঠা লিখিত হইতেছে। প্রত্যেক কোষ্ঠায় ৯ নয় শ্রেণী অঙ্ক আছে। ইহার প্রথম কোষ্ঠা এককের, দ্বিতীয় কোষ্ঠা দশকের, তৃতীয় কোষ্ঠা শতকের ও চতুর্থ কোষ্ঠা সহস্রকের।

অব্দপিণ্ডে যে কয়েকটী অঙ্ক থাকিবে, তাহার শেষ অঙ্ক একক, ঐ একক অঙ্কে যে সংখ্যা হইবে, তাহা প্রথম কোষ্ঠার সেই সংখ্যার শ্রেণীর অঙ্ক গ্রহণ করিয়া এক স্থানে রাখিবে। তৎপর ঐ অব্দপিণ্ডের দশকের অঙ্কে যে সংখ্যা হইবে, দ্বিতীয় কোষ্ঠার সেই সংখ্যার শ্রেণীর অঙ্ক পূর্ব্ব স্থাপিত অঙ্কের নিম্নে রাখিবে। তাহার পর ঐ অব্দপিণ্ডের শতকের স্থানে যে সংখ্যা থাকিবে, তৃতীয় কোষ্ঠার সেই সংখ্যার শ্রেণীর অঙ্ক গ্রহণ করিয়া পূর্ব্বে যে দুইটী অঙ্ক স্থাপিত করা হইয়াছে, তাহার নিম্নে রাখিয়া একত্রে যোগ করিয়া ঐ অঙ্কের সহিত ক্ষেপাঙ্ক ৪।৪৪।৮।১৩ যোগ করিবেক। পরে তাহার সহিত দেশান্তর ২।৩৪ এবং চরার্দ্ধ ০।৩৪ দণ্ডাদিতে যোগ করিলে রবির মেষসংক্রান্তির বারদণ্ডাদি হইবে। উহার সহিত এক যোগ করিলেই বৈশাখ মাসের প্রথম দিবসের বার জানা যাইবে। পরে লিখিত বৃষাদির ক্ষেপ যোগ করিলে রবির বৃষাদির সংক্রান্তির বার দণ্ডাদি হইবে, তাহার সহিত

যে মাসের যে তারিখের বার জানিতে আবশ্যক হইবে, তাহা সহজে পূর্ব্বলিখিত সংখ্যানুসারে মাসের সংখ্যার অঙ্ক যোগ করিলে বার জানা যাইবে।

১৮০০ শক হইতে ১৫১৩ বিয়োগ করিলে অবশিষ্ট ২৮৭ থাকে, ইহার নাম অব্দপিণ্ড, এই অব্দপিণ্ড গ্রহণকরিয়া যেরূপে খণ্ডামতে বারদণ্ডাদি আনয়ন করাযায়, তাহার উদাহরণ। যথা—অব্দপিণ্ড ২৮৭, ইহার শেষাঙ্ক ৯, সুতরাং নিম্নের প্রথম কোষ্ঠার ৯ নম্ব সংখ্যার খণ্ডা ৪। ১৯। ৪৩। ৪২। ৩৬ গ্রহণ কর। পরে দ্বিতীয় কোষ্ঠার ৭ সংখ্যার খণ্ডা ৪। ৬। ৪৬। ৩৮ স্থাপন কর। পরে তৃতীয় কোষ্ঠার ২ সংখ্যার খণ্ডা ৬। ৪৫। ৪। ৪০ এই সমস্ত যোগ করিলে ১। ১১। ৩৫।০। ৩৬ হইল। ইহার সহিত ক্ষেপ ৪। ৪৪। ৮। ১৩। ০ যোগ করিলে ৫। ৫৫। ৪৩। ১৩। ৩৬ হইল। ইহাতে দেশান্তর দণ্ডাদি ২। ৩৪ যোগ করিলে ৫। ৫৮। ১৭। ১৩। ৩৬ হইল। ইহাতে চরার্দ্ধ দণ্ডাদি ০। ৩৪ যোগ করিলে ৫। ৫৮। ৫১। ১৩। ৩৬ হইল। ইহাতে বৃষের ক্ষেপ ২। ৫৬। ৪৯ যোগ করিলে ১। ৫৫। ৪০। ১৩। ৩৬ হইতেছে, অর্থাৎ জ্যৈষ্ঠমাসের সংক্রান্তির বারদণ্ডাদি হইল। ঐরূপ মেষসংক্রান্তির বারদণ্ডাদিতে মিথুনাদির ক্ষেপ যোগকরিলে ক্রমশঃ মিথুনাদির অর্থাৎ আষাঢ়াদি মাসের সংক্রান্তির বারদণ্ডাদি হইবে।

ইহার দ্বারা কোন শকাব্দার বৈশাখ মাসের প্রথম দিনের বার নিরূপণ করিয়া তৎপর ঐ শকের যে কোন মাসের যে কোন তারিখের বার জানিবার আবশ্যক হইবে, তাহা পূর্ব্ব প্রক্রিয়া মতে সহজে জানা যাইবেক।

প্রকারান্তরে বৈশাখমাসের প্রথম দিবসের বার আনয়নের সহজ সঙ্কেত নিম্নে লিখিত হইল।

শকাঙ্ক হইতে ১৫১৩ বিয়োগ করিলে যাহা অবশিষ্ট থাকিবে, তাহাদ্বারা ধ্রুবাঙ্ক ৩৯৪৪৭৯৪৫৭ কে গুণ করিলে গুণফল যাহা হইবে, তাহাতে ১৭৯৮২০০ যোগ করিবে। পরে ঐ যোগাঙ্ককে ১০৮০০০০ দ্বারা ভাগ দিলে যাহা লব্ধ হইবে, সেই লব্ধাঙ্ককে ৭ দ্বারা হরণ করিবে, অবশিষ্ট অঙ্কসংখ্যা দ্বারা সোমবার হইতে গণনায় বৈশাখ মাসের প্রথম দিনের বার স্থিরকরিবে। যথা—এক থাকিলে সোমবার, ২ থাকিলে মঙ্গলবার ইত্যাদি।

দৃষ্টান্ত—১৮০৫ শকের বৈশাখ মাসের প্রথম দিনে কি বার হইবে, ইহা জানিতে হইলে ১৮০৫ শকাঙ্ক হইতে ১৫১৩ বিয়োগ করিলে ২৯২ অবশিষ্ট থাকিল, ইহার নাম অব্দপিণ্ড এই অব্দপিণ্ড ২৯২ দ্বারা ধ্রুবাঙ্ক ৩৯৪৪৭৯৩৫৭ কে পুরণ করিলে ১১৫১৮৮০০১৪৪৪ হইল। ইহার সহিত ১৭৯৮২০০ যোগ করিলে ১১৫১৮৯৭৯৯৬৪৪ হইল, এই যোগজাঙ্ককে ১০৮০০০০ দ্বারা ভাগ করিলে লব্ধ ১০৬৬৫৭ হইল, ঐ লব্ধাঙ্ক ১০৬৬৫৭কে ৭ দ্বারা হরণ করিলে অবশিষ্ট ৫ থাকিল, সোমবার হইতে গণনায় ঐ পাঁচ অঙ্কে বৈশাখ মাসের প্রথম দিনে শুক্রবার জানা গেল। এইক্ষণ যে কোন মাসের যে কোন তারিখের বার জানা আবশ্যক হইবে, তাহা পূর্ব্ব প্রক্রিয়া মতে মাসের দিনসংখ্যাদি যোগ করিয়া পুনর্ব্বার ৭ দিয়া ভাগকরিলে অবশিষ্টাঙ্কে সেই তারিখের বার জানা যাইবে।

ইংলণ্ডীয় জ্যোতির্ব্বিৎ পণ্ডিতগণ ডমিনিক্যাল্ লেটারের সংকেতানুসারে বার বিজ্ঞাত

হইবার যে সকল সরল উপায় উদ্ভাবন করিয়াছেন, সেই সকলের উপদেশ এবং গণনা-প্রণালী বিশেষ বিবরণের সহিত Mr. KEITH'S "Use of the Globe" এবং "Encyclopædia Britannica" প্রভৃতি গ্রন্থ হইতে উদ্ধৃত করিয়া নিম্নে লিখিত হইল।

রবি, পূর্ব্বে যে যে রাশির অংশ আদিতে অবস্থিত ছিলেন, সেই সেই রাশির অংশ আদিতে ২৮ বৎসর অন্তর পুনর্ব্বার পূর্ব্ববৎ প্রায় গমনকরিয়া থাকেন। রবির এইরূপ গতিতে ২৮ বৎসর পূর্ব্বে যে যে মাসের যে যে দিনে যে যে বার হইয়াছিল, পুনর্ব্বার তাহাই হইয়া থাকে; কিন্তু সাংকেতিক Dominical অক্ষরগুলি যথাবিহিত বিন্যস্ত করিয়া দেখিলেই উত্তরোত্তর বার সকল নিরূপিত হয় এবং উহা ভিন্ন কেবল রবির দৃশ্যমান গতিদ্বারা পরে পরে বার সকল নির্দ্দিষ্ট হয় না।

Cycle of the Sun.

"The *Cycle of the Sun* is a period of 28 years, after which the days of the month return to the same days of the week. This cycle has no reference to the apparent motion of the sun, its chief use being to find the Dominical Letters.

In order to connect the days of the week with the days of the year, the first *seven* letters of the alphabet are chosen to mark the several days of the week. These letters are arranged in such a manner for every year, that the letter A stands for the first of January, B for the second, C for the third, and so on. The seven letters being constantly repeated in their order through all the days of the year, it is plain that the same letter will answer to Sunday throughout the whole year, which is therefore called the Sunday Letter.

To find the Cycle of the Sun for any Year till 1900, and likewise the Sunday Letter.

RULE. Add 9 to the given year, and divide the sum by 28, the remainder is the year of the solar cycle; if there be no remainder the solar cycle is 28. Then, in the following Table, against the solar cycle you will find the Dominical Letter.

OR, To the given year add its fourth part, and increase the sum by 6, divide the result by 7, and the remainder taken from 7 leaves the number of the letter; reckoning A to be 1, B 2, C 3, D 4, E 5, F 6, and G 7. In a leap year this rule always gives the letter answering to the months after February.

No. I.

1	ED	5	GF	9	BA	13	DC	17	FE	21	AG	25	CB
2	C	6	E	10	G	14	B	18	D	22	F	26	A
3	B	7	D	11	F	15	A	19	C	23	E	27	G
4	A	8	C	12	E	16	G	20	B	24	D	28	F

In a leap-year there are two Sunday Letters ; the lefthand letter is used till the end of February, and the other till the end of the year."—

Example—What is the Dominical Letter for 1883, (1883+9)÷28 leaves a remainder of 16 ; therefore G is the Sunday Letter.

Or $1883+\frac{1883}{4}+6=2359$, this divided by 7 leaves no remainder, therefore 7 is the number of the letter, which will be the letter G.

"The Cycle of the Sun is a revolution of 28 years, in which time the days of the Months return again to the same days of the week ; the Sun's place to the same signs and degrees of the ecliptic on the same months and days, so as not to differ one degree in 100 years ; and the leap years begin the same course over again with respect to the days of the week on which the days of the months fall.

To find the year of any Cycle.

The year of Christ's birth, according to the vulgar era, was the 9th year of the solar cycle, the first year of the lunar cycle ; therefore, to find the year of the solar cycle, add 9 to any given year of Christ, and divide the sum by 28, the quotient is the number of cycles elapsed since his birth, and the remainder is the cycle for the given year, if nothing remains, the cycle is 28.

Dominical Letters.

The first seven letters of the alphabet are commonly placed in the annual almanacs, to show on what days of the week the days of the months fall throughout the year. And because one of those seven letters must necessarily stand against Sunday, it is printed in a Capital form, and called the dominical letter ; the other six being inserted in small characters, to denote the other six days of the week. Now, since a common Julian year contains 365 days, if this number be divided by 7 (the number of days in a week) there will remain one day. If there had been no remainder, it is plain the year would constantly begin on the same day of the week ; but since one remains, it is plain, that the year must begin and end on the same day of the week ; and therefore the next year will begin on the day following. Hence, when January begins on Sunday, A is the dominical or Sunday letter for that year : then, because the next year begins on Monday, the Sunday will fall on the seventh day, to which is annexed the seventh letter G, which therefore will be the dominical letter for all that year ; and as the third year will begin on Tuesday, the Sunday will fall on the sixth day ; therefore F will be the Sunday letter for that year. Whence it is evident, that the Sunday letters will go annually in a retrograde order thus G, F, E, D, C, B, A. And, in the course of seven years, if they were all common ones, the same days of the week and dominical letters

would return to the same days of the months. But because there are 366 days in a leap year, if this number be divided by 7, there will remain two days over and above the 52 weeks of which the year consists. And therefore, if the leap-year begins on Sunday, it will end on Monday, and the next year will begin on Tuesday, the first Sunday whereof must fall on the sixth January, to which is annexed the letter F, and not G, as in common years. By this means the leap-year returning every fourth year, the order of the Dominical Letters is interrupted ; and the series cannot return to its first state till after four times seven or 28 days, and then the same days of the months return in order to the same days of the week as before.

বৎসরের টেবিল ।

এ A	জি G	এফ্ F	ঈ E	ডি D	সি C	বি B
১৮৪৮	১৮৪৯	১৮৫০	১৮৫১		১৮৫২	১৮৫৩
১৮৫৪	১৮৫৫		১৮৫৬	১৮৫৭	১৮৫৮	১৮৫৯
	১৮৬০	১৮৬১	১৮৬২	১৮৬৩		১৮৬৪
১৮৬৫	১৮৬৬	১৮৬৭		১৮৬৮	১৮৬৯	১৮৭০
১৮৭১		১৮৭২	১৮৭৩	১৮৭৪	১৮৭৫	
১৮৭৬	১৮৭৭	১৮৭৮	১৮৭৯		১৮৮০	১৮৮১
১৮৮২	১৮৮৩		১৮৮৪	১৮৮৫	১৮৮৬	১৮৮৭
	১৮৮৮	১৮৮৯	১৮৯০	১৮৯১		১৮৯২
১৮৯৩	১৮৯৪	১৮৯৫		১৮৯৬	১৮৯৭	১৮৯৮

রবিবারের টেবিল ।

	১	২	৩	৪	৫	৬	৭
	৮	৯	১০	১১	১২	১৩	১৪
	১৫	১৬	১৭	১৮	১৯	২০	২১
	২২	২৩	২৪	২৫	২৬	২৭	২৮
	২৯	৩০	৩১				
জানুয়ারী, অক্টোবর ...	A এ	B বি	C সি	D ডি	E ই	F এফ্	G জি
মে	B বি	C সি	D ডি	E ই	F এফ্	G জি	A এ
আগষ্ট	C সি	D ডি	E ই	F এফ্	G জি	A এ	B বি
ফেব্রুয়ারি, মার্চ্চ, নবেম্বর...	D ডি	E ই	F এফ্	G জি	A এ	B বি	C সি
জুন	E ই	F এফ্	G জি	A এ	B বি	C সি	D ডি
সেপ্টেম্বর, ডিসেম্বর ...	F এফ্	G জি	A এ	B বি	C সি	D ডি	E ই
আপ্রিল, জুলাই ...	G জি	A এ	B বি	C সি	D ডি	E ই	F এফ্

যাহারা ইংরাজিভাষায় অনভিজ্ঞ তাঁহারা এই ডমনিকেল লেটারের দ্বারায় যেরূপে বার জানিতে পারিবেন তাহা লিখিতেছি।

ইংরাজী সনের অঙ্কে ৯ নয় যোগকরিয়া ২৮ দ্বারা হরণকরিলে যাহা অবশিষ্ট থাকিবে সেই অঙ্কে ১ নম্বর টেবিলের যে অক্ষর হইবে, তাহা সেই বৎসরের রবিবারের ডমনিক্যাল অক্ষর জানিবেন। যদি কোন অবশিষ্ট অঙ্ক না থাকে, তাহা হইলে সৌর সাইকল ২৮ হইবে। অন্যপ্রকার—ইংরাজী অব্দের যে মাসের যে দিবসের বার জানিবার প্রয়োজন হইবে, সেই ইংরাজী অব্দের অঙ্কসংখ্যার সহিত সেই অব্দের অঙ্কের চতুর্থাংশ যোগ করিয়া তাহাতে অতিরিক্ত ৬ যোগকরিয়া যে সমষ্টি হইবে তাহাকে সপ্তদ্বারা হরণ করিলে যাহা অবশিষ্ট থাকিবে তদ্দারা ডমনিকেল লেটার জানা যাইবে। যথা—এক অবশিষ্ট থাকিলে A, এ, দুই থাকিলে B, বি, তিন থাকিলে C, সি, চারি থাকিলে D, ডি, পাঁচ থাকিলে E, ই, ছয় থাকিলে F, এফ্, সাত থাকিলে G, জি হইবে। কিন্তু লিপ্ইয়ারের বৎসরে দুইটী অক্ষর হইবেক। তাহার বামদিগের অক্ষর ফেব্রুয়ারিপর্য্যন্ত দক্ষিণদিগের অক্ষর বৎসরের শেষপর্য্যন্ত গ্রহণ করিতে হইবে। দৃষ্টান্তস্বরূপ বৎসরের ও রবিবারের দুইটী টেবিল অঙ্কিতকরিয়া তাহাতে অব্দের অঙ্ক ও ডমিনিকেল অক্ষর যেরূপে বিন্যাস করিতে হইবে তাহা লিখিতেছি। যথা—১৮৪৮ অব্দে অঙ্কের সহিত ৯ যোগকরিয়া ২৮ দ্বারা বিভাগকরিলে অবশিষ্ট ৯ থাকিল। ঐ ৯এতে ঐ অব্দ লিপইয়ার জন্য ১ নম্বর টেবিলে দুইটী অক্ষর B A পাওয়া গেল; কিন্তু বৎসরের শেষপর্য্যন্ত বারগণনা করিতে হইবে বলিয়া A এ অক্ষর গ্রহণকরিয়া কোষ্ঠার প্রথমঘরে A এ সংস্থাপনকরিয়া তাহার নিম্নে ১৮৪৮ রাখা হইল। তৎপর ঐ প্রণালীমতে ১৮৪৯কে বিভাগকরিয়া ১০ পাওয়া গেল, ঐ দশে G জি অক্ষর হইল, তাহা পূর্ব্বস্থাপিত A এ অক্ষরের দক্ষিণের পর কোষ্ঠায় সংস্থাপন করিয়া তাহার নিম্নে ১৮৪৯ রাখা হইল, তৎপর ১৮৫০কে ঐরূপ বিভাগকরিয়া অবশিষ্ট ১১ দ্বারা F এফ্ অক্ষর জানা গেল, এজন্য ঐ G জি অক্ষরের দক্ষিণ কোষ্ঠায় F এফ্ অক্ষর রাখিয়া তাহার নিম্নে ১৮৫০ রাখা হইল। তৎপর ১৮৫১তে ঐরূপে ১২ অবশিষ্ট হওয়াতে E ই অক্ষর পাওয়া গেল, তাহা F এফ্ অক্ষরের দক্ষিণের কোষ্ঠায় রাখিয়া তাহার নিম্নে ১৮৫১ সংস্থাপন করা গেল। পরে ১৮৫২কে ঐ প্রক্রিয়ামতে২৮ দিয়া ভাগকরিলে ১৩ অবশিষ্ট থাকিল। কিন্তু লিপ্ইয়ার জন্য দুইটী অক্ষর D ডি ও C সি, পাওয়া গেল, তাহা E ই অক্ষরের দক্ষিণ কোষ্ঠায় D ডি ও তাহার পর কোষ্ঠায় C সি রাখিয়া লিপইয়ার জন্য D ডিএর নিম্নের ঘর শূন্য রাখিয়া তাহার দক্ষিণের C সিএর নিম্নস্থ ঘরে ১৮৫২ রাখা গেল। তৎপরে ১৮৫৩কে ঐরূপ প্রক্রিয়ামতে বিভাগ করিল ১৪ অবশিষ্ট থাকিল; ঐ ১৪তে B বি অক্ষর পাওয়া গেল, তাহা C সি অক্ষরের দক্ষিণকোষ্ঠায় রাখিয়া তাহার নিম্নে ১৮৫৩ রাখা গেল। এইরূপে ৭ সাতটি ঘর পূর্ণ হইলে পুনরায় A এ অক্ষরের নিম্নে ১৮৪৮ যে আছে তাহার নিম্নে ১৮৫৪ রাখ। ফল, ঐ ১৮৫৪কে পূর্ব্বপ্রক্রিয়ামতে বিভাগকরিলে ১৫ অবশিষ্ট থাকিবে, তাহাতে A এ অক্ষর পাওয়া যাইবেক। এইরূপ ক্রমে চারি বৎসরের অঙ্ক যথানিয়মে সংস্থাপন করিয়া লিপইয়ার বৎসর হইলে এক ঘর শূন্য দিয়া তাহার পরকোষ্ঠায় বৎসরের অঙ্ক রাখিত হইয়াছে। টেবিল দৃষ্টে জানিতে পারিবেন। অথবা

ঐ ঐ প্রক্রিয়ামতে গণনাকরিয়া যে যে অব্দে যে যে অক্ষর হইবে, তাহা ঐ ঐ অক্ষরের নিম্নে যথাক্রমে বিন্যস্ত করিবে। এস্থলে ১৮৯৮ পর্য্যন্ত এই টেবিলে লিখিত হইল; প্রয়োজন হইলে ঐরূপে অব্দঅঙ্ক টেবিলে বিন্যস্ত করিয়া বার বিজ্ঞাত হইতে পারিবে।

এইক্ষণে যেরূপে রবিবারের টেবিল প্রস্তুত করিতে হইবে, তাহা বলা হইতেছে। ঊর্দ্ধে চন্দ্র আটটী এবং তির্য্যক্ ১৩ টি রেখাদ্বারা ৮৪ টি কোষ্ঠা প্রস্তুত করিয়া তাহার উপরের প্রথমকোষ্ঠায় ১ দ্বিতীয়কোষ্ঠায় ২ তৃতীয়কোষ্ঠায় ৩ এইরূপে ক্রমে ৩১ অঙ্কপর্য্যন্ত যথা পর পর বিন্যাসকরিয়া যথাক্রমে ১ একের নিম্ন যথাস্থানে A এ ২এর নিম্নে যথাস্থানে B বি, ৩ এর নিম্নে যথাস্থানে C সি, ৪ চারির নিম্নে যথাস্থানে D ডি, ৫ এর নিম্নে যথাস্থানে E ই, ৬ ছয়ের নিম্নে যথাস্থানে F এফ্ ও ৭ সাতের নিম্নে যথাস্থানে G জি, প্রথমতঃ সংস্থাপনকরিয়া পুনরায়, A এর নিম্নে B বি, B বিএর নিম্নে C সি ইত্যাদি যথাক্রমে বক্রী কোষ্ঠাসকল পূরণ করিবেক। পরে A এর শ্রেণীতে জান্নুয়ারি ও অকটুবর মাস, B বির-শ্রেণীতে মে মাস, C সিএর শ্রেণীতে আগষ্ট মাস, D ডিএর শ্রেণীতে ফেব্রুয়ারি, মার্চ ও নবেম্বর মাস, E ইএর শ্রেণীতে জুন মাস, F এফের শ্রেণীতে সেপ্টেম্বর ও ডিসেম্বর মাস এবং G জিএর শ্রেণীতে আপ্রিল এবং জুলাই মাস বিন্যাস করিবেক।

এইরূপ টেবিল বিন্যাসকরিয়া বৎসরের মধ্যে কোন্ মাসের কোন তারিখে কি বার হইবেক তাহা টেবিল দৃষ্টে যে প্রণালীমতে গণনা করিতে হইবে, তাহা বলা যাইতেছে। যে বৎসরের বার জানিতে হইবে, সেই বৎসরের অঙ্কের উপর যে অক্ষর হইবে তাহা গ্রহণ-করিয়া পশ্চাৎ রবিবারের টেবিলের মাসের শ্রেণীতে ঐ অক্ষর কোন্ কোন্ তারিখে পতিত হইয়াছে তাহা নিরূপণকরিয়া যদি জিজ্ঞাস্য মাসের তারিখ ঐ অক্ষরের উপরে দৃষ্ট হয়, তাহা হইলে ঐ তারিখে রবিবার হইবেক, নচেৎ ঐ তারিখ অক্ষর রবিবার জ্ঞান গণনা-ক্রমে যে তারিখের ঘরে পতিত হয় সেই তারিখে যে বার সেই বার হইবেক। যথা—১৮৮৩ সালের ডিসেম্বর মাসে ৭ই তারিখে কি বার হইবেক জানিতে হইলে ১৮৮৩ অব্দের অঙ্ক-সংখ্যার উপরে G অক্ষর পাওয়া গেল। পরে রবিবারের টেবিলে ডিসেম্বর মাসের শ্রেণীতে G জি অক্ষরে ঐ মাসের ২।৯।১৬।২৩ এবং ৩০ তারিখে রবিবার হইবেক জানা গেল। ঐ বারজাত অক্ষর হইতে ক্রমে দক্ষিণাবৃত্ত গণনায় ৭ তারিখে শুক্রবার জানা গেল। এইরূপে গণনাকরিয়া বার জানিবেন।

অথ তিথিগণনা।

ঊনবিংশাবশিষ্টং হি শাকং রুদ্রৈশ্চ পূরয়েৎ।
ষড়্যুতো দিনমাসাঙ্কৈস্ত্রিংশদ্ভক্তস্তিথির্ভবেৎ॥
০ ১ ২ ৪ ৩ ৫ ১০ ১০ ৫ ৫
শশিবিধুযুগশিখিবহ্নিঃ খেটদিগ্দিগ্যেষাঙ্কং
দশ দশ চ তিথিমানমাধ্রুবং শ্রীহরীষ্টম্॥

তিথিগণনা।

মাসাঙ্ক	
বৈশাখ	০
জ্যৈষ্ঠ	১
আষাঢ়	৩
শ্রাবণ	৫
ভাদ্র	৭
আশ্বিন	৯
কার্ত্তিক	১০
অগ্রহায়ণ	১০
পৌষ	৯
মাঘ	৯
ফাল্গুণ	১০
চৈত্র	১০

শকাব্দার সংখ্যাকে ১৯ দ্বার হরণ করিলে যাহা অবশিষ্ট থাকিবে, তাহাকে ১১ দ্বারা পুরণ করিলে যাহা হয়, তাহাতে মাসাঙ্ক, দিনসংখ্যা, এবং অতিরিক্ত ৬ যোগ করিয়া ৩০ দ্বারা হরণকরিলে যাহা অবশিষ্ট থাকিবে, সেই অঙ্কে যে তিথি হয়, তদ্দিবসে সেই তিথি জানিবে *। যথা,—১৮০৫ শকের ১লা বৈশাখ কি তিথি?—এস্থলে ১৮০৫কে ১৯ দ্বারা হরণকরিলে ০ শূন্য অবশিষ্ট থাকিল, উক্ত শূন্যকে ১১ দ্বারা পূরণ করিলে ০ শূন্য হইল। ঐ শূন্যে পার্শ্বের লিখিত বৈশাখের মাসাঙ্ক ০ দিনাঙ্ক ১ এবং অতিরিক্ত ৬ যোগ করিলে ৭ হইল। উহাকে ৩০ দ্বারা হরণ করা যায় না। অতএব সাত অঙ্কে ১লা বৈশাখে ৬০ দণ্ডের মধ্যে শুক্লা সপ্তমী তিথি জানা গেল।

অন্যমতে তিথিগণনা।

মাসাঙ্ক	
বৈশাখ	০
জ্যৈষ্ঠ	১
আষাঢ়	৪
শ্রাবণ	৬
ভাদ্র	৮
আশ্বিন	১০
কার্ত্তিক	১০
অগ্রহায়ণ	১০
পৌষ	১০
মাঘ	১০
ফাল্গুণ	১০
চৈত্র	১০

যে মাসের যে তারিখের তিথি জানিতে হইবেক, সেই মাসের দিনসংখ্যার সহিত পূর্ব্বের লিখিত মাসাঙ্ক যোগ করিয়া যে সংখ্যা হয়, তাহাতে যে বর্ষের তিথি গণনা করিতে হইবে সেই বর্ষের বৈশাখের প্রথম দিনে যে তিথি হইবে, সেই তিথির অঙ্ক যোগকরিলে যে অঙ্কসংখ্যা হইবে, তাহাকে ৩১ দ্বারা হরণকরিলে যাহা অবশিষ্ট থাকিবে, সেই তিথি জানিবে।

উদাহারণ—সন ১২৮৪ সালের ২রা জ্যৈষ্ঠ কোন তিথি? এস্থলে ঐ মাসের ২ সংখ্যা ও পার্শ্বের লিখিত জ্যৈষ্ঠ মাসের মাসাঙ্ক ১ এবং ১২৮৪ সালের ১ বৈশাখের তিথির অঙ্ক ২৯, এই সমুদয়কে যোগ করিলে ৩২ হইল। ইহাকে ৩১ দ্বারা হরণ করিলে অবশিষ্ট এক থাকে, অতএব ঐ অঙ্কে প্রতিপদ্ তিথি জানা গেল।

* এইরূপ গণনাতে যদি যথার্থ না মিলে, তাহা হইলে মাসের প্রথমে হইলে ১ বাদ ও শেষ হইলে ১ যোগ দিতে হয়।

ইংরাজি অব্দের তিথি গণনা।

মাসাঙ্ক	
জানুয়ারী	০
ফেব্রুয়ারি	২
মার্চ্চ	১
এপ্রিল	৩
মে	৩
জুন	৫
জুলাই	৫
আগষ্ট	৭
সেপ্টেম্বর	৮
অক্টোবর	৯
নবেম্বর	১০
ডিসেম্বর	১১

ইংরাজি অব্দের সংখ্যার সহিত ১ যোগ করিয়া যে সমষ্টি হইবে তাহাকে ১৯ দ্বারা হরণ করিলে ভাগাবশিষ্ট যে অঙ্ক থাকিবে তাহার নাম গোল্‌ডন নম্বর Golden Number। পরে ঐ গোল্‌ডন নম্বরের সংখ্যা হইতে ১ বিয়োগ করিলে যাহা অবশিষ্ট থাকিবে তাহাকে ১১ দ্বারা পূরণ করিতে হইবে। পরে ঐ পূরিত অঙ্কের সহিত পার্শ্বের লিখিত মাসাঙ্ক এবং যে তারিখের তিথি জানিবার আবশ্যক হইবে, সেই তারিখের অঙ্ক একত্র যোগ করিয়া ৩০ দ্বারা হরণ করিলে যে অঙ্ক অবশিষ্ট থাকিবে, সেই অঙ্কে যে তিথি হয়, তদ্দিবস সেই তিথি জানিবে। যথা— এক অবশিষ্ট থাকিলে, শুক্লা প্রতিপৎ ইত্যাদি।

ইংরাজি অব্দ যে বৎসর লিপ্‌ইয়ার হইবে, সেই অব্দে মার্চ্চ মাসে ০ শূন্য, এপ্রেল মাসে ২, মে মাসে ২, জুন মাসে ৪, জুলাই মাসে ৪, আগষ্ট মাসে ৬, সেপ্‌টেম্বর মাসে ৭, অক্টোবর মাসে ৮, নবেম্বর মাসে ৯ এবং ডিসেম্বর মাসে ১০ অঙ্ক গ্রহণ করিয়া তিথি গণনা করিবে।

দৃষ্টান্ত।—ইংরাজি ১৮৮৪ অব্দের ১০ই এপ্রেলে কি তিথি? এস্থলে ১৮৮৪র সহিত ১ যোগ করিলে ১৮৮৫ হইল। ইহাকে ১৯ দ্বারা হরণ করিলে ৪ অবশিষ্ট থাকিল। ইহার নাম ১৮৮৪ অব্দের গোল্‌ডন নম্বর Golden Number। এইক্ষণে ঐ গোল্‌ডন নম্বর ৪ অঙ্ক হইতে ১ বিয়োগ করিলে ৩ অবশিষ্ট থাকিল। ঐ ৩ কে ১১ দ্বারা পূরণ করিলে ৩৩ হইল। ঐ ৩৩র সহিত এপ্রিল মাসের ১০ই তারিখ এবং ১৮৮৪ অব্দ লিপ্‌ ইয়ার জন্য এপ্রিলের মাসাঙ্ক ২ একত্র যোগ করিলে ৪৫ হইল। ঐ ৪৫কে ৩০ দ্বারা বিভাগ করিলে ১৫ অবশিষ্ট থাকিল। অতএব ঐ ১৫তে ১০ এপ্রিল ৬০ দণ্ডের মধ্যে পূর্ণিমাতিথি জানা গেল।

তিথিজ্ঞানের সহজ উপায়!

শকাব্দা ১৮০৫ বা সন ১২৯০ সালের পূর্ব্বের অথবা পরের যে কোন বৎসরের ১ বৈশাখ তারিখের তিথি জানিবার আবশ্যক হইলে, ঐ বৎসরের সংখ্যা অঙ্ককে ১১ দ্বারা পূরণ করিয়া, দুই স্থানে রাখিবে। এক স্থানের অঙ্ককে ১৭০ দ্বারা ভাগ করিয়া অন্যস্থানের স্থাপিত অঙ্কের সহিত যোগ করিবে। যদি ১৭০ দ্বারা ভাগ না হয়, তবে ঐ যুক্তাঙ্ককে ৩০ দ্বারা ভাগ করিবে, ভাগ করিয়া অবশিষ্ট যত অঙ্ক থাকিবে, তাহা শকাব্দা ১৮০৫ অথবা সন ১২৯০ সালের যদি পূর্ব্ব হয়, তাহা হইলে ৬ এই ধ্রুবাঙ্ক হইতে বিয়োগ করিবে। বিয়োগ না হইলে ৩৬ অঙ্ক হইতে বিয়োগ করিবে, যাহা অবশিষ্ট অঙ্ক হইবে তাহা ঐ শকের বা সালের ১ বৈশাখ তারিখের তিথি হইবে। যদি শকাব্দ ১৮০৫ অথবা সন ১২৯০

সালের পরের কোন বৎসরের তিথি জানিবার আবশ্যক হয়, তবে পূর্ব্বোক্ত ৩০ দ্বারা ভাগাবশিষ্ট অঙ্ক ধ্রুবাঙ্ক ৬ এর সহিত যোগ করিলে যে অঙ্ক হইবে ঐ সংখ্যায় যে তিথি হয় সেই তিথি জানিবে। যদি ৩০ এর অধিক হয় তবে ৩০ বাদ দিয়া যাহা অবশিষ্ট থাকিবে ঐ সংখ্যার অঙ্কে তিথি জানিবে। যথা – ১ থাকিলে প্রতিপৎ ইত্যাদি।

দৃষ্টান্ত।—সন ১২৮৩ সালের বা ১৭৯৮ শকাব্দার ১ বৈশাখে কোন্ তিথি ছিল ? এস্থলে ১২৯০ হইতে ১২৮৩ বিয়োগ করিলে ৭ অবশিষ্ট থাকিল। ঐ ৭ সাত সংখ্যাকে ১১ দ্বারা পূরণ করিলে ৭৭ হয়, ইহাকে ২ দুই স্থানে রাখ। পরে এক স্থানের অঙ্ক ৭৭কে ১৭০ দ্বারা ভাগ করিতে হইবে, কিন্তু ৭৭কে ১৭০ দ্বারা ভাগ করা যায় না, এজন্য ঐ ৭৭কে ৩০ দ্বারা ভাগ করিলে ভাগাবশিষ্ট অঙ্ক ১৭ থাকে। কিন্তু এস্থলে ১২৯০ সালের পূর্ব্বের তিথি জানিবার আবশ্যক হওয়াতে ঐ ১৭ ধ্রুবাঙ্ক ৬ হইতে বিয়োগ করিতে হইবে, কিন্তু ৬ হইতে ১৭ বিয়োগ হয় না, একারণ ৩০ তিথির সহিত ধ্রুবাঙ্ক ৬ যোগ করিলে ৩৬ হইল। অতএব ঐ ৩৬ হইতে ১৭ বিয়োগ করিলে অবশিষ্ট ১৯ থাকিল। ঐ ১৯ অঙ্ক ১২৮৩ সালের ১ বৈশাখ কৃষ্ণ পক্ষের চতুর্থী তিথি হইল। ১ বৈশাখের তিথি জানিতে পারিলে অপর দিনের তিথি সহজে নির্ণয় করিতে পারিবে।

কোন্ শকাব্দার কোন্ মাসের কোন্ তারিখে ৬০ দণ্ডের মধ্যে কোন্ তিথি হইবেক, তাহা অতি সহজে পরিজ্ঞানার্থ একটী টেবল প্রস্তুত করিয়া নিম্নে অঙ্কিত করা গেল। যদিচ এই চক্রে কেবল ১৯ বৎসরের তিথির গণনা লিখিত আছে, কিন্তু ইহাতে বহুকালের গণনা করাযাইতে পারিবেক। কেবল ১২৭০ স্থলে ১২৮৯ ও ১২৭১ স্থলে ১২৯০ ইত্যাদিরূপে সন পরিবর্ত্তনকরিলেই হইবে। ১২৭০ সালের পূর্ব্বের ঐ নিয়মে সন পরিবর্ত্তনকরিয়া গণনা করিলেই হইতে পারিবেক। প্রতি মাসের স্তম্ভের অঙ্ক পরিবর্ত্তনকরিতে হইবে না।

টেবিল প্রস্তুত করিবার বিধি।

রাশিচক্রে চন্দ্র ১৯ বৎসর ভ্রমণকরিয়া পুনরায় প্রায় সেই সেই রাশির সেই অংশাদি দিয়া গমন করাতে উনিশ বৎসর অন্তে সেই সেই দিনে সেই সেই তিথি হইয়া থাকে, এজন্য শকাব্দা অঙ্ককে ১৯ দ্বারা হরণ করিলে যাহা অবশিষ্ট থাকিবে, তাহা ১১ দ্বারা পূরণ-করিলে গুণিতাঙ্ক যাহা হইবে তাহাতে অতিরিক্ত ৬ যোগকরিয়া ৩০ দ্বারা হরণ করিলে যাহা অবশিষ্ট হইবে, সেই অঙ্কদ্বারা গত বৎসরের অমাবস্যা হইতে কত তিথি অন্তর হইয়াছে জানিয়া সেই অঙ্ক গণিত শকাব্দার দক্ষিণে অর্থাৎ দক্ষিণের কলমে বৈশাখ মাসের নিম্নে সংস্থাপন করিবে, তৎপর ক্রমে পর পর শকাব্দাকে ঐ প্রক্রিয়ামতে অথবা তাহাতে ক্রমে ১১ যোগকরিয়া * ৩০ এর অধিক হইলে ৩০ বিয়োগ করিয়া অবশিষ্টাঙ্ক ক্রমে ১৯ টি শক-পর্য্যন্ত যথানিয়মে স্থাপন করিবে। যথা—অঙ্কিত টেবিল দৃষ্টে ঐ অঙ্ক বৈশাখ মাসের নিম্নে স্থাপন করিবে, তৎপরে প্রতি শকের বৈশাখের অঙ্কে ১ যোগ, জ্যেষ্ঠ মাসের অঙ্কে ৩ যোগ,

* সাধারণমতে সৌরবৎসর ৩৬৫ দিনে এবং চান্দ্রবৎসর ৩৫৪ দিনে হইয়া থাকে, এজন্য প্রতি সৌরবৎসর চান্দ্রবৎসর হইতে ১১ তিথি অতিরিক্ত হইবে।

আষাঢ়ের ৫, শ্রাবণের ৭, ভাদ্রের ৯, আশ্বিনের ১০, কার্ত্তিকের ১০, অগ্রহায়ণের ৯, পৌষের ৯, মাঘের ৯, ফাল্গুণের ১০ এবং চৈত্রের অঙ্কে ১০ যোগকরিয়া যে মাসাঙ্ক নিরূপণ হইবে, তাহা যথানিয়মে সংস্থাপন করিয়া টেবিল প্রস্তুত করিবে।

তিথিগণনার চক্র।

সন শক	বৈশাখ।	জ্যৈষ্ঠ।	আষাঢ়।	শ্রাবণ।	ভাদ্র।	আশ্বিন।	কার্ত্তিক।	অগ্রহায়ণ।	পৌষ।	মাঘ।	ফাল্গুন।	চৈত্র।
১২৭০-১২৮৯-১৭৮৫-১৮০৪	২৫	২৬	২৮	০	২	৪	৫	৫	৪	৪	৫	৫
১২৭১-১২৯০-১৭৮৬-১৮০৫	৬	৭	৯	১১	১৩	১৫	১৬	১৬	১৫	১৫	১৬	১৬
১২৭২-১২৯১-১৭৮৭-১৮০৬	১৭	১৮	২০	২২	২৪	২৬	২৭	২৭	২৬	২৬	২৭	২৭
১২৭৩-১২৯২-১৭৮৮-১৮০৭	২৯	১	২	৪	৬	৮	৯	৯	৮	৮	৯	৯
১২৭৪-১২৯৩-১৭৮৯-১৮০৮	১০	১১	১৩	১৫	১৭	১৯	২০	২০	১৯	১৯	২০	২০
১২৭৫-১২৯৪-১৭৯০-১৮০৯	২১	২২	২৪	২৬	২৮	০	০	১	০	০	১	১
১২৭৬-১২৯৫-১৭৯১-১৮১০	২	৩	৫	৭	৯	১১	১২	১২	১১	১১	১২	১২
১২৭৭-১২৯৬-১৭৯২-১৮১১	১৩	১৪	১৬	১৮	২০	২২	২৩	২৩	২২	২২	২৩	২৩
১২৭৮-১২৯৭-১৭৯৩-১৮১২	২৪	২৫	২৭	২৯	১	৩	৪	৪	৩	৩	৪	৪
১২৭৯-১২৯৮-১৭৯৪-১৮১৩	৫	৬	৮	১০	১২	১৪	১৫	১৫	১৪	১৪	১৫	১৫
১২৮০-১২৯৯-১৭৯৫-১৮১৪	১৬	১৭	১৯	২১	২৩	২৫	২৬	২৬	২৫	২৫	২৬	২৬
১২৮১-১৩০০-১৭৯৬-১৮১৫	২৭	২৮	০	২	৪	৬	৭	৭	৬	৬	৭	৭
১২৮২-১৩০১-১৭৯৭-১৮১৬	৮	৯	১১	১৩	১৫	১৭	১৮	১৮	১৭	১৭	১৮	১৮
১২৮৩-১৩০২-১৭৯৮-১৮১৭	১৯	২০	২২	২৪	২৬	২৮	২৯	২৯	২৮	২৮	২৯	২৯
১২৮৪-১৩০৩-১৭৯৯-১৮১৮	০	১	৩	৫	৭	৯	১০	১১	৯	৯	১০	১০
১২৮৫-১৩০৪-১৮০০-১৮১৯	১১	১২	১৪	১৬	১৮	২০	২১	২১	২০	২০	২১	২১
১২৮৬-১৩০৫-১৮০১-১৮২০	২২	২৩	২৫	২৭	২৯	১	২	২	১	১	২	২
১২৮৭-১৩০৬-১৮০২-১৮২১	৩	৪	৬	৮	১০	১২	১৩	১৩	১২	১২	১৩	১৩
১২৮৮-১৩০৭-১৮০৩-১৮২২	১৪	১৫	১৭	১৯	২১	২৩	২৪	২৪	২৩	২৩	২৪	২৪

এইক্ষণে কিরূপে তিথির গণনা করিতে হয়, তাহার নিয়ম লিখিতেছি।

প্রথম বিধি। যে সনের কি শকাব্দার যে মাসের যে তারিখের তিথি জানিতে হইবেক, সেই মাসের তারিখ টেবলের লিখিত মাসের নিম্নে যে অঙ্ক অঙ্কিত আছে, সেই অঙ্কের সহিত যোগকরিলে যে অঙ্ক হইবে, তাহাই তিথির সংখ্যা। যথা—১৮০৩ শক, অর্থাৎ ১২৮৮ সালের ৩১ শে চৈত্র কি তিথি হইবে? জানিতে হইলে অনুক্রমণিকার ১৮০৩ বা ১২৮৮ সালের চৈত্র মাসের স্তম্ভের ২৪ অঙ্ক, ঐ মাসের ৩১ শের সহিত যোগকরিলে ৫৫ হইল, তাহা

হইতে ৩০ বাদ দিলে ২৫ অবশিষ্ট থাকিল। ঐ ২৫ শে কৃষ্ণপক্ষের দশমী জানা গেল। এতাবতা ৩১ শে তারিখে ৬০ দণ্ডের মধ্যে কৃষ্ণা দশমী স্থির হইল।

দ্বিতীয় বিধি। অমাবস্যার দিন নিরূপণ করিতে হইলে যে কোন শকের যে মাসের যে দিনের ৬০ দণ্ডের মধ্যে অমাবস্যা জানিবার আবশ্যক হইলে টেবলের অর্থাৎ অনুক্রমণিকার সনের মাসের নিম্নে যে অঙ্ক আছে, তাহা ৩০ হইতে বাদ দিলে যাহা অবশিষ্ট থাকিবে, সেই সংখ্যক দিনের ৬০ দণ্ডের মধ্যে অমাবস্যা জানা যাইবেক। যথা—১৮০৩ শকের বা ১২৮৮ সালের চৈত্র মাসের স্তম্ভে ২৪ অঙ্ক আছে, উহা ৩০ হইতে বাদ দিলে ৬ অবশিষ্ট থাকে, সুতরাং চৈত্র মাসের ৬ তারিখের ৬০ দণ্ডের মধ্যে অমাবস্যা হইবেক।

তৃতীয় বিধি। কোন্ শকের কোন্ মাসের কোন্ তারিখের ৬০ দণ্ডের মধ্যে পূর্ণিমা হইবেক, তাহা জানিতে হইলে টেবলের লিখিত মাসের অঙ্ক হইতে ৩০ বিয়োগ করিলে যদি অবশিষ্ট ১৫ থাকে, তাহা হইলে ঐ মাসের ৩০ তারিখে পূর্ণিমা হইবেক। যদি ঐ অবশিষ্ট অঙ্ক ১৫ অঙ্কের অধিক হয়, তাহা হইলে ঐ ১৫ অঙ্কের অতিরিক্ত যাহা হইবেক সেই সংখ্যক অঙ্কে পূর্ণিমা হইবেক। যদি ১৫ অঙ্কের ন্যূন হয়, তাহা হইলে ঐ অঙ্কের সহিত ১৫ যোগকরিলে যে সংখ্যা হইবেক, সেই সংখ্যানুসারে মাসের তারিখে পূর্ণিমা হইবেক। যথা—সন ১২৮৮ সালের জ্যৈষ্ঠ মাসের কোন্ তারিখে ৬০ দণ্ডের মধ্যে পূর্ণিমা হইবে, তাহা জানিতে হইলে ঐ সনের জ্যৈষ্ঠ মাসের স্তম্ভের ১৫ অঙ্ক ৩০ হইতে বিয়োগ করিলে অবশিষ্ট ১৫ থাকিল। উপরের বিধি অনুসারে ৩০ শে জ্যৈষ্ঠ পূর্ণিমা জানা গেল।

ইংরাজি মতে তিথিগণনার উপপত্তি।

A number whereby we note the excess of the common solar year above the lunar, and thereby may find out the age of the Moon every year. For the solar year consisting of 365 days the lunar but of 354, the lunations every year get eleven days before the solar year, and thereby in 19 years, the Moon completes 20 times 12 lunations, or gets up one whole solar year; and having finished that circuit begins again with the Sun and so from 19 to 19 years. For the first year afterwards, the Moon will go before the Sun but 11 days, the second year 22 days, the third 33 days, but 30 being an entire lunation, cast that away, and the remainder 3 shall be that year's epact and so on, adding yearly 11 days.

To find the Golden Number for any Year.

"RULE. Add 1 to the given year, and divide the sum by 19, the remainder is the Golden Number. If there be no remainder, the Golden Number is 19.

Example. What is the Golden Number for the year 1827 ?

(1827 + 1) ÷ 19 leaves a remainder of 4, which therefore is the Golden Number.

The Epact for any Year is the Moon's age at the beginning of that year; that is, the number of days which have elapsed since the last New Moon in the preceding year.

To find the Epact for any Year till 1900.

Rule. Find the Golden Number and subtract 1 from it, multiply the remainder by 11, and the product will be the Epact; if the product exceeds 30, divide it by 30, and the remainder will be the Epact. When the Golden Number is 1, the Epact is 29.

ইংরাজি মাসের তিথিগণনার টেবিল।

A TABLE
FOR FINDING THE MOON'S AGE.

Add the number taken from this table to the day of the month; the sum (rejecting 30, if it exceed 30,) is the age.

Year.	January.	February.	March.	April.	May.	June.	July.	August.	September.	October.	November.	December.
1823—1880 ...	18	20	19	20	21	22	23	24	26	26	28	28
1824—1881 ...	0	2	1	2	3	4	5	6	8	8	10	10
1825—1882 ..	11	13	12	13	14	15	16	17	19	19	21	21
1826—1883 ...	22	24	23	24	25	26	27	28	0	0	2	2
1827—1884 ...	3	5	4	5	6	7	8	9	11	11	13	13
1828—1885 ..	14	16	15	16	17	18	19	20	22	22	24	24
1829—1886 ...	25	27	26	27	28	29	0	1	3	3	5	5
1830—1887 ...	6	8	7	8	9	10	11	12	14	14	16	16
1831—1888 ...	17	19	18	19	20	21	22	23	25	25	27	27
1832—1889 ...	28	0	29	0	1	2	3	4	6	6	8	8
1833—1890 ...	9	11	10	11	12	13	14	15	17	17	19	19
1834—1891 ...	20	22	21	22	23	24	25	26	28	28	0	0
1835—1892 ...	1	3	2	3	4	5	6	7	9	9	11	11
1836—1893 ...	12	14	13	14	15	16	17	18	20	20	22	22
1837—1894 ...	23	25	24	25	26	27	28	29	1	1	3	3
1838—1895 ...	4	6	5	6	7	8	9	10	12	12	14	14
1839—1896 ...	15	17	16	17	18	19	20	21	23	23	25	25
1840—1897 ...	26	28	27	28	29	0	1	2	4	4	6	6
1841—1898 ...	7	9	8	9	10	11	12	13	15	15	17	17

THE USE OF THE TABLE.

" *To find the time of New Moon.*—Subtract the number in the Table, opposite to the given year, and under the given month, from 30.

To find the time of Full Moon.—Subtract the number in the Table, opposite to the given year, and under the given month, from 30; if the remainder be 15, Full Moon happens on the 30th day of the month; if the remainder exceeds 15 the excess above 15 is the day of the month on which Full Moon happens; if the remainder falls short of 15, add 15 to it, and the sum will shew the day of the month on which Full Moon will happen.

N. B.—Though the preceeding Table be calculated only for 19 years, it will answer till the year 1900, by changing the years at the expiration of 19. Thus instead of 1824, write 1842, and so on in a gradual succession to 1860, without any alteration of the figure under the months; and when these years are elapsed, begin again with 1861, &c. The column in the preceeding Table under January, shews the Epacts for the respective years prefixed.

ইংরাজি মতে তিথি ও অমাবস্যার তিথি গণনার উপপত্তি ও সংকেত।

TO FIND THE GOLDEN NUMBER.

To find the Lunar Cycle, or Golden Number, add one to the given year of Christ, and divide the sum by 19; the quotient is the number of Cycles elapsed in the interval, and the remainder is the Cycle or Golden Number for the given year: if nothing remains the Cycle or Golden Number is 19.

The Cycle of the Moon, commonly called the Golden number, is a revolution of 19 years; in which time, the conjunctions, oppositions, and other aspects of the Moon, are within an hour and half of being the same as they were on the same days of the months 19 years before:—

Variation of the Golden Numbers.

Although the above deficiency in the lunar circle of an hour and an half every 19 years be but small, yet in time it becomes so sensible as to make a whole natural day in 310 years. So that, although this cycle be of use, when the golden numbers are rightly placed against the days of the months in the calendar, as in the common prayer books, for finding the days of the mean conjucntions or oppositions of the Sun and Moon and consequently the time of Easter; it will only serve for 310 years, old style. For as the new and full Moons anticipate a day in that time, the golden numbers ought to be placed one day earlier in the calendar for the next 310 years to come. These numbers were rightly placed against the days of New Moon in the calendar, by the council of Nice, *A. D.* 325; but the anticipation, which has been neglected ever since, is now grown almost into 5 days; and therefore all the golden numbers ought now to be placed 5 days higher in the Calendar for the old style, than they were at the time of the said council or 6 six days lower for the new style, because at present it differs 11 days from the old.

To find the Golden Number.—

In the first of the following tables the golden numbers under the months stand against the days of New Moon in the left hand column, for the new style; adapted chiefly to the second year after leap-year, as being the nearest mean for all the four; and will serve till the year 1900. Therefore, to find the day of New Moon in any month of a given year till that time, look for the golden number of that year under the desired month, and against it you have the day of New Moon in the left hand column. Thus, suppose it were required to find the day of New Moon in September 1789: the golden number for that year is 4, which I look for under September, and right against it, in the left hand column you will find 19, which is the day of New Moon in that month.

N. B.—If all the golden numbers, except 17 and 6 were set one day lower in the table it would serve from the beginning of the year 1900 till the end of the year 2199. The table at the end of this section shows the golden number for 4000 years after the birth of Christ, by looking for the even hundreds of any given year at the left-hand and for the rest to make up that year at the head of the tables; and where the columns meet, you have the golden number (which is the same both in old and new style) for the given year. Thus, suppose the golden number was wanted for the year 1789, look for 1700 at the left-hand of the table, and for 89 at the top of it; then guiding your eye downward from 89 to over—against 1700, you will find 4, which is the golden number for that year.

But because the lunar cycle of 19 years sometimes includes five leap years, and at other times only four, this table will sometimes vary a day from the truth in leap-years after February. And it is impossible to have one more correct, unless we extend it to four times 19 or 76 years; in which there are 19 leap-years without a remainder. But even then to have it of perpetual use, it must be adapted to the old style; because in every centennial year not divisible by 4, the regular course of leap years is interrupted in the new; as was the case in the year 1800.

টেবল দৃষ্টে ইংরাজী মাসের কোন্ তারিখে অমাবস্যা হইবে, তাহা জানিবার উপদেশ।

অমাবস্থার দিন সহজে নিরূপিত করিবার জন্য ২ দুইটী টেবল নিম্নে লিখিত হইয়াছে। তাহার প্রথম টেবলে ৫৬০০ বৎসর পর্য্যন্ত ঐ টেবলের বামদিগে অঙ্কিত করা হইয়াছে। টেবলের উপরে অব্দের অঙ্ক ৯৯ পর্য্যন্ত যথানিয়মে স্থাপিত হইয়াছে। তাহার নিম্নে ওল্ড ও নিউ ষ্টাইল্ মতে গোলডন নম্বর সংস্থাপন করা হইয়াছে। দ্বিতীয় টেবলের প্রথম কলমে মাসের তারিখের অঙ্ক এবং ঐ টেবিলের উপরিভাগে ক্রমে ১২টী কলমের উপরে জানুয়ারি মাস হইতে ডিসেম্বর মাস পর্য্যন্ত স্থাপন করিয়া তাহার নিম্নে গোলডন নম্বর সংস্থাপন করা হইয়াছে। এইক্ষণ এই দুইটী টেবল দৃষ্টে যেরূপে জিজ্ঞাস্য সনের যে মাসে যে তারিখে অমাবস্যা হইবেক তাহা পরিজ্ঞাত হওয়ার উপদেশ লিখিতেছি। ইরাজি অব্দের কোন্ মাসের কোন্ তারিখে অমাবস্যা হইবেক, তাহা জানিতে হইলে ১নং ওল্ড ও নিউ ষ্টাইলের টেবলের বামদিগে জিজ্ঞাস্য সনের শতপূরিত অঙ্ক দেখিয়া এবং ঐ টেবলের খণ্ড বৎসরের অঙ্কের কলমের সহিত জিজ্ঞাস্য সনের শতকের অঙ্ক যে কলমের যে স্থানে মিলিত হইয়াছে, সেই স্থানের অঙ্ক গ্রহণ করিতে হইবেক।

পরে দ্বিতীয় টেবলের জিজ্ঞাস্য মাসের নিম্নে ঐ অঙ্ক যে স্থানে দৃষ্ট হইবে, তাহার বামদিগে অর্থাৎ ঠিক বিপরীত দিগে তারিখের অঙ্কের কলমের মধ্যে যে তারিখ দৃষ্ট হইবেক

টেবিল নম্বর ১।

TABLE, SHOWING THE GOLDEN NUMBER (WHICH IS THE SAME BOTH IN THE OLD AND NEW STILE) FROM THE CHRISTIAN ERA, TO A. D. 5600.

Years less than an hundred.

বৎসরের শতকের ভগ্ন অঙ্ক ৯৯ পর্য্যন্ত, তাহার নিম্নে গোল্‌ডন নম্বর।

Hundred's of years. বৎসরের শতকের অঙ্ক।			০ ১৯ ৩৮ ৫৭ ৭৬ ৯৫	১ ২০ ৩৯ ৫৮ ৭৭ ৯৬	২ ২১ ৪০ ৫৯ ৭৮ ৯৭	৩ ২২ ৪১ ৬০ ৭৯ ৯৮	৪ ২৩ ৪২ ৬১ ৮০ ৯৯	৫ ২৪ ৪৩ ৬২ ৮১	৬ ২৫ ৪৪ ৬৩ ৮২	৭ ২৬ ৪৫ ৬৪ ৮৩	৮ ২৭ ৪৬ ৬৫ ৮৪	৯ ২৮ ৪৭ ৬৬ ৮৫	১০ ২৯ ৪৮ ৬৭ ৮৬	১১ ৩০ ৪৯ ৬৮ ৮৭	১২ ৩১ ৫০ ৬৯ ৮৮	১৩ ৩২ ৫১ ৭০ ৮৯	১৪ ৩৩ ৫২ ৭১ ৯০	১৫ ৩৪ ৫৩ ৭২ ৯১	১৬ ৩৫ ৫৪ ৭৩ ৯২	১৭ ৩৬ ৫৫ ৭৪ ৯৩	১৮ ৩৭ ৫৬ ৭৫ ৯৪
০	১৯০০	৩৮০০	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯
১০০	২০০০	৩৯০০	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯	১	২	৩	৪	৫
২০০	২১০০	৪০০০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
৩০০	২২০০	৪১০০	১৬	১৭	১৮	১৯	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫
৪০০	২৩০০	৪২০০	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯	১
৫০০	২৪০০	৪৩০০	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯	১	২	৩	৪	৫	৬
৬০০	২৫০০	৪৪০০	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
৭০০	২৬০০	৪৫০০	১৭	১৮	১৯	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬
৮০০	২৭০০	৪৬০০	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯	১	২
৯০০	২৮০০	৪৭০০	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯	১	২	৩	৪	৫	৬	৭
১০০০	২৯০০	৪৮০০	১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২
১১০০	৩০০০	৪৯০০	১৮	১৯	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭
১২০০	৩১০০	৫০০০	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯	১	২	৩
১৩০০	৩২০০	৫১০০	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯	১	২	৩	৪	৫	৬	৭	৮
১৪০০	৩৩০০	৫২০০	১৪	১৫	১৬	১৭	১৮	১৯	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩
১৫০০	৩৪০০	৫৩০০	১৯	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮
১৬০০	৩৫০০	৫৪০০	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯	১	২	৩	৪
১৭০০	৩৬০০	৫৫০০	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
১৮০০	৩৭০০	৫৬০০	১৫	১৬	১৭	১৮	১৯	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪

সেই তারিখের ষষ্টি দণ্ডমধ্যে অমাবস্যা জানা যাইবেক। পূর্ণিমা জানিতে হইলে ঐ তারিখের সহিত ১৫ যোগ করিলেই কোন্ তারিখে পূর্ণিমা হইবে, তাহা জানা যাইবেক এবং ইহার দ্বারা মাসের কোন্ তারিখে কোন্ তিথি হইবে তাহাও সহজে জানা যাইবেক।

টেবিল নম্বর ২।

দিনসংখ্যা।	জানুয়ারী।	ফেব্রুয়ারি।	মার্চ।	এপ্রেল।	মে।	জুন।	জুলাই।	আগষ্ট।	সেপ্টেম্বর।	অক্টোবর।	নবেম্বর।	ডিসেম্বর।
১	৯	০	৯	১৭	১৭	৬	০	০	০	১১	০	১৯
২	০	১৭	০	০	৬	১৪	১৪	৩	১১	০	১৯	০
৩	১৭	৬	১৭	৬	০	০	৩	১১	০	১৯	৮	৮
৪	৬	০	৬	১৪	১৪	৩	০	০	১৯	৮	০	১৬
৫	০	১৪	০	০	৩	১১	১১	১৯	৮	০	১৬	০
৬	১৪	৩	১৪	৩	০	০	১৯	০	০	১৬	৫	৫
৭	৩	০	৩	১১	১১	১৯	০	৮	১৬	০	০	১৩
৮	০	১১	০	০	১৯	৮	৮	১৬	৫	৫	১৩	০
৯	১১	১৯	১১	১৯	০	০	০	০	০	১৩	০	২
১০	০	০	১৯	৮	৮	১৬	১৬	৫	১৩	০	২	১০
১১	১৯	৮	০	০	০	০	৫	১৩	২	২	১০	০
১২	৮	১৬	৮	১৬	১৬	৫	০	০	০	১০	০	১৮
১৩	০	০	০	০	৫	১৩	১৩	২	১০	০	১৮	৭
১৪	১৬	৫	১৬	৫	০	০	২	১০	১৮	১৮	৭	০
১৫	৫	০	০	১৩	১৩	২	০	০	০	৭	০	১৫
১৬	০	১৩	০	০	২	১০	১০	১৮	৭	০	১৫	০
১৭	১৩	২	১৩	২	০	০	১৮	৭	০	১৫	৪	৪
১৮	২	০	২	১০	১০	১৮	০	০	১৫	০	০	১২
১৯	০	১০	০	০	১৮	৭	৭	১৫	৪	৪	১২	০
২০	১০	১৮	১০	১৮	০	০	১৫	০	০	১২	১	১
২১	১৮	০	১৮	৭	৭	১৫	০	৪	১২	০	০	৯
২২	০	৭	০	০	১৫	৪	৪	১২	১	১	৯	০
২৩	৭	১৫	৭	১২	০	০	১২	০	০	৯	১৭	১৭
২৪	০	০	১৫	৪	৪	১২	০	১	৯	০	০	৬
২৫	১৫	৪	০	০	১২	০	১	৯	১৭	১৭	৬	০
২৬	৪	০	৪	১২	০	১	০	০	০	৬	০	১৫
২৭	০	১২	০	১	১	৯	৯	১৭	৬	০	১৪	০
২৮	১২	১	১২	০	৯	০	১৭	৬	১৪	১৪	৩	৩
২৯	১	০	১	৯	০	১৭	০	০	০	৩	০	১১
৩০	০	০	০	০	১৭	৬	৬	১৪	৩	০	১১	০
৩১	৯	০	৯	০	০	০	১৪	৩	০	১১	০	১৯

দৃষ্টান্ত।—ইংরাজি ১৮৮৩ অব্দের নবেম্বর মাসের কোন্ তারিখে অমাবস্যা হইবে জানিতে হইলে প্রথমতঃ নিউ ও ওল্ড ষ্টাইলের ১নং টেবিলের উপরের অঙ্কিত ভগ্ন শতকের বৎসরের ৮৩ অঙ্কের কলমের শেষ যে স্থানের অঙ্কের সহিত ঐ টেবিলের বামদিগের শতকের অঙ্ক ১৮০০ শত হইতে সরল রেখা টানিলে মিলিত হইতেছে, ঐ স্থানে

৩ অঙ্ক দৃষ্ট হইল। এইক্ষণ ২ সং নিউ ষ্টাইলের টেবিলে নবেম্বর মাসের কলমে ৩ অঙ্ক হইতে বামদিকের তারিখের টেবিলে একটী সরল রেখা টানিলে ২৮ অঙ্ক পাওয়া যাইবে। অতএব নবেম্বর মাসের ঐ ২৮ তারিখে ৬০ ষষ্টি দণ্ড মধ্যে অমাবস্যা জানা গেল।

নানামতে তিথিগণনা বলা হইল, এক্ষণ দিনচন্দ্রিকামতে তিথি গণনা ও প্রত্যেক দিবসের তিথির স্থিতি দণ্ড পলাদি যেরূপে গণনা করিতে হইবেক, তাহা ফলিতজ্যোতিষ হইতে উদ্ধৃত করা হইল।

शाको भूभुजबाणचन्द्रवियुतोऽब्दः स्यात् सगोऽष्टानलै-
र्निघ्नः खाभ्रगुणाब्धियुक् रससहस्राप्तस्तिथेः स्याद्दिनम्।

ইষ্ট শাকাঙ্কে ১৫২১ পোনের শত একুশ বাদ দিলে যাহা অবশিষ্ট থাকিবে, এই গণিত বিষয়ে তাহা অব্দপিণ্ড হইবে। সেই অব্দপিণ্ডকে ৩৮৯ তিনশত উননব্বই দিয়া পূরণ করিয়া তাহাতে ৪৩০০ তেতাল্লিশ শত যোগ করিয়া ৬০০০ ছয় সহস্র দিয়া ভাগ করিলে যাহা লব্ধাঙ্ক হইবে, তাহার নাম তিথিদিন। এস্থলে লব্ধাঙ্কমাত্র আবশ্যক, শেষাঙ্ককে ষষ্টি গুণিত করিয়া পুনর্ব্বার ভাগ দিবার প্রয়োজন নাই।

अब्दो भवेन गुणितो रवियुक् दिनेन
युक्तस्तिथिप्रथमकः खगुणावशिष्टः॥

অব্দপিণ্ডকে ১১ এগার দ্বারা পূরণ করিয়া তাহাতে ১২ বার এবং পূর্ব্বোক্ত মতে যাহা তিথি দিন লব্ধ হইয়াছে, সেই অঙ্ক একত্র যোগ করিয়া ৩০ ত্রিশ দিয়া ভাগ করিলে যাহা অবশিষ্ট থাকিবে, তাহা সেই বৎসরের প্রথম তিথি হইবে। যদি শূন্য থাকে, তাহা হইলে ৩০ অমাবস্যা প্রথম তিথি হইবে।

अब्दोऽगैर्मुनिभिर्ग्रहैश्च विषयैर्भूमायकैर्भैर्हतः
खाभ्रलंग्नयुजा दिनेन सहितः खेनेश्वरैर्गोग्रहैः।
युक्तः षष्टिहृतः शराष्टरसभूमिष्टस्तिथेः स्यादिदं
केन्द्रं शून्यरसोद्धृतं त्विह भवेत् सर्व्वत्र लब्धोभ्रमः॥

অব্দপিণ্ডকে ৭।৭।৯।৫।৫১।২৭ এই প্রত্যেক অঙ্ক দিয়া পূরণ করিয়া পৃথক্ পৃথক্ স্থানে যথাক্রমে রাখিবে। তাহার পর শেষেরটী অর্থাৎ ২৭ সাতাইশ পূরিত অব্দপিণ্ডাঙ্ককে ৬০ ষাইট দ্বারা ভাগ করিয়া যাহা লব্ধ হইবে, ৫১ একান্ন পূরিত অব্দপিণ্ডাঙ্কে তাহা যোগ করিবে, এবং তাহাকে ৬০ ষাইট দ্বারা ভাগ করিয়া ৫ পঞ্চপূরিত অব্দপিণ্ডাঙ্কে যোগ করিবে, ও তাহাকে ষাইট দ্বারা ভাগ করিয়া ৯ নব পূরিত অব্দপিণ্ডাঙ্কে যোগ করিবে। পরে তাহাকে ৬০ ষাইট দ্বারা ভাগ করিয়া ৭ সপ্ত পূরিত অব্দপিণ্ডাঙ্কে যোগ করিবে। পরে তাহাকেও ৬০ ষাইট দ্বারা ভাগ করিয়া ৭ সপ্তপূরিত অব্দপিণ্ডাঙ্কে যোগ করিবে এবং অবশিষ্ট গুলি ক্রমশঃ থাকিবে।

তিথিদিনকে দুই স্থানে রাখিয়া এক স্থানের তিথিদিনটিকে ৩০০ দিয়া ভাগ করিয়া অপরস্থানের তিথিদিনের সহিত যোগ করিয়া এই যোগাঙ্ক ও পূর্ব্বপ্রক্রিয়া মতে যে অঙ্ক হইয়াছে তাহা যথাক্রমে ০।১১।৫৯ ক্ষেপাঙ্কের সহিত যোগ করিবে। যোগ করিয়া যাহা সমষ্টি হইবে, তাহার প্রথমাঙ্কটীকে * ৬০ ষাইট দ্বারা পূরণ করিয়া দ্বিতীয় অঙ্কটীর সহিত যোগ করিবে। পরে তাহাকে ১৬৮৫ ষোলশত পঁচাশি দিয়া ভাগ করিলে যাহা শেষ থাকিবে, তাহাকে ষাইট দ্বারা ভাগ করিয়া লব্ধাঙ্কটিকে বামে বসাইয়া দিলে তাহার নাম তিথিকেন্দ্র হইবে। ১৬৮৫ দ্বারা ভাগ দিয়া যে ভাগফল লব্ধ হইয়াছিল, তাহার নাম তিথিকেন্দ্র ভ্রম।

अब्दौऽर्ज्जेन नवेन्दुभिर्गजयुगैर्भूपावकैस्ताड़िती
रामैर्व्वाणयमैर्द्दिनैर्युगकुभिर्हीनोऽद्धभ्रमैः।
दण्डैः खाभ्रगुणांश्रयुक्तादिनयुक् वारस्तिथेः स्यादयं
युक्तोऽब्दात् खखवाणभूलवपलैः पृथ्वीधरैः शेषितः॥

অব্দপিণ্ডকে পূর্ব্বোক্ত মতে যথাক্রমে ১।১৯।৪৮।৩১ দিয়া পূরণ করিয়া পূর্ব্বোক্ত মতে শেষেরটি হইতে ষষ্টি বিভক্ত করিয়া ৪৮,১৯,১ পরিত্যক্ত পিণ্ডাঙ্কে যোগ করিবে এবং তাহা হইতে ৩।২৫।১৫ ১৪ হীন করিবে, এবং পূর্ব্বোক্ত তিথিকেন্দ্রভ্রমকে ৩২ দিয়া পূরণ করিয়া ৬০ ষাইট দ্বারা ভাগ করিলে যাহা লব্ধ হইবে ও অবশিষ্ট থাকিবে, তাহা পূর্ব্বাঙ্কে অর্থাৎ (৩।২৫।১৫।১৪ হীন করিয়া যাহা অবশিষ্ট আছে) সেই অঙ্কে হীন করিবে। পরে পূর্ব্বমত তিথিদিনকে দুই স্থানে রাখিয়া এক স্থানের তিথি দিনটিকে ৩০০ তিন শত দিয়া ভাগ করিয়া অপর স্থানের তিথিদিনের সহিত যোগ করিয়া পূর্ব্বাঙ্কে যোগ করিবে। তাহা হইলে তিথির বারাদি অর্থাৎ বার, দণ্ড, পল প্রভৃতি হইবে। অব্দপিণ্ডকে ১৫০০ এক হাজার পাঁচ শত দিয়া ভাগ করিয়া যাহা লব্ধ হইবে তাহা তিথিবারাদির পলের সহিত যোগ করিবে এবং বারটিকে সাত দ্বারা ভাগ দিলে ভাগশেষ যাহা থাকিবে, তাহা বার হইল। এবং তাহার পূর্ব্বে প্রথম তিথি পৃথক করিয়া রাখিতে হইবে তাহা হইলে তিথি বারাদি হইবে।

सुमेरुलङ्कान्तरभूमिमध्यरेखास्वदेशान्तरयोजनं यत्।
दशाहतं विश्वहृतं फलं स्याद्वारभ्रुवे प्राक्परयोर्धनर्णम्॥

সুমেরুপর্ব্বত ও লঙ্কার মধ্যগত ভূমির উপর দিয়া উত্তর দক্ষিণ বিস্তীর্ণ যে একটী রেখা কল্পিত হইয়াছে, তাহার নাম মধ্যরেখা। ঐ রেখা হইতে স্বীয় দেশ যত যোজন অন্তর

---

* প্রথমাঙ্ক অর্থাৎ পূর্ব্ব প্রক্রিয়ামতে যোগ করিলে ঐ যোগাঙ্কের শ্রেণীতে প্রথম যে অঙ্ক হইবে সেই অঙ্ক প্রথম, তাহার পরেরটি দ্বিতীয়, ইত্যাদি জানিবেন।

হইবে, সেই যোজনকে ১০ দশ দিয়া পূরণকরিয়া ১৩ তের দ্বারা ভাগ দিলে যাহা লব্ধ হইবে, তাহা পল। ঐ পল যদ্যপি ৬০ ষাইটের অধিক হয়, তাহা হইলে তাহাকে ষষ্টি বিভাগদ্বারা দণ্ড পলাদি করিয়া মধ্যরেখার পূর্ব্বদেশে যে সমস্ত তিথিবারাদি, নক্ষত্রবারাদি, যোগবারাদি ও মেষসংক্রান্তি ধ্রুব হইয়াছে, তাহার সহিত যোগ করিবে। ঐরূপ প্রক্রিয়াদ্বারা মধ্যরেখার পশ্চিমদেশে হীন করিতে হইবে। যেমন, আমাদের দেশ (কলিকাতা) মধ্যরেখার ২০০ দুইশত যোজন পূর্ব্বে আছে। অতএব এদেশে দেশান্তর দণ্ড ২।৩৪ যোগকরিতে হইবে।

क्षेपाख्या ध्रुवान्ते स्वकदिवसभवाः स्युः स्वकेन्द्रोत्थखण्डै-
र्दण्डैर्युक्ता भवेयुः स्वकदिवसभवा नाड़िकाद्याः स्फुटान्ते ॥

বিষুবদিনের বারাদিধ্রুব ও কেন্দ্রধ্রুব দুই স্থানে পৃথক্ রাখিয়া ঐ বারধ্রুবের ও কেন্দ্রধ্রুবের সহিত প্রতিদিনের বারধ্রুব-ক্ষেপাঙ্ক ও কেন্দ্রধ্রুব-ক্ষেপাঙ্ক যোগকরিলে প্রতিদিনের শুদ্ধ বারধ্রুব ও শুদ্ধ কেন্দ্রধ্রুব হইবে। ঐ শুদ্ধ কেন্দ্রধ্রুব সংখ্যার খণ্ডা গ্রহণকরিয়া তাহা একস্থানে স্থাপিতকরিয়া রাখিবে। তাহার পর খণ্ডা ঐ স্থাপিত খণ্ডা অপেক্ষা যত অধিক হইবে, তাহার নাম ধনভোগ্য এবং যত কম হইবে, তাহার নাম ঋণভোগ্য, কেন্দ্রের অঙ্ক যাহা অবশিষ্ট থাকিবে, তাহাকে ভোগ্য দিয়া পূরণকরিয়া ষষ্টি লব্ধ শোধিত করিয়া, ধনভোগ্যস্থলে স্থাপিত খণ্ডার পলের সহিত যোগকরিতে হইবে এবং ঋণ ভোগ্যস্থলে স্থাপিত খণ্ডার পলের সহিত বিয়োগ করিতে হইবে।

ঐ খণ্ডা বারাদিধ্রুবের দণ্ডের সহিত যোগ করিতে হইবে। ইহা হইলেই প্রতিদিনের তিথ্যাদির দণ্ডাদি হইবে। ঐ দণ্ডাদি যদ্যপি ৬০ ষাইটের অধিক হয়, তবে তাহাকে ৬০ ষাইট দ্বারা ভাগ দিয়া লব্ধাঙ্ক বারে যোগকরিতে হইবে। অবশিষ্ট দণ্ডাদি থাকিবে। প্রথমাঙ্কটী তিথি, তাহা হইলেই উক্ত বার দিবসে উক্ত তিথির স্থিতিকাল হইবে।

এক দিবস যদ্যপি বার লব্ধ না হয়, অর্থাৎ রবিবারের পর মঙ্গলবার লব্ধ হয়, তাহা হইলে বুঝিতে হইবে যে, সোমবার দিন সেই তিথিটী ৬০ যাইট দণ্ড আছে এবং মঙ্গলবার দিনেও লব্ধ দণ্ড পর্য্যন্ত আছে।

দুই দিনে যদ্যপি একই বার লব্ধ হয়, তাহা হইলে বুঝিতে হইবে যে, প্রথম লব্ধ দণ্ড পর্য্যন্ত একটী তিথি আছে এবং দ্বিতীয়লব্ধ দণ্ডপর্য্যন্ত আর একটি তিথি আছে, ঐ দিবস ত্র্যহস্পর্শ হইবে। ত্র্যহস্পর্শ গণনাস্থলে পর লব্ধ দণ্ড হইতে পূর্ব্ব লব্ধ দণ্ড বাদ দিয়া লিখিতে হইবে।

केन्द्रं खखभ्रमोनं यदि यमदहनै र्नागचन्द्रैः खरुद्रैः
दण्डैस्तिथ्यादिवारो वियुतयुतवियुक् स्यात्तदा घ्यष्टवारः ॥
केन्द्रभ्रमस्तिथेर्नाम-पक्षौ वाणैर्दिनादिकः।
तस्य भं तिथिभिर्योगस्याङ्कपक्षौ यमाब्धिभिः ॥

কেন্দ্র যদ্যপি স্বীয় স্বীয় ভ্রম হইতে অধিক হয়, অর্থাৎ তিথিকেন্দ্র যদ্যপি ২৮।৫ এর অধিক হয়, নক্ষত্রকেন্দ্র যদ্যপি ২৭।১৫ এর অধিক হয় ও যোগকেন্দ্র যদ্যপি ২৯।২২ এর অধিক হয়, তাহা হইতে আপন আপন কেন্দ্রে বাদ দিয়া তিথিবারাদির দণ্ডে ৩২ বাদ দিবে, নক্ষত্র বারাদির দণ্ডে ১৮ যোগকরিবে, যোগবারাদির দণ্ডে ১১০ হীন করিবে। তাহা হইলেই শুদ্ধবারাদি হইবে।

তিথিকেন্দ্রের ভ্রম ২৮।৫ নক্ষত্রকেন্দ্রের ভ্রম ২৭।১৫ যোগকেন্দ্রের ভ্রম ২৯।২২।

দৃষ্টান্ত।—অব্দপিণ্ড ও তিথিদিন আনয়ন।

ইষ্টশাকাঙ্ক ১৮০০। ইহা হইতে ১৫২১ পোনের শত একুশ বাদ দিলে অবশিষ্ট ২৭৯ দুই শত উনআশি থাকে ইহার নাম অব্দপিণ্ড। ৩৮৯ তিন শত উননব্বই দ্বারা পূরণ করিলে ১,০৮,৫৩১ হয়। ইহাতে ৪৩০০ তেতাল্লিশ শত যোগ করিলে ১,১২,৮৩১ হইবে। ইহাকে ৬০০০ ছয় সহস্র দিয়া ভাগ করিলে লব্ধে ১৮। এই লব্ধের নাম তিথিদিন ১৮ গ্রহণ করিয়া ভাগশেষ ৩,৮৩১ কে পরিত্যাগ করিতে হইবে।

——প্রথম তিথি আনয়ন।

অব্দপিণ্ড ২৭৯ কে ১১ দ্বারা পূরণ করিলে ৩০৬৯ হয়। তাহার সহিত ১২ যোগ করিলে ৩০৮১ হয়। ইহার সহিত পূর্ব্বোক্ত তিথিদিন ১৮ যোগ করিলে ৩০৯৯ হয়। তাহাকে ৩০ ত্রিশ দিয়া ভাগ করিলে অবশিষ্ট ৯ নয় থাকে, ইহা ১৮০০ শকের প্রথম দিবসীয় তিথি।

——অথ তিথি কেন্দ্র আনয়ন।

অব্দপিণ্ড ২৭৯ কে ৭।৭।৯।৫।৫১।২৭ এই প্রত্যেক অঙ্ক দিয়া পূরণ করিলে ক্রমশঃ ১৫৯৫৩।১৯৫৩২৫১১।১৩৯৫।১৪২২৯।৭৫৩৩ হইল ইহার শেষের অঙ্কটী অর্থাৎ ৭৫৩৩ সাত হাজার পাঁচ শত তেত্রিশকে ষাইট দ্বারা ভাগ করিলে লব্ধাঙ্ক ১২৫ হইল, শেষ তে ত্রশ রহিল ইহার ভাগ ফল ১২৫ পূর্ব্বাঙ্কের ১৪২২৯র সহিত যোগ করিলে ১৪৩৫৪ হয়। তাহাকে ষাইট দ্বারা ভাগ করিলে লব্ধ ২৩৯ হয় এবং শেষ ১৪ থাকে লব্ধাঙ্ক তাহার পূর্ব্বের অঙ্কের সহিত অর্থাৎ ১৩৯৫ এর সহিত যোগ করিলে ১৬৩৪ হয়। তাহাকে ৬০ ষাইট দ্বারা ভাগ করিলে লব্ধাঙ্ক ২৭ সাতাইশ হইল এবং অবশিষ্ট ১৪ থাকে, এবং লব্ধাঙ্ক ২৭কে তাহার পূর্ব্বের অঙ্কের সহিত অর্থাৎ ২৫১১ এর সহিত যোগ করিলে ২৫৩৮ হইল। তাঁহাকে ষাইট দ্বারা ভাগ করিলে লব্ধ ৪২ হইল এবং শেষ ১৮ আঠার থাকে ঐ লব্ধাঙ্ক ৪২ তাহার পূর্ব্বাঙ্কে অর্থাৎ ১৯৫৩ সহিত যোগ করিলে ১৯৯৫ হইল পরে তাহাকে ৬০ ষাইট দ্বারা ভাগ করিলে লব্ধাঙ্ক ৩৩ তেত্রিশ ও শেষাঙ্ক ১৫ পোনের থাকে। ঐ ৩৩ তেত্রিশকে ১৯৫৩র সহিত যোগ করিলে ১৯৮৬ হইল। ক্রমশঃ শেষাঙ্ক গুলি শ্রেণী পূর্ব্বক রাখিলে ১৯৮৬।১৫।১৮।১৪।১৪।৩৩ এই অঙ্ক হয়। তাহার পর তিথিদিন ১৮ ইহাকে

দুই স্থানে রাখিয়া এক স্থানের তিথিদিন ১৮কে ৩০০ দিয়া ভাগ করিলে লব্ধাঙ্ক ০। ৩।৩৬ হইবে তাহাকে পূর্ব্বস্থাপিত তিথিদিনের সহিত যোগ করিলে ১৮।৩।৩৬ হইবে। এই অঙ্ক পূর্ব্বাঙ্কের সহিত অর্থাৎ ১৯৮৬।১৫।১৮।১৪।১৪।৩৩ এর সহিত যোগ করিলে ২০০৪।১৮।৫৩। ১৩।১৪।৩৩ হয়। ইহার সহিত ক্ষেপাঙ্ক ০।১১।৫৯ যোগ করিলে সমষ্টি ২০০৪।৩০।৩০।৫৩।১৪। ১৩।৩৩ হয়। ইহার প্রথমাঙ্কটি অর্থাৎ ২০০৪ ইহাকে ষাইট দ্বারা গুণ করিলে ১২০২৪০ হইবে। তাহার পরের অঙ্ক ৩০ ইহা যোগ করিলে ১২০২৬০ হইল ইহাকে ১৬৮৫ ষোল শত পঁচাশি দিয়া ভাগ করিলে লব্ধ ৭১ হইল, ইহার নাম তিথি কেন্দ্রের ভ্রম। অবশিষ্ট ৬৩৫। ৫৩।১৪।১৪।১৩ থাকে, ইহার প্রথমটিকে অর্থাৎ ৬৩৫ কে ৬০ ষাইট দ্বারা ভাগ করিলে লব্ধ ও শেষ সমেত ১০।৩৫।৫৩।১৪।১৪।১৩ হইল ইহার নাম তিথিকেন্দ্র।

——অথ তিথি বারাদি আনয়ন।

অব্দপিণ্ড ২৭৯কে ১।১৯ ৪৮।৩১এই প্রত্যেক অঙ্কদিয়া পূরণ করিলে ২৭৯।৫৩০১।১৩৩৯২। ৮৬৪৯ হইল ইহার শেষের অঙ্কটি অর্থাৎ ৮৬৪৯ ষাইট দ্বারা ভাগ করিলে অবশিষ্ট ৯নয় থাকে এবং লব্ধাঙ্ক ১৪৪ হয়, ঐ লব্ধাঙ্ক উহার পূর্ব্বের অঙ্ক অর্থাৎ ১৩৩৯২ এর সহিত যোগ করিলে ১৩৫৩৬ হইল ইহাকে ৬০ ষাইট দ্বারা ভাগ করিলে অবশিষ্ট ৩৬ ছত্রিশ থাকে লব্ধাঙ্ক ২২৫ দুই শত পঁচিশ হইল ঐ লব্ধাঙ্ক উহার পূর্ব্বের অঙ্ক অর্থাৎ ৫৩০১ ইহার সহিত যোগ করিলে ৫৫৩৬ হইল তাহকে ৬০ ষাইট দ্বারা ভাগ করিলে শেষ ৬ ছয় থাকিল এবং লব্ধাঙ্ক ৯২ বিরানব্বই ঐ লব্ধাঙ্ক ৯২কে প্রথমাঙ্কের সহিত অর্থাৎ ২৭৯র সহিত যোগ করিলে ৩৭১ হইল, ক্রমশঃ শেষাঙ্ক গুলিন শ্রেণী পূর্ব্বক রাখিলে ৩৭১।৬।৩৬।৯ এই অঙ্ক হয় ইহা হইতে ৩।২৫।১৫। ১৪ বাদ দিলে ৩৬৭।৪১।২০।৫৫ হয়। তিথিকেন্দ্র ভ্রম ৭১ ইহাকে ৩২ বত্রিশ দিয়া পূরণ করিলে ২২৭২ হয় ইহাকে ষাইট দ্বারা ভাগ করিলে ৩৭ লব্ধ হয় অবশিষ্ট ৫২ বায়ান্ন থাকে ঐ ৩৭।৫২ পূর্ব্বাঙ্কে অর্থাৎ ৩৬৭।৪১।২০।৫৫ ইহাতে হীন করিলে ৩২৯।৪৯।২০। ৫৫ হয়। পূর্ব্বমত তিথিদিনকে দুই স্থানে রাখিয়া এক স্থানের তিথিদিনকে ৩০০ তিন শত দিয়া ভাগ করিলে ০।৩।৩৬ লব্ধ হইল, ঐ লব্ধাঙ্ক অন্য স্থানের তিথিদিনের সহিত যোগ করিলে ১৮।৩।৩৬ হয়। এই অঙ্ক পূর্ব্বাঙ্কে অর্থাৎ ৩২৯।৪৯।২০।৫৫ ইহার সহিত যোগ করিলে ৩৪৭।৫২।৫৬।৫৫ ইহা বার, দণ্ড, পল, বিপল, ইত্যাদি অব্দপিণ্ডকে ১৫০০ পোনের শত দিয়া ভাগ করিলে যাহা লব্ধ হইবে তাহা পল হইবে কিন্তু এস্থলে পলে শূন্য লব্ধ হইয়াছে ও বিপলে ১১ এগার লব্ধ হইয়াছে তাহা পূর্ব্বাঙ্কে যোগ করিলে ৩৪৭।৫২।৫৭।৬ হইল ইহার প্রথমটী বার ঐ বারকে ৭ সাত দিয়া ভাগশেষ করিলে ৪।৫২।৫৭।৬ অবশিষ্ট থাকে ইহার পূর্ব্বে প্রথম তিথি ৯ নয়কে পৃথক শ্রেণী পূর্ব্বক যোগ করিলে ৯।৪।৫২।৫৭।৬ হইল ইহাতে অস্মদ্দেশের দেশান্তর দণ্ডাদি ২।৩৪ যোগ করিলে ৯।৪।৫৫।৩১।৬ হইবে ইহার নামতিথি বারাদি।

প্রত্যেক দিবসের তিথির স্থিতিদণ্ডপলাদি সাধনের উদাহরণ।

পূর্ব্বপ্রক্রিয়া অনুসারে ১৮০০ শকের আরম্ভকালে তিথিবারাদি ধ্রুব ৯।৪।৫৫।৩০।৫৩

এবং তিথিকেন্দ্র ধ্রুব ১০।৩৫।৫৩।৩৮ স্থির হইয়াছে। এক্ষণে প্রত্যেক দিনের তিথির দণ্ড পল প্রভৃতি যেরূপে স্থির করিতে হইবে, তাহা নিম্নে লিখিত হইতেছে।

ঐ তিথিবারাদি ধ্রুব ৯।৪।৫৫।৩০।৫৬, ইহার সহিত (ফলিত জ্যোতিষের ৩৬৫ পৃষ্টার দ্বিতীয় কলমের লিখিত) ১৪ দিন পর্য্যন্ত প্রতিদিনের ধ্রুবাঙ্ক ১।১।০।১০।৪৮ যোগ করিলে প্রথম দিনের ১০।৫।৫৫।৪১।৪৪ হইল অর্থাৎ দশ অঙ্কে দশমী তিথি, ৫ অঙ্কে বৃহস্পতিবার, পরের ৫৫ অঙ্ক পঞ্চান্ন দণ্ড, একচল্লিশ অঙ্কে একচল্লিশ পল, চুয়াল্লিশ অঙ্কে চুয়াল্লিশ বিপল হইল তৎপরে ১৮০০ শকের আরম্ভকালে যে পূর্ব্বোক্ত তিথিকেন্দ্র ধ্রুব ১০।৩৫।৫৩।৩৮ ইহার সহিত ঐ ১৪ দিন পর্য্যন্তের কেন্দ্র ধ্রুব ও প্রতি দিনের ধ্রুবাঙ্ক ১।০।৮।৩৬ যোগ করিলে ১১।৩৬।২।১৪ হইল। উহা ফলিত জ্যোতিষের ৩৬১ পৃষ্ঠায় তিথি খণ্ডা সপ্তম স্তম্ভের শেষ খণ্ডা ৪৮।৪৪ তৎপর খণ্ডা ৮ স্তম্ভের প্রথমে ৪৮।৩৯ আছে। প্রথমোক্ত খণ্ডা হইতে পর খণ্ডার অঙ্ক বাদ দিয়া ৫ থাকে! (ঐ ৫ অঙ্ক ঋণ ভোগ্য) ঐ ৫ দ্বারা শেষাঙ্ক ২।১৪ কে গুণ করিলে। ১০।৭০ হইতেছে। তাহাকে একজাতীয় করিলে ০।১১।১০ হইল। পরে ০।১১।১০ অঙ্ক ঐ খণ্ডা ৪৮।৪৪ হইতে বাদ দিলে ৪৮।৪৩।৪৮।৫০ দণ্ডাদি হইল। এক্ষণে ৪৮ আটচল্লিশ দণ্ড ৪৩ তেতাল্লিশ পল৪৮ আটচল্লিশ বিপল ৫০ পঞ্চাশ অনুপল পূর্ব্বোক্ত তিথি বারাদি অঙ্কে অর্থাৎ ঐ ১০।৫।৫৫।৪১।৪৪অঙ্কের অন্তর্গত ৫৫ দণ্ড অবধি যোগ করিলে ১০।৬।৪৪।২৫।৩২।৫০ হইল। অতএব এইরূপ প্রক্রিয়া দ্বারা ১০ অঙ্কে দশমীতিথি, ৬অঙ্কে শুক্রবার, ঐ দশমীতিথি স্থিতি ৪৪।২৫।৩২।৫০ চোয়াল্লিশ দণ্ড পঁচিপ পল বত্রিশ বিপল ও পঞ্চাশ অনুপল হইতেছে। তাহার পরদিবসের তিথি বার ও তিথির স্থিতি দণ্ডাদি জানিতে হইলে ১০।৫।৫৫।৪১।৪৪ অঙ্কে ঐ চৌদ্দদিনের তিথিবারাদি ধ্রুব ১।১।০।১০।৪৮ যোগকরিয়া তিথিকেন্দ্র ১১।৩৬।২।১৪ অঙ্কে তিথি কেন্দ্র ধ্রুব ১।০।৮।৩৬ যোগ করিলে যাহা হইবে, তৎসংখ্যায় পূর্ব্বমত খণ্ডানুখণ্ডা লইয়া তিথিবারাদির অঙ্কের দণ্ডাদির সহিত যোগ করিলে ক্রমশঃ তিথিবার দণ্ড পল ইত্যাদি হইবে।

নক্ষত্র গণনা।

१ ३ ५ ७ १० १२

क्षिति त्रि बाणाभ्र हरिद् द्विनेत्रं

१४ १५ १८

चतुर्द्दशं पञ्चदशोनविंशं

२१ २३ २५

तथैकविंशं त्रयपञ्चविंशं

चान्द्रं ध्रुवाङ्कं तिथियुक्तमृक्षं ॥

মাসাঙ্ক	•
বৈশাখ	১
জ্যৈষ্ঠ	৩
আষাঢ়	৫
শ্রাবণ	৭
ভাদ্র	১০
আশ্বিন	১২
কার্ত্তিক	১৪
অগ্রহায়ণ	১৫
পৌষ	১৯
মাঘ	২১
ফাল্গুণ	২৩
চৈত্র	২৫

তিথি গণনা দ্বারা তদ্দিবসের তিথি জ্ঞাত হইয়া সেই তিথিতে পার্শ্বে লিখিত মাসাঙ্ক যোগ করিলে যদি ২৭ অপেক্ষা অঙ্ক অধিক হয়। তবে ২৭ বাদ দিলে বাকী যাহা থাকে, সেই অঙ্কে যে নক্ষত্র হয়, তাহাই উত্তর। ইহাতে যদি যথার্থ না মিলে তবে মাসের পূর্ব্বার্দ্ধে হইলে ১ যোগ এবং পরার্দ্ধে হইলে ১ বাদ দিলে ঠিক মিলিবে কিন্তু সেই দিনের যে সংখ্যা তদপেক্ষা সেই দিনের তিথির অঙ্ক যদি অধিক হয়, তাহা হইলে সে মাসের মাসাঙ্ক যোগ না করিয়া তাহার পূর্ব্ব মাসের মাসাঙ্ক তাহাতে যোগ করিবে।* যদি এইরূপ বৈশাখে ঘটে তাহা হইলে চৈত্রের মাসাঙ্ক যোগ করিবে।

উদাহরণ ১৭৯৯ শকাব্দের ২১ পৌষ কি নক্ষত্র? এস্থলে তিথিগণনাদ্বারা উক্ত দিবসে ৭ সপ্তমী তিথি জানিয়া তাহাতে পৌষের মাসাঙ্ক ১৯ যোগকরিলে ২৬ হইল এবং ঐ ২৬শে উত্তর-ভাদ্রপদ্ নক্ষত্র জানা গেল।

নক্ষত্র স্থিতি দণ্ডপলাদির গণনা।

অব্দো দেবগজাহতঃ খখমহীবাণেন্দুভিঃ সংযুতঃ
শূন্যাভ্রাভ্রনখৈর্হৃতো দিনমিদং স্যাদ্ভস্য যোগস্য চ ॥ ২ ॥

অব্দপিণ্ডকে ৮৩৩ দিয়া পূরণ করিয়া১৫১০০ যোগ করিয়া ২০০০০ দিয়া ভাগ করিলে যাহা লব্ধ হইবে তাহা নক্ষত্র দিন ও যোগ দিন বলিয়া প্রসিদ্ধ।

অব্দঃ খচন্দ্রগুণিতো ভবযুগ্দিনোনো
যোগস্য ভং ভবতি যোগহৃতাবশেষাৎ ॥ ৪ ॥

অব্দপিণ্ডকে ১০ দশ দিয়া পূরণ করিয়া১১ যোগ করিবে ও পূর্ব্বোক্ত মতে যে নক্ষত্র দিন ও যোগ দিন হইয়াছে, সেই অঙ্ক তাহাতে বিয়োগ করিয়া ২৭ দিয়া ভাগ করিলে যাহা অবশিষ্ট থাকিবে সেই অঙ্ক সেই বৎসরের প্রথম ভ যোগ হইবে। যদি শূন্য থাকে তাহা হইলে ২৭ সাতাইশ এই অঙ্ক প্রথম (ভ যোগ) অর্থাৎ প্রথম নক্ষত্র ও প্রথম যোগ হইবে।

---

* ১৭৯৯ শকের ১৫ই মাঘ কি নক্ষত্র? এখানেও উক্তপ্রকারে ১৫ই মাঘে ২৪ নবমী তিথি জানা গেল। কিন্তু এস্থলে দিনসংখ্যা ১৫ অপেক্ষা তিথির সংখ্যা (২৪) অধিক হইয়াছে অতএব এস্থলে মাঘের মাসাঙ্ক না দিয়া তৎপূর্ব্বস্থ পৌষের মাসাঙ্ক ১৯ ঐ ২৪ সহিত যোগকরিলে ৪৩ হইল এবং ২৭ বাদ দিলে ১৬ বাকী রহিল। অতএব ১৬তে বিশাখা নক্ষত্র জানা গেল।

शैलैः खेन शराब्धिभिर्गुणशरैरामैः समुद्रानलैः
सूर्यैरब्दगणोहतः खखयमश्चित्यं शयुक्तैर्दिनैः ।
हीनः खेन शराग्निभिर्नगकुभिर्युक्तः खषट्काहतः
श्लिष्टोऽर्थाग्निनृपैः खषट्कविहृतस्तद्भकेन्द्रं भवेत् ॥

অব্দপিণ্ডকে পূর্ব্বমত যথাক্রমে ৭।০।৪৫।৫৩।৩।৩৪।১২ দিয়া পূরণ করিয়া পূর্ব্বমত শেষেরটী হইতে ষষ্টি বিভাগলব্ধ ফল যথাক্রমে ৩৪৩৫৩৪৫০৭ পূরিত অব্দপিণ্ডাঙ্কে যোগ করিবে। নক্ষত্র দিনকে দুই স্থানে রাখিয়া এক স্থানের নক্ষত্রদিনকে ১২০০ দিয়া ভাগ করিয়া অন্য স্থানের নক্ষত্র দিনের সহিত যোগ করিয়া তাহা পূর্ব্বাঙ্কে হীনকরিবে ও তাহাতে ০।২৫।১৭ যোগ করিয়া প্রথমাঙ্কটীকে ৬০ ষাইট দ্বারা পূরণ করিয়া দ্বিতীয়াঙ্কটীকে তাহার সহিত যোগকরিবে। পরে তাহাকে ১৬৩৫ দিয়া ভাগ করিলে যাহা অবশিষ্ট থাকিবে, তাহাকে পুনরায় ষাইট দ্বারা ভাগ করিয়া লব্ধাঙ্কটীকে বামে বসাইয়া দিলে তাহার নাম নক্ষত্রকেন্দ্র হইবে এবং উক্ত ১৬৩৫ দ্বারা ভাগ করিয়া যাহা লব্ধ হইয়াছিল, তাহার নাম নক্ষত্রকেন্দ্র ভ্রম হইবে।

अब्दोऽङ्गेन गुणेन्दुभिः शरयमैर्नागेन्दुभिर्व्वासवै
र्भूरामैरविभिर्हतः खनखभूभागव्यघस्रोनितः ।
वेदैभैर्नयनेषुभीरसयमैर्युक्तो भकेन्द्रभ्रम
व्यालाङ्गाहृतिदण्डसंयुतभोर्व्वारादिकं स्यात्तदा ॥

অব্দপিণ্ডকে পূর্ব্বমত যথাক্রমে ১।১৩।২৫।১৮।১৪।৩১।:২ দিয়া পূরণ করিয়া পূর্ব্বমত ষষ্টি বিভাগলব্ধ অঙ্ক যথাক্রমে ৩১,১৪,১৮,২৫,১৩১ পূরিত অব্দপিণ্ডাঙ্কে যোগ করিবে, নক্ষত্রদিনকে দুইস্থানে রাখিয়া এক স্থানে নক্ষত্রদিনকে ১২০০ দিয়া ভাগকরিয়া অন্য স্থানের নক্ষত্রদিনের সহিত যোগ করিয়া যাহা হইবে, তাহা পূর্ব্বাঙ্ক হইতে হীন করিবে। এইরূপ হীন করিয়া যাহা অবশিষ্ট থাকিবে তাহাতে ৪।২৭।৫২।২৬ যোগ করিবে। পূর্ব্বোক্ত নক্ষত্রকেন্দ্রভ্রমকে ১৮ দিয়া পূরণ করিয়া ষাইট দ্বারা ভাগ করিয়া যাহা লব্ধ হইবে ও অবশিষ্ট থাকিবে, তাহা পূর্ব্বাঙ্কে অর্থাৎ (৪।২৭।৫২।২৬যোগ করিবার পর যত হইয়াছে) সেই অঙ্কে যোগ করিবে। তাহাতে বার, দণ্ড, পল প্রভৃতি হইবে। বারটীকে সাত দ্বারা ভাগ দিলে শেষ যাহা থাকিবে, তাহা বার হইবে এবং তাহার পূর্ব্বে প্রথম নক্ষত্র পৃথক্ করিয়া রাখিতে হইবে, তাহা হইলে নক্ষত্রবারাদি হইবে।

अब्दोऽङ्गैर्गुणपावकैः शरकुभिर्वाणाग्निभिर्द्दृक्शरै-
र्नागार्थैर्गजसागरैश्च गुणितः खाभ्राग्निभागान्वितैः ।

घस्रै हीनं द्युभाङ्कभूपतिपलैराढ्यः खषट्काहतः
मिश्रो द्व्यङ्कघनैः खषट्कविहृतो योगस्य केन्द्रं भवेत् ॥

অব্দপিণ্ডকে পূর্ব্বমত যথাক্রমে ৭।৩৩।১৫।৩৫।৫২।৫৮।৪৮ দিয়া পূরণকরিয়া পূর্ব্বমত ক্রমশঃ ষষ্টিবিভাগদ্বারা লব্ধ অঙ্কশ্রেণী ৫৮,৫২,৩৫,১৫,৩৩৭ পূরিত অব্দপিণ্ডাঙ্কে যোগ করিবে। পরে যোগদিনকে দুই স্থানে রাখিয়া একস্থানের যোগদিনকে ৩০০ তিন শত দিয়া ভাগকরিয়া অপর স্থানের যোগদিনের সহিত যোগ করিবে। অনন্তর ঐ অঙ্ক পূর্ব্বাঙ্ক হইতে হীন করিতে হইবে। তাহাতে ০।২৮।১৮ যোগ করিবে। যুক্তাঙ্ক যত হইবে, তাহাকে ৬০ ষাইটদ্বারা পূরণকরিয়া তাহার পরের অঙ্কটীকে তাহার সহিত যোগ করিবে এবং তাহাকে ১৭৬২ দিয়া ভাগকরিলে যাহা অবশিষ্ট থাকিবে, তাহাকে পুনরায় ৬০ ষাইটদ্বারা ভাগকরিয়া লব্ধাঙ্কটীকে বামে বসাইয়া দিলে তাহার নাম যোগকেন্দ্র হইবে। পরন্তু উক্ত ১৭৬২ দ্বারা ভাগকরিয়া ভাগফল যাহা লব্ধ হইয়াছিল, তাহার নাম নক্ষত্রকেন্দ্রভ্রম হইবে।

নক্ষত্রদিন আনয়নের দৃষ্টান্ত।

২৭৯ অব্দপিণ্ডকে ৮৩৩ আটশত তেত্রিশ দিয়া পূরণকরিলে ২,৩২,৭০৭ হইল, ইহার সহিত ১৫১০০ পোনের হাজার একশত যোগকরিলে ২৪৭৮০৭ হয়,- ইহাকে ২০,০০০ কুড়িহাজার দিয়া ভাগকরিলে লব্ধ ১২ হইবে। ভাগশেষ যে ৭৮০৭ থাকিবে, তাহার প্রয়োজন নাই। সুতরাং তাহা পরিত্যাগপূর্ব্বক লব্ধাঙ্ক যে ১২ বার হইল, ইহার নাম নক্ষত্র দিন ও যোগদিন।

প্রথম নক্ষত্র আনয়নের দৃষ্টান্ত।

অব্দপিণ্ড ২৭৯কে ১০ দশ দিয়া পূরণকরিলে ২৭৯০ হইবে, তাহার সহিত ১১ যোগ করিলে ২৮০১ হইবে। ইহা হইতে পূর্ব্বোক্ত নক্ষত্র দিন ১২ বার হীনকরিলে ২৭৮৯ থাকে। ইহাকে ২৭ সাতাইশ দিয়া ভাগকরিলে অবশিষ্ট ৮ থাকে, ইহা ১৮০০ শকের প্রথম নক্ষত্র ও প্রথম যোগ হইল।

অথ নক্ষত্রকেন্দ্র আনয়নের দৃষ্টান্ত।

২৭৯ অব্দপিণ্ডকে ৭।০।৪৫।৫৩।৩।৩৪।১২ প্রত্যেক অঙ্ক দিয়া পূরণকরিলে ১৯৫৩।০।১২৫-৫৫।১৪৭৮৭।৮৩৭।৯৪৮৬।৩৩৪৮ হয়, ইহার শেষের অঙ্কটী অর্থাৎ তিন হাজার তিন শত আট-চল্লিশকে ষাইট দ্বারা ভাগ করিলে ৪৮ শেষ থাকে ও লব্ধাঙ্ক ৫৫ পঞ্চান্ন হয়, ঐ লব্ধে পূর্ব্বাঙ্ক অর্থাৎ ৯৪৮৬ নয় হাজার চারিশত ছিয়াশির সহিত যোগ করিলে ৯৫৪১ নয় হাজার পাঁচ-শত এক চল্লিশ হয়, উহাকে ৬০ ষাইট দ্বারা ভাগ করিলে শেষ এক থাকে এবং লব্ধাঙ্ক ১৫৯ একশত উনষাইট হয়। ঐ লব্ধাঙ্ক পূর্ব্বাঙ্কে অর্থাৎ ৮৩৭র সহিত যোগ করিলে ৯৯৬ হয়, উহাকে ৬০ ষাইট দ্বারা ভাগ করিলে শেষ ৩৬ ছত্রিশ থাকে, লব্ধ ১৬ যোল হয়। ঐ লব্ধ-ফল তাহার পূর্ব্বে অর্থাৎ ১৪৭৮৭ এর সহিত যোগ করিলে ১৪৮০৩ হয়। উহাকে ৬০ ষাইট

দ্বারা ভাগ করিলে শেষ ৪৩ তেতাল্লিশ থাকে এবং লব্ধ ২৪৬ হয়। ঐ লব্ধ অঙ্ক উহার পূর্ব্ব অর্থাৎ ১২৫৫৫ সহিত যোগ করিলে ১২৮০১ হইবে। উহাকে ৬০ ষাইট দ্বারা ভাগ করিলে শেষ ২১ থাকে এবং ভাগফল ২১৩ হইল। উহাকে পূর্ব্বস্থাপিত অঙ্কের সহিত অর্থাৎ শূন্যের সহিত যোগ করিলে ২১৩ দুইশত তেরই হইল। উহাকে ৬০ ষাইট দ্বারা ভাগ করিলে শেষ ৩৩ তেত্রিশ থাকে এবং ভাগলব্ধ ফল ৩ তিন হইল। উহা পূর্ব্বস্থাপিতাঙ্কে অর্থাৎ ১৯৫৩ এর সহিত যোগ করিলে ১৯৫৬ হইল। পরে ক্রমশঃ শেষাঙ্কগুলি শ্রেণী পূর্ব্বক রাখিলে ১৯৫৬। ৩৩। ২১। ৪৩। ৩৬। ১। ৪৮ হয়। তৎপরে নক্ষত্র দিন যে ১২ ইহাকে দুই স্থানে রাখিয়া এক স্থানের নক্ষত্রদিনকে ১২০০ বার শত দিয়া ভাগ করিলে ভাগলব্ধ ফল ০। ০। ৩৬ হয়। উহা পূর্ব্বস্থাপিত নক্ষত্র দিনের সহিত যোগ করিলে ১২। ০। ৩৬ হয়। ইহা পূর্ব্বাঙ্কে অর্থাৎ ১৯৫৬। ৩৩। ২১। ৪৩। ৩৬। ১। ৪৮ ইহাতে হীন করিলে ১৯৪৪। ৩২। ৩৫। ৪৩। ৩৬। ১। ৪৮ হয়, ইহার সহিত ০। ২৫। ১৭ যোগ করিলে ১৯৪৪। ৫৮। ২। ৪৩। ৩৬। ১। ৪৮ হয়। ইহার প্রথমাঙ্কটীকে অর্থাৎ ১৯৪৪কে ষাইট দ্বারা পূরণ করিলে ১১৬৬৪০ হয়। উহার সহিত পরের অঙ্কটী অর্থাৎ ৫৮টীকে যোগ করিলে ১১৬৬৯৮ হয়। ইহাকে ১৬৩৫ ষোল শত পঁয়ত্রিশ দিয়া ভাগকরিলে লব্ধ ৭১ একাত্তর হইল, ইহার নাম নক্ষত্রকেন্দ্রের ভ্রম এবং অবশিষ্ট ৬১৩। ২। ৪৩। ৩৬। ১। ৪৮ থাকে। উহার প্রথমটীকে অর্থাৎ ৬১৩ ছয় শত তেরকে ৬০ ষাইট দ্বারা ভাগ করিলে লব্ধ ও শেষ সমেত ১০। ১৩। ২। ৪৩। ৩৬। ১। ৪৮ হইল। ইহার নাম নক্ষত্রকেন্দ্র।

নক্ষত্রবারাদি আনয়নের উদাহরণ।

২৭৯ অব্দপিণ্ডকে ১। ১৩। ২৫। ১৮। ১৪। ৩১। ১২ এই প্রত্যেক অঙ্ক দিয়া পূরণ করিলে ২৭৯। ৩৬২৭। ৬৯৭৫। ৫০২২। ৩৯০৬। ৮৬৪৯। ৩৩৪৮ হইল। ইহার শেষের অঙ্কটী অর্থাৎ ৩৩৪৮কে ৬০ ষাইট দ্বারা ভাগকরিলে অবশিষ্ট ৪৮ আটচল্লিশ থাকে এবং লব্ধফল ৫৫ পঞ্চান্ন হয়। ঐ লব্ধাঙ্ক উহার পূর্ব্বের অঙ্ক অর্থাৎ ৮৬৪৯ এর সহিত যোগকরিলে ৮৭০৪ হইল। উহাকে ৬০ ষাইটদ্বারা ভাগকরিলে অবশিষ্ট ৪ চারি থাকে এবং ১৪৫ লব্ধ হয়। ঐ লব্ধ ফল উহার পূর্ব্বের অঙ্ক অর্থাৎ ৩৯০৬এর সহিত যোগকরিলে ৪০৫১ হইল, উহাকে ৬০ ষাইটদ্বারা ভাগকরিলে অবশিষ্ট ৩১ একত্রিশ থাকে এবং লব্ধ ৬৭ সাতষট্টি হয়। ঐ লব্ধ অঙ্ক উহার পূর্ব্বের অঙ্ক, অর্থাৎ ৫০২২ এর সহিত যোগকরিলে ৫০৮৯ হইল। উহাকে ৬০ ষাইটদ্বারা ভাগ করিলে শেষ ৪৯ থাকে এবং লব্ধ ৮৪ চৌরাশি হয়। ঐ লব্ধাঙ্ক উহার পূর্ব্বের অঙ্ক, অর্থাৎ ৬৯৭৫এর সহিত যোগকরিলে ৭০৫৯ হইল। ইহাকে ৬০ ষাইটদ্বারা ভাগ করিলে ৪ থাকে এবং লব্ধাঙ্ক ১১৭ হয়। ঐ লব্ধফল উহার পূর্ব্বের অঙ্ক অর্থাৎ ৩৬২৭এর সহিত যোগকরিলে ৩৭৪৪ হইল, তাহাকে ৬০ ষাইটদ্বারা ভাগকরিলে শেষ ২৪ চব্বিশ থাকে এবং লব্ধ ৬২ বাষট্টি হয়। ঐ লব্ধাঙ্ক উাহার পূর্ব্বের অঙ্ক, অর্থাৎ ২৭৯র সহিত যোগ করিলে ৩৪১ হইল। পরে ক্রমশঃ শেষাঙ্কগুলি শ্রেণীপূর্ব্বক রাখিলে ৩৪১।২৪।৩৯।৪৯।৩১। ৪।৪৮ হয়। নক্ষত্র দিন ১২ ইহাকে দুই স্থানে রাখিয়া এক স্থানের নক্ষত্র দিনকে ১২০০

বারশত দিয়া ভাগকরিলে ০ । ০ । ৩৬ হয় । উহা অপর স্থানের নক্ষত্র দিনের সহিত যোগ করিলে ১২ । ০ । ৩৬ হয় । ইহা পূর্ব্বাঙ্কে হীন করিলে ৩২৯ । ২৪ । ৩ । ৪৯ । ৩১ । ৪ । ৪৮ অবশিষ্ট থাকে । ইহার সহিত ক্ষেপাঙ্ক ৪ । ২৭ । ৫২ । ২৬ যোগকরিলে ৩৩৩ । ৫১ । ৭৬ । ১৫ । ৩১ । ৪ । ৪৮ হয় । নক্ষত্রকেন্দ্র ভ্রমকে ১৮ দিয়া পূরণ করিলে ১২৭৮ হয় । ইহাকে ষষ্টি দ্বারা বিভক্ত করিলে ২১ । ১৮ হইল । উহা পূর্ব্বাঙ্কে অর্থাৎ ৩৩৩ । ৫১ । ৫৬ । ১৫ । ৩১ । ৪ । ৪৮ যোগ করিলে ৩৫৫ । ৯ । ৫৬ । ১৫ । ৩১ । ৪ । ৪৮ হইল । ইহার নাম নক্ষত্র-বারাদি । বার ৩৫৫, ইহাকে ৭ সাত দ্বারা ভাগকরিলে অবশিষ্ট ৫ পাঁচ থাকে এবং এই অঙ্ক-শ্রেণীর প্রথম নক্ষত্রটিকে বসাইলে ৮ । ৫ । ৯ । ৫৬ । ১৫ । ৩১ । ৪ । ৪৮ হইল । ইহাতে অস্মদ্দেশীয় দেশান্তর দণ্ড ২ । ৩৪ যোগ করিলে ৮ । ৫ । ১২ । ৩০ । ১৫ । ৩১ । ৪ ।৪৮ হইল ইহার প্রথমটি নক্ষত্র, তৎপরেরটি বার, তৎপরে দণ্ড, পল, বিপল, ইত্যাদি ইহাই নক্ষত্র-বারাদি ।

নক্ষত্রানয়নের উদাহরণ ।

১৮০০ শকের আরম্ভকালে পূর্ব্বোক্তপ্রকারে নক্ষত্রবারাদি ধ্রুব ৮ । ৫ । ১২ ।৩০ । ১৫ ও নক্ষত্রকেন্দ্র ধ্রুব ১০ । ১৩ । ২ । ৪৩ । ইহাতে ফলিতজ্যোতিষের ৩৫৭ পৃষ্ঠার প্রথম কলমে ১ দিন অবধি ২৯ দিনপর্য্যন্ত নক্ষত্রবারাদি ধ্রুব লিখিত আছে । তাহা শকারম্ভের নক্ষত্রবারাদি ধ্রুবে অর্থাৎ ১ । ১ । ০ । ৪ । ৫২ এই অঙ্কশ্রেণীকে যোগকরিলে ৯ । ৬ । ১২ । ৩৫ । ৭ হইল । ইহার প্রথমাঙ্কটি নক্ষত্র, দ্বিতীয়াঙ্কটি বার, তৎপরে দণ্ড, পরে পল, পরে বিপল, অনুপল, ইত্যাদি । ঐ স্থানের নক্ষত্রকেন্দ্র ধ্রুব ১।০।২।৪৬ শকারম্ভের নক্ষত্রকেন্দ্রে যোগ করিলে ১১।১৩।৫।২৯ হইল । এই নক্ষত্রকেন্দ্রের ১১ । ১৩ সংখ্যার নক্ষত্রখণ্ডা লইতে হইবেক । ফলিতজ্যোতিষের ৩৬৬ পৃষ্ঠার ৯ স্তম্ভের ১১।১৩ সংখ্যার খণ্ডা ২৮।৪২ অনুখণ্ডা ২৮।৩৯ আছে । ঐ খণ্ডা ও অনুখণ্ডার অন্তর করিলে ৩ ঋণভোগ্য হইল । ঐ ভোগ্য ৩ দিয়া শেষ ৫।২৯ কে গুণ করিলে ১৫।৮৭ হইল । তাহাকে একজাতীয় করিলে ০।১৬।২৭ হয় । এই ০।১৬।২৭ খণ্ডা ২৮।৪২ হইতে বাদ দিলে ২৮।৪১।৪৩।৩৩ হইল । ইহা দণ্ড পল বিপল অনুপল হইল । এই পূর্ব্বোক্ত নক্ষত্র বারাদি যাহা ৯।৬।১২।৩৫।৭ হইয়াছে, তাহাতে দণ্ড অবধি খণ্ডার অঙ্ক যোগ করিলে ৯ । ৬ । ৪১ । ১৬ । ৫০ । ৩৩ হইল । ইহাতে শুক্র বার কূটসংক্রান্তি দিবসে অশ্লেষানক্ষত্র একচল্লিশ দণ্ড ষোল পল পঞ্চাশ বিপল তেত্রিশ অনুপল হইল ।

তিথি, বার, নক্ষত্র, যোগ ও করণ এই পঞ্চাঙ্গের গণনা ফলিতজ্যোতিষের ৩৫২ পৃষ্ঠা হইতে ৩৮১ পৃষ্ঠাপর্য্যন্ত পাঠ করিয়া অভ্যাস করিলে বিশেষরূপে জানিতে পারিবেন ।

মতান্তরে মাসজ্ঞান ।

तिथौ तिथिं खण्डयित्वा जन्मभं तत्र मिश्रयेत् ।
कृष्णे प्रथमतो ज्ञेयः शुक्लपक्षे तु सप्तमात् ॥

মাসাঙ্ক	
বৈশাখ, মেষ	১।২।৩
জ্যৈষ্ঠ, বৃষ	৪।৫
আষাঢ়, মিথুন	৬।৭
শ্রাবণ, কর্কট	৮।৯
ভাদ্র, সিংহ	১০।১১।১২
আশ্বিন, কন্যা	১৩।১৪
কার্ত্তিক, তুলা	১৫।১৬
অগ্রহায়ণ, বৃশ্চিক	১৭।১৮
পৌষ, ধনুঃ	১৯।২০।২১
মাঘ, মকর	২২।২৩
ফাল্গুণ, কুম্ভ	২৪।২৫
চৈত্র, মীন	২৬।২৭

শুক্লপক্ষের বা কৃষ্ণপক্ষের যে তিথিতে জন্ম হইয়াছে, উভয় পক্ষের প্রতিপৎ হইতে গণনা করিয়া সেই তিথির অঙ্ক তিথ্যঙ্ক অর্থাৎ ১৫ পঞ্চদশ হইতে বিয়োগ করিয়া যাহা অবশিষ্ট থাকিবে, তাহার সহিত জন্মনক্ষত্র যোগকরিবে। যদি কৃষ্ণপক্ষে জন্ম হইয়া থাকে, তাহা হইলে ঐ অঙ্ক দ্বারা যে নক্ষত্র হয়, সেই নক্ষত্রে যে রাশি হইতে পারে, সেই রাশিতে সূর্য্য গমন করিলে যে মাস হইতে পারে, সেই মাসে জন্ম হইয়াছে। যদি শুক্লপক্ষে জন্ম হইয়া থাকে, তাহা হইলে ঐ রাশি বা মাস হইতে ৭ সপ্তম মাসে জন্ম হইয়াছে, স্থির করিবে।

কোন ব্যক্তির জন্মনক্ষত্র অনুরাধা এবং জন্মতিথি শুক্লপক্ষের দশমী হইলে তাহার কোন্ মাসে জন্ম হইয়াছে।

এই স্থলে জন্মতিথির অঙ্ক ১০ দশকে তিথ্যঙ্ক ১৫ হইতে বিয়োগ করিলে ৫ পাঁচ অবশিষ্ট থাকে, ঐ ৫ পাঁচের সহিত জন্মনক্ষত্রাঙ্ক ১৭ যোগকরিলে ২২ বাইশ হইল। ঐ ২২ বাইশ অঙ্কে শ্রবণানক্ষত্র হয়। বামপার্শ্বের চক্রে নক্ষত্রদ্বারা রাশিনির্ণয় ও রাশিদ্বারা মাসনির্ণয়-প্রণালীমতে মকর রাশি ও মাঘ মাস প্রাপ্ত হওয়া গেল। ঐ ব্যক্তির শুক্লপক্ষে জন্মবিধায় মাঘ হইতে গণনাকরিলে সপ্তমে শ্রাবণ মাস হয়। সুতরাং উক্ত ব্যক্তির শ্রাবণমাসে জন্ম হইয়াছে জানা গেল।

অন্য প্রকার।—জন্মনক্ষত্র হইতে জন্মতিথির অঙ্ক বাদ দিয়া

মাসাঙ্ক	
বৈশাখ	২৬।০।১
জ্যৈষ্ঠ	২।৩
আষাঢ়	৪।৫
শ্রাবণ	৬।৭
ভাদ্র	৮।৯।১০
আশ্বিন	১১।১২
কার্ত্তিক	১৩।১৪
অগ্রহায়ণ	১৫।১৬।১৭
পৌষ	১৮।১৯
মাঘ	২০।২১
ফাল্গুণ	২২।২৩
চৈত্র	২৪।২৫

যাহা অবশিষ্ট থাকিবে, সেই অঙ্ক পার্শ্ব লিখিত চক্রের যে মাসে লিখিত আছে, সেই মাসে জন্ম হইয়াছে, নির্ণয় করিবে। যদি জন্ম নক্ষত্রাঙ্ক অপেক্ষা জন্মতিথির অঙ্ক বেশি হয়, তবে জন্মনক্ষত্রে ২৭ যোগদিতে হইবে, যথা কোন ব্যক্তির জন্মতিথি যদি শুক্ল প্রতিপৎ ১ হয় এবং জন্মনক্ষত্র অশ্বিনী ১ হয়, তাহা হইলে কোন্ মাসে তাহার জন্ম হইয়াছে? এস্থলে জন্মতিথি ১ হইতে জন্মনক্ষত্র ১ বাদ দিলে বাকি ০ রহিল। পার্শ্বে লিখিত চক্রে বৈশাখ মাসে ঐ শূন্য লিখিত আছে। অতএব বৈশাখ মাসে তাহার জন্ম হইয়াছে, জানাগেল। এইরূপ গণনাতে যদি না মিলে তবে নিম্নলিখিত প্রক্রিয়াদ্বারা নিশ্চয় জানা যাইবে। যথা, জন্মতিথির সংখ্যাকে ১৫ হইতে বাদ দিলে, যাহা অবশিষ্ট থাকিবে, তাহাতে জন্মনক্ষত্র যোগ করিয়া (২৭ এর অধিক হইলে ২৭ বাদ দিতে হইবে) তাহাকে ৪ দ্বারা পূরণকরিয়া ৯ দিয়া বিভাগ করিয়া যদি কিছু অবশিষ্ট থাকে, তাহা হইলে হরণফলে ১ যোগ করিয়া দিবে, যে ফল হইবে, সেই অঙ্ক

একাদিক্রমে বৈশাখ মাসে হইতে গুণিলে যে মাসে শেষ হইবে, যদি কৃষ্ণপক্ষে জন্ম হইয়া থাকে, তাহা হইলে সেই মাসে তাহার জন্ম জানা যাইবে। যদি শুক্লপক্ষে জন্ম হইয়া থাকে, তাহা হইলে সেই অঙ্কে ৬ যোগকরিয়া (১২ র অধিক হইলে ১২ বার পরিত্যাগ করিয়া অবশিষ্ট যাহা থাকিবে) সেই অঙ্ক বৈশাখ হইতে গুণিলে যে মাসে শেষ হয়, তাহাই তাহার জন্মমাস। যথা—যদি কোন ব্যক্তির জন্মতিথি ৬ ষষ্টি এবং জন্মনক্ষত্রও ৬ আর্দ্রা হয়, তাহা হইলে কি মাসে জন্ম? এস্থলে ১৫ হইতে জন্ম তিথি ৬ বাদ দিলে ৯ বাকী থাকে, ৯এ জন্মনক্ষত্র ৬ যোগ করিয়া দিলে ১৫ হইল। ১৫কে ৪ দিয়া পূরিলে ৬০ হইল, ৬০ কে ৯ দ্বারা হরিলে ৬ ফল হইয়া বাকী ৬ রহিল। অতএব ফলে ১ যোগ করিলে ৭ হইল। যদি কৃষ্ণপক্ষে জন্ম হইত, তাহা হইলে ঐ ৭ তে কার্ত্তিক মাসে জন্ম জানা যাইত, কিন্তু ৬ ষষ্ঠী শুক্লপক্ষ বলিয়া ঐ ৭ তে ৬ যোগ করিয়া ১২ বাদ দিলে ১ বাকি রহিল এবং একে বৈশাখ মাসে উহার জন্ম জানা গেল।

শুক্লপক্ষের তিথির অঙ্কের ন্যায় কৃষ্ণপক্ষের তিথির অঙ্ক প্রতিপদ হইতে আমাবস্যা পর্য্যন্ত ১৫ ধরিতে হয়।

তিথ্যঙ্কং দ্বিগুণীকৃত্য রসং তত্র নিয়োজয়েত্।
বাণেন হৃতলব্ধং যত্তদঙ্কং স্থাপয়েদ্বুধঃ।
জন্মরাশিং সমারভ্য দক্ষিণাবর্ত্তসংক্রমাত্।
পূর্ব্বলব্ধবিধানেন রাশিচক্রে পতেদ্যথা॥
স রাশির্জন্মমাসস্য মুনিনা ভাষিতং পুরা।
এতত্তু কথিতং মাসং জ্যোতিঃশাস্ত্রবিশারদৈঃ॥

জন্মতিথির অঙ্ককে দ্বিগুণ করিয়া গুণফলে ৬ ছয় যোগ করিবে। পরে ঐ যোগ অঙ্ককে ৫ দিয়া ভাগকরিলে যাহা লব্ধ হইবে, সেই লব্ধাঙ্ককে জন্মরাশি হইতে দক্ষিণাবর্ত্তে গণনাকরিলে যে রাশিতে শেষ হইবে, সেই রাশিতে যে মাস হইবে সেই মাসই তাহার জন্ম মাস বলিয়া নিশ্চয় করিবে। যথা, ঐ শুক্লদশমীর ১০ দশ অঙ্ককে দুই দ্বারা গুণকরিয়া গুণ ফলে ৬ যোগকরিলে ২৬ হইল। ঐ ২৬ কে ৫ দ্বারা ভাগকরিলে ভাগফল ৫ হয়। জন্মরাশি বৃশ্চিক হইতে দক্ষিণাবর্ত্ত গণনায় কর্কট রাশিতে ঐ ৫ শেষ হইবে, অতএব শ্রাবণমাস তাহার জন্মমাস জানা গেল।

অথ পক্ষজ্ঞানম্।

মাসরাশের্জন্মরাশিঃ ষণ্মাসাভ্যন্তরে স্থিতঃ।
শুক্লপক্ষেঽন্যথা কৃষ্ণে বরাহবচনং যথা॥
ভাস্করাত্ সপ্তপর্য্যন্তং শুক্লপক্ষং বদেত্ সদা।
মৃগাঙ্কং দ্বিগুণং কৃত্বা তিথয়ো ভাগসংযুতম্॥

লগ্নাৎ পূর্ব্বাপরং বুদ্ধা মাসস্যায়পরার্দ্ধকম্।
পক্ষৌ তত্র বদেদেবং শুক্লকৃষ্ণৌ যথাক্রমম্॥

বরাহবচনে এইরূপ নির্দ্দিষ্ট আছে যে, মাসরাশি হইতে জন্মরাশিপর্য্যন্ত গণনা করিয়া যদি ৬ ছয় সংখ্যার অধিক না হয়, তাহা হইলে শুক্লপক্ষে জন্ম হইয়াছে, যথা ছয় সংখ্যার অধিক হয়, তাহা হইলে কৃষ্ণপক্ষে জন্ম হইয়াছে।

সূর্য্য যে রাশিতে থাকেন সেই রাশি হইতে সপ্তম রাশির মধ্যে যাহার জন্ম হইবে, তাহার জন্ম শুক্লপক্ষে এবং অবশিষ্ট রাশিতে কৃষ্ণপক্ষে, জন্ম স্থির করিবে।

এস্থলে কেহ কেহ কহেন যে, সূর্য্য যে নক্ষত্রে আছেন, তদবধি সপ্ত নক্ষত্র মধ্যে যদি জন্ম হইয়া থাকে, তাহা হইলে শুক্লপক্ষে জন্ম হইয়াছে, তদ্ভিন্ন নক্ষত্রে জন্ম হইলে কৃষ্ণ-পক্ষে জন্ম হইয়াছে।

প্রশ্নলগ্নকে দুই ভাগ করিয়া দেখিবে যে, যদি লগ্নের পূর্ব্বভাগে প্রশ্ন হইয়া থাকে, তাহা হইলে শুক্লপক্ষে জন্ম হইয়াছে, যদি শেষ অংশে প্রশ্ন হইয়া থাকে, তাহা হইলে কৃষ্ণপক্ষে জন্ম হইয়াছে, বলিবে।

জন্মতিথি জ্ঞানম্।

মাসরাশেঃ স্বরাশিস্থ যা সংখ্যা প্রাপ্যতে বুধৈঃ।
তদঙ্কং দ্বিগুণীকৃত্য তিথিং তত্র বিনির্দ্দিশেৎ।
সা সংখ্যা স্বতিথির্জ্ঞেয়ঃ শুক্লপক্ষে তু কীর্ত্তিতং॥

যাহার যে মাসে জন্ম হইয়াছে সেই মাসের রাশি হইতে জন্মরাশিপর্য্যন্ত গণনা করিলে যত সংখ্যা হইবে সেই সংখ্যাকে দ্বিগুণ করিয়া গুণফলে এক যোগকরিলে যত হইবে, সেই অঙ্কে যে তিথি হইবে, সেই তিথিকে জন্মতিথি বলিয়া নিশ্চয় করিবে। দিবাতে ও শুক্লপক্ষে জন্মস্থলে এইরূপ গণনা করিতে হইবে। রাত্রিতে জন্ম হইলে এক যোগ করিতে হইবে না।

অস্তরাশেঃ স্বরাশিস্থ যা সংখ্যা প্রাপ্যতে বুধৈঃ।
তদঙ্কং দ্বিগুণীকৃত্য পুনরেকং নিযোজয়েৎ।
স্বা সংখ্যা স্বতিথির্জ্ঞেয়ঃ কৃষ্ণপক্ষে তু নিশ্চিতঃ।

কৃষ্ণপক্ষে জন্ম হইলে জন্মমাসের অস্তরাশি হইতে জন্মরাশিপর্য্যন্ত গণনা করিলে যত সংখ্যা হইবে, সেই সংখ্যাকে দ্বিগুণ করিয়া তাহাতে ১ এক যোগ করিবে। এই যোগজাঙ্কে যে তিথি হইবে সেই তিথিকেই জন্মতিথি বলিয়া স্থির করিবে।

নক্ষত্রজ্ঞানম্।

মাসনামক্ষর্দ্ধে চ তিথিসংখ্যাং নিযোজয়েৎ।
কৃষ্ণে দশ সিতে চৈকাদশ ভিন্না ভমুদ্ধরেৎ॥

मासनामानि ऋक्षाणि तिथ्या सह नियोजयेत् ।
सिते रुद्रध्रुवं दद्यादसिते दश एव च ।
समष्टिगतिऋक्षाणि शेषं नक्षत्रकं ध्रुवम् ॥
स्वतिथिं मासनामर्क्षं रुद्रकाष्ठासितासिते ।
संयोज्य प्रवदेद्दर्क्षं नराणां जन्मभेमितम् ॥

জন্মমাসের নাম যে নক্ষত্রের নামে আখ্যাত হইয়াছে, তাহার সংখ্যার সহিত জন্ম-তিথির সংখ্যা যোগ করিবে, যদি কৃষ্ণপক্ষ হয়, তাহা হইলে তাহাতে দশ ১০ যোগ করিবে, যদি শুক্লপক্ষে হয়, তাহা হইলে তাহাতে একাদশ ১১ যোগ করিবে। ঐ সকল অঙ্কের সমষ্টিতে যে অঙ্ক হইবে, তাহাই তাহার জন্মনক্ষত্র। যদি ঐ সমষ্টির অঙ্ক ২৭এর অধিক হয়, তাহা হইলে তাহা হইতে ২৭ হীন করিলে যাহা শেষ থাকিবে, সেই অঙ্কে যে নক্ষত্র হয়, তাহাই জন্ম নক্ষত্র।

অপরঞ্চ। যীযীমাসস্য নক্ষত্রং তিথাবেব সমন্বিতং।

কৃষ্ণে চব্বিশ, শুক্লে বার। ঋক্ষে হরি, নক্ষত্র সার।

জন্মমাসনামক নক্ষত্রাঙ্কে জন্মতিথির অঙ্ক যোগ করিয়া যোগজাঙ্কে কৃষ্ণপক্ষে ২৪ চব্বিশ ও শুক্লপক্ষে ১২ বার যোগ করিলে যে অঙ্ক হইবে সেই অঙ্কে যে নক্ষত্র হইবে তাহাই জন্মনক্ষত্র। পূর্ব্বোক্ত অঙ্ক ২৭ সাতাইশের অধিক হইলে তাহা হইতে ২৭ বিয়োগ করিয়া অবশিষ্ট অঙ্ক দ্বারা নক্ষত্র নির্ণয় করিবে।

অথ মাসনক্ষত্র নিরূপণং।

अन्त्योपान्त्यौ त्रिभौ ज्ञेयौ फाल्गुणश्च त्रिभोमतः ।
शेषामासा द्विभाज्ञेयाः कृत्तिकादि व्यवस्थया ॥
द्वे द्वे चित्रादितारायां पूर्णपर्व्वे सुसंगते ।
मासाश्चैत्रादयोज्ञेया स्त्रिकः षष्ठान्त्यसप्तमाः ॥

स्पष्टार्थमाह ।

वैशाखे १६।१७ जैष्ठे १८।१९ आषाढ़े २०।२१ श्रावणे २२।२३ भाद्रे २४।२५ आश्विने २७।१।२ कार्त्तिके ३।४ मार्गे ५।६ पौषे ७।८ माघे ९।१० फाल्गुणे ११।१२।१३ चैत्रे १४।१५ इति वैशाखादि द्वादशमासे चान्द्रमते पौर्णमास्यां नक्षत्रयोगः। अमावस्यायां मासनक्षत्रस्य त्रयोदशनक्षत्रं भवेत्। चान्द्रमते तद्राशिनक्षत्रोभवेदिति निष्कर्षः।

কৃত্তিকা, রোহিণী এই দুই নক্ষত্র ঘটিত কার্ত্তিক। মৃগশিরা, আর্দ্রা অগ্রহায়ণ। পুনর্ব্বসু, পুষ্যা পৌষ। অশ্লেষা, মঘা মাঘ। পূর্ব্বফল্গুণী, উত্তরফল্গুণী হস্তা ফাল্গুণ। চিত্রা, স্বাতী চৈত্র। বিশাখা, অনুরাধা বৈশাখ। জ্যেষ্ঠা, মূলা জ্যৈষ্ঠ। পূর্ব্বাষাঢ়া, উত্তরাষাঢ়া আষাঢ়। শ্রবণা, ধনিষ্ঠা শ্রাবণ। শতভিষা, পূর্ব্বভাদ্রপদ, উত্তরভাদ্রপদ ভাদ্র। রেবতী, অশ্বিনী, ভরণী আশ্বিন।

পূর্ণিমাতে ঐ সকল মাসঘটিত নক্ষত্রের যোগ হয়, অর্থাৎ কার্ত্তিক মাসের পূর্ণিমাতে কৃত্তিকা অথবা রোহিণী নক্ষত্র হইবে। অগ্রহায়ণের পূর্ণিমাতে মৃগশিরা কিম্বা আর্দ্রা নক্ষত্র হইবে, অন্যান্য মাসেও এইরূপ জানিবেন।

রাশিজ্ঞানম্।

तिथ्यङ्कं द्विगुणीकृत्य रसं तत्र नियोजयेत् ।

बाणेन हृत्वा यल्लब्धं स राशिर्जन्ममासतः* ॥

জন্মতিথির অঙ্ক দ্বিগুণ করিবে। তৎপরে ঐ অঙ্কের সহিত ৬ ছয় মিশ্রিত করিয়া তাহাকে ৫ পঞ্চদ্বারা বিভাগ করিলে যে অঙ্ক লব্ধ হইবে, সেই লব্ধাঙ্ক জন্মমাস হইতে গণনা করিলে যে রাশিতে শেষ হইবে, সেই রাশিই তাহার জন্ম রাশি জানিবে।

मासराशौ तु दर्शादितिथिं द्विर्विक्रमेण च ।

दद्याच्च या तिथिर्यत्र स राशिर्नात्र संशयः ॥

যে মাসে জন্ম হইয়াছে, সেই মাসের যে রাশি তাহাতে অমাবস্যা ও প্রতিপৎ স্থাপন পূর্ব্বক তৎপর রাশিতে দ্বিতীয়াদি চতুর্থী পর্য্যন্ত ৩ টি তিথি স্থাপন করিবে। এই রূপ তৃতীয় গৃহে তৎপরবর্ত্তী দুইটি তিথি এবং চতুর্থ গৃহে তৎপরবর্ত্তী ৩ টি তিথি, এইরূপ ক্রমান্বয়ে দ্বাদশ রাশিতে ত্রিশটি তিথি সংস্থাপন করিবে, পরে দেখিবে, যে রাশিতে জন্মতিথি পড়িয়াছে, তাহাই তাহার জন্মরাশি।

অন্যমতে।

তদ্দিবসের নক্ষত্রকে ৪ দ্বারা পূরণ করিয়া ৯ দ্বারা হরণ করিলে যদি কিছু অবশিষ্ট থাকে, তাহা হইলে হরণফলে এক যোগ করিলে যাহা হয়, নিম্নলিখিত সেই অঙ্কে যে রাশি তাহাই উত্তর এবং সেই রাশিতে চন্দ্র থাকেন।

রাশি যথা।—১ মেষ, ২ বৃষ, ৩ মিথুন, ৪ কর্কট, ৫ সিংহ, ৬ কন্যা, ৭ তুলা, ৮ বৃশ্চিক, ৯ ধনুঃ, ১০ মকর, ১১ কুম্ভ, ১২ মীন।

উদাহরণ যথা।—১৭৯৯ শকের ১৮ চৈত্র যাহার জন্ম হইয়াছে, তাহার কি রাশি? পূর্ব্বে নক্ষত্র গণনা দ্বারা উক্ত দিবসে ২৩ ধনিষ্ঠা নক্ষত্র জানা গিয়াছে। পরে ২৩ কে ৪ দ্বারা পূরণ করিলে ৯২ হইল এবং ঐ ৯২ কে ৯ দ্বারা হরণ করিলে ১০ ফল হইল। এবং ২ বাকি রহিল বলিয়া ঐ ১০ তে ১ যোগ দিলে ১১ হইল এবং ১১তে কুম্ভরাশি জানা গেল।

---

* मतान्तरे राश्यानयनं । लग्नभोग्यपलं पुंसां ध्रुवाङ्कं स्थापयेद्द्विधा । समावशिष्टौ वारेष्टलिप्तदभेन तिथिः स्मृता । तारावशिष्टा तारेष्टा स्त्रीणां भुक्तौ प्रकल्पना । दृष्टर्क्षार्कचर्यो-र्योगादिष्टयोगो न चान्यथा । विपलं लग्नभोग्यं वा तिथिदण्डपलं क्रमात् । भदण्डऽर्कभुक्तदण्डवियोगाद् योगनाड़िका । एकं द्वैयग्र द्वयं वा समीकरणकर्म्मणि । न द्वैयंवा न द्वयं वा योगे वारे तिथौ च भे ।

লগ্নজ্ঞানম্।

যস্মিন্ ভে স্থিতঃ সূর্য্যস্তস্মাৎ পূর্ব্বাপরে দিনে।
সপ্তমে দ্বাদশে ভে লগ্নং সংস্থাপয়েদ্বুধঃ॥
রাত্রেঃ পূর্ব্বাপরার্দ্ধে তু ঘনর্ক্ষে সিদ্ধিসংজ্ঞকে।
রবিযুক্তর্ক্ষতো নিত্যং বরাহাদিষু নিশ্চিতম্॥

স্পষ্টার্থঃ।

দিবা পূর্ব্বার্দ্ধে জন্ম চেৎ জন্মকালীনরবিস্থিতিনক্ষত্রমবধিং কৃত্বা সপ্তমনক্ষত্রমিতরাশৌ লগ্নম্। পরার্দ্ধে চেৎ জন্ম, তস্মাৎ দ্বাদশমিতনক্ষত্ররাশৌ লগ্নম্। রাত্রৌ পূর্ব্বার্দ্ধে চেৎ জন্ম, তস্মাৎ সপ্তদশনক্ষত্রমিতরাশৌ লগ্নম্। তৎপরার্দ্ধে চেৎ জন্ম, তস্মাৎ চতুর্ব্বিংশনক্ষত্রমিতরাশৌ লগ্নং বদেদিত্যর্থঃ।

বরাহপ্রণীত জ্যোতিষ গ্রন্থে ও অন্যান্য জ্যোতিষ গ্রন্থে নিরূপিত আছে যে, যদি দিবসের পূর্ব্বার্দ্ধে জন্ম হইয়া থাকে, তাহা হইলে ঐ জন্মসময়ে রবি যে নক্ষত্রে ছিলেন, সেই নক্ষত্র হইতে গণনা করিয়া সপ্তম নক্ষত্রে যে রাশি হইতে পারে, তাহাই জন্মলগ্ন হইবে। যদি দিবসের উত্তরার্দ্ধে জন্ম হইয়া থাকে, তাহা হইলে ঐ সময় সূর্য্য যে নক্ষত্র ছিলেন, সেই নক্ষত্র হইতে গণনা করিয়া যে নক্ষত্র দ্বাদশসংখ্যা হইবে, সেই নক্ষত্রে যে রাশি হইতে পারে, তাহাই জন্মলগ্ন স্থির হইবে। যদি রাত্রির পূর্ব্বার্দ্ধে জন্ম হইয়া থাকে, তাহা হইলে সেই জন্ম সময়ে রবি যে নক্ষত্রে ছিলেন, তাহার সপ্তদশ নক্ষত্রে যে রাশি হইতে পারে, তাহাই জন্মলগ্ন। যদি রাত্রির শেষার্দ্ধে জন্ম হইয়া থাকে, তাহা হইলে জন্ম কালে রবি যে নক্ষত্রে ছিলেন, তাহার চতুর্ব্বিংশ নক্ষত্রে যে রাশি হইতে পারে, তাহাই জন্মলগ্ন স্থির করিবে।

খণ্ডিতনক্ষত্রদ্বারা রাশিনিরূপণের উপায়।

অশ্বিন্যাদি ত্রয়ং মেষে সিংহে প্রোক্তং মঘাত্রয়ম্।
মূলাদিত্রিতয়ং চাপে দ্বে দ্বে নবসু রাশিষু॥

অশ্বিনী প্রভৃতি নক্ষত্রত্রয়ে মেষরাশি নির্দ্দিষ্ট আছে। মঘা প্রভৃতি নক্ষত্রত্রয়ে সিংহ-রাশি, মূলাদি নক্ষত্রত্রয়ে ধনূরাশি হইবে। অবশিষ্ট অষ্টাদশ নক্ষত্রের মধ্যে দুই দুই নক্ষত্রে যথাক্রমে এক এক রাশি ধরিয়া লইতে হইবে। অথবা নক্ষত্রের প্রথমভাগে পুত্র, দ্বিতীয় ভাগে কন্যা, তৃতীয় ভাগে পুত্র, চতুর্থ ভাগে কন্যা, এইরূপ অনুমানদ্বারা ভগ্ননক্ষত্র স্থলে লগ্ন নির্ণয় করিয়া লইবে।

কেহ কেহ বলেন, যদি দিবসের প্রথম প্রহরে জন্ম হয়, তাহা হইলে জন্মকালে রবি যে নক্ষত্রে ছিলেন, সেই নক্ষত্রের সপ্তম নক্ষত্রে যে রাশি হইতে পারে, তাহাই জন্মলগ্ন হইবে। যদি দ্বিতীয় প্রহরে জন্ম হয়, তাহা হইলে জন্মকালে যে নক্ষত্রে রবি ছিলেন, তাহার অষ্টম নক্ষত্রে, এবং যদি তৃতীয় প্রহরে জন্ম হয়, তাহা হইলে জন্মকালীন রবি যে

নক্ষত্রে ছিলেন, তাহার একাদশ নক্ষত্রে, এবং যদি চতুর্থ প্রহরে জন্ম হয়, তাহা হইলে সেই সময়ে রবি যে নক্ষত্রে ছিলেন, তাহার দ্বাদশ নক্ষত্রে যে রাশি হয়, তাহাই জন্মলগ্ন হইবে। যদি রাত্রির প্রথম প্রহরে জন্ম হয়, তাহা হইলে জন্মকালে রবি যে নক্ষত্রে ছিলেন, তাহার অষ্টাদশ নক্ষত্রে, এবং যদি দ্বিতীয় প্রহরে জন্ম হয়, তাহা হইলে জন্মকালে রবি যে নক্ষত্রে ছিলেন, তাহার উনবিংশ নক্ষত্রে, এবং যদি তৃতীয় প্রহরে জন্ম হইয়া থাকে, তাহা হইলে সেই সময় রবি যে নক্ষত্রে ছিলেন, তাহার চতুর্বিংশ নক্ষত্রে এবং যদি চতুর্থ প্রহরে জন্ম হইয়া থাকে, তাহা হইলে জন্ম কালে রবি যে নক্ষত্রে ছিলেন, তাহার পঞ্চবিংশ নক্ষত্রে যে রাশি হইতে পারে, তাহাই জন্মলগ্ন হইবে।

জন্মদিবস জ্ঞানম্।

পূর্ব্বোক্ত প্রকারে ব্যক্তির জন্ম বৎসর ও মাস জ্ঞাত হইয়া তিথিগণনা দ্বারা জন্মমাসের প্রথম দিনের তিথি জানিবে, পরে জন্ম তিথিতে ১ যোগ করিলে যে অঙ্ক হইবে ঐ অঙ্ক সংখ্যা হইতে উক্ত জন্ম মাসের প্রথম দিনের তিথি সংখ্যা বাদ দিলে (যদি জন্ম তিথির সংখ্যাপেক্ষা জন্মমাসের প্রথম দিনের তিথি সংখ্যা অধিক হয় তবে জন্মতিথিতে ৩০ যোগ দিবে) অবশিষ্ট যাহা থাকিবে তাহাতে মাসের ততসংখ্যক দিবসে ব্যক্তির জন্ম জানিবে। এই প্রকারে যদি না মিলে তবে মাসের প্রথমাংশে ১ বাদ ও শেষাংশে ১ যোগ করিলে নিশ্চয় মিলিবে।

এই প্রকার গণনায় মাসের ১লা, ২রা ৩রা স্থলে ৩০, ৩১, ৩২ শাও হইতে পারে। এইরূপ স্থলে জন্মতিথির সহিত নক্ষত্র গণনায় লিখিত উক্ত মাসের মাসাঙ্ক যোগ করিলে যদি জন্ম নক্ষত্র মিলে তবে ৩০,৩১,৩২ শা জন্ম দিন জানিবে। যদি জন্ম নক্ষত্রাপেক্ষা অধিক হয়, তবে ১লা, ২রা কি ৩রা জানিবে।

দিবারাত্রিজ্ঞানম্।

যস্মিন্ ঋক্ষে বসেদ্ভানুস্তস্মাদ্বাদশতারকম্।
দিনে প্রশ্নে হজন্যাস্তু জন্তোর্জন্ম প্রকীর্ত্তিতম্॥

প্রশ্নকালে রবি যে নক্ষত্রে বাস করিতেছেন, তদবধি দ্বাদশ নক্ষত্রের মধ্যে কোন নক্ষত্রে যদি জন্ম হইয়া থাকে, তাহা হইলে দিবসে জন্ম হইয়াছে, যদি অপর কোন নক্ষত্রে জন্ম হইয়া থাকে, তাহা হইলে রাত্রিতে জন্ম হইয়াছে, স্থির করিবে।

মাসলগ্নাৎ স্বলগ্নস্থ ষড়্‌লগ্নাভ্যন্তরে যদি।
দিবাজন্ম ভবেৎ তত্র রাত্রৌ জন্মান্যথা ভবেৎ॥
অস্তলগ্নাৎ স্বলগ্নস্থ ষড়্‌লগ্নাভ্যন্তরে যদি।
রাত্রৌ জন্ম ভবেৎ তত্র দিবা তু অন্যথা ভবেৎ।

উদয়লগ্নে যদা জাত স্তদা নক্ত দিং বিধানতঃ।

উদয়ে প্রত্যুষে জন্ম সন্ধ্যায়ামস্তএব চ ॥

জন্ম মাসে যে রাশিতে সূর্য্যের উদয় হয়, তাহা হইতে ৬ ছয় রাশির মধ্যে জন্মলগ্ন হইলে দিবাতে জন্ম এবং ৬ ছয় রাশির অন্তে হইলে রাত্রিতে জন্ম হইয়াছে জানিবে। জন্ম-মাসের অস্ত রাশি হইতে ৬ ছয় রাশির মধ্যে জন্মলগ্ন হইলে রাত্রিতে জন্ম এবং ৬ ছয় রাশির অন্তে জন্মলগ্ন হইলে দিবাতে জন্ম হইয়াছে জানিবে। উদয় রাশি জন্মলগ্ন হইলে প্রত্যূষে এবং অস্তরাশি জন্মলগ্ন হইলে সন্ধ্যাকালে জন্ম হইয়াছে, জানিবে।

উদয় বা অস্ত রাশির যত অন্তরে লগ্ন হইবে, তাহাকে ৫ দিয়া পূরণ করিয়া ২ বা ৩ বাদ দিলে যত হয় প্রায় তত দণ্ডের সময় ব্যক্তির জন্ম জানিবে। যথা—কোন ব্যক্তির জন্মলগ্ন কুম্ভ হইলে, কখন ও কত দণ্ডের সময় জন্ম হইয়াছে, জানিতে হইলে, জন্মমাস বৈশাখের উদয় রাশি মেষ এবং মেষ হইতে কুম্ভ ৬ ছয় রাশির মধ্যে পতিত না হওয়াতে রাত্রিতে এবং ১১ রাশি অন্তর হওয়াতে ১১কে ৫ দিয়া পূরণ করিয়া ২ বাদ দিলে ৫৩ দণ্ডের সময় জন্ম জানা গেল।

খনার মতে নষ্টকোষ্ঠীবিচার।

অথ অয়নজ্ঞান।

যে যে লগ্নে প্রশ্ন করে, হোরা গণিয়া মাস ধরে।
প্রথম হোরায় প্রশ্ন হয়, মাঘাদি ছয় মাস কয়।
প্রশ্ন লগ্নের দ্বিতীয় হোরা, শ্রাবণাদি ছয় মাস সারা।

অথ ঋতুজ্ঞান।

লগ্নে বা দ্রেক্কাণে যদি, শনি গ্রহ করে স্থিতি।
পৌষ মাঘ দুই মাস, খনা বলে ঋতু আস।
লগ্নে দ্রেক্কাণে থাকে শুক্র, ফাল্গুণ চৈত্র দুই মাস লেখা।
যদি থাকে কুজগ্রহ, বৈশাখ জ্যৈষ্ঠ মাস কহ।
চাঁদ থাকিলে আষাড় শ্রাবণ, বুধে ভাদ্র আশ্বিন গণন।
জীবে লগ্নে দুই ভাষে, কার্ত্তিক অগ্রহায়ণ দুই মাসে।

অন্যমতে।

রবি গ্রহ লগ্নে বুঝি, মাঘ ফাল্‌গুণ তাহে ভজি।
নষ্টকোষ্ঠীর বিচার সার, লগ্নে কিম্বা দ্রেক্কাণে ধর।
তাহে যদি চন্দ্র থাকে, ফাল্‌গুণ চৈত্র কবে তাকে।

প্রথম হোরায় প্রশ্ন জান, শেষ হোরায় মাস আন।
শ্রাবণাদি ছয় মাস জানি, লগ্নে দ্রেক্কাণে শুক্র মানি।
আষাঢ় শ্রাবণ মাস বলে, খনা বলে নাই চলে।
উত্তরায়ণে জন্ম জান্যা, লগ্ন দ্রেক্কাণে বুধ গণ্যা।
বৈশাখ জ্যৈষ্ঠ মাস কয়, ঋতু ক্রম অতি নিশ্চয়।
দক্ষিণায়নে জন্ম বুঝি, দ্রেক্কাণে লগ্নে বুধ কুজি।
ভাদ্র আশ্বিনে জন্ম তার, উত্তরায়ণে কহি সার।
লগ্ন দ্রেক্কাণে থাকে জীব, পৌষ মাঘ কহে শিব।
দক্ষিণায়ন যদি বুঝি, কার্ত্তিক অগ্রহায়ণ তাহে সুজি।
দুই মাস করিয়া ধরি, যে মাসে জন্ম নির্ণয় করি
যেই দ্রেক্কাণে প্রশ্ন হয়, সেই দ্রেক্কাণে অর্দ্ধেক লয়।
পূর্ব্বঅর্দ্ধে পূর্ব্বমাস, পরঅর্দ্ধে শেষ মাস।
মাস নখতা তিথি যুতা ভ (২৭) দিয়া হর রে পুতা।
আন্ধারে দশ, আলোতে এগার, ইহা দিয়া নক্ষত্র সার।
তিথিমাসর্ক্ষ করিয়া বশ, সিতে রুদ্র অসিতে দশ।
সাতাইসে হরিলে থাকে যে, রাশি নক্ষত্র হয় সে।
অন্যচ্চ। মাস নক্ষত্র তিথিযুক্ত, সিতে রুদ্র ১১ অসিতে দশ ১০।
ভ ২৭ হরিয়া জান পুতা, যার যে রাশি নক্ষত্র তা।
যথা থাকে তিমিরবিনাশী, সপ্ত দ্বাদশে উদয় স্থিতি নিশি।
সপ্তদশ চতুর্ব্বিংশতি জান্, কহে খনা জন্ম লগ্ন বেদ প্রমাণ্।
যেই ঘরে রবি স্থান, অমাবস্যাতিথি জান।
অমাআদি বার ঠাঁই, দুই তিন কয়িয়া গণিয়া যাই।
যেই ঘরে তিথির থানা, সেই রাশি বলে খনা।

মতান্তরে। তিথির তিৎ ফেলাইয়া, নক্ষত্র এক করিয়া।
শুক্লপক্ষে সপ্তম ঘর, কৃষ্ণপক্ষে রাশি ধর॥

লগ্ন নিরূপণ করিয়া যেরূপে নষ্টকোষ্ঠী উদ্ধার করিতে হয়, তাহার নানামত লিখিত হইল। পাঠকগণ যত্নসহকারে পরীক্ষা করিয়া যে গণনা দুই তিন মতের সহিত ঐক্য হইবে, সেইটী স্থির করিয়া

বলিবেন। এইরূপে কেরলাদি গ্রন্থমতে যেরূপে নষ্টকোষ্ঠী উদ্ধার হইয়া থাকে, তাহা নানা গ্রন্থ হইতে উদ্ধৃত করিয়া তাহার কিয়দংশ প্রকাশ করিলাম।

प्रश्नाक्षरं प्रपूर्य्याथ लग्नाधिपस्य संख्यया।
षोड़शैर्व्वा हृते युक्ते, वदेच्छाकं वयःक्रमात् ॥

যে লগ্নে প্রশ্ন হইবে, সে লগ্নের অধিপতি গ্রহের সংখ্যাদ্বারা প্রশ্নাক্ষরসংখ্যা গুণ করিয়া গুণফলকে ১৬ ষোল দ্বারা ভাগ করিলে যত ভাগফল লব্ধ হইবে, তাহা পূর্ব্বকৃত গুণফলে যোগ করিয়া যে অঙ্ক সংখ্যা প্রাপ্ত হইবে, তাহাই প্রশ্ন কারকের বয়স। কিন্তু প্রশ্নকর্ত্তার প্রতি দৃষ্টি করিয়া ঐ রূপ বয়স অসম্ভব বোধ হইলে অনুমান করিয়া নিরূপিত অঙ্ক হইতে ১২ বিয়োগ করিয়া বয়স স্থির করিবে। এই রূপ যতবার ১২ বাদ দিলে অনুমিত বয়সের সহিত প্রায় ঐক্য হয়, তত বার ১২ বাদ দিতে হইবে। এইরূপে বয়স নির্ণয় করিয়া বর্ত্তমান শকাঙ্ক হইতে নির্ণীত বয়সাঙ্ক বাদ দিলেই জন্মশক স্থিরীকৃত হইবে।

অথ চূড়ামণিগ্রন্থমতে।

प्रथमं पृच्छकैः सार्द्धमालापन्तु विवर्जयेत्। नमस्कारं ततः कृत्वा गृहीत्वा प्रश्नवाक्यतः॥ पुनः प्रागक्षरं ग्राह्यं देवताफलपुष्पतः। येन विज्ञानतोलोके सर्व्वज्ञत्वं लभेन्नरः॥ आदौ प्रश्नाक्षरविवरणं। क च ट त प य शाः उत्तराः॥ ख छ ठ थ फ र षा उत्तरोत्तराः। ग ज ड द ब ल साः अधराः॥ घ झ ढ ध भ व हाः अधराधराः। ङ ञ ण न माः दग्धाः॥ ए ओ उत्तरोत्तराः। आ ई ऊ उत्तराधराः॥ ऐ औ अधराधराः। अं अः नपुंसकादग्धाः॥ इति अक्षरस्वरपञ्चवर्गौ। ह्रस्वमात्रा। अ इ ए ओ चतुष्कोहि यत्रवर्गे न दृश्यते। आलिङ्गितं विजानीयात्। दीर्घा आ ई ऐ औ अभिधूमिताः। पञ्चमेवाऽथवा षष्ठे आरूढ़ो यदि दृश्यते। तत्र दग्धञ्च विज्ञेयं चान्तेचैव स्वरद्वयोः। स्वरद्वयोः अं अः। अथ नष्ट-जातकचिन्ता। उत्तरे च यदा प्रश्नं जन्म स्यादुत्तरायणे। अधरे दक्षिणे प्रोक्तं दग्धे चोत्तरदक्षिणे।

দৈবজ্ঞ প্রথমতঃ প্রশ্নকর্ত্তার সহিত কোন আলাপ করিবে না। প্রশ্নকারক দৈবজ্ঞকে নমস্কার করিয়া সরলচিত্তে দৈবজ্ঞের নিকট প্রশ্ন করিবে। দৈবজ্ঞ প্রশ্ন বাক্যের আদি অক্ষর গ্রহণ করিয়া প্রশ্নকর্ত্তাকে কোন ফল, পুষ্প কিম্বা দেবতার নাম উচ্চারণ করিতে বলিবেন। ফলপুষ্পাদি নামের আদিম অক্ষর লইয়া কার্য্য করিবে। *

* অথাতঃ সংপ্রবক্ষ্যামি প্রশ্নগুহ্যানুলক্ষণং। শুভদিনে সুনক্ষত্রে সুগণে শুভসংযুতে। শুচির্ভূত্বা ততোমন্ত্রী লোভমাৎসর্য্যবর্জ্জিতে। অক্ষরাণি ততোগ্রাহ্যং মূলকয়েষু সংযুতং। শতমষ্টোত্তরং বারং প্রভাতে চ জপেৎ পুনঃ।

প্রথমতঃ অক্ষরবিবরণ কথিত হইতেছে। বর্ণসকল পাঁচভাগে বিভক্ত, যথা উত্তর, অধর, উত্তরোত্তর, অধরাধর ও দগ্ধ। ক, চ, ট, ত, প, য, শ এই সাত বর্ণ উত্তর, খ, ছ, ঠ, থ, ফ, র, ষ এই ৭ সাত বর্ণ উত্তরোত্তর। গ, জ, ড, দ, ব, ল, স এই ৭ সাত বর্ণ অধরসংজ্ঞক। ঘ, ঝ, ঢ, ধ, ভ, ব, হ এই ৭ সাত বর্ণ অধরাধর। ঙ, ঞ, ণ, ন, ম এই ৫ পাঁচ বর্ণ দগ্ধ। এ ও এই দুই বর্ণ উত্তরোত্তর। অ, ই, উ এই তিন বর্ণ উত্তরাধর। এ ঐ এই দুইবর্ণ অধরাধর। অং অঃ এই বর্ণদ্বয় নপুংসক।

স্বরবর্ণের অন্য তিনপ্রকার অবান্তর বিভাগ আছে, আলিঙ্গিত, অভিধূমিত ও দগ্ধ। অ ই এ ওঁ এই বর্ণচতুষ্টয় হ্রস্বমাত্র ও আলিঙ্গিত। আ ঈ ঐ ঔ এই চারিবর্ণ দীর্ঘমাত্র ও অভিধূমিত। উ ঊ অং অঃ এই চারিবর্ণ দগ্ধ।

অক্ষরসংজ্ঞা কথিত হইল, এইক্ষণ ঐ সকল অক্ষরদ্বারা কিরূপে নষ্টকোষ্ঠী উদ্ধার করিতে হয়, তাহা কথিত হইতেছে। প্রশ্নবাক্যের ও উচ্চারিত ফল, পুষ্প ও দেবতার নামের আদি অক্ষর যদি উত্তরবর্ণ হয়, তাহা হইলে উত্তরায়ণে অর্থাৎ মাঘাদি ৬ ছয় মাসের মধ্যে প্রশ্নকারকের জন্ম হইয়াছে জানিতে হইবে। প্রশ্নবাক্যের ও ফল, পুষ্প ও দেবতার নামের আদিবর্ণ যদি অধরবর্ণ হয়, তবে দক্ষিণায়নে অর্থাৎ শ্রাবণাদি ৬ ছয় মাসের মধ্যে প্রশ্নকারকের জন্ম স্থির করিবে এবং প্রশ্নবাক্যাদির আদিবর্ণ যদি দগ্ধাক্ষর অর্থাৎ উ ঊ অং কিম্বা অঃ ইহার কোন বর্ণ হয়, তাহা হইলে উত্তরায়ণ ও দক্ষিণায়নের সন্ধিসময়ে জন্ম জানিবে।

अ ए क च ट त प य शाः वसन्तः। आ ऐ ख छ ठ थ फ र षाः ग्रीष्मः। इ ओ ग ज ड द ब ल साः हेमन्तः। ई औ घ झ ढ ध भ व हाः प्रावृट्। उ ऊ अं अः शरत्। ङ ञ ण न माः शिशिराः।

অনন্তর ঋতুনির্ণয়। প্রশ্নবাক্যের কিম্বা উচ্চারিত ফলপুষ্পাদির আদিবর্ণ অ এ ক চ ট ত প য অথবা শ হইলে প্রশ্নকারকের বসন্তঋতুতে জন্ম জানিবে। এইরূপে আ ঐ খ ছ ঠ থ ফ র কিম্বা ষ প্রশ্নবাক্যাদির আদি অক্ষর হইলে গ্রীষ্মঋতুতে, ই ও গ জ ড দ ব ল বা স ইহার কোন অক্ষরে হেমন্ত, ঈ ঔ ঘ ঝ ঢ ধ ভ ব অথবা হ বর্ণে বর্ষাঋতু, উ ঊ অং অঃ এই সকল বর্ণে শরৎঋতু, ঙ ঞ ণ ন ম ইহার কোন অক্ষরে শিশিরঋতুতে প্রশ্নকর্ত্তার জন্ম স্থির করিবে।

অথ মাস জ্ঞানম্।

अ ए कः फाल्गुणी मासः चटौ चैत्रः समीरितः। इ ओ ग ज ड वर्णका वैशाखः समुदीरितः। जैष्ठे द ब ल सा ज्ञेया ई औ घ झ ढ धाः

তেন সিধ্যতি তদ্বাক্যং প্রশ্নে প্রত্যুত্তরং শুভং। অনার্ত্তং প্রশ্নং গৃহ্নীয়াৎ আদ্য বাদ্যং সদা গৃহী। এবং ভাগমধোদৃষ্টিঃ শ্রবণৌ কর্ণপূরিতৌ। ন ব্রহ্মণ্যাদব্জকুব্জা আত্তরাংস্তু কঠিনকং। স্ফুদিতং সংঘর্ষং সুপ্তার্ত্তপৃষ্ঠশব্দয়োঃ। এ উ ই অ ও এতান্ এব ন গৃহ্নীয়াৎ সভাপ্রশ্নং নকারয়েৎ। বুদ্ধিভ্রংশং প্রজায়তে জ্ঞানং নৈব স্ফুটো ভবেৎ। প্রাকৈর্ব্বৈর্ব্বির্নির্ম ক্তঃ কঠিনীং মূর্দ্ধি সংস্কসেৎ। ইতি প্রশ্নলক্ষণম্।

शुचि:। भ ब हा: श्रावण श्चैव ङ ज ञ अ ना भाद्रके। आश्विने न म अं अ: तपी कार्त्तिकमासक:। मार्गशीर्षं यशौ पौष आ ऐ ख छ ठ था अपि। फ र षा माघ मास: स्यान्मासज्ञानं समीरितं।

নষ্টজাতকের মাসানয়ন এইরূপে করিতে হয়—প্রশ্নবাক্যের কিম্বা উচ্চারিত ফল-পুষ্পাদির নামের আদিবর্ণ অ এ কিম্বা ক হইলে ফাল্গুনমাসে, চ কিম্বা ট ইহার কোন বর্ণ হইলে চৈত্রমাসে, ই ও গ জ অথবা ড হইলে বৈশাখমাসে, দ ব ল কিম্বা সকারে জ্যেষ্ঠ-মাসে, ঈ ঔ ঘ ঝ ঢ ধ বর্ণে আষাঢ়মাসে, ভ ব অথবা হকারে শ্রাবণমাসে, উ ঊ ঙ ঞ ণ এই সকল বর্ণে ভাদ্রমাসে, ন ম অং অথবা অঃ এই বর্ণে আশ্বিনমাসে, ত কিম্বা প হইলে কার্ত্তিকমাসে, য অথবা শকারে অগ্রহায়ণমাসে, আ ঐ খ ছ ঠ অথবা থ ইহার কোন বর্ণ হইলে পৌষমাসে এবং ফ, র, অথবা ষ প্রশ্নবাক্যাদির আদিবর্ণ হইলে মাঘমাসে প্রশ্ন-ক ার জন্ম স্থির করিবে।

অথ পক্ষজ্ঞানম্।

अ ए क च ट त प य शा: शुक्लपक्ष: समीरित:। इ ओ ग ज ड द ब ल साश्च स्रियाः। आ ऐ ख छ ठ थ फ र षा: कृष्ण पक्ष:। ई औ घ, झ ढ ध भ व हाश्च पुन:। उ ऊ अं अ: (शुक्ल) ञ ङ ञ ण न मा (कृष्ण) उभयपक्ष ईरित:।

অনন্তর নষ্টজাতকের পক্ষানয়ন এইরূপে করিতে হয়, প্রশ্নবাক্যাদির আদিতে অ এ ক চ ট ত প য শ, ই ও গ জ ড দ ব ল স ইহার কোন বর্ণ থাকিলে শুক্লপক্ষে এবং আ ঐ খ ছ ঠ থ ফ র ষ, ঈ ঔ ঘ ঝ ঢ ধ ভ ব হ থাকিলে কৃষ্ণপক্ষে প্রশ্নকর্ত্তার জন্ম নির্ণয় করিবে। উ ঊ অং অঃ ঙ ঞ ণ ন কিম্বা মকারে উভয়পক্ষ বুঝায় এমত স্থলে জ্যোতিজ্ঞ বিশেষ বিবেচনাপূর্ব্বক অনুমানদ্বারা পক্ষ নির্ণয় করিবেন।

অথ তিথিজ্ঞানম্।

प्रतिपदादितिथिं ज्ञात्वा पक्षदेशं यथाविधि। उत्तराश्चाधराश्चैया पक्षौ चैव सितासितौ। अ इ ए ओ १ शुक्लप्रतिपत् क २ च ३ ट ४ त ५ प ६ य ७ श ८ ग ९ ज १० ड ११ द १२ ब १३ ल १४ स १५ क्रमात्। आ १६ ई ऐ औ कृष्णप्रतिपत्। ख १७ छ १८ ठ १९ थ २० फ २१ र २२ ष २३ घ २४ झ २५ ढ २६ ध २७ भ २८ व २९ हा: ३० क्रमत:।

অনন্তর তিথিনির্ণয় এইরূপে করিবে প্রশ্নবাক্যাদির আদিবর্ণ অ ই এ ও এই চারিবর্ণের কোন অক্ষর হইলে শুক্লপ্রতিপদে জন্ম হইয়াছে এবং ক চ ট ত প য শ গ জ ড দ ব ল স এই চতুর্দ্দশবর্ণে ক্রমতঃ শুক্লদ্বিতীয়াদি পূর্ণিমাপর্য্যন্ত চতুর্দ্দশতিথিতে জন্ম স্থির করিবে। আ ঈ ঐ ঔ এই চারিবর্ণ প্রশ্নবাক্যাদির আদিস্থিত হইলে কৃষ্ণপ্রতিপদকে জন্মতিথি বলিয়া

স্থির করিবে এবং খ ছ ঠ থ ফ র ষ ঘ ঝ চ ধ ভ ব হ এই চতুর্দ্দশবর্ণ প্রশ্নবাক্যাদির আদিতে যথাক্রমে কৃষ্ণদ্বিতীয়াদি অমাবস্যা পর্য্যন্ত চতুর্দ্দশতিথিতে প্রশ্নকর্ত্তার জন্ম হইয়াছে স্থির করিবেক, অর্থাৎ, অ ই এ ও প্রতিপৎ, ক দ্বিতীয়া, চ তৃতীয়া, ট চতুর্থী, ত পঞ্চমী, প ষষ্ঠী, য সপ্তমী, শ অষ্টমী, গ নবমী, জ দশমী, ড একাদশী, দ দ্বাদশী, ব ত্রয়োদশী, ল চতুর্দ্দশী এবং স পূর্ণিমা। এইরূপ কৃষ্ণপক্ষে আ ঈ ঐ ঔ প্রতিপৎ, খ দ্বিতীয়া, ছ তৃতীয়া, ঠ চতুর্থী, থ পঞ্চমী, ফ ষষ্ঠী, র সপ্তমী, ষ অষ্টমী, ঘ নবমী, ঝ দশমী, ঢ একাদশী, ধ দ্বাদশী, ভ ত্রয়োদশী, ব চতুর্দ্দশী এবং হ অমাবস্যা।

অথ নক্ষত্রজ্ঞানম্।

ককারাদিহকারান্তান্ হীনাঙ্গান্ পঞ্চ বর্জ্জয়েৎ।

ঋক্ষমালা স্থিতা নিত্যং কৃত্তিকাদিযমান্তিকা।

সপ্তবর্গাঃ স্থিতাবারাঃ ককারাদি যথাক্রমম্॥

অনন্তর নষ্টজাতকের নক্ষত্রানয়ন কহিতেছেন। ককারাদি হকার পর্য্যন্ত বর্ণের ঙ ঞ ণ ন ম এই পঞ্চ বর্ণ পরিত্যাগ করিয়া অবশিষ্ট অষ্টাবিংশতি বর্ণে কৃত্তিকাদি ভরণী পর্য্যন্ত অষ্টাবিংশতি নক্ষত্র নির্ণয় করিবে, অর্থাৎ প্রশ্ন বাক্যাদির আদি বর্ণ ক হইলে কৃত্তিকা, খ রোহিণী, গ মৃগশিরা, ঘ আর্দ্রা, চ পুনর্ব্বসু, ছ পুষ্যা, জ অশ্লেষা, ঝ মঘা, ট পূর্ব্বফল্গুনী, ঠ উত্তরফল্গুনী, ড হস্তা, ঢ চিত্রা, ত স্বাতী, থ বিশাখা, দ অনুরাধা, ধ জ্যেষ্ঠা, প মূলা, ফ পূর্ব্বাষাঢ়া, ব উত্তরাষাঢ়া, ভ শ্রবণা, য অভিজিৎ, র ধনিষ্ঠা, ল শতভিষা, ব পূর্ব্বভাদ্র, শ উত্তরভাদ্র, ষ রেবতী, স অশ্বিনী এবং হ হইলে ভরণী নক্ষত্রে জন্ম স্থির করিবে।

মতান্তরে ককারাদি হকারান্ত বর্ণে অশ্বিনী প্রভৃতি রেবতী পর্য্যন্ত গণনা হইয়া থাকে। যথা—ক অশ্বিনী, খ ভরণী, গ কৃত্তিকা, ঘ রোহিণী, চ মৃগশিরা, ছ আর্দ্রা, জ পুনর্ব্বসু, ঝ পুষ্যা, ট অশ্লেষা, ঠ মঘা, ড পূর্ব্বফল্গুনী, ঢ উত্তরফল্গুনী, ত হস্তা, থ চিত্রা, দ স্বাতী, ধ বিশাখা, প অনুরাধা, ফ জ্যেষ্ঠা, ব মূলা, ভ পূর্ব্বাষাঢ়া, য উত্তরাষাঢ়া, র অভিজিৎ, ল শ্রবণা, ব ধনিষ্ঠা, শ শতভিষা, ষ পূর্ব্বভাদ্রপদ, স উত্তরভাদ্রপদ, হ রেবতী।

ককারাদি সপ্ত বর্গ দ্বারা রব্যাদি সপ্ত বার নির্ণয় করিতে হইবে।

চন্দ্রোন্মীলন গ্রন্থে যেরূপে নষ্টজাতকের গণনার বিধান লিখিত আছে তাহার কিয়দংশ নিম্নে উদ্ধৃত করিলাম। *

অথাতঃ সংপ্রবক্ষ্যামি নষ্টজাতস্য লক্ষণম্। যেন বিজ্ঞানমাত্রেণ মহদাশ্চর্য্যকারণম্। পিতা চ মাতরস্তত্র জাতিভেদস্য পূর্ব্বকম্। জ্ঞাতব্যং

* ফলিতজ্যোতিষের দ্বিতীয়খণ্ডে চন্দ্রোন্মীলন গ্রন্থের ২১ পৃষ্ঠা দৃষ্টি কর।

पूर्व्वभेदेन पूर्व्वाचरविलचणैः। रतिः स्याद् यदितःपूर्व्वं तथा मासश्च वासराः। अष्टादशस्तु पचाश्च संस्थिता गर्भमण्डले। शेषश्चैव दिनन्तत्र प्रश्नादेव तु लचयेत्। संयुक्ते सप्तराविश्व त्रिंशत्सप्ताष्टसंयुते। दशवारं भवेज्जन्म अभिहितं प्रश्नं यदा भवेत्। तिथिसंख्या भवेज्जन्म अभिहितं यदा भवेत्। घातिते त्रिंशमेकन्तु पञ्चविंशं लघुस्वरैः। सप्तविंशदिनान्तत्र धूमितन्तु यदा भवेत्। दशमासविनिष्क्रान्तौ दशप्रश्नौ यदा भवेत्। वर्णं वर्गेण संगुण्य अचरं अचरेण च। स्वरं स्वरेण संगुण्य तत्र चिप्रन्तु मिश्रितम्। द्वितीयान्तु द्विवे राशौ षष्टिन्तत्र निपातयेत्। त्रिंशद्भागं प्रदातव्यं शेषश्चैव दिनानि च। पुनस्तु चाष्टभावेन भागं दद्याद् यथाक्रमम्। तिथिऋचं तथा राशिर्जातकन्तु न संशयः॥ इति नष्टजातकप्रकरणम्।

পঞ্চ পক্ষী গ্রন্থের মতেও নষ্টজাতকের জন্ম লগ্ন, জন্মবার, জন্ম তিথি, জন্ম নক্ষত্র, জন্ম রাশি এবং জন্মকালে কোন্ গ্রহ প্রবল ছিল ইত্যাদি যেরূপে পরিজ্ঞাত হওয়া যায় তাহার কিয়দংশ ফলিত জ্যোতিষ হইতে উদ্ধৃত করিয়া সংক্ষেপে নিম্নে লিখিতেছি।

आरूढ़ं प्रश्नलग्नेभ्यः प्रथमाचरतोऽपिवा।
अकारादि स्वराणाञ्च पञ्चानाञ्च विचारयेत्॥

প্রশ্নকারকের প্রশ্নবাক্যের আদ্যক্ষরে যে স্বরবর্ণ থাকিবে অথবা উহার আদ্য বর্ণে সংযুক্ত যে স্বর থাকিবে তাহা অবলম্বন করিয়া অ ই উ এ ও এই পঞ্চ স্বরের মধ্যে স্বজাতীয় একটী স্বর গ্রহণ করিয়া ঐ স্বরে সঙ্কেত মতে পক্ষী নিরূপিত করিয়া প্রশ্ন কর্ত্তার প্রশ্নের উত্তর দিবে।

अकारः श्येन आख्यात इकारः पिङ्गलस्तथा।
उकारो वायसश्चैव एकार स्ताम्रचूड़कः।
ओकारो नीलकण्ठश्च स्वरास्ते पचिसंज्ञकाः॥

অকারে শ্যেন পক্ষী, ইকারে পিঙ্গলপক্ষী, উকারে কাকপক্ষী, একারে কুক্কুটপক্ষী, ওকারে ময়ূরপক্ষী কল্পনা করিতে হইবে।

प्रथमे रविभौमौ च द्वितीये चन्द्रचन्द्रजौ।
तृतीये जीववारश्च चतुर्थे भृगुवासरः।
पञ्चमे मन्दवारश्च पेचिणां क्रमशो लिखेत्॥

অস্বরে রবি ও মঙ্গলবার, ইস্বরে সোম ও বুধবার, উস্বরে বৃহস্পতিবার, এস্বরে শুক্রবার এবং ওস্বরে শনিবার। ইহার দ্বারা জন্মবার এবং গ্রহ পরিজ্ঞাত হওয়া যায়।

নন্দা ভদ্রা জয়া রিক্তা পূর্ণা চ তিথয়ঃ ক্রমাৎ ॥

অস্বরে নন্দা অর্থাৎ প্রতিপৎ, ষষ্ঠী ও একাদশী, ইস্বরে ভদ্রা অর্থাৎ দ্বিতীয়া সপ্তমী ও দ্বাদশী, উস্বরে জয়া অর্থাৎ তৃতীয়া অষ্টমী ও ত্রয়োদশী, এস্বরে রিক্তা অর্থাৎ চতুর্থী, নবমী ও চতুর্দ্দশী এবং ওস্বরে পূর্ণা অর্থাৎ পঞ্চমী দশমী পূর্ণিমা ও অমাবস্যা। ইহার দ্বারা জন্মতিথি জানা যাইবে।

অকারে মেষ সিংহালিঃ ইকারে কন্যাযুগ্মকর্কটাঃ।
উকারে চাপমীনৌ চ একারস্য তুলাবৃষৌ ॥
ওকারে মৃগকুম্ভৌ চ রাশীয়াস্তদ্ গ্রহেশ্বরান্।
স্বরাধঃ স্থাপয়েৎ খেটান্ রাশির্যো যস্য নায়কঃ ॥

অস্বরে মেষ সিংহ ও বিছা, ইস্বরে কন্যা মিথুন ও কর্কট, উস্বরে ধনুঃ ও মীন, এস্বরে তুলা ও বৃষ, ওস্বরে মকর ও কুম্ভ। ইহার দ্বারা জন্ম লগ্ন ও রাশি পরিজ্ঞাত হওয়া যায় এবং রাশি নিরূপিত হইলে ঐ রাশির অধিপতি দ্বারা গ্রহ নিশ্চয় করিয়া ফলাফল বলা যায়। যথা মেষের ও বৃশ্চিকের অধিপতি মঙ্গল, বৃষের ও তুলার শুক্র, মিথুন ও কন্যার বুধ, কর্কটের চন্দ্র, সিংহের রবি, ধনুঃ ও মীনের বৃহস্পতি এবং মকর ও কুম্ভের শনি গ্রহ অধিপতি হয়। ইহার দ্বারা জন্মকালে কোন্ গ্রহ বলবান্ ছিলেন ও কোন্ গ্রহের দশায় জন্ম ইত্যাদি বিদিত হওয়া যাইবে।

অকারে সপ্ত ঋক্ষাণি রেবত্যাদি ক্রমেণ চ।
পঞ্চ পঞ্চ ইকারাদাবেবং ঋক্ষং স্বরোদয়ে ॥

অকারস্বরে রেবতী অশ্বিনী ভরণী কৃত্তিকা রোহিণী মৃগশিরা ও আর্দ্রা। ইস্বরে পুনর্ব্বসু পুষ্যা অশ্লেষা মঘা ও পূর্ব্বফল্গুনী। উস্বরে উত্তরফল্গুনী হস্তা চিত্রা স্বাতী ও বিশাখা। এস্বরে অনুরাধা জ্যেষ্ঠা মূলা ও পূর্ব্বাষাঢ়া। ওস্বরে শ্রবণা ধনিষ্ঠা শতভিষা পূর্ব্বভাদ্রপদ ও উত্তর-ভাদ্রপদ। ইহার দ্বারা জন্মনক্ষত্র এবং নক্ষত্রানুসারে রাশিও নিরূপিত হইয়া থাকে।

পূর্ব্বে যে ২ স্বরে রাশি নিরূপণ হইয়াছে তদ্দ্বারা দিবা কি রাত্রে জন্ম, তাহা পরিজ্ঞাত হওয়া যায়। যথা মেষ বৃষ মিথুন কর্কট ধনুঃ ও মকর হইলে রাত্রিতে জন্ম এবং সিংহ কন্যা তুলা বৃশ্চিক কুম্ভ ও মীন হইলে দিবাতে জন্ম জানা যাইবে।

যে যে পক্ষী ও স্বরে যে যে তিথি, বার, নক্ষত্র, গ্রহ রাশি ইত্যাদি নিরূপিত আছে সহজে তাহা জানিবার জন্য একটী চক্র অঙ্কিত করিলাম।

অক্ষর	শ্যেন অ, ক, ছ, ড, ধ, ভ, ব	পিঙ্গল ই, খ, জ, ঢ, ন, ম, শ	কাক উ, গ, ঝ, ত, প, য, ষ	কুক্কুট এ, ঘ, ট, থ, ফ, র, স	ময়ূর ও, চ, ঠ, দ, ব, ল, হ
রাশি লগ্ন	মেষ সিংহ বৃশ্চিক	কন্যা মিথুন কর্কট	ধনুঃ মীন	তুলা বৃষ	মকর কুম্ভ মীন
গ্রহ ও বার	রবি মঙ্গল	সোম বুধ	বৃহস্পতি	শুক্র	শনি
তিথি	নন্দা-প্রতিপদ ষষ্ঠী একাদশী	ভদ্রা-দ্বিতীয়া সপ্তমী দ্বাদশী	জয়া-তৃতীয়া অষ্টমী ত্রয়োদশী	রিক্তা-চতুর্থী নবমী চতুর্দ্দশী	পূর্ণা পঞ্চমী দশমী পৌর্ণমাসী অমাবস্যা
নক্ষত্র	২৭ রেবতী ১ অশ্বীনি ২ ভরণী ৩ কৃত্তিকা ৪ রোহিণী ৫ মৃগশিরা ৬ আর্দ্রা	৭ পুনর্ব্বসু ৮ পুষ্যা ৯ অশ্লেষা ১০ মঘা ১১ পূর্ব্বফল্গুনী	১২ উত্তরফল্গুনী ১৩ হস্তা ১৪ চিত্রা ১৫ স্বাতি ১৬ বিশাখা	১৭ অনুরাধা ১৮ জ্যেষ্ঠা ১৯ মূলা ২০ পূর্ব্বাষাঢ়া ২১ উত্তরাষাঢ়া	২২ শ্রবণা ২৩ ধনিষ্ঠা ২৪ শতভিষা ২৫ পূর্ব্ব ভাদ্রপদ ২৬ উত্তরভাদ্রপদ

পঞ্চপক্ষী গণনার দুইটী মত প্রচলিত আছে, শিবোক্ত পঞ্চপক্ষী এবং পারিজাত পঞ্চপক্ষী। ইহাদিগের মধ্যে গণনার যে কিঞ্চিৎ প্রভেদ আছে তাহা দর্শাইবার জন্য নিম্নে কয়েকটী বচন উভয় গ্রন্থ হইতে উদ্ধৃত করিলাম। শিবোক্ত পঞ্চ পক্ষী মতে লিখিত আছে যে।

“ স্বরৈস্তু কল্পয়েদ্বারং বারাৎ পক্ষী প্রজায়তে ” ॥

প্রশ্নকর্ত্তার প্রশ্নবাক্যের আদ্যক্ষর যে স্বরবর্ণ হইবে তাহা গ্রহণ করিয়া ঐ স্বরে পূর্ব্ব বচনানুসারে প্রথমতঃ বার নিরূপণ করিবেক, পরে শুক্ল ও কৃষ্ণপক্ষ ভেদে ঐবারে যে পক্ষী স্থিরীকৃত আছে তাহা জানিয়া প্রশ্নের উত্তর করিবেক। শুক্ল ও কৃষ্ণপক্ষে যে যে বারে যে যে পক্ষী নিরূপিত আছে তাহা বলা হইতেছে।

গৃধ্রী ভৌমি চ ভৈরুণ্ডী ময়ূরবায়সী ঘনী।

গহ্বরায়ুধঃ ষিষ্ঠী যন্নী কাককুলী গুধী তথা।

कुज: कुक्कुटको मिन्दी: क्रमीऽयं शुक्लक्षयी: ।

শুক্লপক্ষে রবি ও মঙ্গলবারে শ্যেনপক্ষী, সোম ও বুধবারে পিঙ্গল পক্ষী, বৃহস্পতিবারে কাক, শুক্রবারে কুক্কুট, শনিবারে ময়ূরপক্ষী কল্পনা করিয়া গণনা করিতে হইবে।

কৃষ্ণপক্ষে রবি ও মঙ্গলবারে শ্যেনপক্ষী, সোম ও বুধবারে কুক্কুট, বৃহস্পতিবারে পিঙ্গল, শুক্রবারে ময়ূর ও শনিবারে কাকপক্ষী কল্পনা করিয়া গণনা করিবেক।

রাত্রির নিয়ম।—दिनेषु शुक्ल पक्षे य: कृष्णे रात्रिषु संक्रम: ।

कृष्ण पक्षे दिने यस्य शुक्ले रात्रिषु संक्रम: ॥

শুক্লপক্ষের দিবসে যে বারে যে পক্ষীর উদয় হয় কৃষ্ণপক্ষের রাত্রিতে সেই বারে সেই পক্ষীর উদয় হয়। কৃষ্ণপক্ষের দিনে যে বারে যে পক্ষীর উদয় হয় শুক্লপক্ষের রজনীতে সেই বারে সেই পক্ষীর উদয় হয়।

এইক্ষণ পারিজাত পঞ্চপক্ষী মতে শুক্ল ও কৃষ্ণপক্ষ ভেদে দিবা ও রাত্রিতে যে পক্ষী নিরূপিত হইয়াছে তাহা বলা যাইতেছে।

शुक्ले भेरुण्डकोऽहन्यधिपतिरहनीशारयोर्व्वारयोस्तद्रात्रौ काको बुधेन्द्वोरहनि तदधिप: पिङ्गलस्तन्निशायाम्। ईश: स्यात् कुक्कुटाख्यो गुरुभृगुशनिनां वायस: कुक्कुटाख्य: केकी चैतन्निशायां भुजगरिपुचकोराख्यभेरुण्डका: सु: ॥ मन्देन्द्वो: कृष्णपक्षे भुजगभुगुभयो: कुक्कुटो रात्रिनाथो भानोर्भौमस्य चासौ दिवसपतिरथो श्येन एतन्निशेश:। शुक्रस्य श्येन एतन्निशि भुजगरिपुर्व्वाक्पते: पिङ्गलस्तद्रात्रौ काको बुधस्याप्ययमहनि चकोराख्य एतन्निशेश: ॥

শুক্লপক্ষের রবি ও মঙ্গলবারে দিবসে শ্যেন ও রাত্রিতে কাক, সোম ও বুধবারে দিবসে পিঙ্গল ও রাত্রিতে কুক্কুট, বৃহস্পতিবারে দিবাতে কাক ও রাত্রিতে ময়ূর, শুক্রবারে দিবসে কুক্কুট ও রাত্রিতে পিঙ্গল এবং শনিবারে দিবসে ময়ূর ও রাত্রিতে শ্যেন।

কৃষ্ণপক্ষে রবি ও মঙ্গলবারে দিবসে কুক্কুট ও রাত্রিতে শ্যেন, সোম ও শনিবারে দিবাতে ময়ূর ও রাত্রিতে কুক্কুট, বুধবারে দিবসে কাক ও রাত্রিতে পিঙ্গল, বৃহস্পতিবারে দিবাতে পিঙ্গল ও রাত্রিতে কাক এবং শুক্রবারে দিবাতে শ্যেন ও রাত্রিতে ময়ূর।

অ ই উ এ ও এই যে পাঁচটি স্বরকে পাঁচটী পক্ষী কল্পনা করিয়া গণনার প্রণালী লিখিত হইয়াছে। এই পাঁচটী স্বর শ্বাসরূপী পঞ্চতত্ত্বের অনুরূপ মাত্র। ফল—নিজ দেহমধ্যে এই পঞ্চতত্ত্বের উদয় বুঝিতে পারিলে তদ্দ্বারায় নিশ্চয়রূপে নষ্টজাতকের প্রশ্নের উত্তর প্রদান করা যাইতে পারে। পঞ্চতত্ব বিবরণ পবনবিজয় স্বরোদয়ে বাহুল্যরূপে লিখিত আছে *।

* আমার প্রকাশিত ইন্দ্রজালাদি সংগ্রহে পবনবিজয়স্বরোদয় গ্রন্থে মূল ও বঙ্গানুবাদসহ লিখিত আছে; প্রয়োজনবশতঃ তাহা পাঠ করিলে সমুদয় পরিজ্ঞাত হইতে পারিবেন। যোগ অভ্যাসের অগ্রে এই শাস্ত্র পরিজ্ঞাত হওয়া আবশ্যক এবং ইহা পরিজ্ঞাত হইলে ভূত ভবিষ্যৎ ও বর্ত্তমান সমস্তই জানা যাইবে।

তাহা হইতে ঐ পঞ্চতত্ত্ব কি ও ঐ পঞ্চতত্ত্বের উদয় কিরূপে জানা যাইতে পারে তাহা সংক্ষেপে নিম্নে লিখিলাম।

পৃথিব্যাপ স্তথা তেজো বায়ুরাকাশ মেবচ।

পৃথিবী জল অগ্নি বায়ু ও আকাশ শ্বাসরূপে নাসিকারন্ধ্রের মধ্যে যথা নিয়মে বহন হইতেছে।

আদৌ চন্দ্রঃ সিতে পক্ষে ভাস্করস্তু সিতেতরে। প্রতিপত্তোদিনান্যাহুঃ ত্রীণি ত্রীণি ক্রমোদয়ে। সার্দ্ধদ্বিঘটিকা জ্ঞেয়া শুক্লে কৃষ্ণে শশীরবিঃ। বহত্যেকদিনেনৈব যথা ষষ্টিঘটিক্রমাৎ॥

বহেত্তাবদ্ ঘটী মধ্যে পঞ্চ তত্ত্বানি নির্দ্দিশেৎ। পৃথিবী পল পঞ্চাশৎ চত্বারিংশত্তথাপস্তথা। তেজ স্ত্রিংশদ্বিজানীয়াদ্বায়োর্বিংশতিদ্দিঙ্নভঃ॥

শুক্লপক্ষে চন্দ্রনাড়ী অর্থাৎ মানবের বাম নাসিকার শ্বাস এবং কৃষ্ণপক্ষে রবি নাড়ী অর্থাৎ দক্ষিণ নাসিকার শ্বাস প্রথমতঃ প্রতিপদাদি করিয়া তিন তিন দিন ক্রমে উদয় হইয়া থাকে। শুক্লপক্ষে অহোরাত্রে ৬০ ষষ্টি দণ্ডমধ্যে চন্দ্র নাড়ী অর্থাৎ বামনাসিকা শ্বাস এবং কৃষ্ণপক্ষে রবিনাড়ী অর্থাৎ দক্ষিণনাসিকা শ্বাস আড়াইদণ্ড করিয়া ক্রমে উদয় হয়।

তাৎপর্য্য।—শুক্লপক্ষের প্রতিপৎ তিথিতে বামনাসিকায় শ্বাস সূর্য্য উদয় হইতে বহন আরম্ভ করিয়া ঐ নাসিকাতে আড়াই দণ্ড অর্থাৎ এক ঘণ্টাকাল বহন হইতে থাকে। ঐ আড়াইদণ্ড পরে দক্ষিণনাসিকায় শ্বাস আড়াই দণ্ডকাল বহন হইয়া পুনরায় বামনাসিকায় শ্বাস বহন আরম্ভ হয়। এইরূপে প্রতিপৎ দ্বিতীয়া ও তৃতীয়া তিথি পর্য্যন্ত সূর্য্যউদয়কালে প্রথমতঃ বামনাসিকায় শ্বাস আরম্ভ হইয়া পরে দক্ষিণনাসিকায় ও পুনরায় বামনাসিকায় শ্বাস বহন হয়, ঐ তিন দিন অন্তে ঐ শুক্লপক্ষে চতুর্থী পঞ্চমী ও ষষ্ঠী তিথিতে সূর্য্য উদয়-কালে প্রথমতঃ দক্ষিণনাসিকায় শ্বাস বহন আরম্ভ হইয়া আড়াই দণ্ডকাল মাত্র বহন হয়, পরে বামনাসিকায় শ্বাস আরম্ভ হইয়া পুনর্ব্বার দক্ষিণনাসায় শ্বাস বহন হয়। এই-রূপে তিথির হিসাব করিয়া কোন্ তিথিতে অগ্রে কোন্ নাসিকায় শ্বাস বহন হইবে তাহা নিরূপণ করিতে হইবেক। কৃষ্ণপক্ষে প্রতিপৎ তিথিতে অগ্রে দক্ষিণনাসিকা পরে বামনাসিকা যথা নিয়মে কৃষ্ণপক্ষের প্রতিপৎ দ্বিতীয়া ও তৃতীয়া তিথিতে এই তিন দিন অগ্রে দক্ষিণনাসিকায় শ্বাস বহন হইয়া পরে বামনাসিকায় তৎপরে দক্ষিণনাসিকায় ক্রমে আড়াইদণ্ড উদয় হয়।

বাম কিম্বা দক্ষিণনাসাপুটে শ্বাস উদিত হইয়া আড়াইদণ্ড পর্য্যন্ত অবস্থিতি করে। এই আড়াইদণ্ড মধ্যে পৃথ্বী জল অগ্নি বায়ু ও আকাশ এই পঞ্চতত্ত্বের উদয় হইয়া পৃথিবী-তত্ত্ব ৫০ পঞ্চাশপল জলতত্ত্ব ৪০ পল অগ্নিতত্ত্ব ৩০ পল বায়ুতত্ত্ব ২০ পল এবং আকাশতত্ত্ব ১০ পল এই আড়াই দণ্ডকাল এক এক নাসিকায় যথা নিয়মে এই পঞ্চতত্ত্ব শ্বাসরূপে বহন

হইয়া থাকে। এইক্ষণ শ্বাসরূপী পঞ্চতত্ত্ব কিরূপে অনুভব ও দৃষ্টি করা যাইতে পারে তাহা নিম্নলিখিত কতিপয় বচনে পরিজ্ঞাত হইতে পারিবেন এবং পঞ্চতত্ত্ব জ্ঞান হইলে সহজে নষ্টজাতকাদির রাশিনক্ষত্র তিথি বার জানিতে পারিবেন।

मध्ये पृथ्वी ह्यधश्चापश्चोर्द्ध्वं वहति चानलः।
तिर्य्यग्वायुप्रचारश्च नभोवहति संक्रमे॥

নাসাপুটের মধ্যদেশ দিয়া শ্বাস প্রবাহিত হইলে পৃথ্বী, অধোদেশদিয়া প্রবাহিত হইলে জল, উৰ্দ্ধদেশদিয়া বহিলে অগ্নি, পার্শ্বভাগ দিয়া বহিলে বায়ু ও নাসাপুটের অভ্যন্তর-ভাগে শ্বাস বিঘূর্ণিত হইয়া অথচ বহির্গত না হইয়া প্রবাহিত হইলে আকাশ—এই পঞ্চবিধ তত্ত্বের উদয় হয়।

माहेयं मधुरं स्वादु कषायं जलमेव च।
तिक्तं तेजश्च वायव्यं आकाशं कटुकं तथा॥

পৃথ্বীতত্ত্বের উদয়ে মিষ্ট, জলতত্ত্বে মিষ্ট ও কষায়, অগ্নিতত্ত্বে তিক্ত, বায়ুতত্ত্বে অম্ল ও আকাশতত্ত্বে কটু—এই পঞ্চপ্রকার স্বাদ অনুভূত হয়।

अष्टाङ्गुलं वहेद्वायुरनलश्चतुरङ्गुलं।
द्वादशाङ्गुलं माहेयं षोड़शाङ्गुलं वारुणं॥

শ্বাসনিক্ষেপসময়ে অঙ্গুলিদ্বারা পরিমাণ করিলে, যদি উহা অষ্ট অঙ্গুলী-পর্য্যন্ত দীর্ঘ হয় তবে বায়ুতত্ত্ব বহিতেছে বুঝিবে; এইরূপ চারি অঙ্গুলি-পরিমিত হইলে অগ্নিতত্ত্ব, দ্বাদশ অঙ্গুলি হইলে পৃথ্বী ও ষোড়শ অঙ্গুলী হইলে জলতত্ত্বের উদয় হইবে।

आपः श्वेताः क्षितिः पीता रक्तवर्णो हुताशनः।
मारुते नीलजीमूत आकाशं भूरिवर्णकं॥

জলতত্ত্বের বর্ণ শুভ্র, পৃথ্বীতত্ত্বের পীত, অগ্নিতত্ত্বের রক্ত, বায়ুতত্ত্বের নীলমেঘবৎ এবং আকাশতত্ত্বের নানাবিধ বর্ণ হয়।

श्रुत्योरङ्गुष्ठकौ मध्याङ्गुली नासापुटद्वये। वदनप्रान्तयोरन्ते तर्ज्जन्यौ तु दृगन्तयोः॥ अस्यान्तरं पार्थिवादितत्त्वज्ञानं भवेत् क्रमात्। पीत-श्वेतारुणश्यामै र्बिन्दुभिर्निरुपाधिकं॥

দুই হস্তের দুই বৃদ্ধাঙ্গুলীদ্বারা দুই কর্ণদেশ, দুই মধ্যমাঙ্গুলীদ্বারা দুই নাসাপুট, দুই অনামিকা ও দুই কনিষ্ঠাঙ্গুলীদ্বারা মুখ এবং দুই তর্জ্জনী অঙ্গুলীদ্বারা চক্ষুঃ বন্ধ করিয়া পীতবর্ণ দৃষ্ট হইলে পৃথ্বীতত্ত্ব, শ্বেতবর্ণ দৃষ্ট হইলে জলতত্ত্ব, রক্তবর্ণ দৃষ্ট হইলে অগ্নিতত্ত্ব, শ্যামবর্ণ দৃষ্ট হইলে বায়ুতত্ত্ব এবং বিন্দু বিন্দু বিবিধবর্ণ দৃষ্ট হইলে আকশতত্ত্বের উদয় জানিবে।

दर्पणेन समालोक्य श्वासं तत्र विनिक्षिपेत्। आकारैस्तु विजानीयात् तत्त्वभेदं विचक्षणः। चतुरस्रं चार्द्धचन्द्रं त्रिकोणं वर्त्तुलं स्मृतं। बिन्दुभिस्तु नभोज्ञेयमाकारैस्तत्त्वलक्षणं॥

দর্পণের উপরিভাগে শ্বাসত্যাগ করিলে, তাহাতে বাষ্প নিপতিত হয়। সেই পতিত বাষ্পের আকার চতুষ্কোণ হইয়া বিলীন হইলে পৃথ্বী, অর্দ্ধচন্দ্রবৎ হইলে জল, ত্রিকোণ হইলে অগ্নি, গোল হইলে বায়ু এবং বিন্দু বিন্দু হইলে অকাশতত্ত্বের উদয় তত্ত্বজ্ঞানী ব্যক্ত পরিজ্ঞাত হইতে পারিবেন।

অন্যমতে—তত্ত্বের আকৃতি নেত্রদ্বারা দৃষ্টি করার ক্রম।

একপ্রহর রাত্রি থাকিতে গাত্রোত্থান করিয়া উভয় গুল্ফ গুহ্যের নীচে রাখিয়া মৃত্তিকার উপর সিধা হইয়া বসিবে এবং উভয় হস্তের মুষ্টি উল্টাইয়া হাটুর উপর রাখিবে, অর্থাৎ মুষ্টির অঙ্গুলি সকল পেটের দিকে রাখিবে। তৎপরে উভয় নাসিকার উপর দিয়া দুই মুহূর্ত্তকাল নাসাপুটের বায়ুর গমনাগমন দেখিবে। এইরূপ অভ্যাস করিলে, ছয়মাসে তত্ত্বের রূপ দর্শন করিবে। তত্ত্বজ্ঞান জন্মিলেই নষ্টজাতকের রাশি নক্ষত্র ইত্যাদি নিরূপিত করিতে পারিবেন।

এতদ্ভিন্ন ধ্বজাদি গণনা দ্বারা যেরূপে নষ্টকোষ্ঠীর রাশি নক্ষত্রাদি জানা যাইতে পারে তাহা সংক্ষেপে পাঠকগণের পরিজ্ঞানার্থে লিখিলাম। ১ ধ্বজ, ২ ধূম্র, ৩ সিংহ, ৪ শ্বান, ৫ বৃষ, ৬ খর, ৭ গজ, ৮ ধ্বাঙ্ক্ষ।

অবর্গ, কবর্গ, চবর্গ, টবর্গ, তবর্গ, পবর্গ, যবর্গ, শবর্গ এই অষ্টবর্গ অষ্টটী সংখ্যায় বিভক্ত হইয়াছে। অবর্গে ধ্বজ, কবর্গে ধূম্র, চবর্গে সিংহ, টবর্গে শ্বান, তবর্গে বৃষ, পবর্গে খর, যবর্গে গজ ও শবর্গে ধ্বাঙ্ক্ষ পরিকীর্ত্তিত হয়। অ আ ই ঈ উ ঊ ঋ ৠ ঌ ৡ এ ঐ ও ঔ এই চৌদ্দটী অবর্গে, ক খ গ ঘ এই চারিটী কবর্গে, চ ছ জ ঝ এই চারিটী চবর্গে, ট ঠ ড ঢ এই চারিটী টবর্গে, ত থ দ ধ ন এই পাঁচটী তবর্গে, প ফ ব ভ ম এই পাঁচটী পবর্গে, য র ল ব এই চারিটী যবর্গে, শ ষ স হ এই চারিটী শবর্গে পরিগণিত হইয়া থাকে। এই অষ্টবর্গ সাতটী গ্রহকর্ত্তৃক বিভক্ত হইয়াছে; যথা—অবর্গের অধিপতি রবিগ্রহ, কবর্গের মঙ্গল, চবর্গের শুক্র, টবর্গের বুধ, তবর্গের বৃহস্পতি পবর্গের শনি ও যশবর্গের চন্দ্র অধিপতি হয়েন।

১ ধ্বজে রবি, ২ ধূম্রে মঙ্গল, ৩ সিংহে শুক্র, ৪ শ্বানে বুধ, ৫ বৃষে বৃহস্পতি, ৬ খরে শনি, ৭ গজে ও ৮ ধ্বাঙ্ক্ষে চন্দ্র গ্রহ বুঝায়। ধ্বজে সিংহ, ধূম্রে মেষ ও বৃশ্চিক, সিংহে তুলা ও বৃষ, শ্বানে মিথুন ও কন্যা, বৃষে ধনুঃ ও মীন, খরে মকর ও কুম্ভ, গজে ও ধ্বাঙ্ক্ষে কর্কটরাশি পরিগণিত হইয়া থাকে। এইক্ষণ যে যে রূপে রাশ্যাদি গণনা করিয়া জানা যাইতে পারে তাহার উপদেশ লিখিতেছি; যথা—কোন ব্যক্তি তাহার রাশি জ্ঞাত হওয়ার মানসে আসিয়া প্রশ্ন করিলে দৈবজ্ঞ ঐ প্রশ্নকারককে একটী ফলের নাম উচ্চারণ করিতে বলিবে, পরে ঐ ফলের

নামের আদ্যাক্ষরে যে বর্ণ হইবেক, ঐ বর্ণ যে বর্গ হইবেক, সেই বর্গাধিপতি জানিয়া রাশি বলিবে; যথা—প্রশ্নকারক আম্র উচ্চারণকরিলেন। এইক্ষণ দেখাযাইতেছে, আকার অবর্গমধ্যে পরিগণিত এবং ঐ অবর্গের অধিপতি ধ্বজসংজ্ঞা এবং ধ্বজে সিংহরাশি বুঝায়; অতএব প্রশ্নকারকের রাশি সিংহ বলিয়া দিবেন।

যুগপৎ শাকমাসপক্ষতিথ্যাদিজ্ঞানম্।

श्रेणी प्रश्नाक्षराणां जलनिधिगुणिता नाममात्रेण युक्ता
हन्ताष्टी लोकपाला रविनिधिधृतिभिर्विंभता मूर्च्छिता च।
शाको मासश्च पक्षस्तिथिरुदयगतं रात्रिवारौ क्रमेण
लभ्यन्ते पूर्व्वमेतत् क्रमपदगुणितं जातकं नष्टसंज्ञम्॥

পাঠান্তরম্।

श्रेणी प्रश्नाक्षराणां जलनिधिगुणिता नाममात्रेण युक्ता
हन्ताष्टी लोकपाला रविधृतिमुनिभिर्विंभता मिश्रिता च।
शाको मासश्च पक्षस्तिथिरुदयगतं वारराशी क्रमेण
लभ्यन्ते पूर्व्वमेतत् क्रमपदगुणितं जातकं नष्टसंज्ञम्॥

প্রশ্নাক্ষরে যতগুলি অক্ষর থাকিবে, তাহাকে প্রথমতঃ ৪ চারিদিয়া গুণ করিতে হইবে। পরে তাহাতে ৩ তিন যোগ করিয়া যাহা লব্ধ হইবে, তাহা ধ্রুবাঙ্ক। ঐ ধ্রুবাঙ্ককে ৩২ দ্বারা গুণ করিয়া শক, ৮ আট দ্বারা গুণ করিয়া মাস, ১০ দশ দ্বারা গুণ করিয়া পক্ষ, ১২ বার দ্বারা গুণ করিয়া তিথি, ১৫ পোনের দ্বারা গুণ করিয়া লগ্ন, ১৮ আঠার দ্বারা গুণ করিয়া বার এবং ২০ বিংশতি দ্বারা গুণ করিয়া রাশি অবগত হওয়া যাইবে।

এস্থলে সঙ্কেতানুসারে মাসজ্ঞানকালে ধ্রুবাঙ্ককে ৮ আট দ্বারা গুণ করিয়া, ১২ বার দ্বারা ভাগ দিয়া যাহা অবশিষ্ট থাকিবে, সেই অঙ্কই বৈশাখাদি মাসের মাসাঙ্ক হইবে। এইরূপ পক্ষ জানিবার সময় দশ গুণিত ধ্রুবাঙ্ক ২ দুই দ্বারা বিভক্ত করিতে হইবে, তিথি জানিবার সময় দ্বাদশ গুণিত ধ্রুবাঙ্ক ৩০ ত্রিশ দ্বারা বিভক্ত করিয়া অবশিষ্ট অঙ্ক দ্বারা তিথি নির্ণয় হইবে।

লগ্ন জানিবার সময় ১৫ পঞ্চদশ গুণিত ধ্রুবাঙ্ককে ১২ দ্বারা বিভক্ত করিয়া যাহা অবশিষ্ট থাকিবে, তাহাই মেষাদি ক্রমে লগ্ন হইবে।

বার জানিবার সময়, অষ্টাদশ গুণিত ধ্রুবাঙ্ককে ৭ সাত দ্বারা বিভক্ত করিয়া অবশিষ্ট অঙ্ক দ্বারা রবি অবধি বার নির্ণয় হইবে।

রাশি জানিবার সময়, বিংশতি গুণিত ধ্রুবাঙ্ক দ্বাদশ দ্বারা বিভক্ত করিয়া, শেষ অঙ্ক দ্বারা মেষাদি রাশি ক্রমে নির্ণয় হইবে।

শক জানের সময় ৩২ বত্রিশ গুণিত ধ্রুবাঙ্ককে ২৪ দ্বারা বিভক্ত করিয়া ভাগ ফল যাহা লব্ধ হইবে, তাহাতে বৃদ্ধের বয়স নির্ণয় হইবে। যুবার বয়ঃক্রম নির্ণয় করিবার

সময় ২৪ দ্বারা ভাগ না দিয়া ৪৮ দ্বারা ভাগ দিতে হইবে। বালকের বয়ঃক্রম নির্ণয় করিবার সময় ৪৮ দ্বারা ভাগ না দিয়া ৭২ দ্বারা ভাগ দিলে, যাহা ভাগফল লব্ধ হইবে, তাহাই তাহার বয়ঃক্রম নির্ণয় হইবে।

এ স্থলে কেহ কেহ ৩২।৮।১০।১২।১৫।১৮।২০ ইহার দ্বারা গুণ না করিয়া ধ্রুবাঙ্কে ইহাতে যোগকরেন।

উদাহরণ।

যত্র প্রশ্নাক্ষরং ৯, চতুর্ভি ৪ র্হত্বা ৩৬, পুরুষনামাক্ষরং ৩ মিশ্রয়িত্বা ধ্রুবাঙ্কঃ ৩৯ দ্বাত্রিংশদ্ভিঃ ৩২ পূরণে ১২৪৮, চতুর্ব্বিংশত্যা ২৪ হৃত্বা লব্ধ ৫২, এতেন বয়োজ্ঞানং শকোপি জ্ঞেয়ঃ। অত্র তু বিশেষঃ। বৃদ্ধস্য যদি কোষ্ঠী তদা চতুর্ব্বিংশত্যা হরণং, মধ্যমস্য ৪৮ অষ্টচত্বারিংশতা, বালকস্য চেত্তদা দ্বিসপ্তত্যা হরণমিতি।

প্রশ্নাক্ষর ৯, চারি দ্বারা গুণ করিয়া ৩৬, নামাক্ষর ৩, ইহার সহিত যোগ করিয়া ধ্রুবাঙ্ক ৩৯। ধ্রুবাঙ্ককে ৩২ দিয়া গুণ করিয়া গুণ ফল ১৩৪৮, ইহাকে ২৪ দ্বারা হরণ করিয়া ভাগ ফল ৫২, সুতরাং প্রশ্নকর্ত্তার ৫২ বর্ষ বয়স নিশ্চয় হইল।

ধ্রুবাঙ্ক ৩৯কে ৮ দ্বারা গুণ করিলে ৩১২ হয়, ইহাকে ১২ দ্বারা ভাগদিলে শেষ ০ শূন্য স্থলে ১২ ধার ধরিয়া লইলে চৈত্র মাস স্থির হইল।

ধ্রুবাঙ্ক ৩৯কে ১০ দ্বারা গুণ করিয়া ৩৯০, ইহাকে দুই দ্বারা ভাগকরিলে শেষ শূন্য ০ থাকে ইহাতে কৃষ্ণপক্ষ স্থির হইল।

ধ্রুবাঙ্ক ৩৯কে ১২ দ্বারা গুণ করিয়া ৪৬৮, ইহাকে ৩০ দ্বারা ভাগকরিয়া শেষ ১৮ কৃষ্ণপক্ষের তৃতীয়া তিথি নিশ্চয় হইল।

ধ্রুবাঙ্ক ৩৯কে ১৫ দ্বারা গুণকরিয়া ৫৮৫, ইহাকে ১২ দ্বারা ভাগকরিলে শেষ ৯, থাকে, মেষ হইতে গণনায় ধনুরাশি হয়, ইহাই তাহার জন্ম লগ্ন।

ধ্রুবাঙ্ক ৩৯কে ১৮ দ্বারা গুণকরিলে ৭০২ হয়, ইহাকে ৭ দ্বারা ভাগকরিলে শেষে ২ থাকে, রবি হইতে গণনায়, সোমবার তারার জন্মবার।

ধ্রুবাঙ্ক ৩৯কে ২০ দ্বারা গুণকরিলে ৭৮০ হয়, ইহাকে ১২ দ্বারা ভাগদিলে অবশিষ্ট ০ শূন্য থাকে, সুতরাং মেষ হইতে গণনায় মীন রাশিই তাহার জন্ম রাশি।

লগ্ন ও প্রশ্নাক্ষরাদির দ্বারা যেরূপ নষ্টজাতকের কোষ্ঠী প্রস্তুত হইয়া থাকে, তাহা কথিত হইল; এইক্ষণ হস্ত ও মস্তকের রেখাদি ও শরীরের চিহ্নাদি দৃষ্টে যেরূপে জন্মশক, বয়ঃক্রম, জন্মমাস, জন্মতারিখ, জন্মদণ্ড ও জন্মলগ্ন পরিজ্ঞাত হওয়া যায়। তাহার উপায় নানাদেশীয় গ্রন্থ হইতে উদ্ধৃত করিয়া নিম্নে লিখিতেছি। এবিষয় পরিজ্ঞাত হওয়ার জন্য ইংলণ্ডীয় সুবিখ্যাত সামুদ্রিক শাস্ত্রবেত্তা মেঃ সাণ্ডার্স সাহেব যেরূপে তাঁহার স্বীয় গ্রন্থে উপদেশ দিয়াছেন তাহাই অগ্রে লিখিত হইল।

শিক্ষার্থী ব্যক্তি অভ্যাস করিবার অগ্রে যে সকল ব্যক্তির হস্তপাঞ্জার রেখাগুলি পরিষ্কৃত অর্থাৎ সুস্পষ্টরূপে প্রতীয়মান হয়, তাহাদিগের জন্মমাস, জন্মবার, জন্ম তারিখ ইত্যাদি শিক্ষা করিতে আরম্ভ করিবেক। এইরূপে অভ্যাস হইলে পর অন্যান্য হস্তপাঞ্জার সকল প্রকার রেখা দৃষ্টে অনায়াসে জন্মমাস, জন্মবার, জন্মতারিখ আদি নির্দ্দিষ্ট করিতে পারিবেক।

জন্মমাস, জন্মবার ও জন্ম তারিখ যেরূপে জানা যাইতে পারে, তাহা বলা হইতেছে।

তর্জ্জনীর নিম্নে যে স্থানে পিতৃরেখা শেষ হইয়াছে, ঐস্থান হইতে আয়ুরেখার নিম্নে যে রেখা করমধ্য দিয়া কনিষ্ঠা অঙ্গুলির অভিমুখে গমন করিয়াছে তাহার নাম মাতৃরেখা। ঐরেখা হস্ত পাঞ্জার কোন্ স্থানপর্য্যন্ত গমন করিয়া শেষ হইয়াছে এবং ঐরেখার মধ্যে কয়টি ক্রস্ অর্থাৎ বজ্র চিহ্ন আছে, কিম্বা উহা অন্য কয়টী রেখা কর্ত্তৃক বিদ্ধ কিম্বা ভিন্ন হইয়াছে এই সকল সূক্ষ্মরূপে নিরূপণ করিয়া পশ্চাৎ তদ্দৃষ্টে নিম্নলিখিত উপদেশ মতে জন্মমাস, জন্মবার ও জন্মতারিখ নির্দ্ধারিত করিতে হইবে।

যদি ঐ মাতৃরেখা পিতৃরেখা হইতে উদ্ভব হইয়া হস্তপাঞ্জার নির্দ্দিষ্ট চন্দ্রের স্থানে গমন করিয়া শেষ হইয়া থাকে এবং তৎস্থানে একটী ক্রস্ (বজ্ররেখা) দৃষ্ট হয় তাহা হইলে নিঃসন্দেহরূপে জুন মাসের ১০ দশমদিবসে সোমবারে অর্থাৎ প্রায় জ্যৈষ্ঠ মাসের শেষে প্রশ্নকর্ত্তার জন্ম হইয়াছে নিরূপিত হইবে।*

যদি ঐ রেখাতে দুইটী ক্রস্ (বজ্ররেখা) থাকে তাহা হইলে ঐ জুন মাসের ২০ তারিখে সোমবারে জন্ম জানা যাইবে। ঐ রেখার মধ্যে বজ্ররেখা তিনটীর অতিরিক্ত থাকে না। ইহার দ্বারা ৩০ ত্রিশ দিনমাত্র বুঝায়। তদ্দৃষ্টে মাসের ত্রিশ দিনকে ঐ বজ্ররেখাত্রয়ের পরস্পরের অন্তরের পরিমাণ অনুসারে বিভাগ করিয়া জন্মদিনের সংখ্যা নিরূপণ করিবে।

যদি মাতৃরেখা মঙ্গলের নির্দ্দিষ্ট স্থানে শেষ হয়, তাহা হইলে প্রশ্নকারকের জন্মমাস মার্চ্চ কি অক্টোবর এবং জন্মবার মঙ্গল স্থির হইবে ; কিন্তু পূর্ব্ব উপদেশমতে যে কয়েকটি ক্রস্ অর্থাৎ বজ্ররেখা বিদ্ধরেখা, কিম্বা ভিন্নরেখা আছে, তাহা দৃষ্টে ঐ মাসে কোন তারিখে ও কোন্‌বারে জন্ম হইয়াছে, তাহা স্থির করিবে।

যদি মাতৃরেখা বুধের নির্দ্দিষ্ট স্থান পর্য্যন্ত শেষ হয়, তাহা হইলে মে কিম্বা আগষ্ট মাসে বুধবারে প্রশ্নকারকের জন্ম হইয়াছে স্থির করিবেক এবং পূর্ব্ব উপদেশমতে ক্রস্ অর্থাৎ বজ্র, বিদ্ধ ও ভিন্নরেখার সংখ্যা দৃষ্টে বার ও তারিখ নিরূপণ করিবে।

যদি মাতৃরেখা বৃহস্পতি গ্রহের নির্দ্দিষ্ট স্থান পর্য্যন্ত গমন করিয়া শেষ হয়, তাহা হইলে প্রশ্নকারক নবেম্বর কিম্বা ফেব্রুয়ারি মাসে বৃহস্পতিবারে জন্মিয়াছে স্থির করিবে ; কিন্তু পূর্ব্ব প্রণালীমতে বজ্র (ক্রস্) বিদ্ধ ও ভিন্ন রেখা দৃষ্টে জন্ম দিন ও জন্মবার জানিবে।

যদি মাতৃরেখা শুক্রের নির্দ্দিষ্টস্থান পর্য্যন্ত গমন করিয়া শেষ হয়, তাহা হইলে এপ্রেল

* এই পুস্তকের ২০ পৃষ্ঠা দৃষ্টি কর।

কিম্বা সেপ্টেম্বর মাসে শুক্রবারে প্রশ্নকারকের জন্ম দিন স্থির করিবে। কিন্তু পূর্ব্ব উপদেশ মতে জন্ম তারিখ ও জন্মবার নির্ণয় করিবে।

যদি মাতৃরেখা শনির নির্দ্দিষ্ট স্থানের অভিমুখে পতিত হয়, তাহা হইলে প্রশ্নকারকের জন্মমাস ডিসেম্বর কিম্বা জানুয়ারি এবং জন্মবার শনি হইবে; কিন্তু পূর্ব্ব উপদেশমতে তারিখ ও বার নির্ণয়করিবে।

যদি মাতৃরেখা রবি গ্রহের নির্দ্দিষ্ট স্থানে গমন করিয়া শেষ হয়, তাহা হইলে জুলাই মাসে রবিবারে প্রশ্নকর্ত্তার জন্ম হইয়াছে জানিবে; কিন্তু পূর্ব্ব উপদেশমতে জন্মতারিখ জন্মবার নিরূপণ করিতে হইবে।

যে স্থানে দুইটি মাস কথিত হইয়াছে সেস্থানে তাহার কোন্ মাসে জন্ম হইয়াছে তাহা নিরূপিত করিবার উপদেশ এই—যদি ঐ রেখা পরিষ্কৃত এবং উজ্জ্বলবর্ণ দৃষ্ট হয়, তাহা হইলে উল্লিখিত ২ দুই মাসের প্রথম মাসে বলিবে আর যদি রেখা অপরিষ্কৃত অস্পষ্ট ও মলিন বর্ণ হয়, তাহা হইলে তাহার পরমাসে জন্ম হইয়াছে স্থির করিবে।

যাহাদের মাতৃরেখা রবি ও চন্দ্রের নির্দ্দিষ্ট স্থান পর্য্যন্ত গমন করিয়াছে, তাহাদের ঐ রেখা সতত পরিষ্কৃত ও উত্তম বর্ণ দৃষ্ট হইয়া থাকে।

এইক্ষণ উক্ত মেঃ সাণ্ডার্স সাহেব চক্ষুঃদৃষ্টে যে রূপে জন্মসময় নির্ণয় করিয়াছেন তাহা নিম্নে লিখিত হইল। *

রাত্রি ২ দুই প্রহরের সময় জন্ম হইলে সেই ব্যক্তির চক্ষুঃ কালবর্ণ হইবে। এক ঘটিকার সময় জন্ম হইলে উহা অপেক্ষা কিঞ্চিৎ পরিষ্কৃত হইবে। ২ কিম্বা ৩ ঘটিকার সময় জন্ম হইলে অলিভের ন্যায় বর্ণ এবং নয়নের তারার চতুর্দ্দিকের নিকট দিয়া কালবর্ণ দৃষ্ট হইবে। যদি রাত্রি ৪ কিম্বা ৫ ঘটিকার সময় জন্ম হয়, তাহা হইলে নয়নের তারার চতুঃপার্শ্ব শ্বেত-বর্ণ এবং কেবল তারাটি নীল ও শ্বেত মিশ্র বর্ণ হইবে। যদি প্রাতে ছয় কিম্বা সাত ঘটি-কার সময় জন্ম হয়, তাহা হইলে নয়নের তারা অর্দ্ধ নীলবর্ণ এবং চতুঃপার্শ্ব (কোন মতে) শ্বেত বা (কোনমতে) পীতবর্ণ হইবে। বেলা ৮ কিম্বা ৯ ঘটিকার সময় জন্ম হইলে নয়নের তারার অন্তর্গত মণির চতুঃপার্শ্ব নীলবর্ণ এবং নয়নের কেবল মণিভাগ টুকু মিশ্রবর্ণ দেখা যাইবে। যদি বেলা দশ কিম্বা এগার ঘটিকার সময় জন্ম হয়, তাহা হইলে চক্ষুটি সমস্ত নীলবর্ণ হইবে এবং কতিপয় ক্ষুদ্র ক্ষুদ্র চিহ্ন থাকিবে। বেলা বার ঘটিকার সময় জন্ম হইলে তাহার সমুদয় চক্ষুঃ ঈষৎ হরিতবর্ণ হইবে। যদি এক কিম্বা দুই ঘটিকার সময় জন্ম হয়, তাহা হইলে নয়ন অর্দ্ধ নীল ও অর্দ্ধ হরিৎ বর্ণ দেখা যাইবে।

দিবা তৃতীয় ও চতুর্থ ঘটিকার সময় জন্ম হইলে চক্ষুঃ ঈষৎ মলিনবৎ হরিৎবর্ণ দৃষ্ট হইবে। অপরাহ্ণ পাঁচ কিম্বা ছয় ঘটিকার সময় জন্ম হইলে নয়নের তারার মণিটি হরিৎ এবং কৃষ্ণবর্ণ দৃষ্ট হইবে। রাত্রি সাত এবং আট ঘটিকার সময় জন্ম হইলে বিড়ালের ন্যায় চক্ষু হইবে। রাত্রি নয় এবং দশ ঘটিকার সময় জন্ম হইলে বিড়ালের ন্যায় চক্ষু হইবে কিন্তু তাহার মধ্যে রক্তবর্ণ চিহ্ন সকল দৃষ্ট হইবে। রাত্রি এগার ঘটিকার সময় জন্ম হইলে চক্ষুঃ

